## BIR CHANDRA PUBLIC LIBRARY

TGPA-27-3-05-20,000





## मालिका त्वशस

विश्ववङ्ग जातगल

চক্রবতা এ্যাও কোং ১২, খ্যামাচরণ দে শ্রীট, কলিকাভা—১২

## MALIKA BEGUM By Biswa Bandhu Sanyal Price: 400

Copy right Sm Gayatri Sanyal

উত্তরবাহিনী গঙ্গার প্রান্তধাবা এসে আঘাত খায় তার উত্তর-পশ্চিম কোণে। পাক খেয়ে কলকলিয়ে ওঠে। কখন কাছে সবে আসে, কখনও বা পাক খেতে খেতে দূরে সরে যায় নিম্নকণ্ঠের এক কুলু কুলু শব্দ তুলে। ফিসফিসিয়ে কি যেন বলে কালজয়ী তুর্গটির কানে কানে। তারপর আবার উত্তরবাহিনী হয়। তুঃখের রাজ্য ভেডে বিশ্বনাথের পায়ের কাছে গিয়ে দিল খোলসা করতে।

যুগাতীত কাল ধবে এই একই ৰূপে চলেছে গঙ্গা। না কি তার বৃকে মুখ লুকিয়ে যুগেব পর যুগ ধবে কখন সাপিনীর মত ফুঁনে উঠছে আবার কখনও বা অভিমানিনী আশকীর মত কেঁদে চলেছে কেউ?

আর ঐ যে বিরাটবপু তুর্গ, কালেন ইশাদা হয়ে পড়ে রয়েছে তার স্বভাব-স্থলভ নিলিপ্তভাব নিয়ে, তাব প্রস্তারে প্রস্তাবেও কি গঙ্গা-কথিত এ কাহিনীরই অদৃশ্য লেখা ? কিসের কথা, কার কথা আলোচনা করে ঐ সলিল আর সলিল-নিমজ্জিত প্রস্তারখণ্ডগুলি ?

একটাত' নয়, ঘটনাবহুল যে ঐ তুর্গের জীবন। শ্যথার ভেতর দিয়ে জন্ম। তারপর থেবে শুধু ব্যথাই পেয়ে এসেছে সে। নেই কোন অধিকার বোধ। ক্রীতদাসের মত হাত ফেরতা হয়ে এসেছে। বলবার কিছু নেই। মালিকের মার্জিই সব। থেয়ালে বা ক্ষমতায় রাধা। না রাখতে শীবলেই হস্তান্তর।

সেই হস্তান্তরের সম্বংসরগুলি পাওয়া যায। কিন্তু তার অন্সরের কথা ? অন্সরতো পাষাণ-প্রাকারের আড়ালে চ.কা। সে আড়াল যখন ছিল না ? যখন ছিল চুণার নামে কেবল একটি নাতিবৃহৎ

· পাহাড় অথবা বৃহদাকার টিলা ? সে সময়ের কাহিনীটিও লোকের
মূখে মূখে কেরা এক জনশ্রুতি—-

বিক্রমাদিত্যের অগ্রন্ধ ভর্তৃহরি তথন উজ্জয়িনীর রাজা। ঘরে বাইরে তাঁর শাস্তি। যেমন পেয়েছেন প্রজাদের প্রজা তেমনি পেয়েছেন পত্নীর প্রেম। সেই সময়েই একদিন এক ব্রাহ্মণ এসে দাঁড়ালেন রাজসভায়। প্রণাম জানালেন রাজা। আর আশীর্বাদী হিসাবে ব্রাহ্মণ তাঁকে দিলেন একটি হুপ্রাপ্য ফল। এমন হুপ্রাপ্য জিনিষ পত্নীকে না দিয়ে থাকতে পারেন না রাজা। অংশ না দিলে আনন্দকে যে পুরোপুরি উপভোগ করা যায় না। কিন্তু সে অমৃতও গরলে পরিণত হতে বিশেষ দেরি হয় না। পরদিনই ব্রাহ্মণদন্ত সেই ফল দেখতে পান ভর্তৃহরি অপর একজনের হাতে এবং এও আবিদ্ধার করেন যে সেই মামুষ্টিই হচ্ছে রাণীর গুপ্ত প্রণয়ী। সমস্ত পৃথিবীটাই যেন বদলে যায় রাজার চোখে। অবিশ্বাস আর জঘ্যতায় ভরা রাজপ্রাদাদে বাস করাও কঠিন হঁয়ে পড়ে তাঁর পক্ষে। এবং সে কথা তিনি লিখেও যান তাঁর 'স্বভাষীতা' কাব্যে। তারপরই গৃহত্যাগ করেন তিনি।

দিনের পর দিন, বংসরের পর বংসর গড়িয়ে চলে। মহারাজ বিক্রমাদিত্য তখন রাজতক্তে সমাসান। এমন সময় খবর পাওয়া যায় বিদ্ধাচলের পূর্বে চুণার পাহাড়ে আছেন ভর্তৃহরি। সন্ন্যাসীর বেশধারী, মৌনী। তবে আপন দেহখানির ওপরে তাঁব যত আকোশ। এমনি কি পাহাড়ের অঙ্গ কেটে যে মন্দিরটি ক'রেছেন ভাতেও হাত দিতে দেননি কাউকে। কাজ করতে করতে কতদিন অজ্ঞান হয়ে গিয়েছেন, গ্রামের মানুষ এসে সেবা শুক্রামা করে ভাল করে তুলেছে। জ্ঞান হতেই লাফিয়ে উঠে বসেছেন, আমার এ উপকারটি কে তোমাদের করতে বলেছিল । আবার ভালও বাসেন। তাদের হুংখকট নিজের বলেই মনে করেন। ছুটে গিয়ে

মানুষকে না বলা পর্যন্ত আনন্দটুকু ঠিক মত উপভোগ করতে পারছে না সে। আব্বাসের বাড়ীতে ছুটে গিয়েছিল সেই আশাতেই। আমিনার পাশে বসে একটু একটু করে বলবে সব, আর ছটি বিশ্বর ভরা চোখ তার মুখের ওপরে রেখে 'হাঁ' করে শুনতে থাকবে আমিনা। ভাবতেও ভাল লাগে। মনটাকে সেই শুরে বেঁধে নিয়ে গিয়েছিল আব্বাসের বাড়ীতে। আশা করতে পারেনি যে এই অসময়েও খা সাহেব উপস্থিত থাকবে সেখানে। প্রথমটা একটু হকচকিয়েই গিয়েছিল। কেননা নিজেদের মনের খোঁজ পেলেও আব্বাস কি ভাবে নেবে তাদের এই ভালবাসাকে তা ছিল ওদের ছ'জনেরই চিস্তার বিষয়। তাই ছ'জনের সাক্ষাতের ব্যাপারটি ঘটত গৃহস্বামী কি গৃহকর্ত্রীর চক্ষুর অস্তরালে। সেদিনও সেইরকমই ইচ্ছা ছিল দবীরের। কিন্তু বাধা পেয়ে গেল ঘরের দোর গোড়াতেই। আব্বাস বসে। শুধু বসে নয়, বিশেষ একটু চিস্তিতও যেন। দবীরের পায়ের শব্দে ফিরে তাকায় আব্বাস। গন্তীর অথচ-শাস্ত গলাতেই আহ্বান জানায়, "এস দবীর।"

আহ্বান শুনে ছলাৎ ক'রে উঠেছিল দ্বীরের বৃক্রের রক্ত।
বিদ্রূপ করে কি সম্মান দেখিয়ে ঠিক বৃঝতে পারেনি দ্বীর, এতদিন
পর্যন্ত 'ছোট মালিক' বলেই তাকে ডেকে এসেছে আকাস। আছ হঠাৎ সেই পরিচিত ডাকটির পরিবর্ত্তে এই নাম ধরে ডাক আপনির দ্বত্ব সরিয়ে দিয়ে তুমি'র নৈকট্যে নিয়ে আসা কি যেন এক আশ্বাসের বাণী বহন করে নিয়ে আসে তার কাছে। ধীর পায়ে এগিয়ে গিয়ে দাঁড়ায় সৈনাধ্যক্ষের সামনে।

"বস," বলে নিজে একটু সরে বসে আব্বাস খাঁ।

বসে দবীর। অশেক্ষায় থাকে সে এরপর তাদের স্নাধ্যক্ষ নয়, আমিনার আব্বাদ্ধানের তরফ থেকে কি কথা আসে তাই শোনবার জন্মে। কিছুক্ষণ পর্যস্ত কোন কথাই বলে না আব্বাস খাঁ। তারপর একসময় মৃধ তুলে তাকায় দবীরের মূখের দিকে। ধীরে ধীরে বলে, "একটা কথা বোধ হয় তুমি জান না দবীর। অনেকেই জানে না। জানি কেবল আমি, তোমার আম্মা আর আকাজান। পাছে তুমি কাউকে বলে ফেল তাই তোমাকেও বলা বারণ ছিল।"

''তাহ'লে থাক।"

"৭ কলে আর চলছে না। ঘরেব পাশে শত্রু জলে শাঁসে বেডে উঠছে।"

"আপনি কার কথা বলছেন গ শের খাঁ গ"

"ঠিক তাই। খেযালী অত্যাচারী ইব্রাহিম লোদী নজবানার ওজন অমুযায়ী বিচার কবতেন।'

আববাস খাঁয়ের মুখে কথাটা শুনে একটু আশ্চর্যই হয় দবার এই মামুষ্টির মুখেই একদিন স্থলতান ইবাহিম লোদীব গুণগান শুনেছিল সে। দবীবের মুখেব ভাব দেখে বৃঝি সে কথা বৃঝং শ পারে আববাস খা। বলে, "তুমি ভাবছ একমুখে ছ'বকম কথা বলছি কেন, তাই না গ সেইদিনটাব কথা নিশ্চ্যই ভোমার মনে আছে ? খুব বেশি দিনের কথাত' নয, বোধ হয় বছব ভিনেক হবে।"

ঘটনাটিকে একট্ তুলে ধরতেই ষ্পষ্ট মনে পডে দ্বারের। চুণার হুর্নের বিশেষ একটি কক্ষে বসে কথা হচ্ছিল তাজ খাঁ, আব্বাস খা আর কয়েকজন লোকেব মধ্যে। আলোচনাব বিষয়বস্তুব স্বভাহ ছিল যুদ্ধ সংক্রান্ত হুর্নাধিপের পুত্র হিসাবে দ্বারও উপস্থিত ছিল সেখানে। শুনেছিল সে আলোচনা। ইব্রাহ্মি লোলী প্রস্তুত হচ্ছে বাবরের সঙ্গে এক চরম মোকাবিলার। জয় পরাজয় সম্বন্ধেও সকলেই সন্দিহান। কেননা বাবর কামানের অধিকারী। ঐ একটি যন্ত্রের সাহায্যে সে কাবুল, লাহোর এবং কিছুদিনের মধ্যে সমগ্র যাচ্ছে একটু একটু করে। কিন্তু মেঘের রংটা শুধু ধরা যাচ্ছে না।
কালিমাখা মেঘ হলে এতক্ষণে সকলের দৃষ্টি আকর্ষণ করত। তা
নয়, অথচ ঝড়ও হবে। তা হলে এর রূপ কী ? ভাবতে ভাবতে
ওপরে উঠে যায় দবীর। নিজের ঘরের দিকে যেতে থাকে। এমন
সময় একটি বাঁদী সামনে এসে কুর্নিশ করে। দাঁড়িয়ে যায় দবীর।
একেত' কোনদিন দেখে নাই সে!

"ছোট মালিকান্ আপনাকে খুঁজছিলেন জনাব।"

'কেন' জিজ্ঞাসা করতে গিয়েও থেমে যায় দবীর। বাদীর ওষ্ঠপ্রাস্থে সৃক্ষ একটুকরো হাসির রেখা দেখা যাচ্ছে না! ওটা কিসের ? বিজ্ঞাপ ? রহস্তা ?

"একটু কষ্ট করতে হবে জনাব।" তাগাদা আসে বাঁদীর তরফ থেকে। সঙ্গে আর একটি কুণিশ।

বাধা পায় চিস্তা। 'চল' বলে মালিকার মহলের দিকে যেতে থাকে দবীক।

মালিকার ঘরের সামনে এসে নাড়াতেই ঘরের ভেতর থেকে কুকুম আসে, "তুই এখন যেতে পারিস ওয়াহিদা।"

পায়ের শব্দ বাদীর এর পূর্বেও পাওয়া যাচ্ছিল না, এবারেও পাওয়া গেল না। শুধুমনে হ'ল ছায়ামত একটা কিছু সরে গেল পিছন থেকে। আর তারপরই মনে হ'ল তার, যেন এক অক্ল সমুজে পড়েছে সে। এগুবে ? কিন্তু কোনদিকে ? আশার রেখাত' কোথাও দেখা যায় না। শুধু অমুভব করা যায় তার অতলতা। স্থাপুদ্ম মত দাঁড়িয়ে থাকে দবীর।

"কৈ, ভেতরে আসবে না ?"

স্বর আর স্থর, এই ছ'য়েইতো মনেব প্রকাশ। ঘরের ভেতরের ঐ ডাক যেন একটু আগে আর একজনের বলা 'আমার রাজা হর্ষ' এর স্থরেই এসে কানে বাজে দবীরের। ঘরের দরজায় এসেছে. কিন্তু পা বাড়িয়ে ভেতরে ঢ্কবার সাহস খুঁজে পাচ্ছে না। ঐ স্থর, ঐ আহ্বানের মাঝে কিসের একটা মৃত্ ঝংকার উপলব্ধি করা যায় যেন! দ্বিধায় পড়ে দবীর, কি করবে সে এখন ?

কিন্তু অধিকক্ষণ এ অবস্থায় দাঁড়িয়ে থাকতে হয় না তাকে।
দরক্ষার ওধারে মৃত্ খস্ খস্ শব্দ। তারপরই সুক্ষা রেশমী ওড়নায়
মৃখ ঢেকে সামনে এসে দাঁড়ায় মালিকা। এমনিতেই সে রূপসী।
গোলাপী ওড়নার অন্তরালে থেকে হয়েছে সে অপরপা। ঠোঁট
ছটির ওপরে মৃত্ হাসির ঝিকিমিকি খেলা। ছ'চোখের তারায়
সাদর আহ্বান। কিন্তু সে আহ্বানে সাড়া দিতে পারে না দবীর।
মৃত্র্তের জন্মে একবার সেই ওড়না ঢাকা মুখখানির দিকে তাকিয়েই
চোখ নামিয়ে নেয় সে। জিজ্ঞাসা করে, "আমাকে ডেকেছিলেন দ্"

"বলব বলেইত ডেকেছি! কিন্তু এভাবে দাঁড়িয়ে কথা বলবে তুমি ?" একটু বুঝি কাতরতা ফুটে ওঠে মালিকাব গলার স্বরে।

"আমার ওপরে কি হুকুম আছে বলুন।"

"ওকি কথা ?" ছটফটিয়ে ওঠে মালিকা, তারপরই আবাব শাস্ত হ'য়ে যায়, "হুকুম নয়, বল প্রার্থনা। কোন দৃর দেশ থেকে এসে একটু আশ্রয় পেয়েছি তোমাদের কাছে, এখন তোমরা যদি আমাদের আপনার বলৈ না ভাব তাহ'লে কোথায় যাব বল ?"

"হুর্গাধিপের বেগম যিনি তাঁর মুখে একথা শোভা পায় না।"

"বেশত' বেগমই যদি হই, তাহ'লে আমার হুকুম শোন, মীর দাদের কোন কাজের প্রতিবন্ধকতা করবে না তুমি।"

একি স্বর! ক্ষণপূর্বের সেই বিনম্র ভাবটিতো খুঁজে পাওয়া যায়
না এর ভেতরে! চমকে মুখ তুলে তাকায় দবীর। ওড়নার আড়ালে
ছটি চোথ থেকে যেন বিহ্যুত বিচ্ছুরিত হচ্ছে। মনে মনে হাসে দবীর।
ভূল জায়গায় আঘাত হানবার চেষ্টা করেছে নয়া বেগম। তবুও
নিজেকে স্থ-বশে রাখবার চেষ্টা করে দবীর। পূর্বের মতই ধীর গলায়

বলে, "হুকুমটা মনে রাখবার চেষ্টা করব।" বলেই সে কুর্ণিশ করে মালিকাকে। এই প্রথম। তারপরই ঘুরে দাঁড়িয়ে ইাটতে থাকে। একবার ফিরে তাকিয়েও দেখে না যে হুকুমদাত্রীর বিহ্যুতে ভরা চোখ হুটি ইতিমধ্যেই আবার জলে ভরে উঠেছে।

চাদের আলোয় পাহাড়টাকে মনে হয় যেন একটি বিরাটদেহী
সরীস্প। সমতলের বৃকে শুয়ে বিশ্রাম নিচ্ছে। এক নিস্তব্ধ চার
রাজ্য। হিংসা, দ্বেষ, অস্থা-মনোবৃত্তির ক্লেদাক্ত বাতাস থেকে দ্বে
সরে এসে আপনাতে আপনি বিভোর হয়ে রয়েছে সে। ধ্যান মৌন
অদ্রি।

চিরদিনের এই প্রশান্তি নাড়া খেয়ে যায় সেদিন। অশ্বক্ষুরধ্বনিদে সেই অপার নিস্তর্কভাকে জাগিয়ে তুলে গিরিপথ বেয়ে এগিয়ে
চলেছে ইশাক। লোকালয় পিছনে ফেলে আসায় নিশ্চিন্ত
মনোভাব। এই পার্বত্য অংশটুকু পেরিয়ে যেতে পারলে হয়,
তাহলেই সে অশ্বমুথ পূর্বদিকে ঘুরিয়ে তীব বেগে ছুটে য়েতে পারে।

"কে যায় ?' দরাজ গলার হঠাং ছিটকে আসা প্রশ্নে চম্কে যায় ঘোড়া। থমকে দাড়িয়ে পড়ে শিস্-পা হয়ে। ইশাকের মনের নিশ্চিস্ততাও বিপুলভাবে নাড়া থেয়ে যায় ঐ এক প্রশ্নে। তীক্ষা দৃষ্টিতে এদিক ওদিকে তাকায় সে। ঐত' গুহার ওদিক থেকে কে একজন এগিয়ে আসছে এদিকে। চাঁদের আলোয় মানুষটিকে দেখেই চিনতে পাবে ইশাক। ব্রহ্মচারীজী। চুণারের হিন্দু বসতিগুলির দিকে প্রায়ই দেখা যায় তাঁকে। ইশাকও লক্ষ্য করেছে তা এবং ভেবেছে মানুষটি মুসলমান বিদ্বনী। তাই এই মানুষটির ওপরে িশষ শ্রদ্ধা নেই তার। বরঞ্চ ওঁর সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণেরই ইচ্ছা আছে। আজ এতদিনে ফিলল বৃঝি

সেই মওকা। লাফিয়ে অশ্বপৃষ্ঠ থেকে নেমে পড়ে ইশাক। কোষবদ্ধ তরবারিটা ঝপাং করে এসে পড়ে তার জামুর ওপরে। ঝণাৎ
ক'রে একটি কঠিন ধাতব শব্দ ওঠে। কঠীনতার আভাস পাওয়া
যায় ইশাকের মুখমগুলেও। স্থির দৃষ্টিতে সে তাকিয়ে থাকে
অগ্রসরমান মামুষটির দিকে। গুহা থেকে বেরিয়ে কয়েক হাত মাত্র
সমতলভূমি। তারপর কয়েক ধাপ উঠলে তবে এই গিরিপথ।
সমতলভূমির শেষপ্রাস্থে এসে দাঁড়ান ব্রহ্মচারীজী।

"কোধায় চলেছ ইশাক সাহেব ?'' ব্রহ্মচারীর দরাজ গলার স্বর পাহাড়ের গায়ে ধাকা খেয়ে গম্গমিয়ে ওঠে।

"ভাতে ভোমার প্রয়োজন ?'' কুটিল হ'য়ে ওঠে ইশাকের চোথ ছটি।

"প্রয়োজন আমার সামাতা। চুণারের শাস্ত বাতাস নাড়া খেযে না ওঠে, এইটুকুই শুধু চাই।" ব্রহ্মচারী বলেন।

"সেটা যাদের দেখবার কথা তারাই দেখবে।"

"দেখছিলেনও এতদিন। কিন্তু এখন দেখছি আকাশে মেঘ। ঝড় উঠলে গরীব প্রজারা কোথায় যাবে বল ?"

"সে কথা জায়গীরদারকেই জিজ্ঞাসা কর।"

"মালিক জানে আর নিশীথ রাতের ঘোড়সওয়ার জানে না, এটা কি একটা কথা হ'ল-? তা এ বাস্তা দিয়ে যাচ্ছ কেন গ এটা ঘুর পথ। পাহাড়ের উত্তর দিক দিয়ে গেলে অনেক সহজ হ'ত যাওয়।"

''কোথায় যেতে ?''

"কেন, সাসারাম। সেটাইড' তোমার গস্তব্যুস্থল।"

ব্রহ্মচারার কথা শুনে চমকে ওঠে ইশাক। আর সঙ্গে সনে হয় তাব, এ মানুষকে জীবিত অবস্থায় পিছনে রেখে সাসারাম যাওয়া আর নিজের পায়ে নিজে কুঠারাঘাত করা একই কথা। যেমন মনে ক্তরা অমনি একলাফে এগিয়ে যায় সে কোষমৃক্ত ভরোয়ালটি নিয়ে।

"থবরদার !"

হুদ্ধার দিয়ে এক পা পিছনে সরে যান ব্রহ্মচারী। কাপড়ের আড়াল থেকে বেরিয়ে আসা দীর্ঘ কুপাণখানি তাঁর চাঁদের আলোয় চক্মিকিয়ে ওঠে। ইশাকও যুক্ত-ব্যবসায়ী। তরোয়াল দেখে পশ্চাদপদ হওয়া শেখে নাই সে। পায়ে পায়ে এগিয়েই চলে সে। নামে ধাপে ধাপে। তীক্ষ্মদৃষ্টি স্থাপিত ব্রহ্মচারীর মুখের ওপরে। এতক্ষণ ইশাককে নামবার স্থযোগ দিয়েছিলেন ব্রহ্মচারী। সমতল ক্ষেত্রটির ওপরে সে নেমে এসেছে দেখেই আক্রমণ করেন তাকে। নিস্তব্ধ পাহাড়ের বুকে জাগে ছটি ইম্পাত ফলার সংঘর্ষণের শব্দ। শক্তি বা কৌশলে কেউ ছোট নয়। তবুও মনে হয় ইশাকের যে এপ্রেট্রের শাক্ত কেবলমাএ তাব দেহেই নয়। আরও শক্তি তার নিশ্চয়ই আত্মগেপন কবে আছে কোথাও। নৈলে ব্রয়ং চুণারাধিপতির সহ-সৈনাধ্যক্ষেব সক্ষে অন্ত্র পরীক্ষায় নামবার ছঃসাহস তার হ'ত না।

ইশাকের একটি আঘাত শ্বনিপুণভাবে প্রতিহত করবার সঙ্গে সঙ্গে তার বাহুমূলে একটি অস্ত্র চিহ্ন রেথে আসে ব্রহ্মচারীর তরোয়াল। ক্রোধে উন্মন্তপ্রায় হয়ে ওঠে ইশাক। এতক্ষণ ধরে চেন্টা করে সে যা পারেনি তাই কবল কিন। এই স্থাব মামুষ্টি! প্রথম অস্ত্রাঘাতের গৌরব অর্জন করল সে! মরিয়া হ'য়ে আক্রমণ চালায় ইশাক। মুহুর্জে মুহুর্জে আগুন জ্বলে ওঠে ছটি ইম্পাতের দস্ত-ঘর্ষণে।

"তোমার ভুল হচ্ছে ইশাক, উর্দ্ধ-বক্ষের পর নিম্নকোটি করতে গেলে তামেচার এক আঘাত্তই ভূমি শেষ। সাবধান!" বলতে বলতে প্রতিপক্ষের শরীরে আবার একটি অস্ত্রলেখা এঁকে দেন ব্রহ্মচারী। তারপরই নিজেকে একট্ দ্রে সরিয়ে নিয়ে বলেন, "তুমি যাও ইশাক। চুণারের ভাগ্য বিরূপ। তোমাকে মেরে সে ভাগ্যকে কিরিয়ে আনা যাবে না। তবে এটাও জেন যে তোমরাই হচ্ছ চুণারের অশুভ গ্রহ।"

কথা শেষ করে আর সেখানে দাঁড়ান না ব্রহ্মচারী ' গুহামুখ দিয়ে ভিতরে প্রবেশ না ক'রে তার পাশ দিয়ে চলে যেতে থাকেন। শুল্র দেহখানির ওপরে স্বেদ-কণাগুলি চাঁদের আলোয় চিকচিক করতে থাকে। যেন শত শত উর্ণনাভ-অক্ষি বিষাক্ত দৃষ্টিতে তাকিয়ে আছে ইশাকের দিকে।

চিরদিন শাস্ত উদাত্ত অজ্ঞান্ধ্বনিতে ঘুম ভাঙে দ্বাবের। সেদিন
ঘুম ভেঙে গেল তাব ব্যতিক্রমে। কতকগুলি মানুষেব উত্তেজি প
মিলিত কণ্ঠস্ব যেন ধাকা দিয়ে দিয়ে ঘুম ভাঙিয়ে দিল তার। উঠে
পড়ে দ্বাব। চোগাটা গায়ে চাপিয়ে বাইবে এসে দাড়ায়। দেখে
মীর আগ্র্মদ আর মীর দাদেব সঙ্গে উত্তেজিত ভাবে কি সব আলো
চনা করছে ভাজ খাঁ। ওদিকে মালিকার মহলে ইন্তিকার উজ্জ্ঞল।
দেখে বোঝা যায় উত্তেজনা সেখানেও কিছু কম নেই। এবই ভেডবে
ওয়াহিদা এসে কুর্নিশ কবে তাজ খাঁকে। ভাষায় প্রকাশ করতে
হয় না তাকে কেন এ কুর্নিশ। তার মুখেব দিকে মুহুর্ত্তের জ্বের
একবার তাকিয়েই মুখ ফিরিয়ে নেয় তাজ খাঁ। মীব আগ্র্মদের
দিকে চোখ রেখে বলে, "চল যাচ্ছি।" তারপর স্পান্তভাবে মীর
আহ্মদকে হকুম জানায়, "দাড়াও, এখুনি •আসছি।"

মালিকারমহলের দিকে চলে যায় তাজ খাঁ। দবীরও ফিরে যেতে থাকে নিজেরঘরের দিকে। মাথার ভেতরে এক অশুভ আশস্কা। একটা কিছু যে হ'াছে তা স্থনিশ্চিত। তুর্গের পূর্বদিকে কিছু সৈম্মকেও "কি দেখছিস্ ?"

দবীরের গলার স্বরে ঈষৎ কাঠিগু প্রকাশ পেলেও তা গায়ে মাথে না ওয়াহিলা।

"মালিক সাঁতার জানেন ?" মুচকি হেসে জিজ্ঞাসা করে সে। "ভরা দরিয়ায় সাঁতার দিয়ে দেখেছেন কখনও ?"

অস্থা াসীনারও অনেক রক্ম দোষ ছিল। কোথায় কি ঘটছে সেদিকে ছিল তাব প্রথব দৃষ্টি। আর সেই খবরগুলি সে ফিসফিসিয়ে বেড়াত সকলের কানে কানে। মালিকা আর তাজ খাঁ সম্বন্ধেও ঐ রক্ম এক ঘটনার কথা বলেছিল তার আম্মাজানেব কাছে। ইচ্ছা না থাকলেও শুনে ফেলেছিল সে। আর তারপরই ছুটে গি ভিল মায়েব ঘরে ঐ বাদীটিকে উচিত শিক্ষা দেবে বলে। কিন্তু কিছুই করতে হানি তাকে। তার মা বেশ শান্তভাবেই কাজ থেকে ইস্তফা দিয়ে দিয়েছিল তাকে।

কিন্তু সে ছিল এক রকম। আর এই ওয়াহিদা । কি যে ও চায় ঠিক বোঝা মায় না। কোথা থেকে এত সাহসই বা পেল দে ! ভাবতে ভাবতেই আবার অস্তমনস্ক হ'ে যায় দবীর। ওধারে য়ে উত্তেজনাটা লক্ষ্য করেছিল-সে তার প্রকৃত কারণটি এখনও জ্ঞানা হ'ল না ত'! তাড়াতাড়ি আবার ওধারের প্রাঙ্গনের দিকে চলে সে।

ফাঁকা প্রাঙ্গনের ওপরে এসে দাঁড়ায় দবীর। মীর আহ্মদ, মীর
দাদ আর ওধারের সিপাহ কযজন নেই। কোথায় চলে গিয়েছে
তারা। অতএব জানবারও উপায় নেই, কি এমন বিশেষ ঘটনা
ঘটেছে এই চুণাবের বুকে যার জত্যে হ'জন নায়েবে-সিপাহ্শালারকে
সিপাহ্ নিয়ে ছুটিতে হয়েছে। চিস্তা-উর্ণনাভটা ব্যর্থভাবে তার জাল
বুনবার চেষ্টা করে চলেছে। পাবছে না। অন্থান ক্ষেত্রটি ছাড়া

আর সবদিকেই এক বিরাট শৃহ্যতা। পায়ে পায়ে এগিয়ে চলতে থাকে সে। জেগে উঠেছে হুর্গ। হুর্গমধ্যে অবস্থানকারী সিপাহ্রা তালের নিত্যকর্মে ব্যক্ত। একটু অবাক হয় তারা তালের প্রভূ-পুত্রকে এধারে আসতে দেখে। এ যেন এক নিয়মের ব্যতিক্রম ঘটে গেল আজ। হুর্গের দক্ষিণাংশে বড় একটা যায় না দবীর। ভাল লাগে না তার। হঠাৎ দাঁড়িয়ে যায় সে। তারপরই ঘুরে দাঁড়িয়ে হন হন্ক'রে এগিয়ে যেতে থাকে হুর্গের প্রবেশ পথের দিকে।

আবাস খার বাড়ীর সামনে এসে যখন দাঁড়ায় দবীর তখন রোদের গায়ে আঁচ ধরেছে। বাড়ীর পাশেই বট গাছটার গায়ে টিয়া আর চন্দনার কুজন-কোলাহল। বারান্দার ওপরেই দাঁড়িয়েছিল আবাস খাঁ। দবীরকে আসতে দেখে অর্দ্ধোচ্চারিত আহ্বান জানায়, "এস দবীর।" এতদ্র থেকে সেশক স্পষ্ট শুনতে পায় না বটে দবীর কিন্তু সেটা যে প্রত্যাখ্যান নয় তা বেশ বুঝতে পাবে। তাহ'লেই হ'ল। নিজেরও মনের এমন অবস্থা যে একটু আশ্রয

এগিয়ে এসে দাড়ায় স্নাব্বাস খাঁর সামনে।

"শুনেছ সব ?" জিজ্ঞাসা করে সিপাহ্শালার।

"কিছুই না।" কুৰু স্বর দবীরের।

"বলবেও না। আমি জানতাম। আমাদের নসীবেব খুঁটি নড়ে উঠেছে।"

"ঘটনাটা কি ?"

"ঘটনা যে কি ঠিক জানি না। তবে এইটুকু শুনেছি যে ইশাক আহত হয়েছে। এবং আততায়ী হচ্ছেন পর্বতের গুগুহায় যে ব্রহ্মচারী থাকেন, তিনি।"

"श्ठार ?"

"কি ক'রে বলব, বল ? যে সিপাহ্টি খবর দিয়ে গেল সে তো

পুরোপুরি কিছুই বলতে পারল না। শুধু শেষকালে বলল বৈ মীর আহ্মদ আর মীর দাদ কয়েকজন সিপাহ্ নিয়ে গিয়েছে ব্রহ্মচারীকে ধরে আনতে।" কথা শেষ করেই হঠাৎ প্রশ্ন করে আব্বাস খা, "ভোমার আব্বাজ্ঞানের মতামত কিছু জান ?"

ভালভাবেই জানে দবীর। কিন্তু সে কথা বলবার নয়। তাই উত্তরটা এড়িয়ে গিয়ে পাশ্টা প্রশ্ন করে, "আপনি এখন কি করবেন ?"

"আমিনার সাদী পর্যন্ত," বলেই থেমে যায় আববাস খাঁ, স্থির দৃষ্টিতে দবীরের মুখের দিকে তাকিয়ে বলে. "তোমার বোধহয় দিল্লীর দরবারে গিয়ে কোন কাজ নেওয়াই ভাল হরে দবীর। যদি যাও, আমিও কিছু সাহায্য করতে পারি।"

"কেমন করে ? ইব্রাহিম লোদী আপনাকে চিনভেন। কিন্তু বাদশাহ বাবরতো আপনাকে চেনেন না।"

"তা চেনেন না। কিন্তু দিল্লার এক বিশিষ্ট ব্যক্তি, উম্রাহ্ আজ্ঞম আলী আমাকে চেনেন। যাবে তুমি ?"

"যাওরাই উচিত। তবুও কয়েকটা দিন চিস্তা করে নিই। চলি এখন।"

মাথার ভেতরে এক চিন্তা নিয়ে এখানে এসেছিল। যাবার সময়ে আর এক চিন্তা নিয়ে ফেরে দবীর।

চিন্তার কারণটা ক্রমেই বেড়ে চলেছে শের খার। কে যে
মন্ত্রণা দিচ্ছে ঠিক বোঝা যাচ্ছে না অথচ প্রতিটি কাজেই কিছু না
কিছু প্রতিবন্ধকতা এসে উপস্থিত হচ্ছে। এবং সেটা আসছে জালাল
খাএর আন্মাজ্ঞানের কাছ থেকে। যাকে অমান্য করতে পারছে
না সে, আবার অন্তর থেকে মেনে নিতেভ পারছে না। পর্দার
আড়ালে দাঁড়িয়ে সন্ত্রমপূর্ণ করেই বিশেষ অনুরোধ করেন তিনি।

প্রতিনিরত করেন শেরকে তার আরক্ষ কাজ থেকে। সেই রকমই একটি ঘটনা সম্প্রতি ঘটে গিয়েছে। শের খাঁর দ্রদৃষ্টি বলে সিপাহ্দের কুচ্ করবার জন্যে সিধা সড়ক চাই। এর অভাব মানেই প্রকৃষ্ট সময় এবং সুযোগ হারানো। তাই সড়ক নির্মাণ আরম্ভও করেছিল সে। ক্রুত এগিয়েও গিয়েছিল সেই নির্মাণকাজ। শোন্নদীকে পূর্বে রেখে সোজা উত্তরমুখী সেই সড়ক গিয়ে পোঁচেছিল আরা'র কাছাকাছি। এমন সময় এসে গেল সেই চিবাচবিত প্রতিবন্ধকতা।

পর্দার আড়াল থেকে এল এক বিশেষ অন্তরোধ, "আপনাব জায়গীরের সীমানার বাইবে সড়কটা এসে পৌচেছে। এতে অসন্তুষ্ট হ'য়ে উঠেছে অনেকে। অনেক কথা বলাবলিও কবছে। তাই আমার অনুরোধ, আপনি বাদশাহের হুকুম নিয়ে এসে সড়কটা নির্মাণ করে ফেলুন। তাহ'লে কেউ আর কিছু বলতে পারবে না। আশা করি, আপনি কিছু মনে করবেন না।"

মনে করলেও বলবাব কিছু নেই। বুঝতে পাবে শেব খা, তার প্রতিটি কাজেব ওপরে তীক্ষ্ণান্তি রয়েছে কিছু সংখ্যক লোকেব। অফুমানও করতে পারে তাদের কয়েকজনকে। কিন্তু এখুনি, এই মুহুর্তে তাদের মুখোমুখি দাঁড়াতে চায় না সে। তার পূর্বে নিজেকে আরও শক্তিশালী করে গড়ে তুলতে হবে।

সেই চিস্তাই করছিল শের খাঁ, এমন সময় তার থাস নোকর এসে খবর দেয় একজন লোক এসেছে দেখা করতে। একজন নয, ভিনজনের আসবার কথা আছে। প্রতেকেই তারা আসবে রাত্রিব অন্ধকারে গা ঢেকে। চিস্তা করে শের খাঁ, তাদের ভেতরে কে আসতে পারে এসময়ে। নিশ্চয় রসদ্দার সৈফুদ্দীন। পূর্বাহেই কাজ সেরে যেতে চায়। কথাটা মনে হ'তেই দীর্ঘগুন্দের আড়ালে একটুকরো হাসির রেখা ফুটে ওঠে তার। আওবতে অরুচি নেই

সৈকৃদ্দীনের। নিচ্ছের তিনটি বেগম থাকা সত্ত্বেও উপরস্ত কিছু তার – চাই-ই। শতেক কাজ হাতে থাকলেও তাব ভেতব থেকে একট্ট সময় সে এই 'উপ'টির জন্যে করে নেবেই। বললে হাসে হা হা করে। বলে—জনাব, মেজাজ শরিফ বাগবার ঐতে! একমাত্র জায়গা। বাড়ীতে কি আব মেজাজ ঠিক গাকে গ সেখানেত' শুধু নগড়া আর আর অশাস্তি। আর খুব বাড়াবাড়ি হ'লে ধরে পিট্নি।

এ হেন মরদ সৈফুদ্দীন যে সকলের আগে এসে কাচ্চের কথা সেরে যাবে সেটাই স্বাভাবিক। তা সে যেই আগে আসুক, কাচ্চের কথা বলবার জন্মে যখন ভেকেছে তখন পরে আসতে বলা চলবে না। নোকরকে ইঙ্গিতে জানায় লোকটিকে পাঠিয়ে দিতে।

কিন্তু যে লোকটি এসে ঘরে ঢোকে তাকে দেখে একটু অবাকই হয়ে যায় শের খাঁ। অপরিচিত দার্ঘদেহী একটি পুকষ। ছাটা গোঁফ দাড়িতে মুখভাবকে কঠিনতর করে তুলেছে। ঢোখের দৃষ্টি শস্ত্র-ব্যবসায়ীব মতই সতত সতর্ক। দীর্ঘ একটি কুর্লিশ করে লোকটি বলে - ''জনাবের সঙ্গে কিছু গোপনীয় কথা ছিল।"

"নাম, মোকাম না জানলেত' কথা বলতে অস্থবিধা হবে।"

"নাম ইশাক। আসছি—"

"বলতে হবে না। চুণার একটি রক্ষিত অঞ্চল। স্বয়ং বাদশাহের অধীন।"

"জনাব সবই জানেন।" উত্তর দেয় ইশাক, "াকল্প আমার মনে হয় জনাবের শক্তি বৃদ্ধি করবার জন্মে চুণারের মত ছর্গের প্রয়োজন।"

"কেবলমাত্র তুর্গ হলেত' হবে না। তার রক্ষণাবেক্ষণের জ্বতো যথেষ্ট সিপাহ আর অর্থও চাই।"

"হয়ত' তারও অভাব হবে না।"

"কি রকম ?"

"আমার খবর যদি ঠিক হয় তাহ'লে বলতে পারি ঐ হুর্গের কোখাও না কোথাও প্রচুর ধনরত্ব আছে।"

"আরও খবর নেবাব চেষ্টা কর।" বলে উঠে দাঁড়ায় শের থাঁ। একটা থলিতে কিছু আসরফি নিয়ে এসে দিতে যায় ইশাককে। কুর্নিশ করে তা বিশেষ বিনয়ের সঙ্গেই প্রত্যাখ্যান করে ইশাক।

"আসরফির লোভে এতদ্র ছুটে আসিনি জনাব. আমাব লোভ আরও বড়। সময়ে বলব। আর একটা কথা জনাব, হিন্দুদের আবার মাথা তুলে দাঁড়াবার ইচ্ছা দেখা যাচ্ছে।"

"সম্ভব নয়। সময, শক্তি, অর্থ, কোনটাই তাদের অনুকৃত নয়।"

"তাহ'লে আর বিশেষ কিছু বলবাব নেই আমাব। তবে সাসারাম থেকে একটা সড়ক যদি চুণাবেব দিকেও তৈরী হ'ত তাহলে বোধহয় যাতায়াত আরও সহজ হ'ত।"

"মনে থাকবে কথাটা।"

"ভাহ'লে আসি জনাব।"

আর একদফা কুর্ণিশ জানিয়ে বিদায় নেয় ইশাক। শেব খাব মাথায় তথন ইশাকের একটি কথাই পাক খেয়ে ফিবছে—চুণাব হুর্গের কোথাও না কোথাও প্রচুব ধনরত্ব আছে।

কামনার তৃষ্ণা যেন কিছুতেই আর মিটতে চায় না! ছর্গের এই চৌহদ্দীর ভেতরে যেমন আছে আগ তেমনি তাব নজদিকেই আছে পানি। কিন্তু সে পানি যে এখানে প্রবেশের পথ পায় না। ছর্ভেন্ত এক পাষাণ প্রাচীর মাঝখানে। দবীরের সংযমী মন। মাঝে মাঝে ওয়াহিদার ওপরে খি চিয়ে ওঠে মালিকা—"তোকে এবাব বর্থাস্ত করব।" তসলিম জানায় বাঁদী। বলে, "বর্থাস্ত করলে নোক্রী যার্বে কিন্তু আমি আবার মালিকানের কাছে দর্থাস্ করব।"

"কেন ?"

"মালিকানের মনেব শান্তি না দেখলে যে আমি স্বন্তি পাবনা।" "তোব কপালে পয়জার আছে।"

'পয়জাবইতো বখসিদ্ আনে।"

নাঃ, এ বাদীব সঙ্গে কথা বলে পারবাব উপায় নেই। গির্দায় গা এলিয়ে দেয় মালিকা। বলে, "দেখে আয়তো কি করুছে।"

" দেখেছি। আসমানেব তাবা গুণছে।"

" এই দিনেব বেলায় ?" কৌতৃহলেব ঠেলা খেয়ে উঠে বসে মালিকা, ঝুঁকে পড়ে বাঁদীব দিকে, "মহব্বং হয়েছে নাকি কাবও সঙ্গে ?"

"হযনি। তার মাগেব লক্ষণ। চাবদিক ফাকা, বড় একা একা মনে হয়।"

কথাগুলি অভিনয়েব সঙ্গে এমনভাবে বলে ওয়াহিদা যে হেসে গড়িয়ে পড়ে মালিকা। হাসতে হাসতেই বলে, ''সভি্য, যা না, একবারটি দেখে আয় না।''

"यारे।" উঠে याग्र अग्राहिना

মালিকাও ওঠে। প্রকোষ্ঠের অভান্তরে তৃই 'বি একাকী থাকলে যে অসমৃত ভাবটুকু থেকে যায়, তাডাভাড়ি তার সংশোধনে মনে দেয় সে। বলাত যায না, যদি ওয়াহিদাব সঙ্গে এসে উপস্থিত তয় মামুষটি। শিসুরে বুকে মুখখানি একবার দেখে নেয়। বেকায়দা শোওয়ায় একটু পাশে সরে যাওয়া কাঁচুলিটি টেনে সিক করে দেয়। দেখে নেয় তার উশসিজাগ্রভাগ ঠিক ফুটে উঠেছে কিনা। পায়ের গুল্ফে আঘাত করে দেখে গুজারিপঞ্চমে ঠিক বোল উঠছেত'! তারপর ওভনাটি মাথাব ওপব দি এমনভাবে ফেলে যাতে যত

না সজ্জা তার চাইতে বেশি যেন সৌন্দর্য ফুটে ওঠে। তারপর অপেক্ষায় থাকে কখন ফিবে আসবে বাদী তার কামনার মানুষটিকে সঙ্গে করে।

কিন্তু একট্ একট্ ক'রে সময়ই কেটে যেতে থাকে শুধু। ফিবে আসে না ওয়াহিদা। ব্যর্থতাব আক্রোশে ক্রমেই রক্তিম হ'যে উঠতে থাকে নয়া বেগমের গগুদেশ। গুলবদনে প্রকাশ পায় কাঠিন্সের লক্ষণ। ওড়নাটি ছু'ডে ফেলে দেয় দূবে। দামী পহ রাণটা পড় পড় ক'বে টেনে ছি'ডে নামায়। স্তনাববণেব আড়ালে উন্নত বক্ষ তুটি ঘন ঘন ওঠা নামা করতে থাকে। থেযাল নেই তার যে নিজেকে পরিপূর্ণভাবেই বে-আবক ক'বে ফেলেছে সে। সেই অবস্থাতেই বসে পড়ে পায়েব গুজবিপঞ্চম খোলবাব চেষ্টা কবতে থাকে। এময় সময় দরজাব বাইবে কাব হাসিব বিল্থিল শব্দ শুনে চম্কে তাকায় সে। দেখে অন্দবে প্রবেশ করতে গিয়েই চলে যাবাব জন্মে পা বাডিয়েছে দবীর। মবিয়া হ'য়ে লাফিয়ে উঠে দাঁভায় মালিকা। ছুটে গিয়ে ত্'হাতে জাপটে ধকে দবীরকে। কামনার আবেগে কান্ধা-জড়ান গলায় বলে ওঠে, "না, যাবে না তুমি।"

"ছি:। একি কবছেন আপনি ?" মুখ না ফিবিয়েই বলে ওঠে দবীর, "আমাকে ছেডে দিন, আমি যাই।"

"না, কিছুতেই ছাডব না," দবীরের পিঠের সঙ্গে মুখ ঘষতে থাকে মালিকা, "কেন তৃমি সেদিন আমাকে জোব কবে নিজের করে নাওনি, তাহলেত' এ যন্ত্রণা ভোগ করতে হ'ত না আমাকে গ আমি তৃষ্ণার্স্ত দবীর, আমাব পিয়াস তুমি মেটাও। আমার যা আছে, সব ভোমাকে দেব। ভোমাকে এই চুণারের জায়গীরদাব বানাব। বিনিময়ে কেবলমাত্র ভোমার একটু মহকবং—ভাকাও না, ভাকাও—"বলে দেহের সমস্ত শক্তি দিয়ে দবীরেব মুখখানি নিজের দিকে

## ফেরাবার চেষ্টা করে সে।

এতক্ষণ পর্যস্ত তবু সহ্য করেছিল দবীর। কিন্তু এবারে আর পেরে ওঠে না সে। এক ঝট্কায় নিজেকে মুক্ত করে নিয়ে বলে, "আমার হুর্ভাগ্য যে আপনার মত একটি কদর্য চরিত্রের আওরৎকে বেগম বানিয়েছেন আব্বাজ্ঞান। আমার হাজার কুর্ণিশ রইল এখানে, আর কোনদিন ডাক্রবন না আমাকে।"

হন্ হন্ ক'বে চলে যায় দবীর। একবার ফিরে তাকিয়েও দেখে না যে ক্ষণপূর্বেব কামিনী একমুহূর্ত্তে সাপিনীতে পরিবর্ত্তিত হ'য়েছে। তু'চোখেব দৃষ্টিতে তার শুধুই হলাহল।

কার্যের সফলতায় শরারের সমস্ত ফ্রান্থি এক মুহূর্ণে দূরাভূত হয় আর বিফলতায় তা গজদেহ পরিমাণ ভাব নিয়ে চেপে বসে মনের ওপরে। সেই অবস্থাই ব্রহ্মচাবার। যমুনার পশ্চিম উপকূল ধরে দিনের পর দিন এগিয়ে গিয়েছেন। পূর্ব উপক্লের এলাহাবাদ আগ্রাকে তাঁর ভয়। এইসব সহরের ওপব দিয়ে বিজয় অভিযানে ছুটে গিয়েছে ফুলতান, বাদশাহেবা। আব অভিযান শেষে ফিরে এসে বিশ্রামও করেছে এইসব সহরে। ফলে এগুলি হয়ে উঠেছে প্রধাণতঃ মুসলমান অধ্যুষিত অঞ্চল। ১।ই এইসব অলক সমছে এড়িয়ে গিয়েছেন ব্রহ্মচারী। কেননা পদব্রজে চলা মান্তুষের থবর আসওয়ারের মুখে হয়ত পূর্বাক্রেই পৌছে গিয়েছে এইসব জায়গায়। এবং বিপদ তার বর্লা উচিয়ে দাঁড়িয়ে রয়েছে এই উদ্ধাত কাফেরকে সমুচিত শাস্তি দেবার আশায়। ব্রহ্মচারী তাই যমুনার পশ্চিম উপকৃলকেই নিরাপদ বলে মেনে নিয়েছিলেন। আরও একটা কারণ ছিল ভার। এই দেহাতী হিন্দু বাসীন্দাদের থাদ এক সূত্রে গেঁথে তোলা যায়, যদি গড়া যায় একটি সবল দল, তাহ'লে ধমুনার

পশ্চিম উপকৃল থেকে আরম্ভ ক'রে এক বিস্তীর্ণ হিন্দু অধ্যুষিত ভূষণ্ড রাজস্থানের সঙ্গে যুক্ত করে বাদশাহের সম-শক্তি রাজ্য গঠন আবার সম্ভব করা যেতে পারে। কিন্তু কয়েকটা দিন বৃথাই গ্রাম থেকে গ্রামাস্তরে ঘুরে বেড়ালেন তিনি। ক্ষুদ্র স্বার্থগুলি এমনভাবে মাথা উচু করে দাঁড়িয়েছে যে বৃহৎ স্বার্থের কথা চিন্তাই করতে পারে না তারা। এ যেন মাটির দোষ। একে অপরকে সহ্য করতে পারে না। যার জন্যে ভগবান তথাগতকেও একদিন বলতে হয়েছিল—সহাবস্থান শিক্ষা কর। শাস্তি আন। তবুও পারেনি কেউ। 'পারবেও না কেউ', ব্রহ্মচারীর কথা শুনতে শুনতে বলে উঠেছিল বৃদ্ধ গ্রাম-প্রধান হরবন্স, "এরা পরের কাছে মাথা নীচু করবার লোভে নিজেব ভাইএর বৃকে ছুবি বসায়। এদের কাছ থেকে কি আশা করবি বাবা ? অথচ ওদের মধ্যে দেখ আফগান, তুকী, মোগল, পাঠান কত কিসিম রয়েছে, কিন্তু যেই এক হিন্দু বাজার সঙ্গে লডাই বাধল অমনি স্ব একাটা হ'য়ে গেল।"

কথা বলতে বলতে বৃদ্ধের তামাক-পাতা চিবোন মূথে জল এসে গিয়েছিল। প্যাচ্ ক'রে সেটা দূরে নিক্ষেপ করে আবার বলতে থাকে, "যা না, একজনকে বল মদৎ দিতে, সে অমনি বলবে-— ঠিক আছে, আমি যে হররোজ যমুনার উস্পারে বিশ ঢেবৃয়াব আনাক্ক বেচে আসি, সেটা তুমি মোলে লাও।"

মিথ্যা বলেনি হরবন্স। অর্থ-স্বার্থ আচ্চ দেশের স্বার্থের চাইতেও বড় হয়ে দেখা দিয়েছে। কি, না ছটো গাই ছিল, তিনটে হবে, পায়ে উহিষের চামড়ার পয়জার হবে, লোকে বলবে অমুকে বডলোক হয়েছে। এতেই খুশি সে। এর বেশি কিছু ভাবতে চায় না, বুঝতে তো চায়-ই না।

অতএব আর বৃথা কাল হরণ না ক'রে আবার উত্তরমূখী হন বিদ্যালী। ভারাক্রাস্ত মন। কিছুই হল না, কিছু হওয়ারও নয়। ভারতবর্ষের ভাগ্যের আকাশে কালি ছিটিয়ে দিয়েছে জয়চাঁদ। এ কালি আর উঠবার নয়।

প্লথগতি, ভারাক্রান্ত দেহ মন নিয়ে একসময়ে দিল্লীর মাটিতে গিয়ে পা দেন ব্রহ্মচারী। ১লতে থাকেন চকতর দিকে। কৈরালা প্রসাদকে তাঁব দরকার। কিন্তু পথ কি ভূল ১চ্ছে তাঁর ণ স্মৃতির নক্সার সঙ্গে ঠিক যেন মিল খাড়ে না এর রাস্তাঘাট। কমদিনের কথা নয়, প্রায় বিশ বংসর পূর্বে একবাব এই দিল্লীতে আসবার প্রয়োজন হয়েছিল তার। হ্যা, তা বিশ বংসব হবে বৈকি। সিকান্দব লোদী তখন দিল্লীর সিংহাসনের মালিক। বিদ্বান ও গুণী জনের সমাদর কর্ত্তা, আগ্রা সহবের প্রতিষ্ঠাত। সিকান্দর। নাম শুনে তাকে মনের উচ্চ আসনেই বসিয়েছিলেন ব্রহ্মচারী। কিন্ত হোঁচট ব্রেছিলেন রাজধানীতে গিয়ে। বস্ত্র বাবসায়ী হরাদও প্রসাদের গৃহে আশ্রয় নিয়েছিলেন। তারই পুত্র কৈরালাপ্রসাদ। প্রায় সমবয়সী তু'জনে। মিলও ২য়ে গিয়েছিল তু'জনের অতি সহজ্ঞেই। সেদিন কৈবালার সঙ্গে ঘুরতে বুরতে যমুনার ধারে চলে গিয়েছিলেন ব্রহ্মচারী। যমুনার নীলজল আকর্ষণ করেছিল তাঁকে। আসবার সময়েও দেখেছিলেন। স্নান এবং পান উভয়ের জন্মেই ছিল যমুনা। সেই নীল জল দেখে আবার অবগাহন প্রহা জেগে ওঠে তার। কিন্তু সে কথা কৈরালাকে বলতেই চমেক উ ছিল সে। চোখতুটি বড় বড় করে বলেছিল—"থবরদার, যমুনার জলে ভুলেও নেম না।"

"কেন ?" আশ্চর্য • হয়ে বলেছিলেন ব্রহ্মচারী, "আস্বার সময়েত' নেমেছি।"

"কোনও মুসলমান সে সময়ে তোমাকে দেংশুল পায়নি বলেই বেঁচে গিয়েছ।" বলেই গলা নামিয়ে নিয়ে ফিস্ ফিস করে বলেছিল, "সিকান্দর লোদী ভীষণ হিন্দু বিদ্বেষী। হিন্দুরা ষমুনার জলকে পবিত্র বলে ভাবে। তাই তাঁর তুকুম, কোন হিন্দু যমুনার জলে নামতে পারবে না।"

সেই সিকালনর লোদীর ইন্ত্কাল হয়েছে। তাল্ সে অনেক বছরই হ'ল। তারপর সিংহাসনে বসলেন তাঁর 'ুত্ত ইপ্রাহম লোদী। আর তিনিই সমূলে উৎপাটিত করলেন ব্রহ্মচারীকে। বিনামেঘে বজ্ঞাঘাতের মতই এসে পড়েছিল সে হুকুম আব তার সঙ্গে স্থাতানের সিপাহ্। আজ কত বংসর হয়ে গেল! একটা টানা দীর্ঘাস ফেলেন ব্রহ্মচারী। সঙ্গে সঙ্গে স্থার অতীত থেকে আবাব বাস্তবের দিল্লীতে ফিরে আসেন তিনি। ন্তন ন্তন সরণি আর গলির ধাধার ভেতরে একটি পুরাতন রাস্তার নিশানা খুঁজতে থাকেন।

রাস্তা নয়, স্বয়ং কৈরালা প্রাসাদেরই দেখা মিলে যায়। বয়স কিছু মেদ সঞ্চয় করিয়ে দিয়েছে দেহে। কাকপক্ষ ছটির পাশে ঈষং শ্বেতরেখা। তাহলেও চিনতে কট্ট হয় না ব্রহ্মচারীর। হন্ হন্ ক'রে এগিয়ে গিয়ে চলমান দেহটির সামনে দাঁড়ান। থমকে দাঁডিয়ে যায় কৈরালা।

"চিনতে পার ?" এক মুখ হেসে জিজ্ঞাসা করেন ব্রহ্মচারী। একটু সময় নেয় কৈরালা স্মৃতির পৃষ্ঠাথানি ধৃলোঝেড়ে পরিকার ক'রে নিতে। তারপরই ছ'হাতে জড়িয়ে ধরে তার একদার বন্ধুকে। "কবে এলে ?" জিজ্ঞাসা করে কৈরালা।

"এই আসছি।"

"এই আসছ ?" বলে কি যেন চিন্তা করে কৈরালা, অফুটে বলে, "দোকানে একটু কাজ ছিল—"তারপরই মনন্থির করে ফেলে বলে, "তাহ'ক, চল, তোমার স্নানাহারের ব্যবস্থা করে আসি আগো।" আবার ঘুরে গাড়িয়ে বাড়ীর দিকে চলতে থাকে কৈরালা।

বিহাব অঞ্চলের কাছাকাছি একটি হুর্গ থাকবে একজন হিন্দুর অধীনে। তাই রাতারাতি হুকুম হ'য়ে গেল তাঁর। স্থলতানের সিপ'হ্ গিয়ে হাজিব হ'ল ফরমান নিয়ে। শিবপ্রসাদ হলেন উচ্ছেদ।"

"তারপর গু"

"শিবপ্রসাদ মাশা করেছিলেন যে সিকান্দার লোদীর পরে যিনি স্থলতান হবেন তিনি গয়ত' স্থবিচার করবেন। কিন্তু সে স্থবিচার পাওয়া গেল না ইব্রাহিম লোদীর কাছ থেকে। তাজ খান হলেন জায়গীরদার। শোকে তঃখে শিবপ্রসাদ ও তাঁর স্ত্রী মারা গেলেন।"

"তবে আর কি। বাদী যখন নেই, মামলাও তথন থতম।" "তাঁরা নেই। কিন্তু তাঁদের একমাত্র পুত্র এখনও জীবিত।" "কোথায় দে ?"

"আপনার সমুখে জাহাপনা।"

"ও, তাহলে তুমিই জীবন প্রসাদ? কিন্তু তাজ খাঁত কোনও কম্বর করেনি।"

"জাহাপনার অধীনে হিন্দু মুসলিম প্রজারা শাস্তিতে থাকতে চায়। কিন্তু সেটা বোধ হয় আর সম্ভব হবে না।"

"কেন গ"

"প্রয়োজনের অতিরিক্ত শক্তি সঞ্চয় সমর্থন যোগ্য নয়। তার ওপরে সে যদি অপরের শক্তিকেও হস্তগত করবার চেঠা করে—"

"কার কথা বলছ ?" ব্রহ্মচারীর কথায় বাধা দেন বাবর। "শের খাঁ।"

নামোচ্চারণ শেষ হওয়ার পূর্বেই হো হো করে হেসে ওঠেন বাদশাহ। যেন এমন হাসির কথা আর পূর্বে শ্বনও শোনেননি তিনি। হাসির ধমক কমতেই বলে ওঠেন, "শেরের কথা বাদ দিয়ে বল। তাকে তোমার চাইতে ভাল চিনি আমি। ভোমার কি চাই তাই বল।"

"আমি চাই শান্তি। জাঁহাপনার রাজতে হিন্দু প্রজারাও যাতে নিশ্চিন্তে বসবাস করতে পারে তাই আমার একমাত্র আর্জি।" "যদি না হয় ?"

"না হয়, পারে তারা মাথা তুলে দাঁডাবে, না পারে মত্যাচার সহা করবে।''

"বেশ, দেখি চিন্তা করে," বলেই কর্মচারীটিকে হুকুন দেন, "এর থাকবার ব্যবস্থা কবে দাও।" ভাবপর আবার ব্রহ্মচারীর দিকে ভাকিয়ে বলেন, "আমার হুকুম ছাড়া দিল্লী তাাগ কবরে না ভূমি।"

এ আদেশেব অর্থ যে কি তা বেশ ভালভাবেই বৃঝতে পাবেন ব্রহ্মচারী। সাশ্চর্যে বলে ওঠেন, "আমাকে বন্দী করলেন জাহাপনা ?"

"না, বন্দী নয় ঠিক। তবে দিল্লীর বাইবে যেতে হলে আমার অমুমতির প্রয়োজন হবে।"

"বেশ, তাই থাকব। কিন্তু আমার আর্জি ।''

"সে দেখব আমি।" বলে কর্মচারীটির দিকে তাকান বাদশাহ্।
ইঞ্জিত বুঝে সে এসে দাঁড়ায় ব্রহ্মচারীর পাশে। ব্রহ্মচাবীর
মনও এই অন্ধকার মন্ত্রণালয় থেকে বেরিয়ে যাওয়ার জয়ে ছট্ফট্
কর্মিল। অভিবাদন শেষ করে তিনিও যাওয়ার জয়ে প্রস্তুত হন

মনের ভেতরে তৃষের আগুন জালিয়ে এই কয়টি দিন কাটিয়েছে মালিকা। চেয়েছে দাউ দাউ ক'রে জলে উঠে সব কিছু জালিয়ে পুড়িয়ে থাক্ করে দিভে। কিন্তু পেরে ওঠেনি। অবলম্বন করবার মত বস্তুই যে ছিল না হাতের কাছে। আজই তার দিল্লী থেকে ফিরে আসবার কথা। আর এও জানে সে যে আসকলিকার অস্থির হয়েই তার কাছে এসে উপস্থিত হবে তাজ খাঁ। নিজের আব্যাজানকে দেখেছিল মালিকা, জীবনের শেষ ক্য়টিদিন যেন ক্ষুধার তাড়নায় অস্থির হয়ে উঠেছিল সে। এমন কি নিজের ছেলেমেয়েদের খাবার চুরি ক'রে খেতেও ইতস্ততঃ করেনি। তাজ খাঁও হয়েছে ঠিক তেমনই। যৌবন উপাস্থে এসে সম্ভোগ-স্পৃহা যেন তার শেষ আহার্য গ্রহণের জত্যে সর্বদাই লালায়িত।

তাই চায় মালিকা। নারীত্বের এই শক্তি দিয়েই তার প্রতিহিংসা চরিতার্থ কবতে হবে। দবীরেব ঐ উচু মাথাটিকে যদি দাবিয়েই না দিতে পাবল তা'হলে নারী না হয়ে নপুংসক হওযাই তার উচিত ছিল।

নিজেকে তাই অপবাপা করে সাজাতে থাকে মালিকা। পাশে বিদে সাহাযা কবে ওয়াহিলা। এই বালাতিও লক্ষ্য করেছে তার মালিকানেব বাপে তারতা বড় জোব। জ্ঞালিয়ে পুড়িয়ে, দেষ। এ দাবানলকে শেষ করতে হয় জলধি নয়ত' হিমালয়ের চাপ দরকার। কিন্তু সে কথাত' আব সে বালী হয়ে বলতে পাবে না। তাই ঠোঁটে ঠোঁট চেপে যা বলে মালিকান তাই করে যায়। তবে ইয়া, ছোট মালিকের এ শক্ত সিকিম দোহাবা চেহারা— °, মায়ুষটা যেন পাথবে গড়া। অমন অবস্থায় কোন আওরংকে যে কোন পুক্ষ প্রড্যাখ্যান করতে পাবে এ না দেখলে বিশ্বাস করা যায় না। হঠাৎ এই তুইটি নারীর চিস্তায় ছেদ টেনে দেয় হাতীর গলার ঘল্টি। ফিরে এল বুঝি তাজ খাঁ। তাড়াতাড়ি ওড়নাটা ঠিক কবে নেয় মালিকা। তারপর বাদীকে হকুম করে, "গোসল-খানায় সব ঠিক আছে কিনা দেখে রাখগে যা।" উঠে যায় ওয়াহিলা। গিলা হেলান দিয়ে পা তৃটি মুড়ে পেছন দিকে বেখে নিজকে আরও তীক্ষ আর তীব্র

করে ভুলতে চেষ্টা করে মালিকা।

"কেমন আছ নয়া বেগম ?" দরজার কাছে এসে দাঁড়ায় ভাজ খাঁ। সুমা আঁকা ছটি চোখে কামনার ইসারা।

"জনাব বহাল তবিয়ং ?"

"বহুৎ খুব। একদিন বিশ্রাম নিয়েছি তো মির্জাপুরে।" পায়ে পায়ে এগিয়ে আসে তাজ খাঁ। মালিকার গায়ের কাছে। একট সরে বসে মালিকা। চোখের ক্লুত্রিম ভর্ণসনা।

"रामी।"

"ও," বলে সরে যায় তাজ খাঁ। তারপরই হন্ হন্ ক'বে
গিয়ে ঢোকে গোসল-খানায়। ঢুকেই থম্কে দাঁড়িয়ে যায়
ওয়াহিদা পানিতে খশবু নেশাচ্ছে মালিকের জন্যে। কোঁকড়ান চুন্
গুলি গুচ্ছ গুচ্ছ হয়ে নেমে এসেছে। কিছু বা গালের ওপর দিয়ে,
কিছু বা ঘাড়ের পাশ দিয়ে ঝুলছে তার কুচযুগকে আড়াল করে
মুহুর্তে চঞ্চল হ'য়ে ওঠে রক্তের কণিকাগুলি। কার্যাকার্য জ্ঞানকে
ছাপিয়ে যায় সেই নিঃশব্দ আহ্বান। পায়ে পায়ে এগিয়ে যায় ভাজ
খাঁ। বুঝতে পারেনি বুঝি ওয়াহিদা। কিছা ব্রেও বোঝে নি
একবার ফিরেও তাকায় না তার মালিকের দিকে। নিজ্পিত
অবস্থায় একবার মাত্র ফিদ্ ফিদ্ করে বলে, "নয়া বেগম সাহেব।
ঘরে রয়েছে।"

"ঘরে নয়, দরজার কাছেই আছি।"

বিছাৎস্পৃষ্টের মত এক কট্কায় নিজেকে মুক্ত করে নেয় ওয়াহিদা। ত্'হাতে মুখ ঢেকে দাঁড়িয়ে থাকে। তাজ খাঁরও দারুভূত অবস্থা। কেবলমাত্র মালিকারই চোখে ক্ষণে ক্ষণে ভাবের পরিবর্তন হ'তে থাকে। রাগ, প্রতিহিংসা, কৃটিল রহস্ময়। মহম্মদ নাকি এই গোসল-খানাকেই নরক বলেছিলেন। আজ সেই স্থানটিই বিশিষ্ট হ'য়ে ওঠে মালিকার জীবনে। বহস্তময় হাসিটি মুখে করেই

ফিরে চলে সে নিজের ঘরের দিকে। আর উন্মৃক্ত দরজা জুড়ে প্রবল বাধাটি দাঁড়িয়ে নেই দেখে ছুটে পালিয়ে যায় ওয়াহিদা।

গোসল-খানা থেকে বেরিয়ে এসে গদিতে বসে ভাজ খাঁ। একট্ দ্রেই মালিকা বসে। তাকিয়ে তাকিয়ে দেখতে থাকে তার শওহরকে। ব্রতে পারে ভাজ খাঁ। কিন্তু আপনা থেকে কোন কথা বলতে পারে না। অপেক্ষায় থাকে, যদি ও-পক্ষ থেকে কোনও কথা বলে।

কিন্তু শুধু সময়ই কেটে যেতে থাকে। নিঃশব্দ প্রতীক্ষা আর সফল হয় না তাজ খার। মনে মনে একটু বিরক্তই হয়ে ওঠে সে। হু'হাতে ভর দিয়ে নেমে পড়তে যায় গদি থেকে।

"কি কথা হ'ল বাদশাহ্র সঙ্গে ?"

নাম' হয় না। এমন একটা প্রশ্ন শোনবার জন্মে প্রস্তুত ছিল না তাজ খা। আশ্বন করেছিল গুকগর্জন আর বর্ধণের। তার কিছুই না হয়ে এক গুরুভার প্রশ্ন শুধু ? অবাক হ'য়ে এই নহলী যৌবনাটির দিকে তাকিয়ে থাকে সে।

"খুব অব'ক হযে যাচ্ছেন, না '' মুচকে হাদে মালিকা, "বাদশাহ কৈ দেখবার সৌভাগ্য তো করিনি তাই তাঁর কথা শুনেই সে আশা মেটাতে চাই। অবশ্য আপনার যদি আপত্তি—'' বলেই তীক্ষ চোখে একবার তাকায় তাজ খাঁর দিকে।

লুকিয়ে নয়, বড়ই স্পষ্ট সে তাশ্বতা। ছুর্গা পির দৃষ্টিও এড়ায় না। মনে মনে একট্থানি কেঁপেই ওঠে সে। তাবপরই সমস্ত ছুর্বলতা ঝেড়ে ফেলে সহজ হ'য়ে ওঠে। সঙ্গে সঙ্গেই ঘনিয়ে এঠে ছুটি চোথের দৃষ্টি। নিজের অজ্ঞান্তেই প্রসারিত হ'য়ে যায় হাত ছুটি। মালিকাও ধরা দেয়। আপন দেহখানি টেনে নিয়ে যায় তার বুকেব কাছে। সুর্মা আকা ছুটি চোখ তার চোখের ওপবে রেখে বলে, "আমার নজরানা ?" "ভূল হয় না কখনও, না ?" খুশিতে ভরপুর তাজ খাঁর কণ্ঠস্বর, "দিল্লী থেকে এনেছি হীরা বসান বাজু-বন্দ্। দাঁড়াও, এখুনি আনছি।"

মনের আবেগে পরিপূর্ণ যুবকের মতই লাফিয়ে ঘর থেকে বেরিয়ে যায় তাজ খাঁ। দেখে মনে মনে হাসে মালিকা। পুরুষ শক্তি কি এতই ছুর্বল আওবংদের শক্তির কাছে! তথুনি আবার মিলিয়ে যায় সে হাসির বেথা। নিজেকে ভিখমাঙা তৈরী করেও ত' ছুর্বল করতে পারেনি একজনকে। বড় অহঙ্কাব দেখিয়ে হাজাবো কুর্ণিশ রেখে গিয়েছিল এখানে। তাব সেই হাজারো কুর্ণিশকে লাগে কুর্ণিশ বানাতে হবে। ছ'হাত পেতে সে-ই আবার ভিখমাঙার মত এসে দাঁড়াবে এখানে, তবেই না সে মালিকা বেগম।

বাজু-বন্দের নক্সাদার আধারটি নিয়ে ঘরে চুকেই দাঁড়িয়ে যায তাজ খাঁ। আওরৎ দে বল দেখেছে। কিন্তু এমন ক্ষণে ক্ষণে কপ বদল তার চোথে পড়েনি। আশ্চর্য। যৌবন যার সবে কথা বলতে শিখেছে তাবই যদি এই চেহারা হয়, পবে যে এর থৈ পাওযা যাবে না!

মালিকা কিন্তু এর ভেতরেই সামলে নিয়েছে নিজেকে।

"কৈ, দেখি কেমন বাজু-বন্দ্ ?" বলে এগিয়ে গিয়ে ভাজ খাঁব গা বেঁষে দাড়ায়। অলঙ্কার হটি তুলে নিয়ে দেখতে থাকে। পবে। ভারপর সোহাগভরা হ'হাতে হুর্গাধিপতিব গলা জড়িয়ে ধরে বলে, 'আপনি এর আগে যে সব গহনা দিয়েছেন তার চাইতে এগুলি অনেক ভাল।" বলেই গলা ছেড়ে দিয়ে একটু দূরে সরে গিয়ে দাড়ায়, "কি ভুল হয়ে গিয়েছে! এলেন অভদূর থেকে, অথচ ভদলিমটিই জানানো হয়নি এখন পর্যন্ত।" কথা শেষ করে বিশেষ শ্রহার ভঙ্গী সহকারেই কুর্ণিশ করে মালিকা।

কুণিশত' নয়, সম্মুখে দণ্ডায়মান মামুষ্টির রক্তের প্রতিটি

কণিকাতে আগুন ধরিয়ে দেওয়। ছুটে এসে ছ্'হাতে তাকে নিম্পেষিত করবার মত করেই জাপটে ধরে তাজ খাঁ। তবৃও মালিকা মালিকাই। পুরুষ-আলিঙ্গনেও বিস্মৃত হয় না তার কুটবৃদ্ধি।

"বাদশাহ্ব নজর নেইত' আমাদের তুর্গের দিকে ?" ফিস্ফিস্ ক'রে জিজাসা করে সে।

"আবে না না, আমি সে জিম্মাদার, সেই জিমাদারই আছি।" আবেগের সঙ্গে বলে চলে ডাজ খাঁ, "বাদশাত্ শুধু তিসাব নিলেন, ইব্রাহিম লোদিব কত গচনা আর আসরফি জমা আছে এই তর্গের গভেঁ।"

"হাছে নাকি ? কৈ বলেননিত' কখনও ?" চোখের তারাছটি চিক্চিকিয়ে ওঠে মালিকার।

"বলবাব কথা নয়, সেইজন্মেই বলিনি। বাদশাহেব নিষেধ আছে। স্থানভাম কেবলমাত্র আমশা ভিনজন—আমি, দবীবের আম্মা আব আক্লাস খাঁ। আব আজ্ঞ জানলৈ ভূমি। একথা যেন কাটকে বল না। বাদশাহের কানে উঠলে গ্রান যাবে।"

সে কথা বৃঝি কানেও যায় না মালিকাৰ আবাৰ প্ৰশ্ন করে, .
"কোথায় আছে সে সৰ ধনরত্ব তা বল্লেন না ত' '"

প্রশা শুনে চমকে ওঠে ত'জ খাঁ৷ এক পা পিছনে সবে গিয়ে ভাষকর্পে বলে ওঠে, "ভূমি দেখচি কাঁসাবে আমাকে!"

"ও, আমার ওপরে আপনার এতই অবিশ্বাস !" - ভিমানে ভাব হয়ে ওঠে মালিকাব মুখ, "বেশ, তাহলে আব কোন কথাই ভিজ্ঞাসা করব না। আমি জানি, এখনও আপনার মন জুড়ে রয়েছে সফিলা বেগম।"

"নাগো, না," এগিয়ে এসে সম্মেচে মালিকার ম্থথানি তুলে ধবে তাজ খাঁ, "আমার মনের সবটাই জুড়ে রয়েছে এই নম্লী বেগম, আর যা তা সবই হচ্ছে চাটনী। শুধু একটু রকমকের কবা।" "চাটনী ভাল," দৃষ্টিটা একটু বক্ত হয়ে ওঠে মালিকার, "তবে বাঁদীর পাত থেকে তুলে খাওয়াটা—"

"ই, কি যেন," গলা খাঁকারি দিয়ে তাড়াতাড়ি বলে ওঠে তাজ থাঁ, "কোথায় রেখেছি সে সব, না ? ঐ যে তোশাখানা, ওর ভেতরে একটি ছোট্ট ঘর আছে। সে ঘরের একটিমাত্র কুঞ্জি, আমার কাছেই থাকে। ঐ ছোট্ট ঘরের ভেতর দিয়ে নীচে নামবার সিঁড়ি ছর্পের মাটীর তলার একটী ঘরে গিয়ে পৌচেছে। সেই ঘরেই সিন্দুকে নিন্দুকে রয়েছে সব ধনরত্ব।"

"হায় আলা, এত ক'রে তবে পরের জিনিষ রাখতে হয় ? না রাখলে ক্ষতি কি ?"

"ন। রাথলে চুণার, মির্জাপুরের জায়গীর যায়। আর আমার নহলী বেগমকে খুশ্রাথবার উপায়ও থাকে না।" হাসতে হাসতে বলে তাজ খাঁ।

"খুশ যা আছি তা আর বলবার নয়। যাক্ গিয়ে, ওস ব কথা না শোনাই ভাল। বসুন, কতক্ষণ এভাবে দাঁড়িয়ে থাকবেন ''

মালিকাকে ছেড়ে দিয়ে গিয়ে বসে পড়ে তাজ খাঁ। একট চিস্তিত ভাবে বলে, "তুমি মেজাজটাই পালটে দিলে আমার। কি হয়েছে বলত' ?" •

"হয়নি বিশেষ কিছু। আর এসব সাংসারিক কথা আপনার—" "তাহ'ক, তুমি বল।"

"ঐ যে বড় তরকে আপনি যা দিতে বলেছিলেন মাসে মাসে, ভাতে নাকি ওঁদের কুলোচ্ছে না। ছদিন এসে কথা শুনিয়ে গিয়েছে দবীর।"

"বন্ধ করে, দাও,''লাফিয়ে উঠে দাড়ায় তাজ খাঁ, ''এতদ্র প্যন্থ আসবার সাহস হয় যার তার জভে কোন সাহায্যই মিলবে না আমার জায়নীর থেকে।'' "সে আপনার যেমন ইচ্ছা সেইরকমই হবে," বলতে বলতে তাজ খাঁর সামনে দিয়ে ঘুরে পিছনে গিয়ে দাঁড়ায় মালিকা, তু'হাতে জাপটে ধরে এই ক্ষিপ্ত মানুষ্টীকে, পিঠের ওপরে পরম সোহাগভরে মুখ ঘষতে ঘষতে শেষ বিষটুকু ঢেলে দেয়, "তাছাড়া তার ইলিভও বড় কদর্য।"

"কি, কি বললে তুমি ?" সঁ। করে ঘুরে দাঁড়ায় তাজ খাঁ।
"কি হবে আর বেশি রাগারাগি ক'রে ?" শাস্ত করবার ভঙ্গিতে
বলে যায় মালিকা, "কথায় বলে, পেটের মার ছনিয়ার বার। ঐ
এক শাস্তিতে হাতী কাহিল হয়, দবীর তো একটা লেড়কা। আপনি
বস্ত্র দেখি, বস্তর ।" হাত ধরে টেনে বসায় তাজ খাঁকে। কোলের
ওপরে বসে পড়ে ছ'হাতে তার গলা জড়িয়ে ধরে হেলে পড়ে। মুখে
মদির হাসি। চোখে তীত্র আহ্বান। এতক্ষণে তার বিলিয়ে দেবার
সময় সন্তে

কয়টীত' মাত্র মান্ত্রয় এই গৃহে, কিন্তু নারও মুখের দিকে তাকাতে পারে না দবীর। আম্মাজান আর নকীবের উপবাসক্লিষ্ট মুখ হুটী যেন অহরহ পিছু ধাওয়া করে ফিরছে তাকে। এইত' একটু আগেই দেখে এসেছে কাঁদছিল নকীব। দেখে আর স্থির থাকতে পারেনিসে। ছুটে যাচ্ছিল তাজ খাঁর বিশ্রামকক্ষের দিকে কিন্তু শেষ অবধি আর গিয়ে পৌছুতে পারেনি। তার আগেই এক প্রবলধারা খেয়ে দাঁড়িয়ে যেতে হয়েছিল তাকে। একটা দরাজ গলা আর একটা মিহিস্থরের মিশ্রিত হাসির শব্দ প্রচণ্ডভাবে আঘাত করেছিল তার বুকে। ব্যথায় ঘ্লায় কুঁকড়ে গিয়েছিল তার মুখখানা। তারপর মাথানীচু ক'রে ফিরে এসেছিল সেখান থেকে।

ঘরে ঢুকতেই সফিদা বেগম জিজ্ঞাসা করে, 'হাঁারে, িয়েছিলি

ভোর—"

কথাটী আর শেষ করতেও হয় না তাকে। তার পূর্বেই ঝাঁকি মেরে বলে ওঠে দবার, "কার কাছে যাব ? দেখগে যাও—"

মাঝ পথেই খেমে যায় তার কথা। ছোট ভাইএর দিকে চোথ পড়তে লজ্জার কথাটি আর শেষ করতে পারে না সে। স্থির দৃষ্টিতে তাকিয়ে থাকে ভাইটির দিকে। কিশোর বয়স। জীবনে কোনদিন কট্ট > হা করতে হয়নি তাকে। আজ এই ছটি দিনের অনাহারে ছমড়ে মৃচড়ে গিয়েছে। বসে যাওয়া চোখছটিতে রাজ্যের কাতরতা। ব্কের ভেতর থেকে কাল্লাটা ঠেলে উঠে আসতে চাইছে দবীরের। কোন ক্রেমে সেই উদগত কাল্লাকে ঠেলে ভেতরে নামিয়ে দিয়ে আবার ছটে বেরিয়ে যায় সে।

একছুটে গিয়ে দ'ড়োয় তোশাখানার দরজ্ঞায়। জীবনে একবার
নয়, বহুবারই এসেছে সে। এসেছে, যখন যা প্রয়োজন নিয়ে
গিয়েছে। বাধা দেয়নি কেউ। দেবার ক্ষমতাও হয়নি। বরঞ্চ দরজায়
প্রহরারত সিপাহীর সেলামই পেয়েছে বরাবর। কিন্তু গত ত্'দিন
'থেকেই ত্নিয়াটা হঠাৎ যেন পালটে গিয়েছে। সেলাম দ্রের কথা,
সিনা টান ক'রে সামনে এসে বাধা হ'য়ে দ'ড়োয় সিপাঁহ টি। ঢুকতে
দেবে না তোশাখানার ভেতরে।

গতদিন আচ্হিতে বাধা পেয়ে রুখে উঠেছিল সে, "এতদূর স্পর্জা!"

"হুজুর মালিক," বিনয়ের সঙ্গেই বলেছিল সিপাহ, "আমর। হুজুমের নোকর।"

"কার হুকুম ?"

"ছোট মালিকান্ হুজুর।"

এরপর আর কথা বলতে পারেনি দবীর। কথা আসেনি ভার। আওরংএর প্রতিহিংসা প্রবৃদ্ধি যে এমন চরমে উঠতে পারে ভা এই প্রথম প্রভাক্ষ করল সে। আবার ভাবে, না, তারই বা দোষ কি ? ক্ষমতা না দিলে এরকম হুকুম দিতে পারত কি সে ?

পূর্বদিনের মত আজ্বও তোশাখানার ভেতরে ঢোকা হয় না তার। আরক্ত মূখে কিছুক্ষণ দাঁড়িয়ে থেকে হঠাৎ দুটতে থাকে সে হুর্গের ফটকের দিকে।

মনের যে অবস্থাটি নিয়ে তুর্গ থেকে ছুটে বেরিয়ে পড়েছিল দবীর, ক্রেমেই থিভিয়ে যেতে থাকে দেটা। কেমন একটা লজ্জার জড়তা এদে যায় মনে। আব্বাস খাঁর গৃহাঙ্গণে এসে দাঁড়িয়েও ভাবতে থাকে এত বড় লজ্জার কথাটা কি ক'রে সে বলবে। ভাবতে ভাবতেই এগিয়ে গিয়ে বারান্দায় ওঠে। দরজার কাছে গিয়ে দাঁড়ায়। কাউকে দেখা যাচ্ছে না কেন ? ভবে কি এদেবও ভাগ্য বিপর্যয় ঘটেছে কিছু ? কাল্লার বেগটা আবার ঠেলে উঠে আসতে চাইছে। বটগাছটার ঐ টিয়া আর চন্দনাগুলো বড় অযথা চীংকার করে। কিসের যে এত আনন্দ ওদের বুঝে পাওয়া যায় না।

পায়ে পায়ে ঘরের ভেতরে গিয়ে ঢোকে দবীর। গালিচা পাতা চৌকিটার ওপরে গিয়ে বসে পড়ে। আবার তথুনি ছটফটিয়ে ওঠে, নকীবের জ্বন্যে যাহ'ক একটা কিছু ব্যবস্থা করতেই ২০ব। লাফিয়ে উঠে দাঁড়াতে গিয়েই বসে পড়ে আবার। আমিন ঘরে চুকছে। দবীরের মুখের দিকে তাকিয়ে চম্কে ওঠে আমিনা। ছুটে সামনে এসে দাঁডায়।

"কি হ'য়েছে তৌমার ?"

অন্তরের অন্তঃস্থল থেকে উঠে আসা এক জিজানা। কিন্তু কি উত্তর দেবে দবীর ? এ অপরিসীম লঙ্কার কথা যে কাউকে বলবার নয়। নির্লজ্ঞ চোখ হুটি বারে বারেই ছলছলিয়ে ওঠে। ডুক্রে উঠে সহাত্ত্তি চায় অপরের। প্রাণপণে ঠোঁট কামড়ে ধরে দবীর।
আমিনার দিক থেকে মুখটা ঘুরিয়ে নিয়ে মৃহূর্ত্তের অক্সমনস্কতার
ভেতর দিয়ে সহজ্ব ক'রে নিতে চায় নিজেকে। আমিনাও ছাড়তে
চায় না। দবীরের ব্যথা যেখানে সেখানেই যে তার বিশেষ
প্রয়োজন। প্রয়োজন সহাত্ত্তি আর সান্তনার, কথায় আর
হাসিতে সহজ্ব ক'রে তুলবার।

"কৈ, বললে না ?" তাগাদা দেয় আমিনা।

"কি বলব ?'' হাসবার এক ব্যর্থ চেষ্টা করে দ্বীব। নিজেব ব্যথাটাকেই আরও প্রকট ক'রে তোলে সে হাসিতে।

"নিশ্চয়ই কিছু হ'য়েছে তোনার। আমি জানতে চাই।'

এতবড় দাবীকে অবহেলা করবে কি ক'রে দবীর! এ যে
নিজের হৃদয়কেই অস্বীকার করা। মাটি আর গাছের একাদ্মতা।
এ সম্বন্ধেকে যে অস্বীকার করে সে তো আলোক-লতা। বন্ধনহীন।
না, তা নয় আমিনা। সে মাটিরই মানুষ! বন্ধনেই তার আনন্দ,
তার শান্তি। তাই দাবীও তার হৃদয়টালা।

তব্ও বলতে পারে না দবীর। কে যেন ছ'হাতে গলা টিপে ধরে তার। একবার মাত্র আমিনার মুখের দিকে ভাকির্য়েই নামিয়ে নেয় মুখ। মাথা নীচু ক'রেই জিজ্ঞাদা কবে, "আক্রাজান নেই ১"

"না, সিপাহ্দের ভেতরে কি গওগোল হয়েছে, তাই দেখতে ছুটেছেন।"

"ও। তাহ'লে আমি যাই।"

উঠে পড়ে দবীর। ঘরের বাইরে এসে দাঁড়ায়। পিছন পিছন আমিনাও আসে। দবীরের লক্ষ্যে পড়ে না তা। দৃষ্টি ওর ঐ বটগাছটির দিকে। প্রাণপণে চেঁচিয়ে চলেছে পাঝিগুলি। স্বাধীনতার আনন্দে। জীবিকার জন্মে ওরা কারও মুখাপেক্ষা নয়। এই কথাটাই বুবি ওরা চাংকার ক'রে জানিয়ে দিতে চাইছে। আব ও যদি আৰু একমুঠো চনক্ও পায় তাহ'লেও ছোট ভাইটাকে বাঁচাতে পারে। কোঁস ক'রে একটা দীর্ঘসাস পড়ে তার।

"কোন কথা না বললে তার প্রতিকার করা যায় না। ঐ আব্বাজন আসছে।"

পেছন থেকে বলে ওঠে আমিনা। তার কথা কানে যেতে ঘুরে রাস্তার দিকে তাকায় দবীর। সত্যিই আব্বাস খা আসছে। কিন্তু মুখভাবটা একটু বেশীরকম গন্তীর।

ক্রমে কাছে আসে আববাস থা। এসে দাঁড়ায় দবীরের সামনে।
বলে ওঠে, "ব্রহ্মচারীর কথাই বৃঝি সভ্যি হ'তে চলেছে এতদিনে।
হঠাৎ থবব পেলাম, একদল সিপাহ্ গগুণোল পাকাবাব চেটার
আছে। ছুটে গেলাম সেখানে। গিয়ে দেখি ছ'দলে মারামাবি
বাধবার উপক্রম। থামাবার চেটা কবি। একটি দল থেমে যায়।
কিন্তু আর একটি দল কিছুতেই থামতে চায় না। চীৎকার কবতে
থাকে—মীর মাহ্মদকে সিপাত শালাব কবতে হবে "

"সিপাহ্শালাব ?" ভ.য় মাভাকয়ে ওঠে দ্বীব।

"একা সময় ৩'লে ভাষণ শাস্তি হ'ত তাদের। কিন্তু সাজ আব তা সম্ভব নয়। বলে দ্বারেব মুখেব দিকে চাইতে এতক্ষণে যেন তার উপস্থিতির কথা মনে পড়ে। জিজ্ঞাসা কবে, "তারপর তুমি ক্তমণ একা একা এখানে দাভিত্য ব্যেছ যে ?"

একা একা ? পিছনেব দিকে তাকায় দ্বীর। নেই। আব্বাস খাকে আসতে দেখে কোন সময়ে পালিয়েছে আমিনা।

"এসেছিলাম খাপনার কাছে। দিল্লীতে একটা কোন কান্তের ব্যবস্থা করে দিন স্থামাকে।" অন্তনয় ঝরে পড়ে দ্বীবেষ গলা থেকে।

"বৃঝলাম।" উত্তব দেয় আব্বাস খা, "ি ও তাতেওত' কিছু সময়ের প্রয়োজন। কিন্তু তার আগে একটা কাজের স্থা— আচ্ছা, সে ভোমার আব্বাজানের সঙ্গেই—''

"না", বাধা দিয়ে বলে ওঠে দবীর, "আমার কাজ সম্বন্ধে আমার সঙ্গেই কথা বলতে পারেন, কিম্বা আম্মার সঙ্গে।"

তার দৃঢ়স্বরে একট্ অবাকই হ'য়ে যায় আব্বাস খাঁ। যে কথা সে বলতে চায় তা সামাজিক। সংসারের কর্তার অমুমতির অপেকারাখে। কিন্তু দবীর দৃঢ়ভাবেই সেই কর্তাকে বাতিল করে দিল কেন? একটা কোন গোলমাল নিশ্চয়ই হয়েছে। প্রয়োজন হয়নি বলে কয়েকটা দিন ছর্গের দিকে যায়নি আব্বাস খাঁ। এরই ভেতরে সেখানে আবার কি গোলমাল হ'ল? সিপাহ শালার হিসাবে খবর তার পাওয়া উচিত ছিল। ঘুরে আবার বেরিয়ে যাওয়ার জন্মে পা বাড়ায় আব্বাস খাঁ। এমন সময় একটি লোক ছুটতে ছুটতে এসে উপস্থিত হয়। এতটা রাস্তা দৌড়ে আসায় বেশীরকম হাঁফিয়ে পড়েছে। ভালভাবে তার বক্তব্য বিষয়টি বলতেও পারছে না। কথা বলতে গেলেই ধমকে ধমকে বাতাস বেরিয়ে যাচেছ ম্থ থেকে। তব্ও তার ভেতর থেকেই আসল কথাটুকু ব্রুতে পারে দবীর যে নকীব খুব অসুস্থ হ'য়ে পড়েছে। কথাটি শুনে আর দাঁড়াতে পারে না দবীর। 'চল যাচ্ছি' বলেকসেও ছুটতে থাকে।

ফুরিয়ে যাওয়া দম নিয়ে ঘরে এসে উপস্থিত হয় দবীর। ফলে না পারে কথা বলতে, না পারে কিছু ভাবতে। মনে হচ্ছে দেহের ভেতরটা সবই কাঁকা। আর রক্ত-মাংসের এই খাঁচাটা কাঁপছে থরথর করে। বৃঝি এখুনি পড়বে হুড়মুড়িয়ে। দরজাটা ছ'হাতে চেপে ধরে কিছু সময় চুপ করে দাঁড়িয়ে বাকে সে। একট্ মুস্থা বোধ করতেই ভাডাভাড়ি এগিয়ে যায়। আন্মার ঘরে গিয়ে ঢোকে।

নকীবের মাথার কাছে বসেছিল সফিদা বেগম। ভাকিয়েছিল মুমূর্যু সম্ভানের মুখের দিকে। দবীরের পায়ের শব্দে একবার মুখ ভূলে তাকিয়েই ভুকরে কেঁদে ওঠে। মায়ের কারামাথা
মুখখানির দিকে তাকিয়ে থাকতে থাকতে নিজের ভেতরে এক নৃতন
শক্তি অমুভব করে দবীর। একটা বেপরোয়া মনোভাব। মরিয়া,
ত্র্মদ। ছুটে বেরিয়ে যায় সে ঘর থেকে। সোজা গিয়ে ঢোকে
মালিকার মহলে। বিশ্রম্ভালাপে মশগুল তখন তাজ খাঁ। মালিকার
দিকে একবার ফিরেও তাকায় না দবীর। দৃঢ় পায়ে গিয়ে দাঁড়ায়
তাজ খাঁর সামনে।

"নকীবের খুব অমুখ, হেকিমকে ডাকতে হবে এখুনি। আর খানা চাই সকলের জন্মে।" অমুনয় বিনয় নয়, রীতিমত দাবীর স্থুর দবীরের গলায়।

"আচ্ছা সে পরে চিন্তা করা যাবে, যাও।" কঠিনভাবে উত্তর দেয় তাজ খাঁ।

"অতটুকু একটা ছেলে ছটো দিন শুধু পানি খেয়ে রয়েছে—" "বেরিয়ে যা উল্লু।" চীৎকার ক'রে ওঠে তাক্ক খাঁ।

"তাই যাচ্ছি। তবে নকীবের যদি কিছু হয় সে হবে আরও ভীষণ, এও বলে গেলাম।"

वर्षा इन्हन् क'रत्र हरल याग्र पवीद ।

"অত্যস্ত বেয়াদব বেতরিফং লেড়কা," এতক্ষণে ফুঁসিয়ে ওঠে মালিকা।

ছুটে তুর্গের বাইরে গিয়েই মুশকিলে পড়ে যায় দবীর। মানসিক উত্তেজনায় খেয়ালই করেনি যে কালো মেঘে ছেয়ে গিয়েছে আকাশ। এখন ঝম্ঝমিয়ে বৃষ্টি নেমে আসায় না পারে এগুতে, না পারে পেছুতে। কিন্তু সেই বিধাভাবও বেশিক্ষণ স্থায়ী হ'তে পারে না। মনের সেই কঠিনতা আবার ফিরে পায় দে! দেখতে হবে এর শেষ কোথায়। বৃষ্টিতে ভিচ্নতে ভিচ্নতেই চলতে থাকে হেকিমের বাড়ীর দিকে। বুকের খাঁচাটার ভেতরে এক অবরুদ্ধ দৈত্যের আক্রোশ বয়ে নিয়ে।

কিন্তু চাওয়া মানেই পাওয়া নয়। যুদ্ধ করা অর্থে জয়ী হওয়া
নয়। আসতে পারেননি হেকিম সাহেব। এমনকি একটু দাওয়াইও
দিতে পারেননি। প্রথমটায় এই মায়ুয়টিকে দেখে আশ্চর্মই
হয়ে গিয়েছিল দবীর। এই কি সেই স্নেহ-মায়া-মমতায়-ভরা সদা
হাস্তময় হেকিম সাহেব, না অপর কেউ ? বাঙ্গ করে বলেও
উঠেছিল, "৬াত' বটেই। যাবেন কি করে ? আমার য়ে কিছুই
দেবার ক্ষমতা নেই।" বলেই ঘুরে চলে যাবার জত্যে পা
বাড়িয়েছিল।

"না, ছোট মালিক, না,' একটা ডোকরানি উঠে এসেছিল হেকিম সাহেবের অন্তর থেকে, "আমি কোন কথাই বলতে পাবছি না। আল্লা মেহেরবান যেন নকীবকে ভাল ক'রে দেয়।"

অবাক হ'য়ে গিয়েছিল দবীর এই শেষের কথাটি শুনে। সঙ্গে সঙ্গে ফিরে দাঁড়িয়ে ওাকিয়েছিল বক্তার মুখের দিকে। দেখেছিল শুত্র গশুহুটির ওপরে হুটি চোখের ধারা তাঁর হৃদয়ের ছবি এঁকে চলেছে। তবে ? এর ভেডরেও কি কারও কুটিল হস্তক্ষেপ আছে ? কে সে ? ওস্তাদ খেলোয়াড়ের মত পাঁচ চাল এগিয়ে চিস্তা করে চলেছে ?

"কে সে ?" ঝক্ঝিকি য়ে ওঠে দবীরেব চোখ ছটি, "আমাকে ভার নামটি শুধু বলুন।"

"পারব না, পারব না," হু হু করে কেঁদে উঠেছিলেন বৃদ্ধ হেকিম সাহেব, "তুমি যাও দবীর। আজ যাঁও। শুধু এইটুকু জেনে যাও, যদি কোনদিন নিজের শক্তিতে দাড়াতে পার ডাহ'লে এই হেকিম সাহেব সকলের আগে ছুটে যাবে তোমার কাছে।" বোঝা যায়, কিন্তু জ্ঞানা যায় না। চারিদিক থেকে যেন এক বিরাট ষড়যন্ত্র গড়ে উঠেছে তাদের কয়টি প্রাণীর বিরুদ্ধে। এর প্রয়োজন কি ! তাদের নিঃশাস কি তুর্গের বাতাসকে এতই ভারি ক'রে তুলেছে যে এইভাবে তুনিয়ার বৃক থেকে সরে যাওয়া একান্ত প্রয়োজন হ'য়ে পড়েছে! অবিশ্রান্ত ধারার মত চিন্তারও ছেদ নেই। পায়ে পায়ে আবার তুর্গের দিকে এগিয়ে চলে দবীর। চিন্তার ভারে মাথাটা ঝুলে পড়েছে। সোজা রাস্তায় বাঁচবার জ্লেয়্ম যতদূর চেষ্টা করা সম্ভব তার সবটাই করেছে সে। এখন আর তুটি মাত্র রাস্তা খোলা তার সামনে। একটি অস্ত্রের সাহায্য, অপরটি ভিক্ষা। না, সম্ভব নয়। একা সে অন্ত্র নিয়ে কার বিরুদ্ধে দাড়াকে! আর ভিক্ষা? তার চাইতে এই অনশনেই যেন শেষ হয়ে নায় নে। চিন্তার ভেতর দিয়ে কথন যে বাস্তাটি শেষ হয়ে গিয়েছে, খেয়ালই হয়নি তার। খেয়াল হয় তুর্গে ঢোকবার ঢালু রাস্তাটিকে এসে। জলের শ্রোত বয়ে চলেছে বাস্তার ওপর দিয়ে।

এতক্ষণে অসুস্থ নকীবের চিস্তাটি আবার অস্থির গরে ভোলে তাকে। অনেকক্ষণ সে ঘরছাড়া। কেমন আছে সে, কে জানে। চিস্তার সঙ্গে সঙ্গে ছুটে গিয়ে ফটক পার হ'য়ে ওপরে উঠতে থাকে সে। নিত্য যাতায়াতের এই পথটুকু ঠেলে উঠতেই দম ফুরিয়ে যায়। ইাফাতে ইাফাতেই গিঁয়ে ঢোকে ঘরে। এক অজ্ঞানিত ভয় পাষাণ চাপ নিয়ে চেপে বসেছে বুকের ওপরে। দাঁড়িয়ে যায় দবীর। মানুষের সাড়ার আশায় কান খাড়া করে থাকে। কিন্তু কোন শব্দই পাওয়া যায় না কোথাও থেকে। পরিত্যক্ত বাড়ীর মত খা খা করছে ঘরখানি। তোলপাড় করছে বুকের ভেতরে। একতে

গিয়েও আবার পিছিয়ে যায় সে। আবার তথুনি মনে হয় ভালমন্দ সব কিছুর মুখোমুখি হ'য়ে দাঁড়াতে একমাত্র সেই যে আছে এই কুজ সংসারটিতে। তারত' এত ত্র্বল হ'লে চলবে না। দৃঢ় পদক্ষেপে কয়েক পা এগিয়ে যায়। তারপর কেমন আপনিই থেমে আসে পা। কোন একটি মামুষের কণ্ঠস্বরও এখন এই মুহূর্ত্তে পরম আকাঙ্খিত বলে মনে হয় তার কাছে। কিন্তু সে আশা মিটবার নয়। নিজের অবস্থা বুঝেই আবার এগিয়ে চলে সে। গিয়ে ঢোকে মায়ের ঘরে।

নকীব শুয়ে। স্তিমিত প্রদীপ শিখায় তার মুখখানা আরও পাণ্ড্র দেখাছে। বোধহয় ঘুমুছে। মাধার কাছে মা বসে। ছি হাত নকীবের ঠিক মাধার ওপরে দোয়া-মাঙার ভঙ্গীতে প্রসারিত। একবার মাকে ডাকতে যায় দবীর। ডাকে না। আল্লার দয়াই এখন একমাত্র দাওয়াই নকীবের। এ সময়ে কি সে ব্যাঘাত স্থাষ্ট করতে পারে! ডাকুক। সমস্ত অস্তর দিয়ে। ও শুধু একবার জানতে চায় কেমন আছে এখন নকীব। নিঃশব্দ পদক্ষেপে এগিয়ে যায় দবীর। নকীবের কপালের ওপরে হাত রাখে। ধ্যান ভেঙে যায় সফিদা বেগমের। চম্কে তাকায় দবীরের দিকে। তারপরই ভুক্রে কেঁদে ওঠে।

"কোথায় ছিলি তুই এতক্ষণ, একবার হেকিম সাহেবকেও ডেকে আনতে পারিস্নি !"

কি উত্তর দেবে দবীর ? সমস্ত দেহ যেন অবশ হ'য়ে আসছে তার। মনে হচ্ছে এখুনি পড়ে যাবে। সবর্লে ঠোঁট কামড়ে ধরে নিজেকে খাড়া করে রাখবার চেষ্টা করে সে।

"থিদের জালায় কি যে খেয়ে এল, সেই খাওয়াই ওর শেষ খাওয়া হ'ল।"

শুনতে মাধার ভের্ন্থ দিয়ে আগুন ছুটতে থাকে দবীরের। ছুটোথের দৃষ্টিতে প্রতিহিংদার প্রতিজ্ঞা। আহত সিংহের মত মরিয়া। ছুটে নিজের ঘরে গিয়ে ঢোকে সে। দরজার পাশে দেওয়ালে টাঙান ছিল নিজের অতি প্রিয় হাত-কুঠারটি। সেটাকে তুলে নিয়েই আবার ছুটতে থাকে। আক'শের গর্জন আর বর্ষণ তথনও সমান ভাবে চলেছে। প্রহরী আর সিপাহীর দল আশ্রয় নিয়েছে তাদের ঘরে। বাধাহীন অবস্থায় ছুটে গিয়ে মালিকার মহলে উপস্থিত হয় দবীর। বন্ধ দরজার গায়ে সজোরে লাখি মারতে থাকে।

বর্ষা ঝরা রাতের মদিরতা বয়ে চলেছে তাজ খাঁর স্নায়ুতে সায়ুতে। অজগরের দেহালিঙ্গন দিয়ে সে নিম্পিষ্ট ক'রে ফেলতে চায় তার কামনার নারীটিকে। কিন্তু ক্ষিপ্রগতি মালিকা বারে বারেই পিছলে যাছে। উপ্চে পড়া যৌবনের তরক তুলে, খিল খিল হাসির লহরী ছিটিয়ে আর হু'টি চোখের শায়কে তাকে বিদ্ধ ক'রে। জলছে তাজ খা। আর জালাচ্ছে মালিকা, তুর্গাধিপের কামনার আগুনে ঘুতাহুতি দিয়ে। তেমনি একবার ধরা পড়তে পড়তেও কোন রকমে নিজেকে সরিয়ে নিয়ে এসেছে মালিকা। কিন্তু পালাবার আর পথ পায়নি। ছুটে এসে দাঁড়িয়েছে মহলের সদর দরজার কাছে। বাইরে ঐ বৃষ্টির ভেতরেই বেরিয়ে পড়ার ইচ্ছা ভার। এতদিন ধরে যে সুযোগের অপেকা করছিল সে, আজই এসেছে সেই শুভ সময়। খেলতে হবে চরম খেলা। তারপর আসঙ্গলিপার আগুনে দাউ দাউ ক'রে যখন জ্লভে থাকবে ঐ মানুষ্টি, তথন, ঠিক সেই শুভমুহুর্ত্তে হুকুম-নামা লিখিয়ে নিতে হবে ওকে দিয়ে। আকাস খাঁএর পরিবর্তে মীর আহ্মদ হবে সিপাহ-শালার। পুর্বাত্তে লিখিত সে হুকুম-নামা ব্ধাস্থানেই আছে। উপযুক্ত সময় বুঝেই সেটি মালিংকর সমনে উপস্থিত করবে

## মালিকা।

কিন্তু বাধা পড়ে গেল। কে যেন প্রবল বেগে ধারু দিচ্ছে দরজার ওপরে। ঘুরে দাড়ায় মালিকা। মুখের ওপরে অসন্তণ্টির ছাপ এসে পড়ে।

"কে দরজা ধাকাচ্ছিস ?" বলতে বলতে গিয়ে থুলে দেয় দরজা। তাজ খাঁর পরিবর্ত্তে মালিকাকে দেখে এক মূহূর্ত্তের জন্যে বৃঝি হক্চকিয়ে যায় দবীর। তারপরই সর্ব অনিষ্টের মূল এই দ্রীলোকটির ওপরে বিলাতীয় ঘণায় মুখখানি বেঁকে ওঠে তার। সাঁ করে হাত-কুঠার ধরা হাতখানা ওপরে উঠে যায়। এক মরণ-চীৎকার দিয়ে লাফিয়ে পিছিয়ে আসতে যায় মালিকা। কিন্তু সম্পূর্ণভাবে সক্ষম হয় না। বিহ্যুত্বেগে এসে ঝাঁপিয়ে পড়ে কুঠাবখানা। শুধু লক্ষ্য ভ্রন্থ হওয়ায় মালিকার বাহুর কিছুটা মাংস নামিয়ে নিয়ে যায়। চীৎকার ক'রে ছুটে ঘরের ভেতরে গিয়ে হু'হাতে তাজ খাঁকে জাপটে ধরে মালিকা। ছিন্ন কামিজের ভেতর থেকে গল্গল্ ক'বে বক্ত বেরিয়ে ভিজিয়ে দিচ্ছে হাতার অংশ। সেদিকে একবার মাত্র তাকিয়ে দেখেই হু'হাতে ঠেলে তাকে সরিয়ে দেয় তাজু খাঁ। ছুটে গিয়ে দেয়ালের গায়ে রক্ষিত তরোযালখানা টেনে নেয়। তীববেগে এগিয়ে যায় দরজার দিকে। চীৎকার করে ওঠে, "এই উল্লা"

ফিরে যাওয়ার জন্মে পা বাড়িয়েছিল দবীব। আওরতের গায়ে
আঘাত করবে এ বুঝি ভাবতেও পারেনি সে। অমুতপ্ত মন এবই ভেতরে নরম হয়ে এসেছিল তার। কিন্তু আবাব তা জ্বালিয়ে দিল ভাজ খাঁ। উল্লু ডাক শুনে দবীর ফিরে দাঁড়াভেই গালাগাল দিয়ে উঠল তাক্ক খাঁ, "রাণ্ডীর বাচ্চা—"

একমূর্র্রেষ্ঠ মাথায় যেন আগুন জ্বলে উঠল দবীবের। স্থান কাল পাত্র ভূলে ঐ কটু সম্ভাষণের উত্তর দেবার জ্বতো হাতটা একবাব ওপাবে ভূলেই ছুঁড়ে মারল কুঠাইটা তাজ খাঁর বৃক লক্ষ্য করে। অব্যর্থ লক্ষ্য। এড়িয়ে যাওয়ার অবসরও মেলেনি তাজ খাঁর। বকের পাঁজর ভেঙ্গে গেঁথে গেল কুঠারখানা। কয়েকবার নিশ্বাস নেবার ব্যর্থ চেষ্টা করল ছর্গাধিপতি। তারপরই এলিয়ে পড়ল নাটিতে। আর নিশ্বাস নেবার কোন্দিনই প্রয়োজন হবে না তার।

এখন ? এক জালা নেভাতে গিয়ে যে আর এক জালা জলে र्छेम ! खर्फ हिन्छ। कत्रवात्र हिन्दो करत्र प्रवीत । शास्त्र ना । स्रव কিছুই যেন কেমন গুলিয়ে যাচ্ছে। মুক্ত জলস্রোতের সঙ্গে মিশে যাওয়া কাদামাটির মত। মাটির সে অংশটাকে যে আর কিছুতেই পৃথক ক'রে ফেলে দেওয়া যাচ্ছে না! থিতিয়ে গেলে ? হঁটা, थिजिए लात्मरे अर्थ এर कर्षमाक जाव करते यात भारत। कि ख তথুনি আবার বেঁকে বসে মন, না, সন্থায় সে কিছু করেনি। প্রাণ রক্ষার খাতিরেই প্রাণ নিতে হয়েছে। ফিরে নিভের ঘরের দিকে চলতে থাকে দবীর। আকাশ তার কান্নার পালা শেষ ক'রে এনেছে। কিন্তু সফিদা বেগমের কালা এখনও থামেনি। সে কালা শুনতে শুনতেই নিজের ঘরে গিয়ে ঢোকে দবীর। খাপ থেকে টেনে নেয় নিজের অতিপ্রিয় তরোয়ালখানা। তারপর দ্রুপায়ে গিয়ে দাঁড়ায় বাইরে। বৃষ্টির প্রকোপ কমে আসায় ঘরের মাঞ্চয় ছেড়ে এবার একে একে বাইরে আসছে সিপাহরা। ভালরই একজনকে ভাক দেয় দবীর। গুরু গন্তীর স্বরে হুকুম জানায়— "এখুনি গিয়ে সিপাহশালার আরবাস থাকে ডেকে নিয়ে আসবি। বলবি नकीरवत देख्काल दरग्रह। छात्र व्यामा विरम्भ श्रास्त्रन।" গুকুমের সঙ্গে সঙ্গেই আবার গর্জন করে <sup>ট্রুন্স</sup> সাবধান করে, "थवत्रमात्र. जात्र काउँ क वनवि ना अकथा।" वतन इ उत्रायानवाना একবার সিপাহ টির নাকের সামনে দিয়ে ত্বরিয়ে আনে।

"লী ছোট মালিক," বলে সভয়ে হু'পা পিছিয়ে যায় সিপাহ টি। তারপরই ঘুরে দাঁড়িয়ে ছুটতে থাকে।

প্রায় সঙ্গে সঙ্গে দবীরও নেমে পড়ে বারান্দা থেকে। সোজা নেমে যায় ফটকের কাছে। বর্ষার রাত। মানুষের যাতায়াতের সন্তাবনাও কম। সুযোগ ব্যে মহব্বতের গল্পের ঝুলি খুলে নিয়ে বসেছে প্রহরী ছুইজন। ভাবতেই পারেনি যে এই অসময়ে আবার কোন বিশ্বসৃষ্টিকারী এসে উপস্থিত হতে পারে। তাই ভীষণভাবে চম্কে ওঠে তারা যখন তাদের পিছন থেকে চীংকার ক'রে ওঠে দবীর, "বন্ধ কর ফটক।"

मांकित्य छेर्छ छि एक कंटरकत्र इ'शारम मत्त्र यात्र इ'झत्न।

"বন্ধ কর কটক।" আবার হুকুম জানায় দবীর, "আমার হুকুম ছাড়া কেউ ঢুকতে পারবে না এই হুর্গে। য়াদ থাকে যেন কথাটা।"

হতভম্ভ প্রহরী গুইজন। নিয়ম-মাফিক ছোটমালিককে শুধু সেলামই করে এসেছে এতদিন। আর মনের কোণে তার জ্ঞান্তে রেখেছে একট্থানি করুণা। তার বেশী আর কিছুর প্রয়োজন হয়নি। হবে বলে মনেও করতে পারেনি। আজ ঠিক সেই জায়গ্যু থেকেই জ্বরদন্ত হুকুম আসায় ভ্যাবাচাকা খেয়ে যায় তারা। তাড়াতাড়ি ঠেলে বন্ধ করে দিতে থাকে বিরাটাকৃতি কাঠের পাল্লাগুইটি।

সেখান খেকে আবার উপরে উঠে আসে দবীর। বর্ধাশেষের মেঘের গোঙরাণির মত গুঙরেই চলেছে সফিলা বেগম। ঘরের ভেতরে চুকতে গিয়ে আর পা চলে না তার। ছোট ভাইএর ঐ স্পন্দনহীন দেহটি আঁকড়ে ধরে বসে রয়েছে মা। ওকে দেখলেই ছুক্রে উঠবে আবার। নিজের দেহখানিও যেন ক্লান্তির ভারে নেতিয়ে পড়তে চাইছে। তবুও খাড়া থাকতেই হবে। অনেকগুলি কর্তব্য এখন তার সম্মুখে। কিন্তু মাণু তার যে চরম সর্বনাশ করেছে সে, তা তার গোচরে আনবে কি করেণু আনলেও আমা

যে আর এ জীবনে তার মুখদর্শণ করবে না, এও স্থ নিশ্চিত।

সক্তমনস্কভাবেই দেহটি এলিয়ে দেয় ে দেয়ালের গারে। কতক্ষণে আব্বাস থাঁ আসবে তারই অপেক্ষা, সময় কাটতে থাকে তার।

একে অনাহার তার ওপরে পরিশ্রম ও উত্তেজনার ক্লান্তিতে চোখ

হুটি বুঁজে এসেছিল দবীরের। এমন সময় তীক্ষ্ণ এক চীৎকারে

চম্কে জেগে ওঠে সে। হুর্গের অক্যান্স সকলেও শুনতে পায় সে

চীৎকার। ছুটে আসতে থাকে। মুহুর্তে সজাগ হয়ে ওঠে দবীর।

কোনভাবেই কারও সঙ্গে মালিকার দেখা করতে দেওয়া উচিত হবে

না। উন্মুক্ত তয়োয়াল হাতে লাফিয়ে গিয়ে ওদের সামনে দাঁড়ায়

সে। চেঁচিয়ে ওঠে, "খবরদার! যে যার কাজে যাও।"

"ছোট মালিক!" আক্রর্যে যেন ফেটে পড়ে তারা।

''ছোট মালিক নয়। আজ্ব থেকে এই তুর্গের আমিই মালিক। যাও, কাজে যাও।"

পাশার দান বদলেছে, বৃষতে পারে তারা। নসীবের চাকাখানা ঘুবছেই আর ঘুরছেই। কখন কাকে যে ওপরে তুলবে আর কাকে যে নীচে নামাবে কেউ বলতে পাবে না। অতএব যা হ'ল, তা মেনে নেওয়াই ভাল। নতুন মালিককে তসলিম জানিতে পিছু হঠতে থাকে তারা।

খবরটা বিত্যতের বেগেই ছড়িয়ে যায় সমস্ত দিল্লী সহরে।
ব্রহ্মচারীও শোনেন। তথনেই ছুটতে থাকেন হরদেও প্রসাদের বাড়ীব
দিকে। খাখা করছে দিল্লীব রাস্তাগুলি। হাটবাজ্ঞার দোকান-পাট
মকতব মাজ্রাসা সমস্ত বন্ধ। যেন কোন মহামারীর শ্য সহরবাসীরা
সহর ত্যাগ করে দ্র-দ্রাস্তে কোথাও চলে গিরেছে। কিম্বা
অভ্যাচারী তৈমুরলঙের আগমন সংবাদে গৃহকোণ আশ্রয় করে

কায়মনোবাক্যে ইপ্তদেবতাকে শারণ কবছে। সেই জনমানব পরিত্যক্ত বাস্তা দিয়ে যারা চলেছে আজ, তাদের না চললে নয়। ব্রহ্মচারীও তাদের ভেতরে একজন। সমস্তা, না সমাধান ? বিরাট এক প্রশ্নের সম্মুখীন আজ ভিনি। এই ক্রান্তিকালকে যদি কাজে লাগান যায তাহ'লে হয়ত' আবার চুণার ফিরে আসতে পারে তাঁর হাতে।

িম্বার ভেতর দিয়েই কথন ফ্রিযে যায় রাস্তা। হরদেও প্রসাদের বাড়ীর দরজায় এসে আঘাত কবেন তিনি। দোকান বন্ধ। তাই বাড়ীতেই ছিল কৈরালাপ্রসাদ। এসে দরজা খুলে দেয়।

"পিতাজী কোথায় ?" জিজ্ঞাসা করেন ব্রহ্মচারী।
"চল, বাড়ীতেই আছেন।" উত্তর দেয় কৈরালা।
এগিয়ে গিয়ে হরদেও প্রসাদের ঘরে ঢোকে হ'জনৈ।
"এস," আহ্বান জানায হবদেও প্রসাদ, "বস।"
বসেন ব্রহ্মচারী।

"খুব ছুটে এসেছ, নাণ বড় হাঁফাচ্ছ যেন ?" বলে হবদেও প্রসাদ।

"হঁটা। থববটা শুনে আর অপেক্ষা করতে পারিনিঁ।"

"ভালই করেছ। আমিও তোমার কথাই ভাবছিলাম। এতদিন ধরে নজরবন্দী অবস্থায় কাটিয়েছ। আজ যখন এমন মওকা এসেচে তখন সেটাকে কাজে লাগাতে পারাটাই বড কথা। কিন্তু আজকেব দিনটাই, কাল বোধহয আর এ সুযোগ থাকবে না।"

ব্রহ্মচারীর চিস্তাও সেই একই বাস্তা ধবে এগিয়ে চলেছে। বাদশাহ্ বাবব আর নেই। পুত্র ভুমায়্নের অমুথ সারবার সঙ্গে সঙ্গেই অমুস্থ হ'য়ে পড়েছিলেন ভিনি। ভারপর চিকিৎসা বিভার জ্ঞানভাগু খালি করেও তাঁকে সারিয়ে তুলতে পারেনি চিকিৎসকেরা। অবস্থা ক্রমাবনাত্র দিকে চলতে চলতে সেইদিনই মাত্র সমস্ত হিসাব নিকাশের শেষ হ'য়ে গেল। বর্তমান রূপাস্তরিত হ'ল ইভিহাসে।

## বাদশাহকাদা হুমায়ুনও সম্পূর্ণ সুস্থ হ'য়ে ওঠেনি।

বাদশাহের মৃত্যুর খবর যেমন বিত্যুৎবেগে ছড়িয়ে গেল সমস্ত দিল্লী সহরে, তেমনি ব্রহ্মচারীও শুনলেন। শুনলেন আর মনে মনে হিসাব করলেন, অকমাৎ ঘটে যাওয়া এই বিপর্যয়ে কর্তব্যে যে শৈথিল্য ঘটেছে কর্মচারীদের, তারই স্থযোগ নিতে হবে। সেই হিসাব মতই ছুটে এসেছেন তিনি হরদেও প্রসাদের কাছে। কিন্তু কথা হচ্ছে কিভাবে এই সুযোগকে কাজে লাগান যায়।

কথা থেমে গিয়েছে। উপস্থিত তিনটি মানুষেরই মুখে চিস্তার রেখা। প্রধান ফটক পার হ'য়ে যাওয়াই এক বিরাট সমস্থা। বিশেষ করে হেলায়েং খাঁ যখন তার শ্যেন-চক্ষুত্টি নিয়ে বসে থাকে ভিক্কের ঝুলিটি সামনে পেতে।

"এখান থেকে কোথায় যাবে ?" নিস্তন্ধতা ভাঙে কৈরালা। প্রামাতি ভাজপূর্ণ। দিল্লী থেকে সোজা বিহারের রাস্তা ধবলে

পদে পদে ধরা পড়বার সম্ভাবনা। উত্তরেব আশায় ব্রহ্মচারীর মুখের দিকে তাকিয়ে থাকে হরদেও প্রসাদ।

"এখান থেকে গুরুগাঁও, রেওয়ারী হয়ে সোজা রাজস্থানে চলে যাব ভাবছি।" উত্তর দেন ব্রহ্মচারী।

"সেই ভাল। একবার শেষ চেষ্টা করে দেখ রাজস্থানের পরিধিকে বাড়াতে পার কিনা। তবে পারবে বলে মনে স্থনা।"

"কেন গ"

"কারণ আমাদের ভেতবে জয়চাঁদের সংখ্যাই বেশি। যাক্, তুমি বস। আমি একটু ঘুরে আসি।"

"এখন আবার কোপ্তায় যাবেন ?"

"তোমাকে দিল্লীর এলাকা পার করে দেবার ব্যবস্থাতো করতে হবে।" বলে উঠে দাঙ্গায় হরদেও প্রসাদ। পূত্রকে বাল ব্রহ্মচারীর স্লানাহারের ব্যবস্থা করে দিতে। তারপর বেরিয়ে যায়। হরদেও যখন ঘুরে আসে তখন বেশ বেলা হ'য়ে গিয়েছে।
হাতে একটি পুঁটুলি তার। সেটি ব্রহ্মচারীর হাতে ধরে দিয়ে
বলে, "আফগান পোষাক আছে এর ভেতরে। পরে তৈরী হয়ে
নাও। কৈরালা তোমাকে সাহায্য করবে। আমি চট করে ছটো
ধেয়ে আসি।"

পুঁট্লিটা খোলেন ব্রহ্মচারী। আনকোরা ন্তন আফগান পোষাক তার ভিতরে।

"পরে দেখ ঠিক হবে কিনা। যাও, ঘরে নিয়ে যাও।" বলে অন্দরের দিকে যাওয়ার জভ্যে পা বাড়িয়েছে হরদেও এমন সময় বাইরে থেকে কার দরাজ গলার ডাক শোনা যায়, "প্রসাদজী বাড়ী আছেন?"

ডাকটি শোনবার সঙ্গে সঙ্গে "সভ্যনাশ !" বলে আঁতকে উঠে থমকে দাঁড়িয়ে যায় হরদেও প্রসাদ।

চাপা স্বরে দ্রুত হুকুম করে, "শিগগীর অন্দরে চলে যাও।" তারপরই জোরে সাড়া দেয়, "আছি বাণেশ্বরজী, আসছি।"

সাড়া দিয়ে ধীরে ধীরে উঠোনে নেমে যায় হরদেও প্রসাদ। কৈরালাদের পোষাক আসাক নিয়ে অন্দরে চলে যাওয়ার মত যথেষ্ট সময় দিয়ে গিয়ে সদর দরজা খুলে দেয়।

"আসুন বাণেশ্বরজী।" অতিথিকে অন্সরে আসবার আহ্বান জানায়।

হরদেও প্রসাদের সঙ্গে সঙ্গে এসে বাণেশ্বর বারান্দায় ওঠে। হাত দিয়ে টেনে একটা কুর্লি এগিয়ে দেয় হরদেও। বলে, "বস্থন।"

"হাঁা, বসি।" বলে এদিক ওদিক একবার ভালভাবে তাকিয়ে দেখে বসে পড়ে বাণেশ্বর। জিজ্ঞাসা করে, 'শসকলে দেখে আসতে গেল, আপনি গেলেন না ?"

"বৃদ্ধ মানুষের ভয় একটু বেশি বাণেশবজী। কৈরালাকে

পাঠিয়েছি কিছু ফুল সওদা করতে। যদি পায়, ও-ই গিয়ে প্রদা জানিয়ে আসবে।"

"সে ভাল, সে ভাল। যাচ্ছিলাম এখান দিয়ে, ভাবলাম অনেকদিন দেখা সাক্ষাৎ নেই আপনার সঙ্গে, একটু দেখা করে ঘাই। ভালকথা, জীবন প্রসাদকে তার বাড়ীতে দেখলাম না। আপনার এখানে এসেছিল ?"

"আসেনি। হয়ত' আসতে পারে। প্রতিদিন যমুনায় স্নান করতে যায়। সেখানে দেখেছিলেন ?" বলেই একটু চাপ দেয় হরদেও প্রসাদ, "ধুব জরুরি দরকার আছে তার সঙ্গে ? এলে আপনার ওখানে পাঠিয়ে দেব ?"

"না, না, তার কোন দরকার নেই," বলে উঠে দাঁড়ায় বাণেশ্বর, "এমনি গিয়েছিলাম ওধারে, দেখলাম না বাড়ীতে, তাই জিজ্ঞাসা করছিলাম। আচ্ছা চলি।" ঘুরতে গিয়ে চোখ পড়ে বারান্দার একপাশে পড়ে থাকা এক জোড়া উপানংএর ওপরে। চোখের মণি ছটো মুহুর্ত্তের জন্মে চিক্ চিক্ করে ওঠে বাণেশ্বরের। তারপরই দৃষ্টিতে সহজ্ব ভাব নিয়ে এসে ঘুরে দাঁড়িযে জিজ্ঞাসা করে, "জীবন-প্রসাদের চপ্পল না ?"

"হাা," হরদেও প্রসাদও সঙ্গে সঙ্গেই উত্তর দেয়, "কাল এখানে আসবার সময় নতুন একজোড়া চপ্লল কিনে এনেছিল। যাওয়ার সময় নতুন জোড়া পায়ে দিয়ে গিয়েছে।"

"নতুন পেলে পুরোনর দিকে আর নজর দেয় না কেউ।"

"তাইত' দেথছি। ঝিকে বললাম, তুই নিয়ে যা। তা' সে উত্তর দিল—মরদই নেই তার চপ্পল দিয়ে কি করব গু'

হা হা করে হেসে ওঠে বাণেশ্বর। হাসতে হাসতেই জিজ্ঞাস। করে "মরদ কি হল ় কাবার ।"

"ना।" शामित मर्क शामि भिनिएस छेखत रामस श्रामित अभाग,

"নতুন জরু মিলেছে তার, তাই পুরোনর দিকে আর নজর নেই।"

আরও জোরে হেসে ওঠে বাণেশ্বর। হাসতে হাসতেই বেরিয়ে যায় বাড়ী থেকে। পিছন পিছন গিয়ে সদর দরজা বন্ধ ক'রে দিয়ে আসে হরদেও প্রসাদ।

অন্দরের একটি ঘরে প্রায় দম বন্ধ করে বসেছিল ব্রহ্মচারী ও কৈরালা। বাণেশ্বর প্রসাদ অপরিচিত নয় তাদের। বিগত যৌবন এক ঘরোয়ানা ঘরের ওয়ারীশ্সে। পুঁজি বলতে পূর্বপুরুষদের নামের ছাপ আর নিজের কূটচক্রে। ছাপের জোরে আমীর ওমরাহ্মহলে প্রবেশ পথ পায়, কূটচক্রের জোরে নিজের আসনকে স্থায়ী করে সেখানে। নিজ্পুষ পদক্ষেপ তার চিস্তাও করতে পারে না মায়ুষে। যেখানে যায় সেখানেই বিপত্তির স্ত্রপাত। তাই তার আগমনকে বিশেষ ভীতির চক্ষেই দেখে সকলে। কিন্তু বলতে পারেনা কিছুই। বাদশাহের বিশেষ সেহভাজন হওয়ায় তাঁর দরবারেও ওর যথেষ্ট প্রতিপত্তি।

এহেন বাণেশ্বর যে এখানে ব্রহ্মচারীকেই খুঁজতে এসেছে সেটা বুঝতে কট হয় না কারও হরদেও প্রসাদ ঘরে ঢুকতেই বলে ওঠেন ব্রহ্মচারী, "আজ্ব নয়, আমি কাল যাব।"

"না, এখুনি যাবে। বাণেশ্বর এখন আতিপাতি করে তোমাকে খুঁজবে, তারপর রাত্রিবৈলা যাবে বাদশাজাদা হুমায়ুনের কাছে, এই বিশেষ খবরটা দিয়ে আসতে। তোমাকে তার পূর্বেই দিল্লীর সীমানা ছাড়িয়ে চলে যেতে হবে।" দুঢ়স্বরে বলে হরদেও প্রসাদ।

সে কথা মেনে নিতে পারেন না ব্রহ্মচারী। সামাস্য স্বার্থের খাতিরে এই বাণেশ্বর জাতীয় মান্ত্র্য দেশের এবং দুশের চরম সর্বনাশ করতে ইতস্ততঃ করে না। আজ যদি সে না খুঁজে পায় তাঁকে তাহ'লে পরদিনই হরদেও প্রসাদের সংসারের প্রতিটি মান্ত্র্য চালান হয়ে যাবে পাষাণ প্রাচীরের অস্তরালে, কোন এক গুগু কক্ষে। যেখান থেকে কোন হভভাগ্যকেই মুক্ত হ'য়ে আসতে দেখেনি কেউ।

কিন্তু হরদেও প্রসাদ আজ মরিয়া। ত্রন্ধচারীর যুক্তির উত্তরে তাঁর হাতত্থানি চেপে ধরে বলে, "আমার এই সাধটি মেটাও তুমি। বহুদিন, বহুদিন থেকে এই হিন্দুস্থানকে আর নিজের দেশ বলে ভাবতে পারছি না। একেন পর এক আসছে, নিজেদের ভেতরে শক্তির লড়াই করে গিয়ে সিংহাসনে বসছে। আর আমরা, এই দেশ যাদের, তারা হ'য়ে রয়েছে নীর্ব দর্শক "

উত্তেজনায় হাঁফাতে থাকে হরদেও প্রসাদ। ঘরের ভেতরেই একবার ক্রত্ত পাক থেয়ে এসে আবার দাঁড়ায় ব্রহ্মচারীর মুখামুখি হ'য়ে। স্থিরদৃষ্টিতে কিছুক্ষণ চেয়ে থাকে ফৌবনের উপাস্তে এসে দাঁড়ান মানুষটির মুখের দিকে। তাবপর ধার গন্তার স্বরে বলতে থাকে, "রাণা সঙ্গ পারেননি, কিন্তু প্রমাণ করে দিয়েছেন যে আমরা আজও শেষ হ'য়ে যাইনি। যুদ্দের কৌশলে বা শক্তিতে নয়, একমাত্র কামানের জোবেই জিতেছিলেন বাবর। এখন আরে বাবর নেই। তুমায়ুনের যুদ্দের অভিজ্ঞতা নেই বললেই চলো। এই স্থোগে যদি আব একবাব—"

"গ্রনা।" গ্রদেও পদাদেব সমস্ত অনুরোধকে ছ'গতে ঠেলে
দিয়ে উঠে দাঁড়ান ব্রহ্মচাবা, "আমার দ্বারা এমন কোন কাজ হবে না
যাতে আপনি বিপদে পড়েন। আজই আমি বাণেশ্বরের সঙ্গে দেখা
কবব। তাবপর বাত্রিব 'গন্ধকারে আন ঠিক বেরি ' যাব : চিন্তা করনেন না। কিন্তু ভাব আগে ছটি কাজ শেষ করতে হবে আপনাকে। প্রথম কৈবানাকে দিয়ে ফুলেব ভোডা পাঠাতে গবে বাদশাহের প্রাদাদে। দেটা এখুনি করুন। আর দ্বিভীয় কাজ, বাত্রে আমি রওনা দেওযাব পর বাণেশ্বকে একবার খবর পাঠিয়ে দেবেন যে আমি যমুনার তীর ধরে এলাহাবাদের দিকে চলেছি।"

<sup>&</sup>quot;কেন ?"

শ্বানতে পারবেন নিশ্চরই। তবে আমি এলাহাবাদ যাব না।
সেকথা আপনাকে পূর্বেই বলেছি। ঠিক সন্ধ্যাবেলার পূর্ব ফটকের
কিছু দূরে যে ভিখারীটাকে দাঁড়িয়ে দাঁড়িয়ে ভিক্ষা করতে দেখা যাবে
তার কাছে যেন এই আফগান পোষাক পৌছে দেয় কৈরালা। আমি
চলি। মহাদেওজী আপনাদের মঙ্গল করুন।"

উঠে বেরিয়ে যান ব্রহ্মচারী। কৈরালাও সঙ্গে সঙ্গে উঠে দাঁড়ায়। যেতে হবে ফুলের খোঁজে।

আলখালা গায়ে দাঁড়িয়ে আছে ফকিরটি। একটি হাত সামনেব দিকে প্রসারিত। মাথার ওপবে একটি গাছের পত্রবভল শাখা প্রশাখা। সন্ধ্যার অন্ধকারে স্থানটি হয়ে উঠেছে রহস্তময়। এফুট গলায় ভিক্ষা চেয়ে চলেছে ফকির। প্রায় তুইশত হাত দ্রে পূর্ব ফটক। প্রহরারত প্রহবী তু'জন বাদশাহের মৃত্যু সম্বন্ধীয় সত্য মিথ্যা থবরের আলোচনায় মশগুল। তু'চারজন এল কি গেলতা নিয়ে বিশেষ মাথাব্যথা নেই তাদেব। তেমনিই বয়েকজন দেহাতী লোকের সঙ্গে কথা বলতে বলতে ফটকের বাইরে খাসে কৈবালা। কয়েকহাত এগিয়ে গিয়ে সঙ্গ ছেড়ে পিছিয়ে পড়তে থাকে। ক্রমে আরও পিছিয়ে যায়। তাবপর গিয়ে দাঁডিয়ে পড়েত থাকে। ক্রমে

"কৈরালা!"

"চুপ কর।"

কটকের দিকে পিছন দিয়ে দাঁড়ায় কৈরালা। আফগান পোষাকের পুঁটুলিটা দেয় ককিয়ে হাতে। ককিব ভাডাভাড়ি দেটা লুকিয়ে ফেলে আলখাল্লার ভেতরে। "বাণেশ্বরকে বলে এসেছি যে ভোমাকে যমুনার তীর ধরে এলাহাবাদের দিকে যেতে দেখেছি।" বলে কৈরালা।

"আর কেউ ছিল সেখানে ?" জিজ্ঞাসা করে ফকির। "না।"

"ঠিক আছে। তৃমি ঘুরে অফ্য রাস্তা ধরে বাড়ী চলে যাও।"

"অস্ত্র •ৃ"

"আমি বিনা অন্তে পথ চলি না। এখন যাও।"

কিছুটা এগিয়ে গিয়ে বা দিকের একটি গ্রাম্য রাস্তা ধরে কৈরালা।
ফকির তথনও দাঁড়িয়ে। আরও কিছুক্ষণ সময়ের ভেতরেও ভিক্ষা
দেবার মত কোন মামুষ ফটক পেরিয়ে আসছে না দেখে সেও হাঁটছে
থাকে। যমুনার দিকে যাওয়ার রাস্তা ধরে সে।

্রিটুটা পথ এণিয়ে একটি জংলামত জায়গা দেখে দাঁড়িয়ে যায় দে। বর্তমান পবিধেয় ছেভে ফেলে আফগান পোষাকটি পরে। আলখাল্লার অন্তরালে সে তরোয়ালটি লুকিয়েছিল এতক্ষণ, এবারে সেটি স্পেট্ডেই স্থান পায় কটিবন্ধে।

"এবাবে বাণেশ্বর, যমুনার ভীরেই ভোমাব শেষ শয়নের সময় এসে গিয়েছে।"

আপন মনে বলে ওঠেন ব্রহ্ম নারী। তারপর দটপায়ে এগিয়ে চলতে থাকেন যমুনার দিকে।

উপকৃল পথ ধরে চলা। কোথাও গ্রামীণ মাহুষের পায়ে পায়ে হ'য়েছে পথের স্টি, কোথাও বা তাও নেই। তাব ওপরে চাপ চাপ মেঘ এসে জনেছে আকাশে, অন্ধকারের ঘনস্বকে তুলেদে বাড়িয়ে।

পথ চলা কষ্টকর। তবুও চলতেই হবে। এই যম্নার তীর ধরেই। যতক্ষণ না বাণেশ্বরের দেখা পাওয়া যায়।

প্রয়াগক্ষেত্রেব স্থির গম্ভীর যমুনা এ নয়। সেখানে সে মিশিয়ে দিয়েছে নিজেকে গঙ্গার ব্যক্তিছের সঙ্গে। এখানে তা নয়। উচ্ছলা যৌবনময়ীরূপে হাস্যে লাস্থে মাঙিয়ে চলেছে। গাসকে গাসতে উপকূলভাগের যেখানে এসে ল্টিয়ে পড়েছে সেইখানেই সৃষ্টি হয়েছে একটি খাঁড়ির। ফলে কিছুটা ঘুরে গিয়ে আবার সোজা পথ ধরতে হয় ব্রহ্মচারীকে। এমনি একটি খাঁড়ির কাছে এসে পম্কে দাঁড়িয়ে যান ব্রহ্মচারী। তিনজন ঘোড়সওয়াব খাঁড়ি ঘুবে সামনের রাস্তা দিয়ে চলেছে। ওদেব ভেতরে একজন নিশ্চয়ই বাণেশ্বর। ক্রত চিস্তা কবেন ব্রহ্মচারী। তারপরই চাংকার কবে ওঠেন, "হে...ই আসওয়ার—"

চীংকারের সঙ্গে সঙ্গেই দাঁডিয়ে যায় অশ্বকয়টি। তারপবই একজন সওয়ার ঘোড়াব মুখ ঘুরিয়ে নেয়। এগিয়ে আসতে থাকে ব্রহ্মচারীর দিকে। ব্রহ্মচারীও এগিয়ে যান। ছ'জনে কাছাকাটি হ'তেই ব্রহ্মচারী দেখেন লোকটি একটি মোগল সিপাহ। বাণেরব তাহ'লে অদূরে অপেক্ষমান ছ'জনেব ভেতবে একজন। ৮০০ হয়েছে যে সেই এগিয়ে আসেনি। তাহলে মোকাবিলানা এইখানেই করতে হ'ত তাঁকে।

"তোমবা কি জাবন প্রসাদের খোঁছে এসেছ গ্" জিজাসা করেন বন্মচারী।

"হাা। তাকে ধরে নিয়ে যাওয়ার তকুম আছে আনাদেব ওপর।" উত্তর দেয় সিপাহ্টি।

"কিন্তু এভাবে তো তাকে ধরতে পাববে না। বড় ওস্তাদ খেলোয়াড় সে। যদি তিনদিক থেকে গিয়ে আক্রমণ করতে পার তাকে, তাহ'লেই হয়ত' ধরা পড়তে পারে।" "ভূমি চেন তাকে ?" সিপাচ্টির গলায় সন্দেহের প্রর। "জ্বরুর। দূর থেকে আমাকে দেশেই ঢুকে গেল গাঁয়ের ভেতরে।"

"এই গাঁও ?"

"হঁটা। চল আমরা তিনজনে তিন দিক দিয়ে গিয়ে আক্রমণ করি তাকে। বড় জ্বরদস্ত আদমী। একবার যদি দরিয়ার ওপারে হিন্দু মহল্লায় গিয়ে চুকতে পারে ভাহ'লে আর ধরতে পারবে না। চল।"

"किन्छ वार्वित्रको ? উनि बाबारमत मरक यारवन ना ?"

"কোন প্রয়োজন নেই। বাণেধরজা এখানেই অপেকা করুক। আমবাই জীবন প্রসাদকে ধরে নিয়ে আসব তার কাছে।

"বেশ চল।"

"ভাহ'লে যাও, তোমার সঙ্গী সিপাহ্কে ডেকে নিয়ে এস। আমি গাঁও এর দিকে এগুচ্ছি।"

কথা শেষ করে আর অপেক্ষা করেন না ব্রহ্মচারী। সোঞ্জা হাঁটতে থাকেন গ্রামের দিকে। কিন্তু বেশীদূর নয়। ভারপরই গতি কমিয়ে দিয়ে লক্ষ্য করতে থাকেন মোগল সিপাত ছইটি কোন দিকে যায়।

কিছুক্ষণ ধরে কি যেন আলোচনা করে সিপাহ্ ত্'জন আর বাণেশ্রর। তারপর ঘোড়া থেকে নেমে দাঁড়ায় বাণেশ্রর আর তার সঙ্গী তুইটি গ্রামের রাস্তা ধরে। ত্রুতপায়ে আরও কিছুটা রাস্তা এগিয়ে যান ব্রহ্মচারী। গিয়ে দাঁড়ান একটি গাল্ডের আড়ালে। সিপাহ্ ত্'জন চোণ্থের আড়াল না হওয়া পর্যন্ত সেইখানেই দাঁড়িয়ে থাকেন। তারপর আবার ফিরে দাঁড়ান। খাড়ি থুব বেশী দ্রে নয়। তাছাড়া মেঘাচ্ছন্ন আকাশ। দৃহি চলে না অধিক দ্র পর্যাস্ত। তিকি স্বায়ুতে স্বায়ুতে। একছুটে

গিয়ে নেমে পড়েন খাঁড়ির ঢালু পাড় খরে। পাড়ের আড়ালে আড়ালে এগিয়ে যেতে থাকেন যেদিকে একা বাণেশর দাঁড়িয়ে আছে তার সিপাহ হ'জনের ফিরে আসার অপেক্ষায়। ক্রমে বড় হ'তে থাকে খাঁড়ির মুখ। পাড়ও হয়ে আসে নীচু। দাঁড়াতে গেলেই বাণেশরের দৃষ্টিতে এসে যাওয়ার সম্ভাবনা। পাড়ের সঙ্গে গামিশিয়ে উপুড় হয়ে শুয়ে পড়েন তিনি। কেবলমাত্র মাথাটি উঁচিয়ে দেখতে থাকেন তাঁর লক্ষ্যটিকে। পায়চারি করছে। এধার থেকে ওধার। আর মাঝে মাঝে থেমে গিয়ে তাকিয়ে দেখছে গ্রামের দিকে। মনে মনে হিসাব করেন তিনি খাঁড়ি থেকে বাণেশর কতটা পথ হবে। খ্ব বেশীদূর নয়। ক্রত ছুটলে এক নিঃশ্বাসেই পোঁছান যেতে পারে। হিসাব শেষ। আবাব অপেক্ষার পালা। ওদিকে সমান তালে পাঁয়চারি করে চলেছে বাণেশ্বর। ঐ এদিকে এল। এবারে ফিরবার পালা। চার হাতপায়ে ভর দিয়ে পাড়ের ওপরে উঠে পড়েন ব্রন্ধচারী। বাঁ-হাতে কোষশুর তরোয়ালটি শক্ত করে চেপে ধরে তীরবেগে এগিয়ে যান বাণেশরের দিকে।

অক্সনস্ক বাণেশর। সমস্ত চিস্তা তাব কেন্দ্রুত হয়েছে ব্রহ্মচারীকে ঘিরে। কথন তাকে ধরে আনবে সিপাহ্বা আব তাকে ধরে নিয়ে গিয়ে বাদশাহ্ভাদা হুমায়্নের সামনে হাজির করে ইনামনেবে সে। হঠাৎ ছিন্নভিন্ন হয়ে যায় চিস্তাব সূত্রটা। পিছনে কার পায়ের শব্দ পাওয়া যাচ্ছে না গ সাঁ। করে ঘুরে দাঁড়িয়েই কোষনুক্ত করে নেয় তরোয়ালটা। ওদিকে ব্রহ্মচারীও এসে পড়েছেন কয়েক হাতের ভেতরে। ঝপ্ কবে দাঁড়িয়ে গিয়েই একটানে তরোয়ালটা তুলে নেন হাতে।

"বাণেশ্বর! নিজের সামান্ত স্বার্থের জক্যে অনেক সর্বনাশ করেছ তুমি দেশের। আজ নিজের বৃকের রক্ত দিয়ে তার প্রায়শ্চিত্ত করে যাও।" দাঁতে দাঁত চেপে কেটে কেটে বলে ওঠেন ব্রহ্মচাবী। "না, না, আমি সামাত্য মান্ত্র জাবন প্রসাদ," মৃত্যুর মুখোমুর্বি দাঁড়িয়ে ঠক্ ঠক্ করে কাঁপতে থাকে বাণেশ্বর, "আমাকে যেতে দাও, ভোমার হুটি পায়ে পড়েছি আমি।"

"তা আর হয় না। চুণারের জায়গীর থেকে শিবপ্রসাদকে সরিয়ে দেবার বৃদ্ধি ইব্রাহিম লোলীকে কে দিয়েছিল বাণেশ্বর ? মুত্যুর সময়েও আমার হাত তু'খানি ধরে তিনি কেঁদে বলেছিলেন—এব প্রতিশোধ তুই নিস্। আজ এসেছে সেই প্রতিশোধ নেবার সময়—" বলতে বলতেই লাফিয়ে বাণেশরের সামনে গিয়ে দাঁড়ান ব্রহ্মচারী। শিস্ দিয়ে বাতাস কেটে এদিক ওদিকে চলতে থাকে তাঁর তরোয়াল। বাণেশরের বৃদ্ধি থেলে কিন্তু অন্ত থেলে না। কোনরকমে গোটা তুই আঘাত ঠেকিয়েই চীংকার কবে সিপাহ্দেব ডাকতে থাকে সে।

ুক্, আরও জোরে ডাক্,''বলে এক চরম অাদাত হানে ব্রহ্মচারী। ঠং ক'বে এক শব্দেব সঙ্গে আগুন ছিট্কে ওঠে তই ইম্পাত কলার ঘষণে। বাণেশ্বরের হাতের অন্ত ছিট্কে গিয়ে পড়ে আদ্রে। আর উপায় নেই। মৃত্যু ভয়ে ভীত সে বাঁচবার শেষ চেষ্টা করে। ছুটে যেতে থাকে যমুনার দিকে। কিন্তু সে স্থোগও মেলে না। বিরাট এক লাফে এগিয়ে এসে হস্তথ্ত তরোয়ালটির প্রায় অর্দ্ধাংশ ভার দেহ ভেদ করে দালিয়ে দেন ত্রান্ধারী। তব্ও ছোটার বেগে কয়েক পা এগিয়ে যায় বাণেশ্ব। তারপরই সমূলে উৎপাটিত রক্ষকাণ্ডেব মত আছড়ে পড়ে। এগিয়ে গিয়ে আপন তরোয়ালটি একটানে তৃলে নিয়ে যমুনায় গিয়ে নামেন ব্রহ্মচারী। অস্ত্রের গা থেকে করেক্তর দাগ ধুয়ে নেন। সেটিকে কোষবদ্ধ করে অঞ্জলি ভরে জল নেন হাতে। বলতে থাকেন--

"তোমার অস্তিম ইচ্ছা আমি পূর্ণ করে । মনে মনে প্রতিজ্ঞা করেছিলাম যতদিন না তোমার শেষ ইচ্ছা পূর্ণ কংতে পারব ততদিন পর্যস্ত বন্ধাচারীর জীবন যাপন করব। আজ মুক্ত আমি।

পূর্ণাঞ্চলি দিচ্ছি, তুমি যেখানেই থাক, শাস্ত হও।"

অঞ্চলি দান শেষ করেন ব্রহ্মচারী। ধীরে ধীরে উঠে যান ওপরে। বাণেশ্বরের ঘোড়াটি বাঁধা রয়েছে একটি গাছের সঙ্গে। এগিয়ে যান সেদিকে। বাঁধন খুলে বল্লা হাতে নেন। অভ্যস্থ সওয়ারের মতই লাফিয়ে উঠে বসেন অশ্বপৃষ্ঠে। ত্'পায়ের সামাল্য ঠোকায় ইসারা করেন জীবটিকে ছুটে চলতে।

"আপনি মালিক, যদি জোর করেন, 'না' বলতে পারব না। কিন্তু আমার মনে হয় এ সাদী না হওয়াই ভাল।" চোথেব জলে ছু'গাল ভাসিয়ে কোনরকমে কথা কয়টি বলে আমিনা।

দবীরের মনেও অপরাধ বোধটি অত্যন্ত সচেতন। এক চবম উত্তেজনায় যে নৃশংস কাজ সে করেছে তার অনুভাপে নিয়ত জলে পুড়ে মরছে। কিন্তু করবার আর কিই-বা ছিল। নকাবেব সঙ্গে সঙ্গে আত্মাও যে শেষ হ'য়ে যেত। মাঝে মাঝে বেকৈ বসে মন—না, ঠিকই করেছে সে। যে মানুষ একটি আওরতের কুথায় নিজের স্ত্রীপুত্রকে না থেতে দিয়ে মারতে চায় তব মরণই মঙ্গল। চিন্তাব টানাপোড়েনে অন্থির হয়ে ওঠে দবীর। সামনেই দাঁড়িয়ে আমিনা। তার মনটিকেও সে স্পষ্ট করেই জানিয়ে দিয়েছে। জানে দবীর, 'তুমির নৈকটা থেকে আপনি'র দূরত্বে সের যেতে কতথানি চাথের জল ফেলতে হয়েছে এই মেয়েটিকে। কিন্তু বলতে পারে না কিছুই। তার বদ্নসীবের সঙ্গে কেই যদি নিজের জান্দ্ গীকে জড়িয়ে ফেলতে না চায়, সেথানে কিছুই বলবার নেই তাব।

"আমি যাই, আশ্বা উঠে পড়বে এখুনি।"

আমিনার কথা শুনে চম্কে তার মুখের দিকে তাকায় দবীর।
মুখের ওপরে টেনে আনা গাস্তীর্যের আবরণটি ভেদ করে দেখতে

চায় তার অ্বারুটিকে। ওকি চিরদিনের মতই ভূলে যেতে চায় দবীরকে ? অর্থাৎ এই পৃথিবীতে দে আজ নিতান্তই একা! ভাষা জিনিষটা যে কি তাই-ই ভূলে গিয়েছে আশ্মা। আজ পর্যস্ত একটি কথাও বলেনি তার সঙ্গে। কেবল তার সঙ্গে নয়, কারও সঙ্গেই বলেনি। নান্ত্র্য দেখলেই নিজের ঘরের কোনটিতে গিয়ে চুপ করে বসে থাকে, আর নয়ভ' গিয়ে দাঁড়ায় উত্তরের প্রাচার ধারে, এক দৃষ্টে তাকিয়ে থাকে গঙ্গার দিকে। গার ছিল আনিনা। যাকে ঘিরে দে গড়ে ভূলেছিল নিজের খোয়াব। এই মরুভূমির ভেতরে যে ছিল তার একমাত্র পান্ত্পাদপঃ কিন্তু সেও কেমন সরিয়ে নিল নিজেকে।

"এ একরকম ভালই হ'ল," উঠে দাঁড়ায় দবার, "আমার অভিষপ্ত জীবন্দে দক্ষে কেউ জড়িয়ে থাকবে না। নিজেকে মুক্ত বলে ভাবতে পারব। থোদা ভোমাকে স্থা করুন।"

কথা শেষ করে আর দাড়ায় না দবীর। ঘর থেকে বেরিয়ে সোজা হাঁটতে থাকে ছর্গের দিকে। কি একটা যেন চিন্তা করতে চাইছে কিন্তু পারছে না। বিরাট শৃ্মতার ভেতরে ঘুরপাক থেয়ে মরছে মনটা।

অন্তমনক্ষ পথ চলা। ভাবতেই ভুলে গিয়েছিল দ্বীর যে তুর্গের অভ্যন্তরে যতই নিশ্চিন্ত থাকুক বাইরের জীবন মোটে: নির্বিদ্ধ নয় ভার পক্ষে। মীর আহ্মদের দলীয় লোকেরা বিষাক্ত বীজারুর মত ছড়িয়ে রয়েছে চুণারেব আনাচে কানাচে। আছে স্থযোগের প্রত্যাশায়। সামান্ত তুর্বলতার লক্ষণ প্রকাশ পেলেই তীত্র বেগে আক্রমণ করে অধিকার করে বসবে তুর্গ-দেইটিকে। চিন্তার কুয়াশায় আচ্ছন্ন আবছায়া দৃষ্টি। থেয়ালই কানিকে আসছে তার দিকে এগিয়ে। মানুষ্টি অত্যন্ত কাছে এসে দাঁড়াকেই থেমে যায় পা। অত্যন্ত সাধারণ একটি মানুষ্য। বিশেষত্বের ভেতরে

শুধু তার চোখ ছটি। তীত্র অমুসন্ধানী দৃষ্টি। দবীরেরই নিয়োজিত এক গুপুচর।

তসলিম জানায় লোকটি।

"খবর পে**লে ?"** জিজ্ঞাসা করে দবীর।

"না জনাব। চুণারেব ধারে কাছে কোথাও তারা নেই। আমার মনে হয় সাসারাম অথবা গৌডে চলে গিয়েছে।"

"তাদের বোনকে এখানে ফেলে রেখে ?"

দবীরের প্রশ্নে একটুকবো ব্যঙ্গের হাসি ফুটে ওঠে গুপ্তচরটিব ঠোটের কোনে। বলে, "জনাব, বহিন্তো নিজেদের রাস্তা পবিফাব করবার জন্যে। সে যদি আটকই থাকল তো তাব ওপরে আব মাফা রেখে লাভ কি ? হিন্দুদের মত মায়া রাখলে কি আব আফগান, পারস্থা থেকে এই হিন্দুস্তানে এসে রাজহ করা যায় "

হয়ত' ঠিক, হয়ত' ঠিক নয় এই গুপুচরের কথা। কিন্দু শা নিয়ে বিচাব করতে বসবার মত মানসিক অবস্থাও নেই দবীবেব। সামাস্য এক কথায় আবও তীক্ষ্ম দৃষ্টি রাখতে আদেশ দিয়েই বিদায দেয় লোকটিকে। তারপর ঘুরে চলতে থাকে সিপাহ মুহল্লার দিকে।

মহল্লার গলি পথ দিয়ে চলতে থাকে দবীব। আমিনার কাছ থেকে ফেরবার স্ময়কার দবীব আব নয় সে। সম্পূর্ণ সচেতন সভর্ক দৃষ্টি। এতথানি সভর্ক হয়ত সে হ'ত না কোনদিনও। হইয়ে দিয়েছে ত্'জন সিপাহ্। মাত্র কয়েকদিন পূর্বে। অনেকদিন আমিনার কাছে যাওয়া হয়নি। দিখার জড়তায় জড়িয়ে গিয়েছিল পা তৃটি। ইচ্ছা থাকলেও সাহস সঞ্চয় করে উঠতে পারেনি। ভেবেছিল আববাস খাঁব কাছ থেকে আমিনাব মনেব খববটি যাতে কোন রক্ষে জানতে পারে তাবই চেষ্টা কববে প্রথমে। কিন্তু পায়নি। প্রতিদিনই এসেছে আববাস খাঁ। প্রয়েভিনীয় কথাবার্ত্তাও বল্লেছে। তারপর চলে গিয়েছে এমন এক গান্তীর্য

নিয়ে যে বিতীয় কোন প্রসঙ্গ উত্থাপন করবার মত অবকাশই পায়নি দবীর। চন্তায় পড়ে গিয়েছিল সে। তাহ'লে কি সে আর আকাজ্জিত নয় আব্বাস খাঁর গুহে গ কিন্তু সে কথা ওরা স্পষ্ট করে বলে নাইবা কেন ? সমস্ত দিধা ঝেডে ফেলে উঠে দাঁড়িয়েছিল দবার। হন্হন্ ক'রে গিয়ে উঠেছিল আব্বাস খার গুহে। কিন্তু তারপর 

প্রস্তরীভূত দেহথানিকে দিয়ে আর কোন কাজই করাতে পারেনি সে। না পেরেছে কাউকে ডাকতে, না পেরেছে দরজার গায়ে আঘাত দিয়ে নিজের আগমনের সংবাদ জানাতে। বুথাই কিছু সময় ধরে দাঁড়িয়ে থেকে শেষে মাথা নাচু করে ফিরে এসেছে। দিপাহ-মহল্লার কাছে আসতেই একবাৰ পুরো মহল্লাটা **ঘুরে** দেখবার ইচ্ছা হয় তাব। যেমন মনে হওয়া তেমনি এগুতে পাকে সে। কিন্তু কেমন একটা অস্বস্তিকর আবহাওয়। সান হয় কেউ বা কারা দৃষ্টি রেখে চলেছে তার ওপরে। আপন মনের ত্বলতা ভেবে সে ভাবটিকেও স্থায়ী হ'তে দেয় না দবীর। চলতে পাকে এগিয়ে, নিঃসন্দিগ্ধ মনে। এমন সময় একটি ঘর থেকে তৃ'জন সিপাহকে খোলা তবোয়াল হাতে তার দিকে ছুটে আসতে দেখে কঠিন হয়ে ৬ঠে তার সমস্ত দেহ। এক ঝট্কায় কোষমুক্ত করে নেয় তাব ভবোয়াল। আক্রমণকাবাদের অস্ত্রের 🛶 ছেব ভেতরে আসবার অপেক্ষা করতে থাকে। ছুটে এগিয়ে এসেই শাভিয়ে যায় সিপাহ ছ'জন। যথারীতি কুলিশ করে বলে, "জনাব এভাবে একা একা যাবেন না। আপনার পিছনে সর্বদাই হুষমণ লেগে আছে। বাইরে বেরুবার দক্তার হ'লে আমাদের ডেকে পাঠাবেন, আমবা সঙ্গে থাকব।"

"কোথায় থাক ভোমরা গ"

"এই ১২ আর ১৩ সংখ্যাব ঘরে সিপাহ-শালাব 'মামাদের চেনেন জনাব।" "সিপাহ্-শালার কোথায় ?"

"একদল নতুন সৈক্ত নেওয়া হয়েছে। উত্তরের ময়দানে তাদের কুচ-কাওয়াল হচ্ছে, তাই দেখতে গিয়েছেন।"

"চল দেখে আসি।" এগিয়ে যেতে থাকে দবীর। সিপাহ্তু'জন তার পাশে পাশে হাঁটতে থাকে।

সেদিনের অভিজ্ঞতা নিয়েই এইদিন সতর্কভাবে চলেছিল সে।
এমন সময় মহলার শেষদিক থেকে আব্বাস থাঁকে আসতে দেখা
যায়। কণ্ঠস্বর এবং পদক্ষেপ উভয়েই বিশেষ উত্তেজনার প্রকাশ।
পিছনে কয়েকজন সিপাহ্। তাদের ভেতবে একজন কি একটা
কথা বলতে যেতেই জোরে ধমকে ওঠে আব্বাস থাঁ। এতদূর পেকে
কথাগুলি শুনতে পায় না বটে কিন্তু ঘটনা যে একটা কিছু ঘটেছে
ভাবেশ ব্যুতে পাহর দ্বীব।

দূর থেকে তাকে দেখে আবও ক্রত এগিয়ে আসে আকাস থা।
নিকটে এসে দাঁড়াবারও বৃঝি অপেক্ষা রাখতে পাবে না। তার
পূর্বেই উত্তেজিতভাবে বলতে স্থক কবে, "যে ভয় করেছিলাম ঠিক
তাই হয়েছে।"

"কি হয়েছে !'' সিপাহ শালাব কয়েক হাত দূরে থাকতেই জিজ্ঞাসা করে দবীর।

ততক্ষণে আব্বাস খাও সামনে এসে দাঁড়িয়েছে। প্রশ্নের জ্বাব দেয়, "কিছু সংখ্যক সিপাহ্ মার আহ্মদের খ্ব বাধা দেখে আমি একট্ সাবধান হয়ে যাই। অস্ততঃ তাদের সংখ্যা যেন তুলনায় অত্যন্ত কম হয় সেই চেটাই করছিলাম। আর সেইজত্যেই নতুন কিছু সিপাহ্ও নিয়েছি কিছুদিন হ'ল। এতে একট্ ভীতই হয়ে পড়েছিল তারা। আমিও নিশ্চিম্ভ হয়েছিলাম। কিন্তু আজ সকালে খবর পেলাম তারা উপেটা আঘাত হেনে গিয়েছে।"

## "কি রকম ?"

"কোথায় চলে গিয়েছে তারা। আর যাবার সময় নিজেদেরত' বটেই অক্যান্য বহু সিপাহ্এরও অস্ত্র নিয়ে গিয়েছে। এখন আবার নতুন ক'রে অস্ত্র সংগ্রহ করতে হবে।"

"কোথায় গিয়েছে বলে মনে হয় 🖓

"সাসারাম।"

সাসারাম! শক্ষিত হয়ে ওঠে দবীর। হিন্দুস্থানের এক অমোঘ ভাগ্যলেখা যেন ক্রমেই স্পষ্ট আকার ধারণ করছে। করভ বলে আজ্ব যাকে অবহেলা করে চলেছে সকলে, তাকেই একদিন দেখা যাবে য্থপতিকপে। তথন তার সেই শক্তিকে রুখবার ক্ষমতা হয়ত' কারও হবে না।

"অ'পনি এখন কি উপদেশ দেন !" দবীরের কঠন্বরটা অসহাযো: শব্দোনায়।

তার মুখের দিকে তাকিয়ে কি যেন বলতে গিয়েও চেপে যায় আব্বাস থা। আশে পাশে দাঁড়ি রয়েছে কয়েকজন সিপাহ। তাদের উপস্থিতিতে কোনও গোপন কথা নলা আর ঢাক পিটিয়ে প্রচার করা একই কথা।

"এস, আলোচনা করে দেখা যাক কোনও উপায় খুঁজে পাওয়া যায় কিনা।"

কথাটা বলে আর দাঁড়ায় না আব্বাস থা। ধীরে রে হাঁটতে থাকে নিজের বাড়ীর দিকে। দেখানে যাওয়ার আর ইচ্ছা ছিল না দ্বীরের। কিন্তু সিপাহ শালাবের মত শুভারুধ্যায়ীকে অসম্ভূষ্ট করতে সাহস হয় না তার। ফিরে দাঁড়িয়ে সেও চলতে থাকে আব্বাস থার সঙ্গে সঙ্গে।

আব্বাজানের সাড়া পেয়ে এক লহমার জন্যে বাইরে এসেছিল আমিনা, দবীরকে দেখে তথুনি আবার অন্দরে চলে যায়। দবীরের

মত আববাস খাঁও লক্ষ্য করে তা। কিছু একটা বলতে গিরেও পারে না। "ই" বলে আরম্ভ করতে গিয়েও কথাটা ঘ্রিয়ে নিয়ে বলে, "এখন একমাত্র উপায় হচ্ছে দিল্লী যাওয়া। হুমায়ুন এতদিনে নিশ্চয়ই সিংহাসনে বসেছেন। শের খা যথেষ্ট শক্তি সক্ষয় করবার পূর্বেই বাদশাহের কাছে এই সংবাদটি পাঠাতে হবে। নইলে শের খাঁর প্রথম আঘাতটি এসে পড়বে এই চুণারের ওপরেই।"

কৃথা বলতে বলতে ঘরের ভিতরে গিয়ে ঢোকে আব্বাস খাঁ।
একটা কুর্শি টেনে দিয়ে বসতে বলে দবারকে। কিন্তু বসে না সে।
নেহাৎই সৌজ্বল্যের আসনখানি আঁকড়ে ধরে আর কি লাভ হবে
তার ? প্রয়োজনের কথা যখন শেষ হয়ে গিয়েছে তখন যত শীঘ্র
এক্থান ত্যাগ করে যাওয়া যায় ততই মঙ্গল। আশ্বর্য! আমিনা
একবার তার মনের অবস্থাটির কথা িস্তা করেও দেখল না! সাধারণ
আর পাঁচজনের মত সেও শুধু কাজ দেখেই বিচার করল! এতই
ঠুন্কো তার মহববং! অভিমানটা চুণার হুর্গের উত্তর দিকে ধাকা
খাওয়া গঙ্গাব মত পাকে পাকে গুম্রে গুম্রে উঠছে। আর অধিকক্ষণ
এখানে দাঁড়িযে থাকাও কইকর দবীরেব পক্ষে।

"ভাহ'লে বিশ্বাসী কোন লোককে দিল্লী পাঠাবার ব্যবস্থা করুন।" বলে আর দাঁড়ায় না সে। সোজা ঘর থেকে বেবিয়েঁ হন্ হন কবে চলতে থাকে ছর্গের অভিমুখে।

সেই বিশ্বাসী লোক যথন পাওয়া গেল তথন বর্ধা এসে গিয়েছে। বিশেষ করে এ অঞ্চলের ঋতু বড় সাড়া দিয়ে আসে। গ্রীত্মে যেমন গরম, শীতেও তেমনি হাড়ের গায়ে দংখ্রাঘাত করে। আবার বর্ধায় পঙ্গু করে ফেলে দৈনন্দিন জীবন-চালনাকে। পশ্চিমে নদী, পূর্বেও নদী। বুক ছাপিয়ে উতলোন জল তাদের এসে পড়ে রাস্তার ওপরে। ক্রমেই বাড়তে থাকে তা। ছোট্ট চকের পাথর বাঁধান চছরটি আর দেখা যায় না। শজী আর মাংস বিক্রেতারা মাথায় পসরা নিয়ে মাজা সমান জ্বল ভেক্সে এসে দাঁড়ায় গৃহস্থের ঘরের দরজায়। অগ্নিমূল্য সব। এক ঢেবুয়ার জিনিস তিন ঢেবুয়া দিয়ে কিনতে হয়। কুয়োগুলিরও ঘটেছে সলিল সমাধি। খাওয়ার জ্বলের অভাব। দরাজ হুকুম দিয়েছে দবীর, "হাতী নিয়ে বের হও, দেখ কোথাও ভাল জ্বলের কুয়ো পাওয়া যায় কিনা। হাতীর পিঠে করে জ্বল এনে দেবে প্রত্যেক বাড়ীতে।" সঙ্গে সঙ্গে অমুরোধ জানিয়েছে আক্রাস খাকে, "কোন প্রজা যেন বিপদে না পড়ে সেদিকে একটু দৃষ্টি রাখবেন।"

"তা রাখব," বলে অফুকথা পেড়েছিল আব্বাস খাঁ। একট্ রহস্থ করেই বলেছিল, "আমিওড' ভোমার প্রজা। আমার বাড়ীতেও যে বিপদ।"

''বিপদ 

'' চম্কে উঠেছিল দবীর, "কি বিপদ 

''

'মেয়েটা শুধু কেঁদে কেঁদে বেড়াচ্ছে। জিল্ভাসা করলে বলেনা কিছুই।''

"সূষ্ তার তেজে জল এনে দেয় মেঘের চোখে। সেই চোখের জলই কখন কম কখন বা বেশা হয়ে ঝরে পড়ে। আপনার কন্মার ভেতরেও তেমনি কোন তেজ আছে যার জালা শুধু জলই এনে দিচ্ছে তার চোখে, শান্তি দিচ্ছে না।" কথাটি এলে একটা টা দীর্ঘনিখাস ফেলে দবার, "যে মহাপাপ করেছি, শান্তি বোধহয় আর পাব না।" বলতে বলতেই উঠে দাড়ায় সে। চঞ্চল হয়ে উঠেছে মন। আমিনা ভুলতে পারেনি তাকে। আবার গ্রহণ করতেও পারে নি। বরবাদ হ'য়ে গেল ওর জিন্দু গী, সঙ্গে সঙ্গে তার নিজেরও।

দিপাহ শালারকে বিদায় দিয়ে গিয়ে ঢোকে আমার ঘরে। বৃস্তচ্যুত শুক্নো ফুলের মতই হ'য়ে গিয়েছে আমা। চুপ করে বঙ্গে খাকে এক মৃক পঙ্গুর দৃষ্টি নিয়ে। চোখ ছটিই তার সব। তার মনের প্রকাশ। দবীর ঘরে চুকতে একবার তার দিকে তাকায় সফিদা বেগম, তারপরই চোখ ফিরিয়ে নেয়। প্রতিদিনের মত আজ্ঞও আন্মার এই নির্লিপ্ততায় বুকের ভেতরটা মৃচড়ে ওঠে দবীরের। স্থিরদৃষ্টিতে কিছুক্ষণ তাকিয়ে থাকে আন্মার দিকে। তারপর পায়ে পায়ে এগিয়ে যায়। গিয়ে দাঁড়ায় সফিদার পাশে। তার একথানি হাত নিজের হাতের ভেতরে তুলে নেয়। বলে, "আমি নিজেই অনেক শাস্তি পাছি মা, আরও কত পাব। তুমি আর আমাকে শাস্তি দিও না।" তারপর ধীরে ধীরে আন্মার হাতথানি নামিয়ে দিয়ে ফিরে আসে নিজের ঘরে।

বর্ধার মেঘে ঢাকা দিন। বেলা থাকতেই অন্ধকার ঘনিয়ে এসেছে। নিজের জীবনের সঙ্গে যেন এর একটা মিল থুঁজে পায় দবীর। দরজার সামনে দাঁড়িয়ে সেই কথাই ভাবতে থাকে। এমন সময় বাইরে থেকে কার ডাক শোনা যায়, "জনাব!"

"কে ?' বলে সাড়া দিয়ে এগিয়ে যায় দবীর। দেখে একটি অপরিচিত লোক। সিক্ত পোষাকে দাড়িয়ে আছে বারান্দার নীচে।

"কি চাও ?" এগিয়ে দিয়ে তার সামনে দাড়ায় দুবার।

"থেঁজ পেয়েছি জনাব।" ব্যস্তভাবে বলতে থাকে লোকটি, "দরিয়ার উপার মোহনপুর গাঁয়ে এদে রয়েছে ইশাক। যদি অনুমতি করেন হাহলে আমরা কয়েকজন—"

"না। ধরে আনবার দরকার নেই। শুধু নজর রাখবে দরিয়ার এপারে যেন সে না আসতে পারে। দাঁড়াও, তোমার ব্যঙ্গিস নিয়ে যাও," বলে ঘরে ঢুকে যায় দবীর। একটু পরেই ফিরে এসে কয়টি রৌপ্য আসরফী দেয় লোকটিকে। দিয়ে আবার সাবধান করে দেয় লোকটিকে, "সাবধান, মনে থাকে যেন কিছুতেই দরিয়ার এপারে আসতে দেবে না ইশাককে।"

## <sup>গুঁ</sup> মালিকার।

"সে কথা না ভেবেই কি আর বলেছে ?' এতক্ষণে আসল কথাটি বলবার একটু স্থযোগ মেলে ইশাকে । বলে, "ভাইজান আমাকে জিজ্ঞাসা করতে বলেছে যে শের থার সাহায্য পেলে তুই নিবিত' ?"

"আমার কাজ হবে তাতে ?"

"হবে না! দবীরকে পিষে গুডিয়ে ফেলবে শেব খা।"

"ফেলবে ?" তব্ও পুরোপুরি বিশ্বাস করতে পারে না মালিকা।

"নিশ্চয়।" আরও জোর দিয়ে বলে ইশাক। তাবপরই গভীর চিস্তিত ভাব নিয়ে ধাবে ধাবে বলে, "কিন্তু কেবলমাত্র এই ছুর্গটি তাব কোন কাজেই আসবে না।"

"কেন •ৃ" একট্থানি হতাশার স্তর ধবা পড়ে মালিকাব কপস্বরে।

"যেমন যোদ্ধা তেমনি কৌশলী শের খাঁ।" মালিকার প্রশ্নের উত্তব দেয় ইশাক, "সহস্রবার হাত বদলান এই মুসাফিরখানার ওপরে তার কোন লোভ নেই। সে চায় সড়ক। সিপাহ্রা যাতে সহজে কৃচ্করে যেতে পারে। এর ভেড্নে অনেকখান এগিয়েও এসেছে।"

"এইদিকে ?"

"নিশ্চয়। সাসারাম থেকে উত্তর-পশ্চিমদিকে। আরও টানবে। সোজা বারাণসা। সেশান থেকে এলাহাবাদ।"

"বল কি ?" চোখ ছটি বড় বড় হ'য়ে ওঠে মালিকার। এমন ভাবে যে কেউ সড়কের পর সড়ক গড়তে পারে ৩। এই প্রথম শুনল সে। দেখবার কথাত' কল্পনাই করদে পারে না।

"সেইজ্বস্থেইত' তাঁর এখন অত্যস্ত অর্থের দরকার।" বলে একটু

থেমে আরও গন্তীর হয় ইশাক, "সেদিন বলছিলেন আমাকে, ইশাক, এই সড়ক যদি আমি গড়ে তুলতে পারি তাহ'লে আমাকে ঠেকাডে পারবে না কেউ। সেই কথা শুনেই তোর কথা মনে পড়ল আমার।"

"ভাবলে আমার প্রচুর অর্থ আছে, না ?" আবার সন্দেহের স্থুর ফুটে ওঠে মালিকার কথায়।

"না, তা ঠিক নয়," তাড়াতাড়ি নিজেকে শুধরে নেয় ইশাক, "ভাবলাম, প্রচুর না হ'ক, কিছুত' আছে নিশ্চয়ই। আর সেটা যদি শের খাঁর কাজে লাগে তাহ'লে এভাবে বন্দী হ'য়ে আর থাকতে হয় না। তিনি নিশ্চয়ই মুক্ত করবেন তোকে।"

"সবই ব্ঝলাম। কিন্তু শের খাঁ শুনেছি জালাল খার মৌলবী। তার কাছ থেকে তুমি কতটুকু আশা করতে পাব •ৃ"

এ প্রশ্নের আর জবাব দিতে পাবে ন। ইশাক। সে যতচ্কু দেখেছে তাতে শের খাঁর প্রতি তার প্রদা জন্মছে। কিন্তু প্রদা আর বিচার এক নয়। তাই মালিকার প্রশ্নকে খণ্ডন করা কঠিন হ'য়ে পড়ে তার পক্ষে। কিছুক্ষণ নীরবে বলে খেকে হঠাং উঠে দাঁড়ায় ইশাক।

"তুই ভাইজানের সঙ্গে একবার দেখা কর।"

"পাঠিয়ে দিও।" মালিকাও উঠে দাঁড়ায়, "কিন্তু ভাইজান কি পারবে ভোমার মত উঠে আসতে ?"

"আমাদের শক্তির ওপর তোর আস্থা নেই দেখছি i"

"শক্তির বড়াই আর কর না। একটা নাবালক তোমাদের তিন ভাইকে দরিয়ায় চোবানি খাইয়ে দিলে।"

"না, নাবালক নয়।" সাঁ করে ঘুরে দাঁড়ায় ইশাক, "শক্তি আছে তার দেহে মনে এবং আববাস খাঁর ঘরে।"

"আব্বাস খাঁর ঘরে মানে ?" কথাটা ঠিক বোধগম্য হয় না

## মালিকার।

"অর্থাৎ সিপাহ শালারের ক্যার মেহ্বুব দ্বীর খাঁ।"

"আচ্ছা!" চোথের ঘূর্ণিতে সহস্র কথার ইসারা জেগে ওঠে মালিকার। বলে, "ঠিক আছে। মাথা গেলে কানটাও থাকে না। তুমি বড়ভাইকে একবার পাঠিয়ে দিও। চল, তোমাকে নামিয়ে দিয়ে আসি।"

ঘর থেকে বেরিয়ে ছু'জ্বনে আবার যেতে থাকে প্রাচীরের দিকে। মালিকা জিজ্ঞাসা করে, "কবে আসবে ভাইজান ?"

"আৰু থেকে দশদিন পৰে।" উত্তর দেয় ইশাক।

ইশাকের কাছ থেকে যেটুকু খবর পায় মীর আহ্মদ তাতে মালিকার মনোভাবটি স্পষ্ট জানা না গেলেও শের খাঁর সঙ্গে কথাবার্ডা আরও কিছুটা এগিয়ে রাখা প্রয়োজন বােধ করে সে। রাত্তির অন্ধকারে গা আড়াল দিয়ে পাহাড়তলির পথ ধরে এগিয়ে চলতে থাকে। ত্রুতপায়ে। চতুর্দিকে সতর্ক দৃষ্টি বুলোতে বুলোতে। গভীর থেকে গভীরতর হয় রাত। তারপর এক সময়ে আবার কিকে হ'য়ে আসে। ক্লান্ত দেহ। কিন্তু মন সে ক্লান্তিকে আমল দিতে চায় না। নারাজ দেহকে টেনে নিয়ে চলতে থাে যতখানি ক্রত সম্ভব।

চুণারের সামানা পার হ'য়ে যেতে অনেকখানি নিশ্চন্ত হয় মীর আহ্মদ। এবারে কিছুক্ষণ বিশ্রাম ক'রে নেওয়া যেতে পারে। কিন্তু ভাতেও বাধা। দেহাতি মানুষ সন্দেহেব চোখে দেখে। খাল্ল যদিবা মেলে, আশ্রয় নিতে হয় গাছ তলায়। এইভাবে কেটে যায় পরের দিনটি। বৈকালের দিকে এসে পৌছয় চন্দোলী মাজোহার। এতক্ষণ পর্যন্ত রাস্তা লতে সঠিক কিছু পায়নি সে।

প্রয়োজনও বিশেষ বোধ করেনি তার। পথের নিশানা যে রকম বলে দিয়েছিল ইশাক, সেইরকমই চলে এসেছিল। চন্দোলীতে এসে **দেখা মেলে সড়কের। নিশ্চিস্ত হয় মীর আহ্মদ। তাহ'লে** সাসারামের জায়গীরের ভেতরে প্রবেশ করেছে সে। একটা টানা নিঃশ্বাদের সঙ্গে সঙ্গে ক্লান্তি যেন ঝরে পড়ে তার। আনন্দের উত্তেজনায় পা চলতে থাকে ক্রত। কিন্তু পবের গ্রামটিতে পৌছেই অবাক হ'য়ে যায় সে। রাস্তা শেষ হ'য়ে গেল এর ভেতরেই ? তাহলে এ কীভিটুকু কার ? গ্রামবাসীদের একছনের কাছে জিজাসা করে সে। উত্তর যা পায় তা খুব সম্ভুট হওয়ার নয়। শের খাঁরই তৈরী সভ়ক এটি। সাসারাম থেকেও এদিকে এগিয়েছে **কিছুটা রাস্তা। কিন্তু শেষ করতে পারেনি।** দম ফুরিয়ে গিয়েছে। তাই এখন কাজ বন্ধ রেখে দম নিয়ে নিচ্ছে। চিন্তায় পড়ে মীর আহ্মদ, তাহ'লে কি শের ভেবে শেয়ালের পেছনে দৌডুচ্ছে সে গ একটু বুঝি তুর্বলই হ'য়ে পড়েছিল। চিস্তাক্লিষ্ট মনখানি তাব কগন ষে তাকে টেনে নিয়ে গিয়ে বসিয়ে দিয়েছিল একটি গাছের নাচে, ধেয়ালই করেনি সে। চোথের দৃষ্টির সঙ্গে মনের কোনুও সংযোগ নেই। সেইভাবেই দেখে পাশেই একটি গোযান। গরু ছুইটি मृद्र बाँधा। मिःश्वनि त्रःकत्रा। তात्मत्र कभात्मत्र ७भद्र किए मिस्त्र टेज्री युन्मत्र कशानी। शनाग्र किन्त्र माना। शायात्मत्र ছত্রীটিও স্থলার করে সাজান। ছত্রীর ভেতরে একটি কিশোরী বৌ। বৌটির স্বামীই হবে বোধহয়, গোষানের সম্মুখ ভাগে বসে। তারও কৈশোরকাল কাটেনি। একজন প্রোঢ় প**াঁ**যুচারি করছে আর মাঝে মাঝে গিয়ে দাঁড়াচ্ছে কিশোরটির কাছে। কি যেন কথা হয় ছ'জনের ভেতরে, তারপর আবার পাঁয়চারি করতে থাকে প্রৌঢ়টি। শের খাঁকে যদি সেরকম উপযুক্ত মনে না হয় তাহলে কি হুমায়ুনের কাছেই যাবে সে ? হয়ড' তাই যেতে হবে

শেষ পর্যন্ত। দেখা যাক্ আগে বর্তমান কি বলে। হঠাৎ দোজা হ'রে বসে মীর আগ্মদ। রম্বইএর গন্ধ এল কোথা থেকে ? এদিক ওদিক তাকায়। দেখে গোযানের আড়ালে বসে একটি প্রোঢ়ার মুই পাকাচেট। দেখবার সঙ্গে দক্ষে চন্মন করে ওঠে ক্ষুধাপেশী-গুলি। সেই কোন সকালে একটু নাস্তা করবার স্থাোগ জুটেছিল তার, তারপর থেকে আর পেটে দানাটি পড়ে নি। কি করা যায় ? এদিক ওদিকে তাকায় মীর আহ্মদ। একটি স্বাইখানাও চোখে পড়ে না। উঠে পড়ে সে। গিয়ে দাড়ায় প্রোচের সামনে।

"পানি দাও।"

ভয়ে ভয়ে তার মুখের দিকে একবার তাকায় প্রে)চ়। তারপরই তার চোথহটি গিয়ে আটকে যায় মীর আহুমদের কোটিবদ্ধ তরোয়ানটির ওপরে। পানি চাওয়া একটা অজুহাত নয়ত' মামুষটার ! হয়ত' এবপরই খাপের ভেতর থেকে উঠে আস্বে অস্তুটি।

"কৈ, দাও।" এক দৈ বিরক্ত হয়েই বলে ওঠে মীর আহ্মদ।

এবারে উঠে দাড়াতেই হয় প্রোঢ়কে। প্রোঢ়াটির কাছ থেকে এক লোটা জল নিয়ে আসে। ঢেলে দেয় আহ্মদের হাতে। ঐ এক লোটা জলই নিঃশেষে শেষ ক'রে আবার গাছতলায় ফিরে যায় আহ্মদ। বসে বসে চিস্তা করতে থাকে। তারপর এক সময়ে ক্লান্তির ঘুম এসে জুড়ে দেয় তার চোথের পাতা।

প্রকৃষে ঘুম ভাঙতেই দেখে দার পাশে আরও ত্'তিনজন লোক। প্রত্যেকেরই হাতে লাঠি: চম্কে উঠে বসে আহ্মদ।

"তোমরা কারা । কি চাও ত বেশ কঠিন স্থরেই জিজ্ঞাস। করে সে।

"কোথায় যাবে !" উত্তর না দিয়ে পাশ্টা প্রশা সার একজন। "শের খাঁর সঙ্গে দেখা করতে। তোমরা কোথায় যাবে ·" "ঐ গাড়ি আর আরোহীদের পাহ।রা দিচ্ছি। আমরা এই প্রামেরই মানুষ।"

"পাহারা দিচ্ছ কেন ?"

"তোমাকে দেখে ওরা ভয় পেয়েছে। ওদের মাল-জানের দায়ীত আমাদের।"

"কেন ?"

"জায়গীরদার শের খাঁর হুকুম।"

একটু চমংকৃতই হয় মীর আহ্মদ। রাহীর মাল-জ্ঞানের দায়ার গ্রামবাসীদের ? আর সে হুকুম এমনভাবে বিনিজ রাত্রি যাপন ক'রেই মানে সকলে ?

"এখানে চুরি ডাকাতি হয় না ?" আরও নি:সন্দেহ হওয়ার জয়ে জিজ্ঞাসা করে মীর আহ্মদ।

"তার বংশস্থ গোরে যাবে। তোমাকে বিদেশী দেখলাম, তাই পাহারা দিলাম। যাও, এখন নিজের কাজে যাও।"

"আর কতদুর সাসারাম •"

"অনেক দ্র। আজ আর কাল সারাদিন হাঁটলে পৌছে যাবে।"

উত্তর শুনে আফশোষ হয় মীর আহ্মদের। একটা ঘোড়া যদি থাকত তাহ'লে হয়ত' এতক্ষণ পৌছে যেত সে। কিন্তু গা ঢাকা দিয়ে বেড়াতে হয় যাকে তার সঙ্গে ঘোড়া আর কি করে থাকে! অতএব আবার পায়ের শক্তির ওপরেই নির্ভর করতে হয় তাকে।

পরদিন সাসারামে গিয়ে যখন পৌছয় মীর আহ্মদ তখন বেশ রাত হ'য়ে গিয়েছ। এই অসময়ে শের খাঁর দেখা পাওয়া যাবে কিনা ঠিক বৃশ্বতে পারে না সে। আবার জানাশোনাও কেউ নেই যে ভার কাছে একটা রাত্তের জ্বন্যে আশ্রয় নেবে। এতটা চিস্তা হয়ত'
করত না সে যদি পায়ে হেঁটে না আসতে হ'ত তাকে। যাইহ'ক,
এসেছে যখন তখন দেখা করবারই চেষ্টা করবে আগে। মনস্থির করে
এগিয়ে চলতে থাকে সে।

আলস্থাকে প্রশ্রেয় দেয়না শের খাঁ। কাজ তার চলে এদিকে যেমন অধিক রাত্রি অবধি, ওদিকে তেমনি শয্যাত্যাগ করে ভোরের অন্ধকার থাকতেই। তাই দেখা করতে বিশেষ অস্থবিধা হয়না মীর আহ্মদের। ঘরে ঢুকে সালাম করতেই বলে ওঠে শের খাঁ, "চুণার থেকে আসছ ? স্নান, খাওয়া কিছুই হয়নি বোধ হয় ?"

"সে হবে। জনাবের সঙ্গে বিশেষ জরুরি কথাটা আগে সেরে নিই।"

কথা শুমে একটুখানি খুশির রেখা ফুটে ওঠে শের থার মুখে চোখে। দেখে উৎসাহ পায় মীর আহ্মদ। কিন্তু কি ভাবে কথা আরম্ভ করা যায় সেই চিন্তাই করতে থাকে। হঠাৎ যেন একটি স্ত্রের দেখা মেলে। ভাড়াভাড়ি বলে ওঠে, "জ্বনাব যে সড়ক করাচ্ছেন ভা শেষ হয়নি দেখলাম।"

"হবে

"হাা। ওটা হয়ে গেলে রাহীদের যেমন স্থানা হবে তেমনি সিপাহ,রাও যাতায়াত করতে পারবে অনেক তাড়াতাড়ি।" বলে একটু চিন্তা করে মীর আহ্মদ, তারপর আবার আরম্ভ করে, "কিছু মনে করবেন না জনাব, আমার কিন্তু মনে হয় কিছু অর্থ পেলে আপনি অনেক কিছু করতে পারেন।"

"কি রকম ?"

"এই যে রাহীদের জ্বল্যে আপনি এমন স্থানে বস্তু করেছেন যে চুরি-ডাকাতির ভয় পর্যস্ত নেই, কিং তাদের রাত কাটাগার একট্ আস্থানা আর খাওয়ার ব্যবস্থা যদি থাকে—"

"মনে থাকবে কথাটা।"

"আমার ভাই ইশাক এসেছিল আপনার কাছে।"

"হাা। একটা খবর দেওয়ার কথা ছিল।"

"বলেছে আমাকে। কিন্তু ব্ঝতেই পারছেন কত সাবধানে একটু একটু ক'রে এগুতে হচ্ছে আমাদের।"

"ঠিক আছে। দেখ চেষ্টা করে যদি খুশ্খবর কিছু আনতে পার।"

"আনতে হয়ত' পারি। বিস্তু আমার বহিন্ লভ মালিকা চুণাবে বন্দী হ'য়ে রয়েছে। আর প্রকৃত থবরটি আছে তারই কাছে।" বলেই অনুনয়ে ভেঙে পড়ে মীর আহ্মদ, "জনাব যদি একটু সাহায্য করেন—''

"আমি সব সময়েই তোমাদের সাহায্য করবার জ্ঞান্ত প্রস্তুত্ত আছি।"

"সে বিশ্বাস আছে বলেই আপনার কাছে আসতে সাহসী হয়েছি। মুশকিল হয়েছে মালিকাকে নিয়ে। একে নহলী-যৌধন, তার ওপরে হুরীর মত খুবস্তরং। ব্রুতেই পারছেন আমানদের চিন্তা ক্তথানি।"

"চিম্বার কিছু নেই। যখনই বলবে, আমার সাহায্য পাবে।" "আপনার কথাই যথেষ্ট। আমি তাহ'লে এখন উঠি।"

"আজ রাত্রিটা এখানেই থেকে যাও। আমি বলে দিচ্ছি। আর তোমার বহিন্কে বলো যে তাঁর কোন রকম অসম্মান বা তাঁর সম্পত্তি যাতে নষ্ট না হয় সে ব্যবস্থা আমি করছি:"

এবারে উঠে দাঁড়িয়ে কুর্ণিশ করে মীর আহ্মদ। 'আবার আসবে।"

"আসব জনাব," একটু উচ্ছসিতভাবেই বলে ওঠে মীর আহ্মদ, ''কয়েকদিনের ভেতরেই আবার আসব।" শের খাঁকে বড়চ্কু বোঝবার বুঝে নিয়েছে মার আহ্মদ। চিন্তা তার বোনটিকে নিয়ে। প্রস্তাব তার ছোট নয়। কিন্তু সেই প্রস্তাবকে কি ভাবে গ্রহণ করবে সে তাই নিয়েই হচ্ছে চিন্তা। ভাবতে-ভাবতেই নির্দিষ্ট দিনটি এসে যায়। রাত্রির অন্ধকারের স্থোগ নিয়ে দড়ি বেয়ে উঠে আসে ওপরে। মালিকার সঙ্গে গিয়ে তার ঘরে ঢোকে।

"वम।" वरन मानिका।

"বসছি।" বলেই ছোট বোনের হাতছটি চেপে ধবে মীর আহ্মদ্, "আমাদের তুই বাঁচা বোন।"

"তৃমি অমন করছ কেন গ আগে বস, শুনি সব কথা।" একরকম জোর করেই তাকে বসিয়ে দেয় মালিকা।

"শোনবার কিছু নেই। যা আছে, তা হচ্ছে তোর সম্পতি। কাভ্রে ওঠে মার আহ্মদ, বলতে থাকে, "তোর গায়ে কাঁটার আঁচড়টি লাগতে দিইনি আমরা। এনে তুলেছি এই হুর্গে। আজ ভোব সঙ্গে সামাদেরও ভাগ্য বিপর্যয় ঘটেছে। তাই বলছিলাম তুই আবার এই হুর্গের মালিকান হয়ে বস। আমরাও আমাদের ভাগ্যকে ফিরে পাই।"

"দেখ ভাইজান, তোমরা আমার আব্বাজ্ঞানের মত। তোমাদের কোন কথাই অবহেলা করিনি আমি। আমার নমনে ওরকম ভাবে মিনতি না করে কি করতে হবে হুকুম কর।" দৃঢ়স্বরে বলে মালিকা।

"সেই কথাইত' বলতে চাহ। এই হুর্গ দ্বীরের হাত থেকে কখনই ছিনিয়ে নিত্তে পারবি না তুই, যদি না বাইরে থেকে সাহায্য পাস্।"

"জানি।"

"তাই বলছিলাম—" একটু খেমে গিয়েই আরও জেনর দিয়ে

বলে ওঠে মীর আহ্মদ, "তৃই শের ধাঁকে নেকা কর। তোর অর্থ আর তার শক্তি, একে রুখতে পারবে না স্বয়ং বাদশাহ্ও। শের ধাঁ কথা দিয়েছে আমাকে যে সব সময়ে আমাদের সাহায্য করবার জন্মে প্রস্তুত সে। এখন তৃই বল্।" আশা ভবা চোখে বোনের মুখের দিকে তাকিয়ে থাকে মীর আহ্মদ।

"আমার বলবারত' কিছু নেই। তোমরা যা ভাল বৃঝবে তাই করবে।" একটু অশুমনস্ক ভাবেই বলে মালিকা।

"বেশ। তাহলে শেব খাঁকে বলি আমরা যে তুই তাকে নেকা করতে রাজী আছিস ?"

"অগত্যা।"

"আব তাকে অর্থ সাহায্য করবার কি হবে ?"

"আমার যা আছে তা শের যাঁ চিস্তাও করতে পারে না।"

"কোথায় ?

"এই তুর্গের কোথাও আছে।" হেসে বলে মালিকা, "তোমাব চিন্তার কিছু নেই। কথার খেলাপ হবে না তোমার।"

"বাস্, ভাহ'লেই হল।" নিশ্চিম্ভ মনে উঠে দাঁড়ায় মীর আহ্মদ। বলে, "আমি আবার দশ দিন পরে আসব পাকা খবর নিয়ে। আজ থেকে দশ দিন।"

**ছ'ন্ধনে** বেরিয়ে আসে ঘর থেকে। নিঃশক্তে এসে দাডায উ**ন্ত**রের প্রাচীরের পাশে।

ক্রত ঘূরে যাচ্ছে রাজনৈতিক চাকাটি। চম্কে ওঠে দবীর খবর শুনে। আব্বাস খাঁয়ের মুখেব দিকে কিছুক্ষণের জন্মে মৃক দৃষ্টি নিয়ে তাকিয়ে থাকে। তারপরই হঠাৎ লাফিয়ে ওঠে, "এ হয় না। পরের সম্পত্তির জিম্মাদার হ'য়ে আমি কিছুতেই সব কিছু কেলে পালিয়ে যেতে পারব না।''

"কি করবে তুমি ?" স্থির শাস্ত ভাবেই জিজ্ঞাসা করে আব্বাস খাঁ। "কেন, বাধা দেব। শেষ সিপাগ্যতক্ষণ বেঁচে থাকবে ততক্ষণ পর্যস্ত চলবে লড়াই।"

"এর ইনাম একমাত্র মর্ভ্য।"

"ইনামের কোন প্রশ্ন নেই, প্রশ্ন ইমানের। ত্টো যে এক জিনিস নয় তা নিশ্চয়ই কবুল করবেন আপনি ?"

"করি।" পূর্বের মতই হিমানী-শীতল সারে উত্তর দেয় আববাস খাঁ, "কিস্তু বাঁচাতেত' পারবে না কিছুই। এমনকি তহ্শীলখানার চাবিটিও পাওনি আজও যে ধনরত্ব যা আছে তুলে নিয়ে দিল্লী চালান করে দেবে।" বলেই গা ঝাড়া দিয়ে উঠে দাঁড়ায় আববাস খাঁ, "আমি চলি। শের খাঁ তার সৈম্মদল নিয়ে এদিকে রওনা যখন সয়েছে তখন সন্ধ্যার মুখেই হয়ত' এসে উপস্থিত হবে। তার পূর্বেই যতটুকু সাবধান সওয়ার তা হ'তে হবে। নিজের জানের পরোয়া করিনা দবীর, চিন্তা আমার আওরতের ইজ্জতের। শের খাঁ শিক্ষিত, তার সঙ্গে বিরোধও নেই আমাদের। আমার চিন্তা ইশাক আর মীর দাদকে নিয়ে।"

"তারাও কি শের খাঁর সঙ্গে আছে। এই একটি দংবাদেই বিশেষ চিন্তিত হয়ে ওঠে দবীর।

কিন্তু তার উত্তর আর আব্বাস খাঁকে দিতে হয় না। ইাফাতে হাঁফাতে ছুটে এসে দাঁড়ায় একটি সিপাহ। যথারীতি কুর্নিশ জানাবার কথাটিও জুল হ'য়ে গিয়েছে তার। শ্বাস-প্রশ্বাসের কাজ করে চলেছে মুখবিবর। ফলে বলবার কথাগুলি স্পষ্ট করে উচ্চারণ করতেও পারছে না। আবার অহেতৃক কালক্ষয় কর্মার মত মনের অবস্থাও নেই তার। কোনরকমে দম িত নিতেই জানার, চুণার

খেকে কিছুদূরে শের খাঁকে আসতে দেখা গিয়েছে। সঙ্গে প্রায় পাঁচ হান্ধার সিপাহ্।

"পাঁচ হাজার সিপাহ্?" প্রায় চম্কে ওঠে দবার।

"ভূলে যাচ্ছ কেন যে শের খাঁর সঙ্গে মার আহ্মদরা যোগ দিয়েছে। ওরা এখানকার সিপাহ শক্তি জানে।" বলে আকাস থা।

"হাঁা জনাব, ইশাক আর মীর দাদও শের খাঁর সঙ্গে আছে। মীর আহমেদ বরাবর এখানেই ছিল।"

"এখানেই ছিল!" লাফিয়ে উঠে দাঁড়ায় দবীর, "আমাকে জানাস্নি কেন উল্লু?"

"আমি কাল রাত্রে শুনেছি জনাব," ভয়ে ভয়ে বলে সিপাহ টি, "তারপর চলে গিয়েছিলাম চুণারের শেষে। সিপাহ শালার পাঠিয়ে ছিলেন শের খাঁ আসছে কিনা, দেখতে। তাই সময়মত খবর দিতে পারিনি জনাব।"

"ঠিক আছে, তুই যা। আর দেখ, হাওলা বানাতে বল।
এখুনি।" সিপাহ্টিকে বিলায় দিয়ে আক্বাস খার দিকে ফিবে
তাকায় দবীর, "যা ভাল বোধ করেন, তাই করবেন আপনি। আমাব
সঙ্গে এই বোধহয় আপনাদের শেষ দেখা। মীর দাদদের শাত থেকে
আমিনাকে বাঁচাবেন।" বলেই তার হাত ছটো চেপে ধরে সে।
চোখ ছটি ছলছলিয়ে উঠেছে ইতিমধ্যেই। জন্মাবধি যাকে কাছে
পেয়ে এসেছে অতি নিকট জনের মত, অতবড় নৃশংসতার পরেও যে
শুধু কর্মের বিচার করেনি, তার মনটিকেও দেখেছিল, আজ এই
অসময়ে সেই মানুষ্টিকে ছেড়ে যেতে চাইছে না অন্তর। কিন্তু
উপায় নেই। নিমগ্র পোতের যাত্রা। সন্মুথে অকুল পাথার।
ভেসে চলতে হবে। কতল্ব, কারও জ্ঞানা নেই। একসঙ্গে চলারও
ভাই শেষ। তরক্ষের বুকে গা এলিয়ে দিয়ে শুধুই ভেসে চলা।
যদি কুলের দেখা কোথাও মেলে।

শৃত খাঁচা। সফিলা বেগমের মহলের সামনে এসে দাঁড়িয়ে যায় লীর দাদ। নিঃশব্দ-গতি মার্জার যেভাবে এগিয়ে আসে একটু একটু করে, সেইভাবেই এগিয়ে এসেছিল সে। ভেবেছিল বন্ধ খাঁচার দরজা যথন খোলা পাওয়া গিয়েছে, শিকারকে তথন এই তুর্গের চন্ধরেই একটু একটু করে খেলিয়ে খেলিয়ে শেষ করবে। কিন্তু এক পরিশ্রমের ফল শৃত্যের কোঠায় এসে দাঁড়াতে মাথার ভেতরে আতে পরিশ্রমের ফল শৃত্যের কোঠায় এসে দাঁড়াতে মাথার ভেতরে আতেন জলে ওঠে তার। সঙ্গের সিপাহ দের ছকুম দেয় এ মহলের ভেতর থেকে সমস্ত সামান বাইরে ফেলে দিতে।

ছকুম হ'তেই হুড়মুড় করে সিপাহ্রা গিয়ে ঢোকে মহলের ভেতরে। এইটুকুইতো আসল কাজ। প্রাণ ভ্যে গৃহত্যাগ করে গিয়েছে যারা তাদের পরিত্যক্ত প্রবাসামগ্রী খুঁজে দেখা। মেলেও বৈকি। ভাল ভাল জিনিষই মেলে। ক্ষুক্ত আশরফী থেকে বহুমূল্য মণিমুক্তা পর্যন্ত। যুদ্ধ তাই সিপাহ্দের পক্ষে যেমন ভ্যের ভেমনি আকাছাারও স্থল। আর যুদ্ধে না গিয়েও যদি পাওয়া যায় এমন মওকা, তাহ'লে সেত' যেচে আসা সেহস্ত্।

উন্মত্তের মত সিপাত্রা দবাবেব পবিত্যক্ত মহলটি খ্ছৈ দেখতে থাকে। কিন্তু পাওয়া যায় না কিছুই। এক আসবাব পত্ত ছাড়া। পরম আক্রোশে সেগুলি ধরে ধবে ছুঁড়ে ফেলতে থাকে। আর বীভংস দম্ভপংক্তি বেব করে হায়নার হাসি হাসতে থাকে ।ীর দাদ।

সামার্ফের দিকে নজর দেবার অবসর নেই মীর আহ্মদের। মাননীয় মেহ্মান শের খাঁব পরিচর্যার এতট্কু ইতব বিশেষ না হয় সেইদিকেই তার প্রথর দৃষ্টি। আব্বাস খাঁর ঘরের সল্লিকটেই পড়েছে শের খাঁর তাঁবু। কোনও মোকশ্য উঠতে সে রাজী হয়নি। বহুবার অন্থরোধ জানিয়েছিল মার আহ্মদ। কিন্তু অটল শের খাঁ। স্পাষ্ট উত্তর দিয়েছিল, "আগে দেখি চুণারের মালিকান আমাকে কি ভাবে নেয়, তারপর দেখা যাবে ভোমার কথা রাখা যায় কিনা।"

অগত্যা মেহ্মানের পরিচর্য্যার ব্যবস্থা করেই মীর আহ্মদকে ছুটে আসতে হয়েছে মালিকার কাছে।

বহুদিন পর আবার নতুন করে সেজেছে মালিকা। তাজ খার দেওয়া অলঙারগুলি সব পরেনি বটে কিন্তু চোথে দিয়েছে সুমার লেখা, হাতের আর পায়ের পাতায় দিয়েছে মেহেদীরসের আলিম্পন। কঞ্লিকার ওপরে পরেছে মথমলের পহ্রাণ, পরণেও মথমলের সেরোয়াল। ঈষং পিকল কেশদাম বেণীবদ্ধ। কপালের ওপরে সয়ের রাখা কয়েরকগাছি চূর্ণ-কুস্তল।

মহলের দরজার কাছে একটু থম কে দাঁড়িয়েই যেতে হয়েছিল মীর আহ্মদকে। সেই মর্দিন সহর থেকে যে ছোটবোনটিকে সঙ্গে করে এনেছিল সে, এ কি সেই মালিকা ? রূপ তার ববাবরই আছে, কিন্তু পুরুষ শক্তিকে পতক্ষে পরিণত করবার মত এমন ঝলদান রূপ যে ছিল, তা সে নিজেও বুঝে উঠতে পাবেনি।

"কি ভাইজান, অমন করে দাঁড়িয়ে গেলে যে ?" → মৃচ্কে হেদে জিজ্ঞাসা করে মালিকা।

"না, ভাবছিলাম শেব খাঁ ভাগ্যবান। চল্, ঘরে চল্।"

মালিকার পিছন পিছন এসে ঘরে বসে মীর আচ্মদ। বলে, "তোর কথা মত শের খাঁকে নিমন্ত্রণ করে নিয়ে এসেছি।"

"(বশ।"

"এখন আমাদের তিন ভাইএর ভবিষাৎ এঁবং ভোর প্রতিশোধ নেওয়া—"

"আমি কি তোমার কথায় কোনদিন অমত করেছি "়" বাধা দিয়ে বলে ওঠে মালিকা। "না, তা করিস্নি।" বলে আর একটু নরম স্থরে বলে মীর আচ্মদ, "সেদিন রাত্রে যখন তোর সঙ্গে দেখা করতে আসি, সেদিনও না। কিন্তু কথা হচ্ছে কি জানিস্, এক জীবন থেকে আর এক জীবনে যাওয়াতো, যদি 'না' বলে বসিস, যদি—''

"তোমার ঐ যদির রাজ্য ছাড় দেখি।" হেসে ওঠে মালিকা, 'স্ত্রীলোক হ'য়ে জল্মছি যখন, হারেম আমাকে খুঁজতেই হবে। ওবে কথা হচ্ছে পথ থেকে তুর্গের ভেতরে যখন আশ্রয় পেয়েছি তখন সেই তুর্গ থেকে আবার পথে গিয়ে দাঁড়াতে আমি পারব না।'

"পারতেও হবে না তোকে," উত্তেজিতভাবে বলে ওঠে মীর আহ্মদ। এই ছোট বহিন্টির মনের গতি নিয়েই যেটুকু ভয় ছিল তার। এখন তার দৃষ্টির নিশানা পেয়ে আশার আনন্দে উচ্ছল হয়ে ওঠে সে। দরাজ স্বরে আশাস দিতে থাকে," কোন চিন্তারই কারণ ঘটবে না তোর। এই তুর্গের মালিকান থাকবি তুই। তুই যেরকম ভকুম করবি সেইরকম ভাবেই চলবে এখানকার কাজ।" বলেই গলা নামিয়ে নিয়ে ব্ঝিয়ে বলতে থাকে, "নইলে, এই শের খাঁর তরোয়াল যদি আজ তোর না হয় তাহ'লে এ দবীর খাঁ আবার কখন এসে ঝাঁপিয়ে পড়বে এই তুর্গের ওপরে তার ঠিক কি ? বুঝলি, সিংহাসন যেন কচি শিশু, তার ওপরে লোভ শেয়াল থেকে শের, সিংহাসন যেন কচি শিশু, তার ওপরে লোভ শেয়াল থেকে শের, সিংহাসন যেন কচি শিশু, তার ওপরে লোভ শেয়াল থেকে শের,

"তাত' বটেই।" চিন্ধিতভাবে বড়ভাইএর কথা সমর্থন করে মালিকা।

"দেইজন্মেই তোকে বলেছিলাম শের খাঁকে সাদী করতে।"

"আমিতো বলৈই দিয়েছি, তোমরা যা করবে তাতেই মত আছে আমার।"

"সেত' জানিই।" আনন্দে উৎফুল্ল হয়ে ভঠে মীর আহ্মদ, "সেই সাহসেইতো জবান দিয়ে শেব খাঁকে এখানে নিয়ে আসতে সাহসী হয়েছি। আর এও জানি যে শের খা যাতে আরও বড় হ'য়ে উঠতে পারে তার জন্মে যতদ্র সম্ভব সাহায্যও তুই করবি।" বলতে বলতে উঠে দাঁড়ায় সে, "আচ্ছা, তাহ'লে এখন চলি। নেকার ব্যবস্থা করতে হবে আবার। দেখিস্, তুই সুখীই হবি।"

হাসি হাসি মুখে ঘর থেকে বেরিয়ে যায় মীর আহ্মদ।

মির্জাণুরের বনের ভেতরে এসেই দবীরের দলটিকে ধরে ফেলে আব্বাস খা। সিপাহ্শালার সর্বপ্রথমে, তার পিছনে একায় চলেছে আমিনা আর আসরাফন বিবি। আর সকলের পিছনে আব্বাস খাঁএর একান্ত অনুগত কয়জন সিপাহ্। আমিনাদের দেখে মনের ওপর থেকে একটা গুরুভার পাষাণ যেন নেমে যায় দবীরের। তাহ'লে শের খাঁ এসে পৌছুবার পূর্বেই চুণার ত্যাগ করতে পেরেছে ওরা! তাছাড়া আরও একটি বিষয়ে চিন্তা ছিল তার। নিজেদের জায়গীর হ'লেও এই মির্জাপুরের বনটিকে বিপদমুক্ত করতে পারেনি তারা। তাই সংঘবদ্ধ না হ'য়ে এই পথে চলা, বিশেষ্কুকরে রাত্তিকালে, মোটেই নিরাপদ নয়। নিজের জন্মে চিন্তা নেই তার। চিন্তা আন্মার জন্মে আর চিন্তা আমিনাদের জন্মে। যেতে যেতে কতবারই পিছন দিকে তাকিয়েছে সে, যদি দেখা যায় আমিনাদের।

চিন্তার হাত থেকে মুক্ত হতেই তার এবং আমিনার এই অসাম্য পথ-যাত্রা বড় বিসদৃশ বোধ হ'তে থাকে দবীরের কাছে। হাওদা এবং এক্কার পার্থক্য যেন ছ'জনকে আরও সেলে ছ'দিকে সরিয়ে দিতে চাইছে। কিন্তু এ সম্বন্ধে কোনও কথা বলতে গেলে আম্মাজান কিভাবে নেবে তা, সেই চিন্তা করেই একটু ইতন্ততঃ করে সে। তবুও পারেনা। হাদয়াবেগ আর নৌকোর গুণ, যেদিকে টানে সেই দিকেই যেতে হয়।

"হাতী থামাও," বলে ওঠে দবীর।

সামনের বিরাটবপু গজটি থামতে পিছনের দলটিকেও থেমে যেতে হয়।

"আবার থামলে কেন ?" একটু ধম্কেই ওঠে আব্বাস খাঁ।, "কায়গাটা ভাল নয়।"

"ওদের হাওদায় উঠে আসতে বলুন। আমি একায় যাচ্ছি," উত্তর দেয় দবীর।

"যাবে হাওদায় •" একার পাশে গিয়ে আসরাফন বিবিকে জিজ্ঞাসা করে আববাস খাঁ।

"না," মায়ের উত্তরের পূর্বেই নিজের অনত জানিয়ে বসে আমিনা।

অগত্যা যেমন চলছিল তেমনিই আবার চলতে থাকে দলটি।
মশালের আলোয় পথ চিনে নিয়ে। নিস্তন্ধ রাত্রিব বুক চেরা
ঝিঁঝিঁর একটানা শব্দ শুনতে শুনতে। এমন সময় হঠাৎ চাপা
হুকুম করে ওঠে আব্বাস খাঁ, "মশাল সব নিভিয়ে দাও। শব্দ
করবে না কেউ। দুরে মশালের আলো দেখা যাছে "

"ওদের হাওদায় তুলে দিন," বলে ওঠে দবীর।

"আর তুমি ?" জিজ্ঞাসা করে আব্বাস খাঁ।

"আমি আপনার **সঙ্গে** থাকব।"

"তা হয় না। তৃমি জেনানাদের বাঁচিয়ে নিয়ে যাবে। হাতী আর একা ছুটবে একসঙ্গে। সঙ্গে থাকবে তোমার সিপাহ্রা।"

"কিন্ধ—"

"যা বলছি শোন।" বাধা দিয়ে প্রায় ধম্কে দৈঠ আববাস খাঁ। "কিন্ত হাওদায় বসে জেনানা রক্ষা করা যায় না।" তব্ও প্রতিবাদ জানায় দবীর। কেলে দেওয়া যায় না কথাটিকে। চিস্তায় পড়ে যায় সিপাহ্শালার। সময় নেই। যা করতে হবে, এখুনি, এই মুহূর্ত্তে। তাই
করে সে।

"হাতী থামাও।"

मिপार् भालारतत मरक मरक नगैत ७ वर्त राजी थामार्छ।

"একা হাতীর পাশে নিয়ে যাও।"

এগিয়ে গিয়ে হাতীর গা ঘে ষৈ দাড়ায় একাটি।

"তোমরা হাওদায় উঠে যাও। দবীর একায় নেমে এস।"

আব্বাস খাঁর এ হুকুমকে আর অমান্য করতে পারে না আমিনা। এক্কার ওপরে দাঁড়িয়ে হাওদাব রশি ধরে উঠতে চেষ্টা করে সে।

''তাড়াতাড়ি কর। মশালেব আলো আরও কাছে চলে এসেছে।'' আব্বাস খা তাড়া দেয় ওধার থেকে, সিপাহ্দের হাতীর তৃ'ধারে সারিবদ্ধভাবে সাজাভে সাজাতে।

আর ইতন্ততঃ করবাব সময় নেই। আমিনার একখানি হাত ধরে টেনে হাওদার ওপরে তৃলে নেয় দবীর। ছল্কে ওঠে তাব বুকের রক্ত। ফিস্ ফিস করে বলে, "আমার আম্মা তোমার জিম্মায রইল আমিনা।"

ইতিমধ্যে আসরাফন বিবিও একার ওপরে দাঁড়িয়ে উঠেছে। "আস্থন আস্মা," বলে হাত বাড়িয়ে দেয় দবীর।

ভাক শুনে দবীরের মুখের দিকে একবার তাকায় আসরাফন বিবি। ভারপর নিঃসঙ্কোচে হাতথানি বাড়িয়ে দেয় এই নতুন পাওয়া ছেলের দিকে।

হ'জনে হাওদার ওপরে উঠে আসতে লঘু মনে একায় নেমে যায় দবীর।

"চালাও।" হুকুম করে আব্বাস খাঁ। টং টং! এগুতে থাকে হাতী। চমকে ওঠে আব্বাস খাঁ। উত্তেজনার মাথায় এতক্ষণ খেয়ালই হয়নি তার যে ঘটি বাঁধ। রয়েছে হাতীর গলায়। ঘোড়া ছুটিয়ে মাহুতের পাশে গিয়ে বলে, "ঘটি খুলে নাও। শব্দ হয় না যেন।"

তবুও কয়েকবার শব্দ করে শেষে থেমে যায় ঘন্টি। নিঃশব্দ গভিতে চলতে থাকে প্রতিক দলটি। আত্তায়ীব আক্রমণকে এডিয়ে যেতেই চায়, কিন্তু প্রয়োজন হলে নোকাবিলা করতেও প্রস্তুত। আক্রাস খাঁ একবার এগিয়ে যাচ্ছে, আবাব ঘোড়া থামিয়ে এগিয়ে যেতে দিছেে দলটিকে। কবার এসে একার পাশে পাশে চলতে থাকে। চাপা দরে বলে, "শোন দবার, যদি হামলা হয়, আমরা বাধা দেব। তুমি আর কয়জন সিপাহ্ হাতা নিয়ে এগিয়ে যাবে। আহুব্দের ইজ্জৎ বক্ষার ভার তোমাব।"

'জান কবুল। আপনি নিশ্চিন্ত থাকুন।' বলে ওঠে দ্বার।
থেমে যায় কথা। আবাব নৈঃশব্দের ভেতর দিয়ে পথ চলা।
চোথে সতর্ক দৃষ্টি, অন্তবে প্রস্তুতি। কোষমুক্ত ভবোয়াল উঠে
এসেছে হাতে। উত্তেজিত স্নাযু, অধার, অপেক্ষমান।

চা চা কাবে গুঠে যেন সমস্ত বনরাজ্যটি। উত্তর দক্ষিণ, পথের ছ'ধাব থেকেই জ্বেশে ওঠে বিকট সমস্বর চাংকার। দপ্দপ্ক'রে জ্বলে ওঠে কতকগুলি মশাল। কারপারই ঝাপিয়ে পড়ে তারা চলমান দলটির ওপরে এইরকম আক্রমণই হ 'ক্কা করেছিল আক্রাস খাঁ। প্রস্তুতও হয়েছিল তার জল্যে। তাই বিকট শক্ষে হক চকিয়ে দিয়ে এসে ঝাপিয়ে পড়েও স্ববিধা করতে পারে না আক্রমণকারীর দল। স্থানিকিত সিপাহ, অধারত। অসিচালনায় অধিক কুশলী। এরকম একটি প্রবল বাধার সম্মুখীন হওয়ায় অভ্যস্ত নয় আত্তায়ীর দল। প্রথম আঘাতেই হতচকিত হ'য়ে ওঠে তারা। কিন্তু সে মুহুর্তের জল্যে। তারপারই আবার খিণ্ডণ বেগে এগিয়ে গিয়ে আব্বাস খাঁ রিচত ব্যাটিকে হিন্ন ভিন্ন করে ফেলবার চেষ্টা

করে। সিপাহ্দের অগ্রগতি ব্যাহত হয়। কেবলমাত্র হাতী, একা আর কয়েকজন সিপাহের একটি ক্ষুন্ত দল এগিয়ে যেতে থাকে। লক্ষ্যবস্তু চলে যায় দেখে ছুটে আসে দহ্যদের সর্লার। সঙ্গে কয়েকজন অনুচর। এবারে আর নিজেকে স্থবিরের মত একার ওপরে বসিয়ে রাখতে পারে না দবার। অস্ত্র চালনায় যে পারক্ষম, আততায়ীর সম্মুখে ক্লীবের মত নিশ্চেষ্ট হয়ে পড়ে থাকা তার পক্ষে অসম্ভব। উন্মুক্ত অসি হাতে হুল্কার দিয়ে একা থেকে লাফিয়ে পড়ে দবীর। বিশালবপু দম্যুসর্লার, শক্তির অধিকারী। শক্ত সিকিম দেহ দবীরের। হরিণের মত ক্ষিপ্রগতি। মুখের হুল্কার নেই, আছে অস্ত্রের আফালন। মশালের আলোয় ঝল্কে ঝল্কে উঠতে থাকে তীক্ষ্ণার ইস্পাত্ফলা।

ঘুরে বসেছে আমিনা। খান্ খান্ হয়ে ভেঙে পড়েছে তার অভিমান। দ্বন্দ বেধেছে মনে। এইকি সেই পিতৃহত্যাকারী দ্বীর ? কয়টি স্ত্রালাকের সম্মান রক্ষা করবার জন্যে যে এমনভাবে ঝাঁপিয়ে পড়তে পারে সে কি অমন অমান্ত্র হয় কখনও ল সন্দেহের বাতাস লেগে অভিমানের মেঘখানা ক্রেমেই যেন সরে যাচ্ছে। এ একটি মুখের ওপরেই দৃষ্টি আবদ্ধ তার। অস্ত্রচ্রালনার প্রতিটি ভঙ্গিমায়, দৃঢ়নিবদ্ধ ওঠে, চোখের তীক্ষ্ণ সতর্ক দৃষ্টিতে প্রতিক্তাবদ্ধ মনেরই পরিচয় পাঁওয়া যায়। হঠাৎ চমকে ওঠে আমিনা। দখ্যা-সদ্দারের তরোয়ালের একটি সবল আঘাত প্রতিহত করতে গিয়েও পেরে ওঠেনি দ্বীর। ফসকে এসে বিধেছে তার বাম বালমূলে। সভয়ে চীৎকার করে উঠতেই বৃঝি যাচ্ছিল আমিনা। কিন্তু পারে না। কে যেন শক্তম্ঠিতে চেপে ধরেছে তার মুখখানি। ঘাড় ঘুরিয়ে দেখে তার আম্মান্তান।

"ধবরদার চাংকার করবি না। অক্তমনস্ক হ'য়ে যাবে।" ধন্কানি দিয়ে কন্তাকে সাবধান করে দেয় আসরাফন বিবি। আর অনুশোচনায় ভেঙ্গে গিয়ে তার বুকে মাথা রেখে অঝরে কাঁদতে থাকে আমিনা।

কতক্ষণ, তা তার খেয়ালও নেই। হঠাং 'ইয়া আল্লা' বলে কে চীংকার করে উঠতেই চম্কে ফিরে তাকায় আমিনা। দেখে সদ্দারের দেহখানিকে আমূল বিদ্ধ করে একটি বুক্ষের সঙ্গে গেঁথে দিয়েছে দবীর। আর নেতার এই শোচনীয় মৃত্যু দেখে ফেরুপালের মতই পলায়নপর হয়েছে তার অমূচরের দল। ফিরে আসছে বিশ্বয়ী দবীর। ডানহাত দিয়ে চেপে ধরেছে আহত স্থানটি। কোনরকমে এসে একায় উঠে বসে সে। এবারে আর নিজেকে লজ্জার বাঁধন দিয়ে বেঁধে রাখতে পারে না আমিনা। নিজের ওড়নাটি ছুঁড়ে দেয় দবীরের দিকে। বলে, "ওটি ছিঁড়ে ক্ষতস্থানটি ভাল করে বেঁধে নাও।"

ক্লান্ত আর ব্যথার মাঝখানেও আমিনার মুখের দিকে তাকিয়ে একবার হাসে দবীর। বিজয়ী প্রেমিকের হাসি।

পথ মৃক্ত। কেবলমাত্র আববাস খাঁর দলটির জন্যে অপেক্ষা করছে তারা। এমন সময় তু'জন সিপাহের কাঁধে ভর দিয়ে এসে দাঁড়ায় আববাস খাঁ। ক্তবিক্ষত দেহ। বিশেষ করে পায়ের একটি আঘাত হয়েছে গুরুতর। চলতেও কষ্ট হচ্ছে তার। একার ওপরে কোন রকমে তাকে তুলে দেয় সিপাহেরা। ারপর আবার ছুটে যায় আহত আর কেউ পড়ে আছে কিনা দেখতে।

একজ্বন নয় আরও তিনজন আহত সিপাহ কৈ নিয়ে আসে তারা। ঘোড়ায় চড়ে যাওয়ার মত অবস্থা নেই তাদের। এদিকে একার সঙ্কীর্ণ স্থানে তাদের ঠাই হওয়াও মুশ্কিল।

"দবীরকে হাওদায় তুলে নে আমিনা," উদগত কান্নাকে বুকের ভেতরে কোন রকমে ঠেলে দিয়ে বলে ওঠে আসরাফন বিবি।

ইঙ্গিত বুঝে হাতীকে বসিয়ে দে মাহত। একা এগিয়ে আসে

## হাতীর পাশে।

''উঠে এদ দবীর,'' বলে হাত বাড়িয়ে দেয় আমিনা।

"আর এটা তোর আব্বাজানকে দে," বলে নিঞ্চের ওড়নাটি খুলে মেয়ের হাতে দেয় আসরাফন বিবি।

দবীর হাওদায় উঠে আসতে সিপাহেরা স্থান পায় একায়। ঝড়ের ঝাপটায় বিপর্যস্থ দলটি আবার এগিয়ে চলতে থাকে।

"মির্জা মনস্থরের গৃতে যাবে।" মাহুতকে হুকুম জানায় দবীর।

ইশাক কিন্তু থামেনি। এমনকি নামেওনি তার অশ্বপৃষ্ঠ থেকে।
আব্বাস থাঁএর চুণার ত্যাগের থবর পেয়ে প্রায় ক্ষিপ্ত অবস্থা তার।
মেহ্মান শের থাঁব পরিচর্যার ভার বড় ভাই এর ওপর ছেড়ে দিয়েই
ঘোড়া ছুটিয়েছে মির্জাপুরের দিকে। সঙ্গে নিতা সহচর ক্ষেকজন
মাত্র সিপাহ। গ্রামাপথেব স্থবিধা যেটুক্ ছিল বর্গার জলের নীচে
তলিয়ে গিয়েছে তা। চলার বেগ ক্রমেই কমে আসতে থাকে
অশ্বকয়টির। চাবুকের পর চাবুক পড়তে খাকে তাদ্রের পিসে।
তবুও বাড়েনা তাদের গতি। আর মনের ভেতরে এক বিরাট ক্ষণিব
ভালা নিয়ে পশুকয়টিকেই গালাগাল করতে থাকে ইশাক।

একট্ একট্ করে বেলা পড়ে আসতে থাকে। ওদিকে উচ্চতর
ভূমি পেয়ে জলের গভীরতাও আসে কমে। চিস্তায় পড়ে ইশাক।
এগিয়ে চলবে, না পিছিয়ে যাবে। ওদিকে শের খাঁর মত মেহ্মান,
এদিকে আমিনার মত পিয়ারা লেড়কি। উভয় দিকেই লোভ। একটি
জীবনে উঠে দাঁড়াবার, আর একটি পেয়ারের। উভয়ই টানে। একদিকে স্রোত, অপরদিকে গুণের দড়ি। দো-টানায় পড়া নৌকোর
মত ইশাকও থেমে যায়। তার চিস্তিত পায়ের ইসারা পেয়েছে বৃঝি

অশ্বতরটি। থেমে যায় সেও। এমন সময় পালে লাগে বাতাস।
গুণের দড়ির টানের সঙ্গে মিশে যায় বাতাসের টান। স্রোভকে
উপেক্ষা করেই তর্ তর্ করে এগিয়ে চলে তরিত্র। গ্রাম্য পথ।
গৃহস্থের ঘরের পাশ দিয়ে এ কৈ বেঁকে এগিয়ে গিয়েছে তার প্রয়োজন
অনুযায়ী। সেই রকমই একটি গৃহস্থ বাড়ীর পাশে এসে দাঁড়িয়ে
গিয়েছিল ইশাকেরা। কথাবার্ত্তাও বলে চলেছিল সরবেই। সেই
কথাবার্তাই কৌতুহল জাগায় গৃহবাসাদের। যুদ্ধ তো কোথাও
হচ্ছে না, অথচ দলের পর দল হাতী ঘোডা ছুটিয়ে চলেছে নির্জাপুরের
দিকে। কেন প ভিজ্ঞান্ত মন পাদের টেনে নিয়ে এসে দাঁড় করায়
রাস্তার ধারে।

"এই, এধার দিয়ে সিপাহ্শালার আকলস খাঁকে যেতে দেখেছিস্?" দেহাতা মান্তবের কাছ থেকে সঠিক খবর পাবার আশায় জিজাসা করে ইশাক।

কিন্তু কে সিপাহ্শালার আর কে ভায়গীরদার তার সঠিক খবর বড় একটা রাথে না গ্রামের মানুষ। নায়ের আসে, দেয় কর নিয়ে চলে যায়। এই পর্যন্তই উপবভয়ালাদের সঙ্গে ওাদের সম্বন্ধ। তাই ইশাকেই জিজাসা অনুযায়ী উত্তব দিলে পারে না তারা। শুধু বলে যে একজন গিয়েছে হাওদায় চড়ে, সঙ্গে একটি জেনানা ছিল আব ভারপর একজন গিয়েছে গোড়ায়, নঙ্গে কয়েকঃ ঘোড়সওয়ার সিপাহ আর একায় ছিল গুণ্ডন জেনানা।

"নিশ্চয় দবীর খাঁ। চল, চালাও হোড়া।"

উন্মন্ত আবেগে চেঁচিয়ে ওঠে ইশাক। সঙ্গে সঙ্গে বন্ধার এক ঝাঁকিতে ছুটিয়ে দেয় ভার ঘোড়া। সঙ্গা সিপাহ্ক্যজনকেও বাধ্য হয়ে ছুটতে হয় তার পিছন পিছন।

পড়ে আসা বেলায় গ্রাম্য পথে এরই ভেতরে অন্ধকারের আবছায়া নেমে এসেছে। আর একটু বই আরম্ভ হবে মির্জাপুরের বন। দিনমানেও যেখানে চাপ চাপ অন্ধকার রহস্তময় করে রাখে স্থানটিকে, পড়স্ত বেলায় সে হয়ে উঠবে নিঃসীম নিশ্ছিত। সেই বৃক্ষবহুল বনের ভেতর দিয়ে ঘোড়া ছুটিয়ে যাওয়া আর মৃত্যুকে আহ্বান করা একই কথা। অশ্বের গতির সঙ্গে পাল্লা দিয়ে ছুটে চলেছে ইশাকের চিন্তা। ভাবনার ভেতর দিয়েই কোন এক সময়ে শেষ হয়ে গিয়েছে চুণারের সীমানা। এসে প্রবেশ করেছে তারা মির্জাপুরের বিখ্যাত অটবীর ভেতরে।

"ভূল হয়ে গেল," চিস্তিত ভাবে বলে ওঠে ইশাক, "ওদের কাছ থেকে একটা মশাল চেয়ে আনলে হ'ত।"

পিছনের মানুষগুলি সে কথার আর কোন উত্তর করেনা। তাদের দৃষ্টি নিবদ্ধ সামনের মানুষটির ওপরে। মেষের স্বভাবের মত ঐ সামনের মানুষটিকে লক্ষ্য করেই চলতে হবে তাদের। নিস্তব্ধ বনের মাঝখানে নির্বাক কয়টি মানুষ এগিয়ে চলতে থাকে অশ্বক্ষরের সাড়া জাগিয়ে।

হঠাৎ সজোরে রাশ টেনে ধরে ইশাক। দূর থেকে একটা কোলাহলের আওয়াজ ভেসে আসছে না গ শুধু ইশাক নয়, উৎকর্ণ হয়ে উঠেছে সকলেই। হয়ত' দয়াদল কর্তৃক আক্রান্ত হয়েছে কোনও পথচারীদল। ইশাকের চিন্তা আরও একটু এগিয়ে য়য়: আকাম খাঁ তার স্ত্রীকলা নিয়ে আক্রান্ত হয়নিত' গ বিশেষ ক'রে আমিনার বিপদাশক্রায় বিশেষ উৎকৃষ্ঠিত হয়ে ওঠে সে। হ'দিন নয়, একদিনই মাত্র আমিনাকে দেখেছে সে। দেখেছে তার উম্মন্ত যৌবনের সমস্তটুকু কামনা দিয়ে। তার চমক্, তার নিটোল কপোলে ছল্কে ওঠা রজের আভা। তারপরই ফ্রেভ পলায়নপরা তার নিতন্থিনী রূপ। সিপাহ সংগ্রহের মতবৈধতার যাতে অবসান ঘটে তারই চেষ্টায় গিয়েছিল সে আক্রাস খাঁর গ্রে। নিদাঘের নিস্তব্ধ বিপ্রহর। সচরাচর এই সময়েই দবীর আসে আমিনার সঙ্গে দেখা

করতে। তাই দরজায় আঘাত পড়তে নিশ্চিম্ন মনে এসেই দরজা খুলে দিয়েছিল আমিনা। তারপরই বিরাট এক চমক্ খেয়ে ঠোঁট ছটি ফাঁক হ'য়ে গিয়েছিল তার। ছ'চোখে ভীতা হরিণীর দৃষ্টি। মুহুর্জমাত্র। তারপরই ছুটে অন্দরের দরজা গলিয়ে পালিয়ে গিয়েছিল সে। অপরিচিত মেহ্মানের জিজ্ঞান্তের উত্তর দেবার জ্বন্থে পাঠিয়ে দিয়েছিল বাঁদীকে।

মনের পর্দায় যে তসবীর ওঠবার তা এক লহমাতেই ওঠে।
ইশাকের মনেও আমিনা রেখে গিয়েছে এক অক্ষয় ছাপ। তারই
জন্মে সে চায় উন্নত আসন, শের খাঁর সাহায্য। অন্তথায় আক্রাস খাঁর ক্সাকে নিজের ঘরে নিয়ে আসা। কোনদিনই সম্ভব হবে না।

সেই আমিনার জন্মেই সে ছুটে এসেছিল এতদূর। এখন তারই অমফল আশকায় বৃক্থানি কেঁপে ওঠে তাঁর। যদি অঘটন কিছু ঘটিয়ে বসে দম্যাদল! যদি তারা লুটের মালের সঙ্গে আমিনাকেও নিয়ে গিয়ে তাদের ঘরে ভোলে!

রাশটানা বল্লায় আবার ছুটবার ইসারা পড়ে। কোনরকমে বৃক্ষকাণ্ডের সঙ্গে সংঘর্ষিত হওয়া থেকে ঘোড়াটাকে বাঁচিয়ে নিয়ে চলে ইশাক। কিছুদ্র যেতেই মেলে একথণ্ড ফাঁকা জমি। তার ওপরে এসে কয়েক মৃহুর্ত্তের জন্মে স্থির হ'য়ে দাঁডিয়ে যায় সে। আন্দান্ধ করতে চেষ্টা করে কোন নিক থেকে েস এসেছিল কোলাহলের শব্দ। তারপর তীরবেগে সেই মাঠথণ্ড পার হয়ে যায়। গিয়ে আবার প্রবেশ করে সে সেই অটবীরাজ্যে। কিন্তু এবারে আর আন্দান্ধে পথচলা নয়। স্থির নিদিপ্ত গতি। দেখতে দেখতে আরও কাছে গিয়েঁ পড়ে ইশাক। কিন্তু কেমন নিল্ডক হয়ে গেল যেন সব। সন্দেহ হয় ইশাকের। এই চীৎকার আর থেমে যাওয়া আততায়ীর কোন কৌশল নয়ত' ় বিপদগ্রস্থের আর্ডর তৃলে হয়ত' তাদের ফাঁদে ফেলতে চায়। চিন্ত স্পড়ে ইশাক। যাবে, কি

যাবেনা। মনস্থির করতেই কিছু সময় কেটে যায়। ভারপর অকুস্থানে যাওয়াই স্থির করে সে একট্ এগুতেই দেখা মেলে একটি পথের।

মির্জাপুর আর চুণারের একমাত্র যোজকপথ। সবেগে এগিয়ে যায় ইশাক। চীৎকার ক'রে ওঠে, "হুঁ সিয়ার!"

লাফিয়ে নেমে পড়ে ইশাক। স্পান্ত দেখা যায় না কিছু। ফেলে যাওয়া কয়টি মশাল ইতস্ততঃ পড়ে পড়ে জ্বলছে। আততায়ীদের কারও দেখা নেই। ছুটে গিয়ে একটি মশাল তুলে নেয় সে। তেজ বাড়ে মশালের। সেটিকে হাতে নিয়ে ঘুরে ঘুরে ক্ষুত্র রণাঙ্গনটি দেখতে থাকে। খণ্ডিত-হাত একটি মানুষ পড়ে পড়ে কাতরাচ্ছে। রক্তক্ষরণে স্তিমিত প্রাণশক্তি। হয়ত আর বেশীক্ষণ নয়। চেহারায় মনে হয় আততায়ীদেরই একজন। একটু দ্রে একজন সিপাহ্ পড়ে। বিগত প্রাণ সিপাহ্টিকে আব্বাস খাঁএর সঙ্গে কয়েকবারই দেখেছে ইশাক। তাহলে সে কোথায়ণ্ এদিক ওদিকে জ্বত দৃষ্টি নিক্ষেপ করে ইশাক। একজন আত্রায়ী, তরবারা দিয়ে একটি রক্ষের সঙ্গে গেঁথে রাখা হ'য়েছে। ঝুলে পড়েছে মাথা। আরও কয়েকজন পড়ে রয়েছে এদিকে ওদিকে। কারও দেহ আহত সাপ্রের মত্ত মুচড়ে মুচড়ে উঠছে। কেউ বা নিশ্চল।

"এ ঢাল কার ?" ইশাকের সঙ্গাদের ভেতরে একজন ওধার থেকে চীংকার করে উঠে।

চীৎকার শুনে ছুটে সেখানে গিয়ে দাঁড়ায় ইশাক। মশালের আলোয় ভাল করে ঢালটি দেখে। হাা, আব্বাস খাঁর ঢাল বলেই মনে হচ্ছে। কিন্তু মানুষটি কোথায় ? আর আমিনারাই বা কোথায় গেল ? এতক্ষণে যেন সমস্ত দিনের পরিশ্রমের ক্লান্তি এসে চেপে বদে তার সারাটা দেহ জুড়ে। বার্থতায় ভারাক্রান্ত মন। হঠাৎ কি এক আশায় উজ্জ্বল হয়ে ওঠে তার চোখহটি। ছুটে যায়

ছিন্ন-হাত সেই আতত্মীটির দিকে। সে হয়ত বলতে পারবে কিছু।
একটা কোনও নিশানা, যা অবলম্বন ক'রে ইশাক গিয়ে পৌছতে
পারবে আমিনার কাছে। কিন্তু নসাব তাকে সে সুযোগটুকুও
দেয়না। সমস্ত জিজ্ঞাসার বাইরে চলে গিয়েছে মানুষটি।

চরম ব্যর্থভার গ্লানিতে অবনত মস্তক ইশাক ফিরে আসে তার ঘোড়াটির কাছে। ক্লাস্ত দেহটিকে যেন তু'হাতের জোরে কোন রকমে টেনে তোলে জন্তুটির পিঠের ওপরে। শিক্ষিত জানোয়ার সামান্য ইসাবাতেই বৃঝে নেয় তাব গতিপথ। সওয়ারের বোঝা পিঠে নিয়ে ফিরে যেতে থাকে চুণাবের দিকে

ত্র, রণাঙ্গণটিই শুধু দেখে গিয়েছে ইশাক। জানতে পারেনি তার ইতিহাস। প্রয়োজনও বোধ করেনি ধোন। কেবলমাত্ত্র আমিনাকে না পাওযার ব্যথাটাই বেজেছিল তাব বুকে। হতাশ অন্তঃকরণে ফিরে গিয়েছিল আবার চুণারের দিকে।

তুর্গের মুখেই দেখা মীর আহ্মদের সঙ্গে। ব্যস্তভাবে চলেছে কোথায়। ইশাককে দেখেই থম্কে দাঁড়িয়ে যায়। ধমক দিয়ে ওঠে, "গিয়েছিলি কোথায় । জীবনে উঠতে হলে সেই সাধনাতেই লিপ্ত থাকতে হয়।"

আমিনার তসবারের ভাঙা শিসাটা তথনও বিঁশে রয়েছে মনে।
থচ্খচ্করে উঠছে জায়গাটা। তার ওপরে ভাইসাবের এই ভর্মনা
যেন আর সহা হয়শা ইশাকের তিয়াভরেই বলে ওঠে, "আমার
সাধনা তরোয়াল চালনার। প্রয়োজন হলে বল, পিছিয়ে যাবনা।"
বলেই হন্হন্করে হর্তের ভেতরে চলে যায়।

তার চলমান দেহখানির দিকে একদৃষ্টে তাকিয়ে থাকে মীর-

আহ্মদ। আপন মনে বলে ওঠে, "কি যেন হয়েছে ওর।" তারপর আবার হাঁটতে থাকে ব্যস্তভাবে।

ছর্মের ভেতরে ঢুকে আবার দাঁড়িয়ে যেতে হয় ইশাককে। এমন রোশনাই ইভিপূর্বে সে দেখেনি কোনদিন। ছর্গ-প্রাচীরের মাথায় সারিবদ্ধভাবে জালিয়ে দেওয়া হয়েছে মশাল। বিরাট একটি সামিয়ানা টাঙান হয়েছে চত্তরের মাঝখানে। তার চার কোণে ঝুলছে বেশ বড় আকারের চারটি বাতিদান। সামিয়ানার ঠিক মাঝখানে একটি। নীচে বিরাট গালিচা পাতা। পশ্চিম দিকের একাংশে রম্মইএর ব্যবস্থা হয়েছে। বাতাসে গোস্ত রম্মইএর গন্ধ। মনে মনে হাসে ইশাক। ভাইসাব নিজের আথেরের দরজাটা ভালভাবেই খুলবার ব্যবস্থা করেছে। তারপর ঘুরে চলে মালিকার মহলের দিকে।

নিজের ভবিশ্যৎ সম্বন্ধেই বোধহয় ভাবছিল মালিকা। ইশাক গিয়ে ঘরে ঢুকতে একটু নড়ে চড়ে বসে শুধু। কোনও কথা বলেনা।

"কিরে, ভয় হচ্ছে ?" সুসজ্জিত ঘরখানি ভালভাবে দেখতে দেখতে জিজ্ঞাসা করে ইশাক।

"ভয় নয়, ভাবনা। এখনও ঠিক বৃঝতে পারছি স্মা ভবিষ্যুৎ আমাকে কোন দিকে ঠেলে নিয়ে যাচ্ছে।" উত্তর দেয় মালিকা।

"ঠিক পথেই নিয়ে যাচ্ছে। নসীব খুলে গেল তোর। আমাদের ভূলে যাস্নে যেন।" রহস্ত করে ইশাক।

"তোমার মসকরা থামাও।" ধমকে ওঠে মালিকা।

"বেশ থামালাম। যা বলবি তুই, তাই এখন আমাদের কাছে হুকুম। সাদী কবে ?"

"कानिना।" याँकिया अर्ठ मानिका।

"যা খসবৃই বেরিয়েছে গোস্তের—"

"তুমি থামবে না !" সোজা টান হয়ে বসে মালিকা।

"থামছি। সত্যি, বল্না, কবে সাদী হবে <u>'</u>"

"সত্যিই তুমি জাননা ?" এবারে একটু আশ্চর্যই হয় মালিকা, জিজ্ঞাসা করে, "কোথায় ছিলে ?"

"মির্জাপুরের বনে।"

"কেন গ"

"আমিনাকে ফিরিয়ে আনতে।"

"সে কি মনের ছঃখে বনে গিয়েছে ? পেলে ?"

"না। দবীর খাঁর খোঁজ না পেলে তার খোঁজও পাওয়া যাবে না। সে দেখা যাবে পরে। সাদী কি কাল ?"

"ঠা। সাদী সাদী ক'বে অস্থির হচ্চ কেন ?"

"আমোদ আহ্লাদ করতে হবেত,' সেইজকো। চলি। থাঁ। সাহেবকে সন্তুষ্ট করবার চেষ্টা করিস্:"

অ: শুস ঘুরে দেখতে দেখতে ঘর ছেড়ে বেরিয়ে যায় ইশাক।

মালিকা চোখ বুঁজে তাব ঘূর্ণায়মান নসীবের চাকাটিকে একবার দেখবার চেন্না করে। ঠিক বুঝতে পারে না তার গতি এখন উদ্ধ্যামী না নিয়গামী! হঠাৎ উঠে দাঁড়ায় সে। নিজের একটি গুপু পেটিকা থেকে বের করে একটি চাবি। ঘুরিয়ে ফিরিয়ে সেটাকে দেখতে থাকে। কালো মত একটা ছোট্ট দাগ। দাগটির দিকে স্থির দৃষ্টিতে তাকিয়ে থাকে মালিকা। তার প্রথম শওহরের ক্রন্ত। দরজার মুখটিতেই পড়েছিল তার দেহ। সে নিজেও আহত করং রক্তক্ষরণে যথেষ্ট হ্র্বল। কিন্তু ভবিষ্যতের চাবিকাঠি নিজের দখলে রাখতে একটুও ভুল হয়নি তার। তাজ খাঁকে হাঘাত করবার সঙ্গে সঙ্গে কেমন অসাড় হয়ে গৈয়েছিল দবীর। সমস্ত দেহের মধ্যে তার ছটি বিক্ষারিত চোথ শুধু প্রাণের পরিচয় দিচ্ছিল। তারপরই সে ছুটে পালিয়ে গিয়েছিল দেখান থেকে। আর কালমানে বিলম্ব না ক'রে সেই সুযোগের সদ্ব্যবহার করেছিল মালিকা। নিজের আঘাতকে

সম্পূর্ণ অবহেলা করে ছুটে গিয়ে বসেছিল সে তাজ খাঁর স্থির নিজম্প দেহটির পাশে। রক্তে যেন ভাসছে সে দেহ। দেখে মাথাটি কেমন ঘুরে উঠেছিল তার। কিন্তু সে মুহূর্ত্ত কয়েকের জল্যে। তারপরই স্থিরিকৃত মনে তাজ খাঁর কটিবন্ধ থেকে খুলে নিয়েছিল এই চাবি। নিয়ে এসে রেখে দিয়েছিল তার গুপু পেটিক।য়। সেই চাবিটিই আজ এই প্রথমবার বের করে দেখে সে। তার ভাগ্য নিয়ন্ত্রণের একমাত্র হাতিয়ার।

অনক্যদৃষ্টি হ'য়ে সেই পদার্থটির দিকে তাকিয়েছিল সে। এমন সময় ঘরের ভেতরে কার পদশব্দ শোনা যেতে ফিরে তাকায়। দেখে মীর দাদ ঢুকেছে ঘরে। তাড়াতাড়ি চাবিটা আবার পেটিকায় রেখে দিয়ে এগিয়ে যায় মীর দাদের দিকে।

"একজ্বন মুন্সীকে ডেকে আনতো," বলে সে। "কেন<sub>়"</sub>

"একটা চিঠি লিখতে হবে।"

বেরিয়ে যায় মীর দাদ। ইত্যবসবে মালিকাও পেটিকাটি আবার শুপ্তস্থানে রেখে দেয়। ফিরে এসে বসে গির্দায় হেলান দিয়ে।

একট্ পরেই ফিরে আদে মার দাদ। সঙ্গে মুকার্ট কাগজ কলম হাতে।

"পত্র লেখ। খাঁ সাহেবের কাছে। বয়ান লেখ, মাননীয় মেহ্মান্," বলে যেতে থাকে মালিকা আর লিখে যেতে থাকে মুলা, "খোদার মজিতেই নসীবের চাকা ঘোরে। আমি বদনসীব। তাই ভয় হয়, কেহ যদি আমাকে সাহায্য করিতে আসিয়া বিপাকে পড়ে সে হইবে আরও লক্ষার বিষয়। কিন্তু আওরং হইয়া কাহারও সাহায্য ছাড়া চলিবার কথা চিন্তা করিতেও ভয় হয়। আশমানে যে সব চিড়িয়া ওড়ে তাদেরও ভয় থাকে বাজের। ইন্শানের ভয় শের আর ভাল্লুর। তাই শেরএর ভেতরে

যে শাহ্ তার কাছেই আমি আশ্রয় চাই। যদি সে আশ্রয় পাই তাহা হইলে নিজেকে খুশনসীব বলিয়া ভাবিব।

কিন্তু তাহার পূর্বে একটি, গোস্তাকি মাফ হয়, একটি অনুরোধ আছে। সেটি হইতেছে এই যে ত্র্গের অধিকার সম্পূর্ণ আমার থাকিবে এবং আমার ভাইদের প্রতিষ্ঠার পথে সাহায্য করিতে হইবে। মহামান্য মেহ্মানের এই সামান্য জবানটুকু পাইলে নিজেকে কৃতার্থ জ্ঞান করিব। তসলিম রাখা হইল।"

চিঠি লেখা শেষ হ'তে তার নীচে নিজের মেহেদা বাঙান হাতের ছাপ দিয়ে দেয় মালিকা। মীর দাদের হাতে সেথানি তুলে দিয়ে বলে, 'খাঁ। সাহেবের হাতে দিয়ে তাঁর উত্তর নিয়ে আসবে।"

খৎ হাতে নেয় মীর দাদ। মুন্সীকে সঙ্গে নিয়ে বেরিয়ে যায় ঘর থেকে।

সারারাত ধরে কলমা পড়বার আর কিছু নেই। উত্তর চেয়েছিল মালিকা। আশার অতিরিক্ত উত্তরই পেয়েছে সে। তার
সর্ত্তের সঙ্গে আর একটু যোগ করে দিয়েছে শেব খাঁ। তুর্গের
অধিকর্ত্রীর সম্পত্তি ও সম্মান রক্ষণাবেক্ষণের দায়িছও নিয়েছে সে।
অত এব আবার একবার তৃল্হান্ সাজতে হয়েছে মালিকাকে।
বিবাহের মজলিস্ থেকে কাজা ইত্যাদি সাক্ষী পঞ্চজন রীতি-মাফিক
একবার গিয়েছে শের খাঁর কাছে। জিজ্ঞাসা করেছে সাসারামের
জায়গীরদার হাসানু খাঁ শৃরের পুত্ত ফরিদ খাঁ শ্র ওরফে শের খাঁ
তুর্কীদেশবাসী মীর বক্ষের কন্সা লড মালিকাকে নেকা করিবার জন্ম
এই এই যৌতুকে স্বীকৃত আছে কিনা। স্বীকৃতি লাভ করে তারা
আবার গিয়েছে লড মালিকার মহলে। সেখানেও অনুরূপ স্বীকৃতি

লাভের পর ফিরে এসেছে মঞ্চলিসে। দিয়েছে নওশার শের খাঁ ও ছলহান্ মালিকার স্বীকৃতিব বিবরণ। এবারে খোৎবা-এ-নেকা পাঠ করায় আব বাধা নেই। সেই সমস্বর প্রার্থনা শেষ হ'তেই মীব আহ্মদ আব ইশাক গিয়ে হাত ধরে নিয়ে এসেছে মালিকাকে। ওধার থেকে আনা হয়েছে শের খাঁকে। পর্দার আভালে একই আঈনাব বুকে ভাবা দেখেছে পরস্পারেব মুখ। ভাবপর নওশাব সঙ্গে ফিরে এসেছে মালিকা নিজের মহলে।

এন্দ্রণ পর্যস্ত যেন একটা সম্মোহিতের ভাব আড়েষ্ট করে বেখেছিল মালিকাকে। এক জীবন থেকে আর এক জীবনে যাওয়াব প্রস্তুতি নিভেই ব্যস্ত মন। যা বলেছে মৌলানা, মৌলভী আর কাজীব দল, তাই করে চলেছে। একাস্ত অনুগ্রেন্থ মত।

বাত শেষ হ'তে তখনও কিছু বাকী। নিজের মহলে এসে একটু স্বস্তিব নিঃশাস ফেলে বাঁচে মালিকা। সহজ হওযাব চেলা করে। হাসি হাসি মুখে বিদায দেয় সঙ্গীদেব। তারপর ফিবে লাকায় শের খাঁব দিকে। পূর্ণ স্বচ্ছ সে দৃষ্টিতে যেমন লোহ নেই তেমনি কোন কচতাও নেই। শাস্ত অথচ গভীর অন্তসন্ধানা। মান্ত্র্যার ওমর তাজ খাঁএর চাইতে বেশীই হবে। কিন্তু শক্তিক ফুরণ লক্ষ্য কবা যায়। মেদের আভিশ্যা নেই। স্থযোগ সন্ধানী বলেই মনে হয়। প্রশ্ব জাগে মালিকাব মনে—যদি সে খ্যোগ আসে লাহ'লে পাববে কি এই মানুষ্টি আরও ওপবে উঠতে গ যেগানে দাঁডিয়ে দ্বীরকে অনেক নীচেব মানুষ্ব বলে মনে হবে। দ্বীবেব কথা মনে পড়তেই ছট্ ফটিয়ে ওঠে মালিকা। প্রতিহিংসার জালায়। উঠতেই হবে তাকে। তা সে যে মুলোই হ'ক।

"কি দেখছ '" ন্তন সুহাগনের স'ক প্রথম কথা বলে শেব খা। "আপনাকে।" একটু এগিয়ে আসে মালিকা, "ভাবছি আপনি আরও কত বড় হতে পাবেন।" "<mark>ংয়ত' পারি। কিন্তু তার জন্মে প্রচুর অর্থের প্রয়োজন।"</mark>

"যদি সে প্রয়োজন মেটে?" আরও এগিয়ে আসে মালিকা। উত্তেজনায় তীক্ষ হ'য়ে উঠেছে তার চোখ হটি। স্থিব দৃষ্টি নিবদ্ধ শের খাঁর মুখের ওপরেঁ।

"তাহ'লে একবার চেষ্টা করে দেখা যায়—' বলেই থেমে যায় শের খাঁ। নহলী বেগমের মুখের দিকে তাকিয়ে থাকে।

"কি, বললেন না ?" মেঝের ওপরে ইাটু গেড়ে বসে পড়ে মালিকা। উন্মুখ দৃষ্টি স্থাপিত তার নতুন শওহরেব মুখের ওপর। তারপরই হঠাৎ 'বুঝেছি' বলে ছুটে যায় সে পাশের ঘরে। আবার একটু পরেই ফিরে আসে স্থন্দর কাজ করা একটি কাঠের পেটিকা নিয়ে। তুলে দেয় সেটা শের খাঁর হাতে।

"হণমাব প্রচুর গহনা আছে এর ভেতবে। আপনাব কান্তে লাগবে।"

সেটি খুলে একবার দেখেও না শের খাঁ। পেটরা হাতে দাঁড়িয়ে থাকা এই নহলী বেগমের মুখের দিকে লাকিয়ে ভাবতে থাকে—এই আওরংটিই বৃঝি তার জীল্গীর শুভ তারা। তার খোয়াবকে সত্যে পরিণত করতে এসেছে। একহাতে পেটিকাটি নিয়ে আর একহাতে মালিকার কণ্ঠ জড়িয়ে ধরে সে। টেনে নেয় কাছে। নিজের সীনার ওপরে। তার গোলাপ-রাঙা গালের ওপরে শাশ্রুমঙি আপন গগুটি ঘষতে ঘষতে বলে, "তুমি আমাকে সাহায্য কর, আমি ওপরে উঠব, অনেক ওপরে।"

"আমার অনেকু আছে," ফিস্ ফিস্ ক'রে বলে মালিকা, "আপনি চেষ্টা করুন। আমি সব আপনাকে দেব, সব। শুধু আপনাকে এ বাদশাহী তক্তে দেখতে চাই।"

মির্জা মন্ত্র আশ্রয় দিয়েছিল দবীরদের। স্বার্থ ছিল না দেখানে। ছিল দবীরের প্রতি স্নেহের টান আর আব্বাস খাঁর প্রতি বন্ধুপ্রীতি। তবুও দেখানে পূর্ণ আরোগ্যলাভের সময় পর্যস্ত থাকতে সাহস হয়নি কারও। খবর পেয়েছে তারা, শের খাঁ নেকা করেছে তাজ খাঁএর বেওয়া লড মালিকাকে। অতএব মির্জাপুর আর নিরাপদ নয় তাদের কাছে। তাই সেন্থান ত্যাগ করে আবার এগিয়ে যেতে হয় তাদের। তু'দিন পরে যখন এলাহাবাদে এসে পৌছুল তারা তখন কথা কইবার সামর্থটুকুও বৃঝি হারিয়ে ফেলেছে সকলে।

চক থেকে বেশী দূরে নয় স্থলতান আলমের গৃহ। খবর পেয়ে ছুটে আসে সে। অতিথিদের বাড়ীর ভেতরে নিয়ে যাওয়ার বাবস্থা করে। তাদের বিশ্রাম, আহার্য ইত্যাদির ব্যবস্থা করে শেষে খবব পাঠায় হেকিনের কাছে। তারপর একসময় এসে বসে দবীরের পাশে। তার মাথায় হাত বুলিয়ে দিতে থাকে দবীর বোঝে একটা কিছু বলতে এসেছে স্থলতান আলম। প্রসঙ্গটা যে কি হ'তে পারে তাও কিছুটা আন্দান্ধ করে সে। তাই সেই না বলা কথাকে এড়িয়ে যাবার জন্যে নিজেই অহা প্রসঙ্গ ট্রেনে আনে, "আপনার ব্যবসা কি রকম চলছে গ"

"ভাল।" এক কথায় সেরে দেয় সালম সাহেব।

দবীরও ছাড়বে না সহজে। আবার বলে, "দিল্লাতে আর একটা দোকান করলে পারতেন।"

"দেখাশোনা করবে কে ?" ঠিক রাস্তা পেয়ে যায় আলম সাহেব। বলতে থাকে, "ছেলেত' নেই, আছে কয়টি মেয়ে। ভবেছিলাম বড়টিব সঙ্গে তোমার সাদী দিয়ে তোমাকেই বসাব দিল্লীতে একটি দোকান ক'রে দিয়ে। তা তৃমি একি করে বসলে দবীর ? তক্তটা কি এতই বড় ?"

কি উত্তর এর দেবে দবীর ? নিজের মনকে প্রাণ্ম করেছে

হাজারবার। বলতে গিয়েছে কতজনকে। কিন্তু না পেয়েছে নিজের মনের কাছ থেকে কোন সতত্ত্বর, না পেরেছে কাউকে বলতে। নিজের জালা নিজেই এইন করে এসেছে দিনের পর দিন।

"এখন একথা শোনবার পর মেয়ে আর তোমাকে সাদী করতে রাজা নয়।" কথা শেষ করে আলম সাহেব।

এ একবকম ভালই হয়েছে, মনে মনে ভাবে দবীর। নিজের থেকে এ কথা কয়টি নলতে গেলে বড় বঢ় শোনাত।

কিল্ল এরপর আব এ গৃহে গ্রবস্থান স্মীটান নয়। সেই কথাটিই একটু ঘূবিয়ে বলে, "আমাদেব ঘদি একটা মোকামের ব্যবস্থা কবে দেন—"

"চেন, এথানে কি খুব অস্তবিধে হচ্ছে ভোমার ?" "্ৰহা

"তবে ? অত সহজে যা ভয়। চলবেন, ' খাও দাও থাক, সুস্থ হ'য়ে নাও, তারপব যা ওয়াব পদা উসবে। আমি যাই, গদিতে শুধু কর্মচারীবা ছে " যেমন এসেছিল তেমনি ব্যস্তভাবে চলে যায় আলম সাসেব।

নিজেকে একলা শেষে চিন্তার অতলে তলিয়ে যায় দবীর।
অতাত, বর্তমান, ভবিষ্যুৎ তিনটি কলা যেন জড়াজজি করে রয়েছে।
আতাতের সম্বন্ধ ধবেই একেছে বর্তমানের আলম সাবে বর কাছে।
আব ভবিষ্যুতের জন্তেও উবেই সাহায্য প্রয়োজন আব একজন
পাবে সাহায্য বরতে। আব্বাস খাঁ। কিন্তু কেমন আছেন তিনি,
কোখায় আছেন, তাও জানা নেই তাব। একবার খোঁজ নিতে হয়!
উসতে যায় দবীব। বাহাতে দেহের ভার সাইছেনা। ডানদিকে
ফিরতে হয় তাকে। গ্যা, এবারে ডান হাতে ভব দিয়ে বেশ ওঠা
যাচেছ। কিন্তু সম্পূর্ণ উসতেও পারেনা সে। তার পূর্বেই বাগা পড়ে।

"অন্তস্ত দেহ নিয়ে কোথায় যাবে ·

ত্ব'থানি নরম হাতের চাপ দিয়ে দবীরকে আবার শুইয়ে দেয় আমিনা। দবীবের পাশ ফিববার মুহুর্ত্তেই এসে ঘরে ঢুকেছে সে।

"যাচ্ছিলাম ভোমার আকাজানের কাছে। কেমন সাছেন তিনি <del>গ</del>'

"একই রকম।" মুখখানির ওপরে বাথার ছাপ পড়ে আমিনার। "আমার জন্মেই তাঁর আজ এই ছুদ্দশা।"

"তাঁর স্ত্রী এবং কন্সাও পড়েছিল দম্যদের কবলে। বাফে কথা ছাড়। এবারে আমাকে তোমার সব কথা বল। আমার মনে হচ্ছে আমি যেন একটা বিরাট ভুল করেছিলাম।"

"বলব আমিনা। কিন্তু এখন নয়। এখন তৃমি যাও। কেউ হয়ত' এসে পড়তে পাঝে।"

"কবে বলবে গ"

"मिल्ली शिर्य।"

"पिद्यो ?'

"সেখানে আমাকে যেতেই হবে। বাদশাহ্ জমায়ুনেব ফৌজে যোগ দিয়ে চুণার উদ্ধার আমাকে করভেত হবে।"

"তার চাইতে বড় আনন্দ আর আমার কিছুতেই হবেনা। সতিা, চুণারকে আমি বড়ড ভালবেনে ফেলেছি। ঘুমোও।"

দবীরের মাথাটা সম্লেচে একটু ঝাকিয়ে দিয়ে ঘর ভেডে বেথিয়ে যায় আমিনা।

দবীর সেরে ওঠে একপক্ষ কালের ভেতরেই। কিন্তু আববাস খাঁএবং সিপাহ্রা তথনও শ্যাগত। স্লতান আলম পূর্বের মতই অতিথিদের পরিচর্যা করে চলেছে। দেখে লজ্জা হয় দবীরের। আশীয় তার আরও অনেকেই আছে কিন্তু এমন ভাবে আশ্রয় আর কেউই বোধহয় দেবেনা। ভাবতে ভাবতে আক্রাস খাঁর ঘরে গিয়ে ঢোকে সে। ওকে দেখে ইসারায় কাছে ডাকে সিপাহ্শালার। কাছে গিয়ে দাঁড়াতে যতটা সম্ভব নীচু গলায় বলে, "তুমি দিল্লী চলে যাও দবীর।"

"কেন ?"

"এথানে আমরা বোধহয় খুব নিরাপদ নই।" "কেন, স্বলতান আলম কি—''

"না, তিনি নন, ইশাক! এই বাডারই একজন নোকরের কাছে সে অনেক কিছু জিজ্ঞাসাবাদ করেছে। চুণারের খবর রাথ কিছু ?" "শুনেছি মালিকা বেগমের সঙ্গে নেকা হয়েছে শের খাঁব।"

"সেন্ত' মির্ছাপুরে থাকন্টেই শুনেছি। আর গু''

'জানিনা।''

"চুণার মির্জাপুরের জায়গীর, গচ্ছিত ধনরত্ব সমস্ত কিছু পেয়েছে শের থা। সর্থশান্তিতে এখন সে প্রচুর শক্তিশালী। নতুন ক'রে সাজাচ্ছে তার ফৌজকে। কয়েক সহস্র নতুন সিপাহ্ নিয়েছে। ফজর থেকে প্রায় তৃপুর পর্যন্ত নিজে দাঁড়িয়ে থেকে তাদের তালিম দেওয়ায।"

"তাব সঙ্গে আমাদের—"

"বলছি। মালিকাব অনুরোধ উপেক্ষা কববার ক্ষমতা নেই শের থার। তার ইচ্ছামতই মাব আহ্মদ আজ্ঞ শের ধাঁর দক্ষিণ হস্ত, ইশাক আছে চুণারে শের খাঁর দিতীয় পুত্র জালাল খানের নায়েনে-সিপাহ শালার হ'য়ে আর মীর দাদ আছে খা সাহেবের গুতীয় পুত্র কৃতব খা নর অধীনে।" বলেই একট থেমে যায় আববাস খাঁ, কি যেন চিন্তা করতে করতে বলে, "এই ইশাক চায় আমিনাকে। সেই জন্মেই সে আছে চুণাবে। কিন্তু খান পর্যস্ত যে সে আসতে পারে, তা আমি ভাবতেও পারিনি। যাইহ'ক, তুমি কি করবে এখন বল ?"

"আপনি যা বলবেন।"

"তাহ'লে দিল্লী যাওয়ারই ব্যবস্থা কর। আমি আজম আলি সাহেবকে পত্র লিখে দিচ্ছি। কোনরকম অস্তবিধায় পড়তে *হবেনা* তোমাকে।"

"আর," কি একটা কথা বলতে গিয়েও থেমে যায় দবীর, একটু ঘুরিয়ে নিয়ে জিজ্ঞাসা করে, "আপনারা ?"

এইটুকু জিজ্ঞাসা করতেই রক্তিম হয়ে উঠেছে তার মুখ। লক্ষা করে আব্বাস খাঁ। সৃক্ষ একটি হাসির রেখা ফুটে ওঠে তার মুখে। সেটাকে লুকিয়ে ফেলে বলে, "আমিনার নেকা না হওয়া প্রহুত্থ আমি যাই কি করে বল ?"

"আমি ভেবেছি যমুনার ওপারে আম্মাকে নিয়ে থাকব। চাষ আবাদ করে হু'জনের দিন কোন রকমে চলে যাবে।'

কথা শুনে হো হো করে হেসে ওঠে আব্বাস খা আর ঠিক সেই সময় হাসির বাতাসকে এক ঝাপ্টায় দূরে সরিয়ে ুদিয়ে ঝডে। বাতাসের মত ঘরে ঢোকে স্বল্ভান আল্ম।

"ভীষণ বিপদ খাঁ সাহেব।"

"আপনার আবার বিপদ কিসের ?" নিশ্চিন্থ মনেই ভিজ্ঞাস। করে আকাস খাঁ।

"আমার নয়, আপনাদের," ইাফাতে ইাফাতে বলে ওলভান আলম, "এবং আপনাদের সঙ্গে জড়িয়ে আমার।"

"কি রকম ?"

"এখানকার সিকদারকে ঘুষ দিয়ে বশ করেছে একজন। সে নাকি তার দলবল নিয়ে আজ রাত্রে আমার বাড়ীতে চড়াও হবে।"

"আপনি জানলেন কি ক'রে ?"

"আমার কাছ থেকে যারা মাঝে মাঝে সেলামি নেয়, আমার বিপদের সময় এ গোপন খবর তারাই দেয়। এখন কি করবেন ?" বলে আবার নিজেই যুক্তি দেয় স্থলতান আলম, "আমি বলি কি, আপনারা এখনি দিল্লীর দিকে রওনা হয়ে যান। তবে ওদের চোখ এড়াবার জন্যে নৌকোয় যেতে হবে। আগ্রা অবধি গিয়ে পৌছুতে পারলেই নিশ্চিস্ত। কি বলেন ?" আব্বাস খাঁব নৃথের দিকে সাগ্রহে তাকিয়ে থাকে স্থলতান আলম।

"তাই করতে হবে অগত্যা।" চিন্তার অতল থেকে যেন উঠে আসে আব্বাস খা, "আপনি দয়া কবে একজন বিশ্বাসী মাঝির নৌকা ঠিক করে দিন। আমরা গুছিয়ে নিচ্ছি সব।"

"ভাহ'লে তাই করি।"

ঠনতা নালম বেবিয়ে যেতেই ছ'হাতের ওপরে ভব দিয় স্মাহত পাটিকে সোজা রেখেই উঠে বসবার চেষ্টা করে আব্বাস খাঁ। ভাড়াভাডি এগিয়ে গিয়ে ভাব পিঠে হ'ত দিয়ে সাহায্য করে দবীর।

"আমিনাকে খবর দাও দবীব, তাভাতাড়ি। একটা আঈনা আনতে বল।"

একেন অন্ত হুকুমের তাৎপর্য কি তা বুঝবার আর সময় পায় না দবীব আনবাস খাঁএর হাতের ধান। খেয়ে ডাড়াতা বিরিয়ে যায় ঘর থেকে। একজন বাদীতে দিয়ে আমিনাব কাছে - র পাঠিয়ে দেয়। তারপর ফিরে এসে আব্বাস খাঁর পাশে দাঁড়িয়ে তার আগমনের অপেক্ষা করতে থাকে।

একটু পরে এসে-ঘরে ঢোকে আমিনা। হাতে একটি আঈনা।
"এদিকে আয়," হাত বাড়িয়ে কন্তাকে কাছে টেনে নেয়
আব্বাস খাঁ, বলে, "আর সময় নেই আমিনা, সাস পাব কিনা ভাও
জানিনা। তাই ভোর নেকা আজ এখানেই দিয়ে যেতে চাই।
এদিকে এস দবীর।"

সরে আসে দবীব। দাঁড়ায় আববাস খাঁ আর আমিনাব মুখোমুখি হ'য়ে। এবাবে তাকে উদ্দেশ করে বলতে থাকে আব্বাস খাঁ, "শোন, তুমি, তাজ খাঁব বড়ছেলে দবার খাঁ আজ আমাব অর্থাৎ আববাস খাঁর কলা আমিনাকে নেকা করবার জলো তোমার জিন্দ্গী যৌতুক দিলে। কবুল "

"কবুল।" প্রায় সঙ্গে সঙ্গেই উত্তব দেয় দবীব।

অতঃপব ককাব দিকে ফিবে বলে আকাস খাঁ, "তুমি তাজ খাঁব বড়ছেলে নবীর খাঁকে নেকা কববাব জক্তে তোমার জিন্দ্ গী যৌতুক দিলে, কবুল • "

লজ্জায় মাথাটা ঝুলে পডে আমিনার। অফুট স্ববে জবাব দেয—
"কবল।"

"খোদা মেহেরবান্ তোমাদেব ভাল করুন।"

একটা বিরাট দায়িত্বের বোঝা নামিযে দেবার মত ঢানা
নি:শ্বাস ফেলে আববাস খাঁ। ছ'জনকেই বলে পাশাপাশি এসে
দাঁড়িয়ে আঈনার বুকে ছ'জনের মুখচ্ছবি দেখতে। নিজে মুখ
ফিরিয়ে বসে। প্রথমে দেখে আমিনা। তারপর দুবীর দেখবাব
ভত্তে একটু ঝুঁকে পডে। দেখে, আঈনার বুকে জেগে উচেছে
আমিনার জিব ভেঙচান বপ।

"যাক্, এতদিনে আমি নিশ্চিন্ত '' মুখ ঘুরিয়ে তাদের দিকে তাকায় অব্বাস খাঁ, দবীরকে বলে, "দবীর, তোমাব আম্মাজানকে বলে এস কথাটা। আর সব গুছিয়ে নাও। আলম সাহেব ফিবে এলেই বেরিয়ে পড়তে হবে আমাদেব।"

চারণ কবি হ'য়ে বাজস্থানের পথে পথে ফিবতে থাকেন ব্রহ্মচারা

কিন্তু ভাঙা হাট কিছুতেই যেন জ্বোড়া লাগতে চায়না। রাণা সঙ্গের পরাজয়ের সঙ্গে সঙ্গে সেখানকার গ্রামে গ্রামে আরম্ভ হ'য়েছিল সিপাহ্দের অত্যাচার। নেতার অভাবে সংঘবদ্ধ হ'য়ে সেই অত্যাচারের বিরুদ্ধে দাঁড়াতে আর সাহস পায়নি গ্রামবাসীরা। প্রাণের দায়ে, ভজাসনের মায়া ত্যাগ করে উদ্বাস্ত হ'য়েছে তারা। জ্রা-পুত্র কন্যার হাত ধরে কুমায়নের ভেতর দিয়ে গিয়ে আশ্রয় নিয়েছে পল্লায়। ভাবপর সেখান থেকে আরও এগিয়ে গিয়ে উপস্থিত হ'য়েছে নেপালের গোর্থা অঞ্চলে।

ব্রহ্মচারী দেখেছেন সেই সব পরিত্যক্ত গৃহ আর ভূমি, আব ব্বের ভেত্তবটা মৃচডে উঠেছে তার। পরদেশী কয়টি মায়ুষ, যাদেব সঙ্গে এখানকার মাটির কোনও সংযোগ নেই, তারা এসে জেঁকে বসল উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিমে। যেন বিবাট-বপু হাতীব নিম্প্রাণ দেহটী পডে বয়েছে, আব সিংহ থেকে শৃগাল অবধি মাংসলোভী প্রাণীর দল যে যেধার থেকে পেরেছে খুবলে থেয়েছে এবং খাচ্ছে। বিরাট আফশোষে চোখে ভল ওসে যায় ব্রহ্মচাবীর। আবার তথুনি শুকিয়ে যায় তা অম্বরের প্রতিজ্ঞার উত্তাপে। এগিয়ে চলতে থাকেন তিনি। যান আব খোঁজ কবেন কোথায় এখনও আশার প্রদাপটী জলছে, এখনও প্রাণের আগুন নিতে অক্সার হয়ে যায়নি।

ক্রমে রণথস্থোরের পাশ দিয়ে শিশে স্থমেল ত ম পৌছান তিনি। সেথান থেকেই শুনতে পান যোধপুব-রাজ মলদেও রাঠোবের বীরত্বের কথা। "হর হব মহাদেও," আশায় আনন্দে চীৎকার করে ওঠেন ব্রহ্মচাবা। ছুটে চলতে থাকেন যোধপুরের দিকে।

কিন্তু বিপত্তি ঘটে পথের ভেতরেই। সুমেল গ্রাম ছেড়ে কিছুটা যেতেই কোথা থেকে কয়টি লোক এসে ঘিরে ফেলে তাঁকে। তাদের দাবী ঘোড়'টি দিয়ে যেতে হবে তাদের। কেও. শুনে মনে মনে হাসেন ব্রহ্মচারী। এতচা পথ পাড়ি দিয়ে এলেন। মোলাকাৎও যে বিশেষ বিশেষ লোকের সঙ্গে ত্থেকবার না হ'য়েছে এমন নয়।
অন্ত্র পরীকাও দিতে হয়েছে ত্থেক জায়গায়। কিন্তু এমনভাবে
কেবলমাত্র বাহনটিকে কেউ দাবী করেনি। একটু চমংকৃতই হন
তিনি। আর সেইভাবেই জিজ্ঞাসা করেন, "কেবলমাত্র ঘোড়াটি
দিলেই হবে, না আমাকেও যোগ দিতে হবে তোমাদের সঙ্গে "

কথা শুনে হো-হো করে হেসে ওঠে লোক কয়টি। একজন একটু বিজেপ করে বলে, "তাজা ঘোড়ার ওপরে তুমি তো এক বুড়ো ঘোড়া বসে রয়েছ। তোমাকে দিয়ে আবার কি কাজ হবে ?"

"কাজ হবে কিনা একটু পরীক্ষা করে দেখ।"

কথার সঙ্গে একটানে কোষমুক্ত করে নেন তরোয়ালখানা।
শিক্ষিত ঘোড়াটিও হাতেব ইসারায় ডাক ছেড়ে শিস্-পা হ'য়ে ওঠে।
ঠন্ ঠন্ ক'রে বার ছই ধাতব শব্দ জাগবার পরেই দেখা যায় নিরস্ত একজনকে ঠেলে ফেলে দিয়ে একলাফে বৃহে ভেদ কবে বাইরে গিয়ে দাঁডিয়েছে ঘোডাটি।

হতভম্ব লোক কর্টী। মৃহুর্ত্তের ভেত্তবে কি যেন হ'য়ে গেল, ঠিক বৃঝতে পারা গেল না। ঘোড়াটী শিস্-পা হ'য়ে উঠতে একটু মাত্র সরে দাঁড়িয়েছিল তারা। আর সেই লহমা-মাত্র সমস্করের ভেত্তেই পরাক্ষয় ঘটে গেল তাদের! রাগে দিয়িদিক জ্ঞানশৃত্য হ'য়ে একয়োগে বিজ্ঞারীর দিকে ছুটে আসে তারা। ব্রহ্মচারীকেও যেন কৌড়কে পেয়ে বসেছে। অস্ত্রচালনা নয়, কেবলমাত্র অশ্বচালনাব কৌশলেই বিপর্যস্থ করে তুলতে থাকেন তাদের। এমন সময় দূবে কি যেন দেখে থম্কে দাঁড়িয়ে যায় লোক কয়টী। তারপরই ছুটতে থাকে। স্থমেল গ্রামের উত্তরের পাহাডটী তাদের লক্ষ্যস্ত্ল।

ঘটনার এমন হঠাৎ পরিবর্তন দেখে ব্রহ্মচারীও কিছু কম আশ্চর্য হন না। এদিক ওদিকে দেখতে থাকেন। স্পষ্ট কিছুই দেখা যায় না। শুধু মনে হয় চৈতালা-ঘূর্ণির মত ধূলোর একটা পিশু ঘুরতে ঘুরতে এগিয়ে আসছে এদিকে। স্থিরদৃষ্টিতে সেইদিকে তাকিয়ে থাকেন তিনি। একট পরেই মাটার ভেতর থেকে ফুঁড়ে ওঠে একটা মানুষেব মাথা। ক্রমে জেগে ওঠে তার দেহটা। সঙ্গে একটা আখমুগু। তার পিছনে আরও কয়েকজন। এতক্ষণে স্পষ্ট আফৃতি
লাভ করে তারা। বোঝা যায়, কয়েকজন অখারোহা ছুটে আসতে
আসতে নেমে পড়েছিল একটি খাদের ভেতরে। এখন সেখান
থেকেই উঠে আসছে। কিন্তু এরা কারা ? আর এদেব দেখে এমন
ভয় পেয়ে পালিয়েই বা গেল কেন তাঁর ঘোড়ার দাবীদার কয়টি ?
স্থিরদৃষ্টিতে ঐ অখারোহীদের দিকে তাকিয়ে অপেক্ষা করতে থাকেন
প্রশাচারী। ক্রমে কাছে এগিয়ে আসতে থাকে অখারোহী কয়জন।
এখন আর অস্পষ্ট নয়, বেশ স্পষ্টই দেখা যায় তাদের। সকলের
আগে আসছে যে তাকে বেশ মান্য গণ্য কেউ বলেই মনে হয়।
আব সকলে বোধহয় প।র্শ্বরে। আরও কাছে আসে তারা। ক্রমে

"মাপনাকে বিদেশী বলে মনে হচ্ছে।" দলটীর ভেতরে পদস্থ বলে যাকে মনে হয় তিনিই কথা বলেন, "এদিকে কোথায় যাবেন ?"

"রাণা মলদেও রাঠোরের কাছে।" উত্তর দেন ব্রহ্মচারী।

"ও৷ 'হাহ'লে আগ্তন আমাদেব সঙ্গে,"

আবাব এগিয়ে চলতে থাকে দলটি। ব্রহ্মচারী দই পদস্থ ব্যক্তিটির পাশে পাশে চলেন। নিঃশব্দে কিছুটা পথ অভিক্রেম বরবাব পর হঠাৎ জিজ্ঞাসা করেন ভিনি, "কয়টি লোক এসে আমার ঘোড়াটিকে দাবা কবেছিল কেন ?"

প্রশা শুনে পাশের মারুষটি একবার তাঁর ঘোড়াটির দিকে তাকান, তারপর সামনের দিকে মুখ ফিরিয়ে নিয়ে বলেন, "প্রথমতঃ আপনার এই আরবায় ঘোড়াটি লোভনীয়। দ্বিতীয়তঃ এবানে ঘোড়া খুব বেশি দামে বিকোয়। সেইজক্টেই বে!' হয়—" কথাটি অসমাপ্ত

রেখেই আবার ব্রহ্মচারার মুখের দিকে তাকান, কৌতুকের স্বরে জিজ্ঞাসা করেন, "পারল না নিতে ৷"

"না। একটু বিপর্যস্থ হ'ল শুধু।" ত্রহ্মচারীর গলার স্বরেও তরল ভাব।

"কি রকম ?"

"বৃহেস্ষ্টি করেছিল, কিন্তু এক মুহূর্ত্তও তা রক্ষা করতে পারেনি। তারপর শুধু অশ্বচালনার কায়দাতেই ওরা ছিট্কে পড়ছিল। অস্ত্রের ব্যবহার কবতে হয়নি "

কথা শুনে হো সে করে হেসে ওঠেন ব্রহ্মচারীর পাশের
মার্ষটি। কিন্তু সেদিকে তখন আর মন নেই ব্রহ্মচারার। প্রামের
পথ ধরে এগিয়ে চলেছেন তাঁরা। গ্রামাণ মার্ষ যে দেখছে এই
দলটি কি, প্রহ্মার নমস্কার জানাচ্ছে। বিশেষ করে তাদের দৃষ্টি এ
পদস্থ ব্যক্তিটির দিকে। কেন ? প্রশ্ন জেগেছে ব্রহ্মচারার মনে।
এই মার্ষটি কি রাণা মলদেও রাঠোরের প্রধান সেনাপতি ? অথবা
মন্ত্রী ?

"প্রয়োজনের কথা তাঁকে বলব।" উত্তব দেন ব্রহ্মচারা, "বর্তমানে আসচি দিল্লী থেকে। পালিয়ে।"

"পালিয়ে কেন ?"

"বাদশাহ্বাবরের হুকুমে অন্তরীণ ছিলাম।"

"তার আগে ?"

"চুণারে।"

"সবই ব্রকাম।" বলে একটু সময় চুপ করে থাকেন প্রশ্ন-কর্তা। তারপর সামনের দিকে তাকিয়ে ধীরে ধীরে বলেন, "রাণা সংগ্রাম সিংহের পরাজয়ের সঙ্গে সঙ্গে ভেঙ্গে চুরমার হ'য়ে গিয়েছে রাজপুতনার শক্তি। আর বোধহয় এক করা যাবে না তা।"

"হতাশ হ'লেও চলবে না," জোর দিয়ে বলে ওঠেন ব্রহ্মচারী, "বিদেশ থেকে এসে মাথার ওপরে চেপে বসে এক এক ক'রে অঙ্গ-প্রত্যঙ্গ ছিঁড়ে থাবে, এই কি আপনি চান ? মুসলমানদের কোন কর নেই, আর এদেশ যাদের তাদের কর দিতে হচ্ছে ঘরবাড়ী বিক্রী করে। জিজিয়া করের মত এক অপমানজনক করকেও আজ সহ্য করতে হচ্ছে আমাদের।"

"আপনি বড উত্তেজিত হ'য়েছেন।"

"হ'য়েছি।" গন্তীরভাবে বলেন ব্লাচারী, "তার কারণ আমি রাও গঙ্গান্তীর মত সিংহের পুত্র মলদেও রাঠোরের কাছ থেকে এ রকম কথা আশা করিনি।"

"হিসাব মিলিয়ে। সেনাপতি কি নস্ত্রী হ'লে স্ব-পরিচয় দিয়ে অভিবাদন নেবার জফে ব্যগ্র হয়ে পড়ত। কিন্তু যে জানে, তার সম্মানের আসন পাতা আছে সকলের অন্তরে, বাইরের ঐ লোক-দেখান অভিবাদনের জফে সে লালায়িত নয়।"

কথা শেষ করে মাথা হুইয়ে সম্মান জানান ব্রহ্মচাই।

তারপর আর কোন কথাই হয় না গুঞ্জনের ভেত্র নিঃশব্দে অতিক্রাস্ত হ'তে থাকে পথ। শিলা-শক্ত মাটির ওপরে ঘোড়ার পায়ের ক্ষুরের আঘাতে খটাখট্ শব্দ জাগতে থাকে।

ক্রমে পথ শেষ হ'য়ে আসে। যোধপুর রাজপ্রাসাদে প্রবেশের মুখে একবার মুখ তুলে ব্রহ্মারীর দিকে তাকান মলনেও রাঠোব। বলেন, "আজ বিশ্রাম নিন। কাল আপনার সঙ্গে কথা হবে। আপনার অশ্বপরিচালন কৌশলও দেখব।"

কথা শেষ ক'রে সঙ্গীদের নিয়ে এগিয়ে যান যোধপুর-রাজ। একজন মাত্র ব্রহ্মচারীর পাশে থেকে যায়। পথ দেখিয়ে অভিথি-শালায় নিয়ে যেতে হবে এই অভিথিকে।

নিরলস কর্মী শের খা। জীবনে উঠে দাঁড়াবার পথে আয়েশের কোন স্থান নেই এই তার একমাত্র মূল-মন্ত্র। ভোরের পাখী সাড়া দেবার আগেই ঘুম ভাঙে তার। নেওয়াজ সারে। তারপর আরম্ভ হয় তার কাজ। কোথায় গঠন আর কোথা কোথা সংস্থারের প্রয়োজন। এ পর্যন্ত কত সিপাহ্ এল। তাদের বাসস্থানেব ব্যবস্থা ঠিক হ'য়েছে কিনা। কাজের ব্যস্তভার ভেতর দিয়েই কখন ফজর হ'য়ে যায়। আর অপেক্ষা করা যায় না। আবার একবার নেওয়াজ সেরে নেয় শের খাঁ। তারপর নাস্তা সেরেই গিয়ে চেপে বসে ঘোড়ার পিঠে। ছুটে চলে বিদ্ধ্যাচল পর্বতমালাব পাদদেশ লক্ষ্য করে। সেথানকার বিস্তৃত ময়দানেই সিপাহ্দের কুচ্কাওয়াজের ব্যবস্থা হয়েছে।

সেদিনও তেমনি সিপাহ্দের শিক্ষাদান পর্যবৈক্ষণ করছিল শের খাঁ। এমন সময় একজন অখারোহা এসে থামে সেথানে। ঘোড়া থেকে নেমে এগিয়ে যায় শের খাঁএর দিকে। কুণিশ ক'রে বলে, "মামুদ লোদী আসছেন আপনার সঙ্গে দেথা করতে।"

খবরটা শুনে খুব খুশি হ'তে পারে না শের খাঁ। কিজ মনের সে ভাবকে চেপে রেখে বলে, "তাঁকে আমার তদলিম ভানিয়ে বলো যে মাননীয় মেহ্মানের পরিচর্যার কোনও ক্রটি হবে না। এবং চুণারের সৌভাগ্য যে তাঁব মত একজন সম্মানীয় লোক এখানে আসছেন।"

কথাট বলে আর দেখানে অপেক্ষা করে না শের খা। ফিরে

চলতে থাকে চ্ণারগড়ের দিকে। মাথার ভেতরে চিন্তার কুওলী।
নিজেকে সে এখনও যথেষ্ট শক্তিশালী মনে করে না। কিন্তু অক্যাক্ত
আফগান প্রধানদের ধারণা যে তাদের সঙ্গে যদি শের খাঁ আর মামুদ
লোদী হাত মিলিয়ে দাঁড়ায় তাহ'লে হুমায়ুনের ক্ষমতাও হবে না সেই
সম্মিলিত শক্তির সামনে দাঁড়াবার। আর সেই ধারণার ওপরে নির্ভর
করেই মামুদ লোদীকে তারা আমন্ত্রণ জ্ঞানিয়েছে। শের খাঁ তার
অমত জ্ঞানানো সংস্কেও। এখন মামুদ লোদীও বোধহয় সেই একই
প্রস্তাব নিয়ে আসছে। কি উত্তর সে দেবে ?

ভাবতে ভাবতেই ফুরিয়ে যায় বাস্তাট্কু। তবুও ভাবনা তার শেষ হয় না। চিস্তা-ভারাক্রান্ত মাথাটি পড়েছে মুয়ে। পৃষ্ঠদেশের ওপরে আবদ্ধ ছটি হাত। গিয়ে উপস্থিত হয় সে মালিকার ঘরে।

"এত চিস্তিত যে জনাব ?" তাড়াতাড়ি এগিয়ে আসে মালিকা। "হুঁ।" কেবলমাত্র একটি শব্দ বের হয় অক্সমনস্ক শের খাঁর গলা থেকে।

"অত ছোট উত্তরেই যদি সব বুঝব তাহ'লে আর এই বোরখা পরবার জাত হ'য়ে জন্মাব কেন ?"

মালিকার রহস্য-তরল গলা শুনে তার মুখের দিকে তাকায় শেব খা।

"বললে বুঝবে গ" একটু কঠিন ভাবেই জিজ্ঞাসা করে গিয়ে বসে পড়ে শের খাঁ।

"চেষ্টা করতে পারি।"

"আফগান প্রধানরা—"

"মামূদ লোদীকে আমন্ত্রণ জানিয়েছেন। এখন তারা আপনাকে যোগ দিতে বলছে।"

নিজের কথার শেশংশটুকু এই নয়া বেগমটির মুথ থেকে শুনে এক মুহূর্ত্তে সোজা হয়ে বসে শের খা। চোথ ছটি হ'য়ে উঠেছে তীক্ষ্ণ, অনুসন্ধানী এবং কুতৃহলীও।

"তারপর ?"

"ভারপর আপনি জানেন। আপনার শক্তি বুঝে আপনি কাজ করবেন। আমার সেখানে কথা বলা ধৃষ্টভা। ভবে মাঝে মাঝে পরীক্ষা না করলে ঠিক বোঝা যায় না কভটুকু শক্তি বাড়ল।"

যতক্ষণ কথা বলছিল মালিকা ততক্ষণ তার মুখের দিকে 'হা' করে তাকিয়েই ছিল শের খা। নিজের অস্তর দিয়ে উপলব্ধি করে যে এই আওরংটি কেবলমাত্র তার বেগম নয়, তার শক্তি, তার চিস্তার অংশীদার।

"কিন্তু যদি পরাজয় ঘটে তাহ'লে যে তোমাকে পালাতে হবে এখান থেকে ?" উপায় ছেড়ে এবারে অপায়ের চিন্তায় আসে শের শা।

"পালাব। আপনি যেখানে যাবেন সেইখানেইতো আনার ঘর।"

নিজের মনখানিকে যেন উজাড় করে মেলে ধরে মালিকা।
"কষ্ট হবে না '়"

এতক্ষণে গন্তীর হ'য়ে যায় মালিকা। জ্বালা করে উঠেছে বৃঝি আহত স্থানটি। মনটিও তার জ্বলে উঠেছে। স্বরেও প্রকাশ পায় দাঢ্যভাব। বলে ওঠে, "দৈহিক কইকে আমি কট বলেই মনে করি না। আমার কট মনে। দবীরকে আমার চাই-ই। তার প্রাপ্য শাস্তি তাকে দিতেই হবে। কিন্তু আপনি দিল্লার সিংহাসনে না বসলে তাকে পাওয়া সন্তব নয়।"

কথা শুনে হো হো করে গেদে ওঠে শের খাঁ। হাসতে হাসতেই বলে, "আমার হ'য়েছে ভাল। জোমার ভাই ইশাক চুণাব ছেড়ে অস্তা কোথাও যেতে চায় না। সে নাকি একটি মেয়েকে খুঁজছে। আর তুমি খুঁজছ একটি ছেলেকে। এবারে তা'হলে আমাকেও থু জাতে হয়।"

"খুঁজুন। যেখানে যত আফগান আছে, খুঁজে নিয়ে এসে কাজ দিন আপনার এখানে। তাতেও হবে না। আপনার দেশ পেশোয়ার থেকেও আনতে হবে।"

"তারপর "।" সকৌতুকে জিজ্ঞাসা করে শের খাঁ।

"তারপর শুধু অধিকার আর সম্পদ বাড়ান—" নিজের স্থিরিকৃত মনের অকপট গাস্তীর্যের সঙ্গে কথাগুলি বলতে গিয়ে চোখ পড়ে শেব খাঁব কৌতৃকে ভরা মুখখানির দিকে। সঙ্গে সঙ্গে ঝাঁকি মেরে বলে ওঠে সে, "যান, আপনি কেবল রহস্য কর্ছেন আমার সঙ্গে।"

তার চিবৃক ধরে নেড়ে দিয়ে খুশি খুশি মৃশ্য বলে ওঠে শের খাঁ,
"সে দৃষ্টি আমারও আছে বেগম। আর আফগানরাও এসে
পৌচছে। আগে দেখি মামুদ লোদী কি বলেন, তারপর আক্রমণ
করব—সুরাজগড়।"

"মুরাজগড় ?' চম্কে ওঠে মালিকা নলে, "কিন্তু বাংলার প্রলতান মামুদ শা খুব শক্তিশালী শুনেছি ?'

"শের খাঁও শক্তি নিয়েই যাবে।" উত্তর দেয় শের খাঁ। তারপরই ব্যস্তভাবে বেরিয়ে যায় মালিকার মহল থেকে। মহ্মান্ মামুদ লোদীর থাকবার ব্যবস্থা কবতে হবে।

প্রথম সাক্রমণে সোজাট হাতে এসে যেতে আশার এদীপটা সম্ভাবনায় উজ্জ্বল হ'য়ে এঠে। না, বাজে কথা বলেননি ব্রহ্মচারী। শক্তির অপচয়ও করেননি। তাঁরই উপদেশ মত যে দিংখা আক্রমণের ব্যবস্থা করা হ'য়েছিল, তার সাননে পুরো একটি দিনও দাড়াতে পারেনি সোজাটের সৈহাবাহিনী। ফলে রাজ্যের সঙ্গে প্রচুর ধনসম্পদও এসেছে হাতে। সৈক্যবাহিনীতে নতুন লোকও নেওয়া হয়েছে অনেক। বিরাট ময়দানের বুকে সমবেত হ'য়েছে তারা। দলে দলে বিভক্ত। চলেছে শিক্ষাদান। পর্যবেক্ষণ করে চলেছেন মলদেও রাঠোর। সঙ্গে ব্রহ্মচারী। তীক্ষদৃষ্টি তাঁর প্রতিটি শিক্ষানবীশের মুখের ওপর দিয়ে ঘুরে আসছে।

"সৈতা সংখ্যা আরও বাড়াতে হবে মহারাজ।" অক্সদিকে তাকিয়েই মহারাজকে বলেন একাচারা।

"আরও ণৃ'' একটু ইতস্ততঃ কবে বলেন মলদেও।

একদিকে আফগান মার একদিকে মোগল। ঐ তৃই শক্তি যদি একযোগে আক্রমণ করে তাহ'লে তার ঢেউএই ভেসে যাবে আপনাধ এই ক্ষুদ্র বল।"

"তাহলে এবার নাগৌব অধিকার করতে হয়।"

"কেবলমাত্র নাগৌর নিলেই হবে না। একদিকে চাই যেমন শক্তিবৃদ্ধি অপরদিকে তেমনি ধীরে ধীরে এগিয়ে যেতে হবে দিল্লীব দিকে।"

ব্রহ্মচারীর মত অ॰ সহজে অতদ্র পর্যন্ত দৃষ্টি দিটে পাবেন না মলদেও। রাণা সংগ্রাম সিংহের মত তুর্দান্ত সিংহ যেখানে আহত হ'য়ে সরে গিয়েছিলেন যুদ্ধক্ষেত্র থেকে, সেখানে সেই মোগলবাহিনীব সঙ্গে যুদ্ধ করে দিল্লী জয় কববাব অপ্রথানি দেণতেও সাহস হয় না ভার। সন্দেহ ভরা গলায় বলে ওঠেন, "পারবত' ''

"পারতেই হবে।" জোর দিয়ে বলে ওঠেন বলাচারী। "ফে ভূল ক'রে গিয়েছিল জয়টাদ, হয় তার সংশোধন কব , নযাদ' বৃকেব রক্ত দিয়ে প্রায়াশিচন্ত করে যাব তার।"

বলতে বলতে হঠাৎ এগিয়ে যান ব্রহ্মচারী। শিক্ষানবীশদের ভেতরে একজনের সামনে গিয়ে দাঁড়ান। ভীক্ষদৃষ্টিতে গাকিয়ে খাকেন নবনিযুক্ত এই সৈজাটির দিকে। সেই দৃষ্টিব সামনে কেমন কুঁকড়ে যায় সৈতাটি। মাথা নীচু ক'রে দাঁড়িয়ে থাকে।

"কি নাম ভারে !" হঠাৎ রাঢ়সরে জিজ্ঞাসা করেন ব্রহ্মচারা।

"হার –" থহমত গেয়ে হাড়াভাড়ি নামটি বলতে গিয়েই থেমে
যায় সৈতাটি। শুধ্রে নিয়ে বলে, "হরলাল।"

"বাড়ী কোথায় ? বাবার নাম কি ?"

উত্তব নেই। ব্রহ্মচারার দৃষ্টির প্রথরতায় রসশৃত্য মাটির মত ফ্যাকাসে দেখায় লোকটির মুখ। আর এক পা এগিয়ে যান ব্রহ্মচারী। খপ্ ক'রে চেপে ধরতে যান তাব হাত। ঠিক সেই মুহূর্ত্তে একলাফে কিছুনা এগিয়ে গিয়ে পড়ে লোকটি। তারপরই প্রাণভয়ে পলায়ণপর শশকের মত ভাব গতিতে ছুইতে থাকে। ঠিক এই বকমই একটা কিছু আন্দাজ করেছিলেন ব্রহ্মচারী। ছুটে গিয়ে নি.র েছেটিব শিসের ওপরে লাফিয়ে উঠে বসেন। শিক্ষিত জানোয়ার, সওয়াবের ইসারা পেয়েভীর বেগে ছুটতে থাকে।

নিবাক, নিশ্চন দাঁড়িযে তিলেন মলদেও রাঠোর। তাঁরই বাজধ্বের ভেতরে যে এবকন একটি গুরুত্ব ঘটনা ঘটতে পারে এ যেন তাঁর থপেরও অন্যোচর ছিল: ওদিকে ততক্ষণে আবার চালু হয়েছে শিক্ষাদানের কাজ। সেদিকে তাকিয়ে থাকতে থাকতে হঠাৎ চীৎকার ক'বে ওঠেন •িনি—"থামাও।"

মহাবাজের সেই বিকট টাংকারে থতমত থেনে থেমে যায় সকলে। ফিবে তাকায় তাঁব দিকে। এবারে মঙ্গদেও এগিয়ে যান। তুকুম করেন, "এদের প্রত্যেক ক্র মহাদেওজীর মন্দিরে নিয়ে যাও। প্রত্যেকে এরা মন্দির স্পর্শ করে শপথ করেনে, দেশের জন্যে প্রাণ দেবে তবু যুদ্ধক্ষেত্র ত্যাগ করবে না, রাজপুতনার মাটিতে অহিন্দুর আধিপত্য কোনাদনই মেনে নেবে না। এই শপথ যারা করবে ভারাই সৈন্যদলে যোগ দিতে পারবে।"

(मिनिकांत मन भिकानातिक का अप्ताप्त । नमरक नम शिरा

যেতে থাকে মহাদেওজ্ঞার মন্দিরের দিকে। মলদেও আর তাঁর পার্শ্বচর ক্রেকজন দাঁড়িয়ে সেইদৃশ্য দেখদে থাকেন। এমন সময় পলায়মান লোকটির হাত চেপে ধবে টানতে টানতে নিয়ে এসে দাড়ান ব্রহ্মচারী। প্রভূতক্ত অশ্বটি আসছে তাঁর পিছন পিছন।

"লোকটির নাম হারুণ। এসেছিল এখানকার সৈন্যদলে যোগ দিয়ে সমস্ত খবরাখবর নিতে।" বলেন ব্রহ্মচারী।

"কেন ?" खिछा সা করেন মলদেও।

"কেন এসেছিস্ বল ?" কড়া স্বরে হুকুম করেন ব্রহ্মচারী।

কিন্তু কোনও উত্তর দেয় না লোকটি। মাথা নীচু করে গুম মেরে দাঁড়িয়ে থাকে।

"এভাবে দাঁড়িয়ে থেকে কোনও লাভ হবে না।" ধনক দিয়ে ওঠেন ব্রহ্মচারী, "উত্তর আমরা ঠিকই বের করে নেব।"

এবারে মুখ ভূলে একবার তাকায় লোকটি। তারপরই আবাব মাথা নীচু করে। কিন্তু শব্দ করে না একটিও। লোকটিব হাত ছেড়ে এবারে ঘাড় চেপে ধরেন ব্রহ্মচারী, "তোকে বলতেই হবে কেন এসেছিস এখানে ১ কে পাঠিয়েছে ভোকে গ্

"কেউ পাঠায়নি। আমি নিজের ইচ্ছাতেই এসেছি " এতক্ষণ মুখ খোলে লোকটি।

"কেন ?"

আবার সেই নিরুত্তরতা।

"খবর পাঠাবি বলে **দ**্বল।"

"ĕĦ I"

"ওকে নিয়ে গিয়ে বন্দী করে রাখ," পার্শ্বচবদের একজনকে গুকুম করেন মলদেও, "ভারপর ওর বিচার হবে "

লোকটিকে নিয়ে চলে যায় পার্শ্বচরটি। চলমান দেহছ্টির দিকে কিছুক্ষণ তাকিয়ে থাকেন ব্রহ্মচারী তারপর মহারাজের দিকে ফিরে বলেন, "এই স্ব-জাতা প্রীতির জোরেই ওরা বিদেশ থেকে এসে মাজ হিন্দুস্থানের তিনভাগ দখল করে বসেছে।"

তারপরই চিন্তার অতলে তলিয়ে যান তিনি। মুখ দেখে মনে হয় কিসের যেন হিসাব করছেন মনে মনে। অপেক্ষায় থাকেন মলদেও। এই মান্ত্রয়টিকে তিনি বুঝে নিয়েছেন। বর্তমান ছেড়ে ভবিয়াতেরও কয়টি পা পর্যস্ত হিসাব কববার ক্ষমতা রাখেন। যে গুণটি হিন্দুস্থানের রাজ্ঞাবর্গের ভেতরে কারও নেই। যদি তা থাকত, তাহ'লে আলেকজান্দাবকে এই হিন্দুস্থানের চৌকাঠে প্রণাম জানিয়ে ফিবে যেতে হ'ত নিজের দেশে। পর্বু গীজ নামে যে বোম্বেটেগুলো এসে নিবিবাদে লুঠভরাজ চালিয়ে যাচ্ছে গ্রামের পর গ্রামে, তারাও কবে স্থান লাভ করত এই ভারতবর্ষের নদার তলায়। কিস্তু সেহিসাব হুট্ এই একুওদার মান্ত্রয়টির কাছে। তাই মনে মনে একে বিশেষ শ্রদ্ধা কবেন মলদেও। তার ঐ চিন্তিত ভাবটি দেখে এর পরের কোন অধ্যাযের সূচনা বলেই মনে হয় মহারাজার। কিস্তু কোন দিকে গ

"আজ্মীড়" চিস্তায় ছেদ টেনে দিয়ে বলে ওঠেন ব্রহ্মচারী, "আর বিশেষ দেরী করা বোধহয় উচিত হবে না মহারাজ। এবারে দ্রুত্তই এগিয়ে যেতে হবে আপনাকে। আজ্মীড় তার প্রশংধাপ।" "তারপর গু"

"তারপর মারথা। এই ছটি রাজ্য আপনার হাতে এলে যে শক্তি লাভ করবেন তা জ্বয় করা বড় সহজ হবে না। এরপরই আপনাকে ছুটতে হবে উত্তর দিকে জয়তারণ, বিলাড়া, ভদ্রার্জ্বন, মাল্লানা আর শিউয়ানা জয় করে একবারে গিয়ে থামবেন থাকরে।"

''ঝাঝর গ সেত' দিল্লীর কাছে !"

'হাা, দিল্লীর কাচে। সেখানে গিয়ে একবার বৃক ভরে দম নেওয়া শুধ, তারপরই ক্ষ্ধিত সিংহের মতই আপনি ঝাপিয়ে পড়বেন

## এ বাদশাহী তক্ত লক্ষ্য করে

বলতে বলতে ভাবাবেগে ছ'ফোটা জল গড়িয়ে পড়ে ব্রহ্মচারীর ছ'গাল বেয়ে। চোথছটি আসে বুজে। কল্পনার দৃষ্টিতে তিনি যেন দেখতে থাকেন সেই দৃশুটি, যে দৃশ্যে রাজপুতরাজ মলদেও রাঠোর বসে আছেন দিল্লীর তক্তে।

"ঠিক আছে। এবার তাহ'লে আজমীড়ই হবে আমাদের লক্ষা।"
হুকুম জানান যোধপুররাজ।

আলি আজমের মুরুববীয়ানায় যেদিন বাদশাং ভুমায়ুনেং দেহরক্ষীর কাজ পেয়েছিল দ্বীর সেদিন কেনে ভাাসয়েছিল অংমিন এক বিরাট ঝডের ভিতর দিয়ে ওলট পালট খেলে থেতে যদি বা নৌকোটি এসে পৌছুল তীবের কাছাকাছি তো সেখানেও এমন ঘূর্ণিপাক 

 জীবনের প্রম পাওয়ার আসাদ নেবারও ওযোগ মিলবে না তার গ বাদশাংহব দেহবক্ষী ! অর্থাৎ টোব সংক ছুটে ছুটেই বেড়াতে হবে সারাটা জীবন। কিন্তু এ জীবনণে চায়নি আমিনা। খুব বেশীও কিছু চায় নি। একটি কাজ, যে কাভ দেবে কুধার অন্ন। আর কর্মক্লান্ত দেতে যখন ঘবে ফিবে আসবে মানুষটি তথন আপন হাতের সেবায় ঝরিয়ে দেবে তার সেই ক্লমভাব। এই সামায় দোয়াটুকুও কি আল্লার হ'ল না গ্যা হ'ল, কাতে শান্তি কোথায় ? এ কুর ভাব আর তার সহজে যাঁয় না। থেকে থেকেই বলৈ ওঠে। কখন অফুট, কখনও বা প্রস্টুট। সেদিনও তেমনি वरलिइन कथारि। कार्स शिरम्बिन नवीरवत्। উछर्व वरलिङन সে. "শাস্তি নেই আমিনা। যুদ্ধের ঘোড়া হয়ে জ্মেছি, যুদ্ধ করতে করতেই শেষ হ'যে যাব।"

'যত অলক্ষণে কথা !'' ঝাঁকিযে উঠেছিল আমিনা, "আমি তো আর সে কথা বলিনি। আমি বলছি যে বাদশাহ্ যদি সরাবর দিল্লীতে থাকভেন তাহ'লে তোনাকেও কাছে পাওয়া যেত সব সময়।"

"वानमार्थत (पश्तकोव कार्क इंग्रका निरम् ?" वश्य करतिहन प्रवीत ।

"মাহা, তাই যেন বলেছি!" ত'চোখে কুত্রিম শাসন আমিনার। যে শাসন ভয় দেখায় না, উপরস্ত আরও কাছে টানে। টানে দ্বীরকেও। আমিনাকে সাবধান হওয়াব স্যোগ না দিয়ে আচম্কা ত'হাতে বেঁধে ফেলে সে।

'তোমার োন সময় অসময় নেই না ১" বাজমুক্ত হওয়ার চেষ্টা বরে আমিনা, "ভাড়। সংসাবে অনেক কাজ বয়েছে যে।"

' আমুভ বয়েছি। তোমাব কুপাপ্রাথী।"

"হুমি এমন কর," বলে মুখখানি তুলে ধরে আমিনা।

কিন্তু পাওনা গণ্ডা বৃঝে নেবার আর অবসর মেলে না দ্বীরের।
ছুটে ঘবে চুকতে গিয়েই জিব কেটে পালিয়ে যায় বাদী। ছিট্কে
দূরে সরে গিয়ে দাঁড়ায় আমিনা। "অসভ্য!" বলে দ্বীরের দিকে
একটি বিশেষণ নিক্ষেপ ক্ষেই বেরিয়ে যায় ঘর থেকে।

যেমন যায় তিমনি ফিরেল আসে কেটু পরেই কিন্তু পূর্বের শে আমিনা আর নেক। গন্তীব মৃ-ভাব। ঘরে ঢুকে২ বলে ওঠে, "দরবারে ডাক পডেছে।"

আমিনার অসম্ভণ্ডির ওপরে নোকরী নির্ভর করে না। অতএব দববার অভিমুখে ছুটতে হয় দবীবকে।

এ ছোটা যে শুধু দববাব প্যক্ষ নয়, গড়িয়ে চলবে আরও বহুদ্র, তথন বৃঝাতে পারেল যথত এটন কিছুক্ষণের জন্মে মুখ দিয়ে কথা সরেনি তার। পিছনে পড়ে থাকত অসুস্থ আশাজ্ঞান আর আক্বাস খা। আর তাদেব দেখাশোনার ভার

থাকবে তুইটি স্ত্রীলোক, আসরাফন বিবি ও আমিনার ওপরে। সক্ষম পুরুষ বলতে কেউ থাকবে না বাড়ীতে। একমাত্র ভরসা আলি আজম। কিন্তু উপায় কি ! নসীবের খুঁটি যেথানে গাড়া সেইখানেই চরে থেতে হবে তাকে। অতএব প্রথম ধাকাতেই যেতে হয় বুন্দেলথত। এব পাষাণ তুর্গ কালিপ্পর নাকি দখল করতেই হবে বাদশাহকে।

কিন্তু কালিঞ্জর জয় করা আর শেষ পর্যন্ত হ'য়ে ওঠে না তুমায়ুনের।
খবর আসে মামুদ লোদীর অনুরোধ উপেক্ষা করতে পাবেনি
শোর খাঁ। আফগান প্রধানেবা, মামুদ লোদী ও শোরখাঁ, এই ত্রিশক্তি
মিলিত হয়েছে মোগল বাদশাহের সঙ্গে পাঞ্জা কষবার জয়ে। আব
ভারই প্রথম ধাপ হিসাবে জয় করে চলেছে বারাণসী, জৌনপুর,
লক্ষো। খবর শুনে চঞ্চল হ'য়ে উঠে তুমায়ুন। এইভাবে য়দি
এগিয়ে চলতে থাকে ওরা, তাহলে আগ্রাব পতন অনিবার্থী। ফলে
দিল্লী প্রবেশের সবকয়টি পথই রোধ করে দাড়াবার প্রযোগ পাবে।
অতএব কালিঞ্জর জয় শুগিত রেখে মোগলবাহিনীকে কৃচ, কববার
হকুম দিতে হয়।

দৌক্ষার সে যুদ্ধ আর যার মনেই রেখাপাত করুক, দ্বার প্রশংসা করতে পারেনি তার শেষ মীমাংসাকে। মামুদ লোদী পলাতক, আফগান প্রধানদের কেট পালিয়েছে, কেটবা প্রেছে তার প্রাপ্য শাস্তি। কিন্তু শের খাঁএর বেলাতেই বাদশাহেব বিচার হ'য়েছে অক্যরকম। হয়ত' আফগান যুদ্ধে বাদশাহ বাবরের হ'যে যে বীরত্ব দেশিয়েছিল সে, সেই কথাই মনে করে কি অক্য কোন প্রকার ত্র্বভাই থাক, ভুমায়ুনের বিচারে প্রক্তুত পক্ষে কোন শাস্তিই পায়নি শের খাঁ। দেখে মনে হয়েছিল দ্বীরের, এত পরিশ্রম করে শুধু আগাছাই মারা হল; আসল যে বিষবৃক্ষটি, তাকে বাঁচিয়ে রাখা হ'ল জাত ফলের গাছ হিসাবে। সুযোগ বুঝে সে কথা বলেছিলও সে, ''শের খাঁর দৃষ্টি দিল্লীর মসনদের দিকে, জাঁহাপনা। মাথা তুলবার আগেই সে মাথা দাবিয়ে দেওয়া ভাল।"

"থাম বেওকুফ। সামাশ্য একটু শক্তি দেখলেই যদি ভয়ে কেঁপে উঠতে হয়, তাহলে আর—" বলতে বলতে কি ভেবে থেমে গিয়েছিল ভুমায়ুন। দবারের মুখের দিকে তাকিয়ে কি যেন একটা চিস্তা করতে করতে জিজ্ঞাসা করেছিল, "চুণারগড় এখন শের খাঁর হাতে, না '"

"<del>5</del>"

"কোন গড় শেরেব হাতে রাখতে দেওয়া ঠিক হবে না।"

বাদশাহেব কথা শুনে বুকেব ভেতবটা বুঝি লাফিয়ে উঠেছিল দবাবের। কতদিন, কতদিন পরে আবার চুণারের মাটিতে পাদেবে সে। এথানেই ঘুমিয়ে আছে নকাব। তার বড় আদরের ছোট তাই। আব এ তুর্গেব ভেতরে আছে এক বিষধবী। মোগল শক্তিকে উচ্ছেদ করবাব জন্মেই যেন স্বদ্র মদিন সহর থেকে ছুটে এসেছে সে।

'চুণাব দথল করলে ভালই হবে জাঁহাপনা," বাদশাহের মনে লোভেব ইন্ধন জোগাতে চেগা করে <sup>— ই</sup>বে, "ঐ গ<sup>7</sup> র ভেতরে ইব্রাহিন লোদার গচ্ছিত প্রচুর ধনবন্ধ মাছে।"

"রিক জানিসং" তাক্ষ দৃষ্টিতে বক্তার মুখেব । দকে তাকায় হুমায়ুন।

"গ্রামার আব্বাজান ছিলেন এই চুণারেব জায়গীবদার আর ঐ সব ধনবংশ্বব জিম্মাদাব।"

"ঠিক আছে। চল চুণার।" বাদশাহী হুকুম বন্নার হুমায়ুন।

(मरे शका । গডের পশ্চিম দিক দিয়ে নিঃশব্দে বয়ে চলেছে। বারাণসীর বিশ্বনাথের পায়ের নীচে দিয়ে এসে ক্রমে পূর্বমূখী হ'য়েছে তার আম্পদ সাগরে মিলিয়ে যেতে। গড়ের পূর্বেও সেই নদী। দেহাতী লোকে যার নাম রেখেছে 'সোনে'। গঙ্গা থেকে উৎপত্তি আবার গঙ্গায় বিলীন। শুধু গ্রামের ভেতর দিয়ে ঘুরে ঘুরে জল সেচএর কাজটুকু করে যায়। সোনা ফলায় ক্ষেতে ক্ষেতে। তাই ভার নাম সোনে। আর করেছে চুণার গড়ের তিন দিক থিরে এক প্রাকৃতিক পরিখার সৃষ্টি। দক্ষিণে যাতায়াতের স্থবিধার জন্ম একটি সাঁকো ছিল। যথেষ্ট মজবুত। দশটি হাতীর দেহভার একসঙ্গে নিতে পারে, এমন ভাবেই হৈরী। কিন্তু সেটা আর নেই। ভেঙ্কে গুঁড়িয়ে দিয়ে গিয়েছে শের খাঁএর সিপাতেরা। ভুমায়ুনের ভুকুমে নত্ন সাঁকো তৈরী হয়েছে সেখানে। তাজ খাঁএর সিপাগ্-মহল্লাতেই আশ্রয় নিয়েছে মোগলবাহিনী। স্থান সঙ্কান ১য়নি তাতে। শিবিরের পর শিবির পড়েছে বাইরে। অদ্ধচন্দ্রাকৃতি হ'য়ে খিরে রেখেছে তুর্গটিকে। গঙ্গার বুকেও প্রহরারত সিপাহ দল। ঘুরে घूरत এধার থেকে ওধার দেখে দবীর। চন্মনিয়ে ওঠে মনের ভেতরটা। একবার ঐ হুর্গটির ভেতরে ঢোকা যায় নাণু বিছু নয়, শুধ একটিবার নকীবের কবরটির পাশে গিয়ে যদি বসীরৈ পারত। যে ভাইএর জাে্য তু'ফোটা চােথের জল ফেলবাবও অবকাশ মেলেনি তার, সেই ভাই এর কবরের ওপরে এই হতভাগা ভাইজান এর ভালবাসার চিহ্ন-স্বরূপ যদি একটি ফুলও রেখে আসতে পারত সে! অদুরেই তুর্গ চুণার। তার ঐ উত্ত্যঙ্গ দেহটির দিকে তাকিয়ে একটি हाना मीर्चनिःशाम क्टल मरोत ।

"ছোট মালিক!"

চম্কে ওঠে দবার অমন পরিচিত ডাক শুনে। সাঁ করে ঘুরে দাঁড়ায়। কান্হাইয়া! হাজাম কান্হাইয়া। বড় ভালবাসত ওদের ছ'ভাইকে। বিশেষ করে নকীবকে। বড় চঞ্চল ছিল সে।
ন্থির হয়ে ছ'দণ্ড বসতে পারত না কোথাও। আর চুল ছাঁটবার
কথা উঠলেত' তার মাথায় আকাশ ভেক্সে পড়ত। অতক্ষণ ধরে
একটা মানুষ চুপ করে বসে থাকতে পারে কখনও ! বাস, আরম্ভ
হ'য়ে যেত হাজান আর নকীবের লুকোচুরি খেলা। এই একটা
ছর্গের কোথায় গিয়ে দে লুকোত', খুঁজে খুঁজে হয়রাণ হ'য়ে যেত
কান্হাইয়া। শেষে একদিন কিন্তু এই কান্হাইয়াই অবাক ক'রে
দিল সকলকে। ছর্গের সকলেত' বটেই এমনকি তাজ খাঁ পর্যন্ত
সাশ্চর্যে দেখল, নিশ্চল হয়ে বসে চুল ছাঁটছে নকাব আর থেকে
পেকে ধমক দিয়ে উঠছে, তারপর ! কান্হাইয়াও তার হাতের
কাজের সঙ্গে মুখের বানানো আদি অন্তহীন গল্প শুনিয়ে চলেছে।
এই ছোট বালকটিকে বশে আনবার রাস্তার হদিস্ পেয়ে স্বস্তির
নিশ্যোস ফেলেছিল সকলে সেদিন।

সেই কান্হাইয়াকে আত্র এতদিন পরে দেখতে পেয়ে ছ'হাতে জড়িয়ে ধরে দবীর কিছুক্ষণ আর কোন কথাই বলতে পারে না দে। বৃকের ভেতরে কান্নার বেগ ঠেলে উঠছে। স্মৃতি হ'য়ে থাকা বৃকের আঘাতগুলিতে আবার ব্যথা অনুভব করছে।

"চুণাব দখল করতে এসেছেন ছোট মালিক ।" দবীরের পিঠে সংস্কৃতে হাত বুলিয়ে দিতে দিতে অহা কথা পাড়ে কানহাইয়া।

ধারে ধীরে নিজেকে মুক্ত ক'রে নেয় দবীর। বলে, "হাঁ; ' "কিন্তু পার্বেন বলে মনে হয়না।"

"কেন

"এক বরিষের রসদ নিয়ে রেখেছে এ গড়ের ভিত্রে। আর ওর ভিত্রে আছে শের থার লেড়কা কুতব থা আর মালিকা বেগমের ভাই ইশাক। ওরা হ'জনেই জবরদস্ত্। গড় ছাড়বে বলে মনে হয় না।" "শের খা কোথায় ?"

"ও কুথায় গা ঢাকা দিয়ে আছে। লেকিন ইখানে নাই। আব মালিকা বেগমভি নাই।"

এতক্ষণে আবার কর্তব্যের স্থরটি যেন টিং টিং ক'রে বাজতে থাকে দবীরেব মনের ভেতরে। খবরটি বাদশাহ কে দেওয়া দরকার। কান্হাইয়ার কাছ থেকে কোন বকমে বিদায় নিয়ে ছুটে চলতে থাকে সে হুমায়ুনেব শিবিবের দিকে।

হ'তে পারে দেহরক্ষী। কিন্তু সে শিবিবেব ভেন্তরে নয়, বাইরে । অতএব অপেক্ষায় থাকতে হয কথন মিলবে বাদশাহের সঙ্গে হুটি কথা বলবার সুযোগ। কিন্তু সে অবসর মৃহুর্ত্ত আর সহজে মেলে না। তুর্গ অববোধ করা হ'য়েছে অর্থাৎ কর্তব্য সমাপ্ত। এখন যতক্ষণ পর্যন্ত না ওধার থেকে সাডা পাওযা যায় ততক্ষণ পর্যন্ত কববার আর কিছুই নেই। ববঞ্চ এই নিরস নিশ্চেই জীবনকে যতটুকু রসাপ্লুত কবে ভোলা যায় ওতটুকুই লাভ। সেই রসোপভোগের মাধ্যমেই দিন কাটে ভুমাযুদ্দর। দিন্দ্রর পরাদন পাব হয়ে যায় এই একইভাবে। মনে মনে হিসাব করে দবীর, আজ প্রায় সাতদিন ধরে বাদশাতের সক্ষেদেখা করবার চেরা কবছে সে কিন্তু খোদ জাঁহাপনার দেহরকী হ'য়েও সে স্থাযাগটুকু মিলছে না তার। বিরক্তই হয়ে উঠেছিল সে। এমন সময় খবর আসে গুঞ্জরাটের বাহাতুর শা গা নাড়া দিয়ে উঠেছে। তার প্রতিটি কার্যকলাপে শক্রতার লক্ষণ স্পাষ্ট। শুধু তাই নয়। মেবারের রাজনাতা, রাণা সঙ্গের পত্নী রাখী পাঠিয়ে দিয়ে সাহায্য প্রার্থনা করেছেন ভুমায়ুনের। বাহাতুর শা চিতোর অবরোধ করেছে। এবারে আর

বিলাস ঘরে বসে থাকা সম্ভব হয়না হুমায়ুনের পক্ষে। চুণারত' হাভের কাছে, পরে অধিকাব করলেও চলবে। কিন্তু গুজরাট গেলে যে অনেক কিছুই যাবে। তাই শিবির তোলবার মুহুর্ত্তে নামমাত্র সন্ধির প্রতাব করে পাঠায় হুমায়ুন যে শের খাঁর পুত্র কুতব খাঁ নিজ্ফা পাঁচশত সিপাহ্ নিয়ে মোগলবাহিনীতে যোগ দেবে। তারপরই গুজরাটের দিকে ছুটে চলে। দবার মনে মনে ভাবে— এ সন্ধি নয়, সর্ত্ত নয়, শেব খাঁকে তার নসীব গড়ে তুলবাব আর এক পরম সুযোগ দিয়ে গেল বাদশাহ্ হুমাযুন।

শের খাঁও খ্যোগ সন্ধানী। সমযের অপচয় করে না
তমাযুন সল থেতেই দক্ষিণ বিহারের অন্তিম প্রদেশ থেকে ফিরে
আসে সাসাবামে। সঙ্গে মালিকা ও অক্যান্ত বেগমেরা। সাসারামে
ফিরেই ব্যস্ত হ'য়ে পড়ে সে। লক্ষ্য করে মালিকা। বলেও ফেলে,
"জনাব ভাহ'লে সভিয়ই প্ররাজগড় আক্রমণ ক্ববেন হ''

প্রশোব উত্তরে মালিকার মুখের দিকে তাকিয়ে স্থির প্রতিজ্ঞের মত ধাবে ধারে চাপ দিয়ে দিয়ে বলে শের খাঁ, "আক্রমণ নয় শুধু, অধিকাব করব।"

আর সে অধিকার করলও শের খাঁ। সাসাবামে বসেই সে কাহিনী শুনেছিল মালিকা। তুচ্ছ আফগান বাহিনীকে ধর্তব্যের ভেতবেই আনেনি মামুদ শা। তাই আপন শৈশুদল নিয়ে নিজেই শের খাঁকে বাধা এদিতে এনিয়ে এসেছিল। বুদ্ধির দাবা খেলায় সেইখানেই বল হাবিয়ে গেল তার। শ্বরাজগড়েব কাছেই এক বনের ভেতরে দেখা গেল নাফগান সিপাহ্দের। মামদ শাও আর কালবিলম্ব না করে স-বাহিনী প্রবেশ করে সেই বনের পভীর

প্রেদেশ। কিন্তু কোথায় গেল শের থার সিপাহেরা? থুজে থুঁজে হয়রাণ হয়ে তারা ফিরে আসতে থাকে। পথ পারনা। যেদিকেই যায়, দেখে আফগান সিপাহ্। সমস্ত বনটিকে বিরে রয়েছে। ক্রমে এগিয়ে আসতে থাকে শের খাঁর সিপাহেরা। আর পিছিয়ে যায় মামুদ শা। কিন্তু পশ্চাদপসবণেরও একটা সীমা আছে। বন যে শেষ হ'য়ে এল! এবারে মরিয়া হ'য়ে ওঠে বাংলার স্থলতান। সমস্ত শক্তি প্রয়োগ করে আফগান ব্যহ ভেদ করবার চেষ্টা করে সে। কবেও। কিন্তু পরাজয়কে স্বীকার করে সিতেই হয় তাকে। পশ্চাতে পড়ে থাকে তার বিনপ্ত বাহিনী। মামুদ শা পালিয়ে যায় বাংলার রাজধানী গৌড়েব দিকে।

এ জয় শুধুমাত্র শক্তির পবীক্ষা নয়। শেব থাঁ যেন তবোযালের আঘাত দিয়ে তার নসাবের দবজাটা খুলে দিযেছিল। প্রত্যাশার অধিক ধনরাশি, বিপুল সংখ্যক হাতা আর ক্ষেক সহস্র সিপাহ, শক্তি যেন বুপ ধরে এসে দাভাষ শের খাঁব দবজায়।

শুনে থুশিতে তুলে তুলে উঠেছিল মালিকা। সধীব আগ্রহে অপেক্ষা করেছিল আফগান-নায়ককে তদলিম জানাবাব জত্তে।

কিন্তু সেই শুভ মুহূর্ব্রটি যথন এল তথন মুখখানি কেমন আপনিই ভার হ'য়ে উঠেছিল তার। বিজয়ীব হাসিব সঙ্গে তাল মিলিযে কিছুতেই হাসতে পারেনি সে।

"কি হ'ল ? তোমাকে এমন মন-মবা দেখাছে কেন ?" দ্বিজ্ঞাসা করেছিল শের খাঁ।

"আমি আপনার কাছে একটিমাত্র প্রার্থনাই করেছি<sub>।"</sub>

"দেব, দেব," বেগমের নারাক্ত হওয়ার ক্রণটি জানতে পেরে আরও উচ্ছল হ'য়ে উঠেছিল শের, "তোমাব ঐ দৃষমণকে ঠিক নিয়ে এসে ফেলব তোমার পায়ের কাছে। কেবল কয়েকটি দিন সময় দাও। রোটাস্গড় জয় কয়তেই হবে আমাকে।"

"সেটা আবার কোথায় ?"

"শোন দরিয়ার পারে। পাহাড় আর জঙ্গলে বেরা। হিন্দুরা বলে যে রাজা হরিশ্চন্দ্রের পুত্র রোহিতাশ্ব এই গড় তৈরী করিয়ে-ছিলেন। এ এমন গড় যে এক বংসর অবরোধ করে রেখেও কেউ জয় করতে পারবে না,''

"মালিক কে গ"

"একজন হিন্দু রাজা। তাছাডা আর একটা কাঞ্চেও হাত দিয়েছি।"

"আবার কি গ"

"সমস্ত বিহার যখন হাতে এল তখন এখান থেকে বাঙ্গলাদেশ পর্যন্ত সোজা সড়ক তৈরী কবতে বলে দিয়েছি।"

"তাহ'লে আমার আর্জি আর্জি হ'রেই থাকবে, মঞ্র আর হবে না।' — ক্মিননে মুখলাব করে উঠে দাড়াতে যায় মালিকা। পারে না। একখানা হাত বাঁধা পড়েছে শেব খার হাতে। মুখ ঘুরিয়ে তাকায় সে। দেখে ইতিমধ্যেই কামনা ঘনিয়ে এসেছে যুদ্ধোন্মাদ মানুষ্টিব চোণে।

"আমি কিন্তু রোটাসগড়ে আব সব বেগমদেব মাঝে গিয়ে বাসূত্র করতে পারব না।" আব্দার তুলে কাছে সরে আসে মালিকা তার যৌবনেভবা দেহকাগুটিকে তুলিযে দিয়ে।

"কোথায় থাকবে ? চুণারে ?"

"হ্যা। আপনি অমুমতি দিন। সেখানেই হয় আপনার সঙ্গে আমার প্রথম আলাপ। সেধানে বসেই দেখেছি আপনার বড় হওয়ার খোয়াব ি সে খোয়াব সত্য হতেও চলেছে। এখন সেখান খেকে সরে এলে সে খোয়াব যদি ভেঙে যায় ?"

যেন ভয়ের আশকাতেই ছ'হাতে শের খাঁকে জড়িয়ে ধরে মালিকা। তার নধর দেহের উত্তাপ উত্তপ্ত করে তোলে পুরুষ

## (मरुक ।

"বেশ, তাই থেকো।" পুরুষের অমুমতি দিয়ে পুরুষ ক্রয় করে নারীছকে

চুণারগড়ে যাওয়ার অমুমতি পেয়েছে মালিকা, কিন্তু যাওয়া আর হয় না। রাজকার্যের নানারকম ঝামেলায় আটকে পড়ে কেবলই দিন পিছিথে দিচ্ছে শের খা। দেখে শুনে মনে মনে হাসে মালিকা। তার নারী-মনটি দিয়ে এর অন্থনিহিত কারণটিও বুঝে নেয়। অক্যাক্য বেগমেরা আজ যৌবনের রোশনাই হারিয়ে বান্ধক্যের কোঠায় পা দিয়েছে। অপরের সেবা করা দূরে থাক, তাদের নিজেদেরই আজ সেবার প্রয়োজন। তাই অবসবের মৃতুর্ত যথন আসে তথন ও মহলে আর যেতে মন সরেনা শের খার। এসে-উপন্তি হয় মালিকার ঘরে। পরম আয়েশে গা এলিয়ে দিয়ে কয়েকটি মৃত্যুত্তর জক্তে যেন ভূলে যেতে চায় তার সমস্ত অহস্কারকে। শিশু হ'য়ে সেবা খেতে চায়। মালিকাও বোঝে তা। তাই এই মানুষটি ঘরে এলে সে সরিয়ে দেয় বাঁদীকে। আপন হাতের পরিচর্যা দিয়ে তাকে করে তোলে বিগভক্লম। আর এই সর্বকনিষ্ঠা বেগমটির মুখের দিকে ভাকিয়ে তাকিয়ে দেখে শের খা। পরিচয় দেবার মত বিশেষ কিছুই নেই, তবুও আপন শক্তিতে সে আজ তার মনের অনেকগানি জড়ে বসেছে। বাঁদীর সেবা, বিবির কোমল সাহচর্য, মন্ত্রার বৃদ্ধি আব সিপাহ্শালারের সাহস—একটি আওরণ্ডের ভেউরে এতগুলি গুণের সমাবেশ বড একটা দেখা যায় না। তার নদীবের গুণেই এদে জুটেছে। সঙ্গে এনেছে নসাবের দরজাটি খুলবাব সোনার চাবি। ভাই এই বেগমটির প্রাভ রয়েছে ভার স্নেহপূর্ণ হুর্বলভা। ছু'হাভ পেতে যখন কোন অনুমতি চায়, না বলতে পাবে না শের খাঁ। আর চায়ও না বিশেষ কিছু। আজ পর্যন্ত তুটি মাত্র অনুরোধই জানিয়েছে সে। প্রথম, দবাব খানকে ওর সামনে এনে দেওয়া; দ্বিগীয়, চুণাবগড়ে থাকবার অনুমতি। প্রথম অনুরোধটি রাখবার সুযোগ এখনও আসেনি। দ্বিতীয় অমুরোধের অমুমতি সে দিয়েছে বটে কিন্তু ব্যস্তভার অজুহাত দিয়ে নিজেই কালহরণ কবে চলেছে। অবশ্য সম্পূর্ণটাই যে ইচ্ছা করে, তাও নয়। সত্যিই ব্যস্ত শের খাঁ। সুরাজগড়ে যে পরিমাণ অর্থ পাওয়া গিয়েছে তাই থেকেই ধারণা হয়েছে তার যে মামুদশাএর রাজধানী গৌড অধিকার কবলে নিশ্চয়ই এর বহুগুণ পাওয়া যাবে । অতএব গৌড অধিকার কবতেই হবে। আব তারই প্রস্তুতি হিসাবে মুঙ্গের থেকে গৌড়ের পথে জয়ের নিশান পাড়তে গাড়তে এগিয়ে চলেছে তার আফগান বাহিনী। আকসারী তাদেব ্রে এই নেতা নির্বাচন সম্বন্ধেও একবাব মালিকার মতটি জিজ্ঞাসা করেছিল শের খা। বলেছিল, "বিরাট একটা কিছু নয় যথন তথন মার আহ্মদকেই একাজের ভারটি দেওয়া যাক্, কি বল গ"

"না।" বেশ দৃঢভাব সঙ্গেই বলে উঠেছিল মালিকা, "ছোট কি বড, কোন সংগ্রামেই আপনার হারলে চলবেনা। আপনার ভাই স্থানক কিন্তু আমার ভাইজান এখনও সিপাই পরিচালনা দক্ষ হ'য়ে ওঠেন।"

এরপবেও অনেক যুক্তিতর্ক থাকে। কিন্তু সে জত্যে কথাটি বলেনি শেব খা। বলেছিল এই বেগমেব ইচ্ছাটি জানতে। এখন জানা নয় শুধু, খুশিই ইয়েছে সে। মালিকা সাভ্যিই তাকে অপরাজেয় হিসাবেই দেখতে চায।

অন্যান্য দিনের মত সেদিনও মালিকার কক্ষে বসে িখাম নিচ্ছিল শের খাঁ, এমন সময় থবব আসে চূড়ামণ নামে এক ব্রাহ্মণ দেখা করতে এসেছে। ধবরটি শোনবার সঙ্গে সঙ্গে উৎফুল্লভাবে বলে ওঠে শের, "খোদা মেহেরবান্!"

কথাটি কানে যেতে চম্কে শেরের মুখের দিকে তাকায় মালিকা, "কি রকম হ'ল ?"

"যা, আসছি," বলে বাদীটিকে সরিয়ে দিয়ে বেগমের কথার জবাব দেয় শের, "হ'ল ভালই। রোটাস্গড়ের মন্ত্রীকে গোপন আমন্ত্রণ জানিয়েছিলাম। সে এসেছে দেখা করতে।"

"তাহ'লে রোটাসগড়ও জয় হল ?" খুশিখুশি মুখে বলে মালিকা। "বেগম বড্ড এগিয়ে আশা কর।"

"কেননা থেমে থাকা কি পিছিয়ে যাওয়াব কথা আমি চিন্তা করতে পারিনা। আমার জীবনে কেবলমাত্র একটাই খোয়াব আছে। সেটি হচ্ছে, এই হিন্দুস্থানের একজনই মাত্র থাকবে মালিক। আর সে মালিক হচ্ছেন আপনি।"

আক্রপ্ত ! নেকার প্রথম রাতে যে কথা বলেছিল এই আওরংটি, আক্রপ্ত সেই একই কথা বলছে! সেদিনকার সেই বাদশাহী তক্তে বসবার কথা শুনে মনে মনে হেসেছিল শের খাঁ। ভেবেছিল—লোভের ইন্ধন জোগাচ্ছে। যে লোভ সমূলে উৎপাটিত করে ফেল্ভে পারে তাকে। তাই অতি ধীরে ধীরে, গোপনে গোপনে সিপাহ্শক্তি বাড়াতে হ'য়েছে তাকে। এখন আর সে ভয় নেই। শক্তির পাল্লায় হয়ত' তাকে আর পিছিয়ে যেতে হবে না। তব্ও বাদশাহ্ হওয়ার খোয়াব এখনও তার মনের গোপন কুঠুরীতেই ধরা আছে। বাক্ত করে বাঙ্গের কারণ হতে চায় না সে। কিন্তু মালিকা অত হিসাব বোঝেনা। মনের দাবীর কথা স্পষ্ট দরাজ গলাতেই বলে দেয়। কথাটা শুনে কিছুক্ষণ তার মুখের দিকে তাকিয়ে থাকে শের খাঁ। হাত বাড়িয়ে এই প্রেরণাদাত্তীটিব হাতখানি ধরে কাছে টেনে নিয়ে আসে। একটি

সপ্রেম সশব্দ চুম্বন ব্য সিস দিয়ে বলে, "আমারও একটি খোয়াব আছে।"

"সেটা কি জনাব ?"

জনাবের কাঁধের ওপরেই মাথাখানি রেখে মুজ্সরে জিজাসা করে মালিকা।

"তক্তে যদি কোনদিন সত্যিই বসতে পারি, তোমাকে পাশে নিয়ে একদিন দরবারে বসব।" বলেই বাস্ত হ'য়ে পড়ে শের খা। বলে, "চলি। মন্ত্রী চূড়ামণ নানান কাজের মানুষ। ওকে আটকে রাখা উচিত হবেনা।"

বেরিয়ে যায় শেব খা। শুরু ঘরের মাঝখানে স্থির হ'য়ে দাঁড়িয়ে থাকে মালিকা। নাথার ভেতবটা কেমন ফাঁকা বলে মনে হচ্ছে। **छेठाः (ह्याइन (म) अर्मक ७९५३: (यथाम (थाःक नवीत्राक** সারুদেশ থেকে দেখা প্রত নিমেব মারুষের মতই অতি ক্ষুদ্র বলে মনে ২বে। যদি সম্ভব হয়, পাকে নিয়ে এসে দেবে এক ক্ষুদ্র কারকুন কি মুলাব কাজ। অভাব যাব হবে নিতাসঙ্গী। দেখবে সে তাকিয়ে তাকিয়ে যে অপনানের হাজার কুণিশ জানানো আওরংটি আজ হাজার সি'ড়ি ওপরে উঠে এসেছে। যেখানে ওঠা কোনদিনই সম্ভব হবে না তাব পক্ষে। চিন্তা করতে করতে অসমনন্ধ-ভাবে কখন তার প**হ্রাণের আস্তিনটি গুটিয়ে** *ে* **লছে** সে। থেয়াল হ'তেই মুখটা নামিয়ে নিয়ে তাকায় তার হাতের দিকে, ক্ষত নেই, আছে তার রেখে যাওয়া চিহ্ন। একটি মৃত আগ্নেয়গিরির মুখ। উদগার নেই বটে কিন্তু গলিত লাভায় তার উদর্দেশ পূর্ণ। নিজের অস্তর দিয়েই তা ব্রতে পারে মালিকা। থোদা একবার মিলিয়ে দেয়না মানুষটিকে! ভাবতে ভাবতে গিয়ে শয্যার ওপরে বঙ্গে পড়ে মালিকা। ক্রন্থে শুয়ে পড়ে। গির্দার ওপরে ছটি গভ। ভার ওপুস্ফ চিবুকটি রেখে একদৃষ্টে চেয়ে থাকে বাইরের দিকে।

কতক্ষণ, ধেয়াল নেই। এমন সময়ে শেরখাকে আবার এইদিকে আসতে দেখে ভাড়াভাড়ি উঠে বসে সে। কি এমন ঘটনা ঘটল যা এই মামুষটিকে আবার বেগম মহলের দিকে আসতে বাধ্য করেছে গুদরজার কাছে এগিয়ে গিয়ে গাঁড়ায় মালিকা। তাকিয়ে থাকে ক্রম গ্রসরমান দেহটির দিকে। না, অস্ম কোথাও নয়, তারই কাছে আসছে। একটু যেন চিন্তিত মনে হয়। বোধহয় বিশেষ কোনও সমস্তার উন্তব হ'য়েছে। ভাই ভার কাছে ছুটে আসছে গুমনে মনে হাসে মালিকা। সমস্তার সমাধান করবে এমন কোন ক্ষমতা আছে তার গু আবার অহন্ধারে বুকখানি ফুলেও ওঠে সক্রে সক্ষে। উর্ছ-শের ঐ মামুষটির মনে সে তাহ'লে নিজেব জ্বন্তে একটি পৃথক আসন সৃষ্টি করে নিতে পেরেছে গ

"আসুন জনাব।"

শের খাঁকে সামনে এসে দাঁড়াতে দেখে আহ্বান জানিয়ে ক'পা পিছনে সরে গিয়ে দাঁড়ায় মালিক। তাব মূখেব দিকে একবার তাকিয়ে দেখে শের খাঁ। তারপরই আবার গলিয়ে যায চিন্তার অতলে। মাথা নীচু করে ভাবতে ভাবতেই শ্বেব ভেতবে গিয়ে শ্যার ওপরে বসে পড়ে।

"কি এত ভাবছেন জনাব ?"

পাশে এসে দাঁড়িয়ে জিজ্ঞাসা করে মালিকা।

"হুঁ ?" বলে আবার একবার মৃথ তুলে তাকায় শের খাঁ। মালিকার মুখের ওপরে স্থির দৃষ্টি রেখে বলে, "ভাবছি উচিত ১েব, কি হবে না।"

"কি উচিত হবেনা ৭ চ্ডামণকে ক্রয় করা ১"

প্রশের ধাকায় মৃত্র্তের জয়ে মৃথখানি হাঁ চ'য়ে যায় শেরখার। প্রায় সঙ্গে সংক্র প্রার প্রজ্বো চিক্ চিক্ করে ওঠে তার চোধতৃটি। আর তারপরই বিরাট শব্দ ক'রে হেসে ওঠে। হাসির ধাকায় কেঁপে ধকঁপে উঠতে থাকে তার দেহকাশু। একট্ ভয়ই পেয়ে যায় মালিকা। তাড়াতড়ি তার একখানি হাত চেপে ধরে ঝাঁকি দেয়, "জনাব, বিষম খেয়ে যাবেন যে ?"

শব্দ থামে। কিন্তু তাব প্রলেপটি লেগেই থাকে শের খাঁর মুখাবয়বে।

"হিন্দুরা আওরংকে বলে শক্তিব আধার। আজ আমি সে কথা মেনে নিলাম।"

হাসি হাসি মৃথে বলে শেব খাঁ। কথাটি ঠিক বৃঝতে পারেনা মালিকা। জিজ্ঞাসা কবে, "কেন •্'

"শক্তি শুধু দেহেই হয় না, মনেও হয়। আমার মনে হয় মানসিক শক্তিই দেশক দিয়ে কাজ করায়।" বলেই তু'হাতে মালিকাব গলাটি জড়িয়ে ধবে শেব খাঁ, "ভূমি আমার সেই মানসিক শক্তি। আমাব চিন্তার উত্তব।"

"বলেন ি স অঙ্গ্রারে যে সামার মাটিতে পা পড়বে না!"

"তোমাব সেই ছেলেটিকে এনে দেব। তার পিঠে পা রেখো, চাওত তাকে তোমাব ক্রীভদাসও কবে দিতে পাবি।"

"আচ্ছা, সে হবেখন।" প্রসঙ্গ ব্দলায় মালিকা "চ্ড়ামণের সঙ্গে কি আলাপ হ'ল, বললেন না শ

"আলাপ হ'ল। কিন্তু পাকা কথা হয়নি এখনও।"

"বুঝেছি ৷ তু'জনেই বুঝে পাচছেন না বোটাসগড়েব দাম কড হবে ৷''

"ঠিক তাই।" বেগমেব কথায় উংফুল্ল হ'য়ে ওঠে শের খাঁ। বলে, "ত্র্গের মন্ত্রীও তিসাব কবে উঠতে পাবছে না এতবড় বিশাস-বাত্তকভার কি দাম সে নেবে।"

"তার পূবে আপনাকেই চিন্তা করে ে স্বে," বলে মালিক।।

"কি ? রোটাসগড় নেওয়া প্রয়োজন কি না ?"

"জনাব পূবে মামূদ শার গায়ে আঘাত করেছেন, আবার উত্তরের বাদশাহের এক প্রবল প্রতিঘন্দী হ'য়ে উঠেছেন—''

"অতএব একটি গড়ের মত গড় হাতে থাকা প্রয়োজন," হাসতে হাসতে বলে শের খাঁ, "নইলে আবার যদি চুণাড়গড় অবরোধ হয় কখনও তাহ'লে বেগমকেও এই খাঁ সাহেবের সঙ্গে পালিয়ে পালিয়ে বেড়াতে হবে।"

"বল্পেছি কি কখনও যে আপনার সঙ্গে সেই চারমাস ধরে পালিয়ে বেড়াতে কষ্ট হয়েছিল আমার ?" অভিমানে হুরটা বোঁজা বোঁজা শোনায় মালিকার।

রহস্তের হাসিটা আর একট্ স্পষ্ট হয় শের খাঁর। বলে, "ভাহ'লে চূড়ামণকৈ আর একবার আমস্ত্রণ জানাতে হয়! প্রযোজনের দাম একট্ বেশী হবে বৈকি।" বলতে বলতেই হঠাৎ চেহারাটা কেমন বদলিয়ে যায় তার। মৃহূর্ত্তপূর্বের সেই পরিহাসোচ্ছলতা আর নেই। পরিবর্তে প্রকাশ পায় এক ঘৃণার ভাব। কঠোর স্ববে বলে. "কিন্তু এই চূড়ামণকেও আমি জিন্দা রাখব না।"

"(कन १" हम्(क खर्र मानिका।

"এরাই হচ্ছে দেশের পরম শক্র। অর্থের জক্যে এরা না পাবে এমন কাজ নেই। তাই আমার বিচার হচ্ছে দেশরক্ষা করতে হ'লে আগে শেষ করতে হবে এইসব শক্রাদের। যাক্," বলে উঠে দাঁড়ায় শের খাঁ, "একেই বলে বাজনীতি, বৃঝলে বেগম, যাকে দিয়ে কার্যোজার করব, কাজের শেষে তাকেই নিঃশেষে শেষ করে দিয়ে এগিয়ে যাব।"

শের খাঁ রোট দগড় অধিকার করেছে শুনে সশব্দে হেসে উঠেছিল

হুমায়ুন। আর অস্তরে সস্তুরে শিউরে উঠেছিল দবীর। রা**জনীতির** যেটুকু সে শিখেছে ভার সবটুকুই আব্বাস খাঁএর দান। অবসর মৃহূর্ত্ত পেলেই তার পাশে গিয়ে বসে। আঘাত সেরে গিয়েছে। কিন্তু হরণ করে নিয়েছে ভার একটি পায়ের শক্তি। টেনে টেনে চলতে হয়। লাঠিতে ভর দিয়ে। এ অবস্থাতেও কাঞ্চের চেষ্টা করেছিল সে। কিন্তু তা করতে দেয়নি দবীর। যুক্তিতর্কে যখন কাজ হয়নি তথন অভিমান দিয়ে হার মানিয়েছে তাকে। কয়েকটি দিন আর কথাই বলেনি তার সঙ্গে। বাডীটা যেন দবীরের কাছে হ'য়ে গিয়েছিল এক মুশাফিরখানা। রাত্রি প্রভাতের সঙ্গে সঙ্গে বেরিয়ে যেত আর ফিবে আসত গভীর রাতে, নিঃশব্দে। আমিনা বুঝে নিয়েছিল এই মানুষটির ব্যথার কথা , তাই দবীরের **সঙ্গে** তারও ছিল এক নিঃশব্দ সহযোগ। রাত জেগে বসে থাকত ভার অভিমানী শুওহরের আগমন অপেশ্চায়। ডাকতে হ'ত না। যেন নিজের মন দিয়েই ব্রতে পারত দবীবেব উপস্থিতি। তাড়াতাড়ি গিয়ে দরজা খলে দিত। এইভাবে কয়েকটা দিন কেটে যাবার পর শেষে হার মানতে বাধ্য হয়েছিল আব্বাস থা। আবার হাসি ফুটে উঠেছিল সেদিন এই সংসারটিব মুখে।

সেই আক্রাস খাঁই একদিন বলেছিল দ্বারকে, "আমার যদি কোন বৃদ্ধি থাকে দ্বার, তাহ'লে এই কথা তোমাকে দ দিচ্ছি যে শের খাঁর কাছ থেকেই চরম আঘাত পাবে বাদশাহ।"

"কেন ?" তথনও হুমায়নের শক্তি সম্বন্ধে অন্ধবিশ্বাস রয়েছে দবীরের, তাই আব্বাস খাঁএর এই ধরণের বিপরীত মস্তব্যের কারণটি বুঝতে না পেরে জিজ্ঞাসা করেছিল সে।

"শের খাঁএর প্রতিটি কাজের দিকে লক্ষ্য করে দেখ।" উত্তর দিয়েছিল আকাস খাঁ, ''চুণারগড় নিল, সুরাজগড় জয করল অর্থাৎ তুটি মোক্ষমগড় আজ তার হাতে সে মানুষের সঙ্গে পেরে ওঠা খুবই কন্টকর।"

রোটাস্গড় ছায়ের সংবাদ শুনে আব্বাস খাঁর সেই কথাটিই আবার মনে পড়ে দবীরের। ছই ছিল, তিন হ'ল। এখন ? ভাগ্য তাকে কোন দিকে ঠেলে নিয়ে যাছেছ ? মাধার ভেতরে চিস্তার কুগুলী নিয়ে ঘরে এসে প্রবেশ করতেই চেপে ধরে আমিনা, "আবার আষাঢ়ের মেঘ কেন মুখের ওপরে !"

"গড়।"

এক কথার জবাব বোঝা মুশকিল হ'য়ে পড়ে আমিনার পক্ষে। ছ'চোথের তারায় শাসনের ভঙ্গিমা, গলার স্বরেও শাসনের স্থর এনে বলে, "দেখ বাপু, তোমার ঐ এক কথার জবাবগুলো আব্বাজানের কাছে দিও। আমার কাছে গড়গড় করে সব বলে যাও দিকি, বুঝে নিই কারণটা কি ঘটল।"

"শের খাঁ রোটাসগড় অধিকার করেছে।"

দবীরের উত্তর শুনে স্বস্তি যেমন পায় তেমনি বিস্ময়ও বোধ করে। আমিনা।

"একজনের গড় আর একজন নিল, মাঝখান থেকে মন খারাপ হ'ল ভোমার গ"

কথা শুনে আমিনার মুখের দিকে তাকায় দবীর। হদিস কবতে চেষ্টা করে, সরল মনেই এ প্রশ্ন করছে সে, না রহস্থ করছে।

"কি দেখছ •়" দবীরের তাকান দেখে মুখ টিপে হেসে জিজাসা করে আমিনা।

"তুমি বোধহয় চিন্তা না করেই জিজ্ঞাসা করে বসেছ কথাটা।" উত্তর দেয় দবীর।

"আমার চিস্তাত' ভোমাকে ঘিরে। সেই তুমিই যখন আমাব সামনে রয়েছ তখন আবার মিছি মিছি ভাবতে যাব কেন ?"

মেয়েদের মা নিয়েই বলেছিল আমিনা। ভাবতে চায় না

তারা। স্বপ্ন-গভীরা স্রোত্ত্বিণীর মত কল কল হাসির শব্দ-তরঙ্গ জেলে তর্ তরিয়ে বয়ে যেতে চায়। ভাবনার বোঝাটা থাক্না পুরুষের মাথায়। দেহে, মনে যারা বহন-শক্তি নিয়ে জন্মছে তাদের আছি অপনোদনের জন্মেইতো নারীর জন্ম। কোথাও তার স্রোত্ত্বিণী-রূপ, কোথাও বা ধারা-রূপ। আসলে কাজ একই। পুরুষের ক্লমভাব মুছে দিয়ে আবার সতেজ করে তোলা। আমিনাও তাদেরই একজন। ভাবন তার এই ক্লুদ্র সংসারটিকে ঘিরে। ছনিয়াল কোগায় কি ঘটল তা নিয়ে বিশেষ মাথাব্যথা নেই তার। কিন্তু । নত না সে যে এই স্বল্প-গভীরাকেই আবার মাঝে তিত্ব হয় গভীরতার মাঝখানে। মুক্তির চিন্তায় পাক থেয়ে থেয়ে থেরেত হয়

সেই অবস্থাই হ'ল শামিনার যখন বর্তমান অবস্থাটি বৃঝিয়ে বলল দবার। শের থাঁএর শক্তিবৃদ্ধি অর্থেই মালিকার ক্ষমতার বিস্তার। তার সেই বিস্তৃত হাতের মাঝখানে যদি কোনদিন গিয়ে পড়ে দবীর—

"থাম দিকি।"

দবারের মুখখানা সবলে চেপে ধরেছিল আমিনা। পরের কথাটি শুনবার মত আর সাহসও ছিল না তার। তারপরই হঠাৎ হাত সরিয়ে নিয়ে ছুটে গিয়েছিল তার আব্বাজানের শছে। কেঁদে পড়েছিল, যাহ'ক একটা ব্যবস্থা করতেই হবে।

"আমি কি ব্যবস্থা করব ?" অসহায়ের হ'সি দিয়ে মনের কণ্টটাকে ঢাকবার চেণ্টা করেছিল আব্বাস থাঁ।

"তুমি কেন দ করবে ? চাচাসাহেবকে দিয়ে বাদশাহ কে বলাও।" যুক্তিটা যেন আপনিই এসে উপস্থিত হরেছিল আমিনার মাধায়।

'ভার কথা কি আর মানবেন বাদশাহ্'" চিস্তাধিত ভাবেই

বলেছিল আব্বাস খাঁ, "দেখি, দবারকে একবার পাঠাই আজম আলি সাহেবের কাছে।"

"হাঁা, পাঠাও। আজই পাঠাবে কিন্তা" অঙ্গজার দাবা জানিয়েছিল আমিনা। তারপরই বিরাট উৎস্কা নিয়ে ঝুঁকে পড়েছিল আকাজানের মুখের ওপরে, "আচ্ছা, বাদশাহের সঙ্গে শের খাঁর যুদ্ধ হলে নিশ্চয়ই বাদশাহ জিতবেন, তাই না ?"

"জ্বেতা তো উচিত।"

"উচিত নয়, ঠিকই জিতবেন। বাদশাহেব কামান আছে।"
মানুষ নয়, ঐ যন্ত্রই যেন তার সমস্ত ভরসার মূল এমনভাবে বলে
গিয়েছিল আমিনা।

এরকম একটা কিছু যে ঘটবে তা বুঝি হিসাবের ভেতরই ছিল শের থাঁর। তাই সাসারাম থেকে চুণারগড় যাওয়া আর হয়না মালিকার। যেতে হয় রোটাসগড়ে। গড়ে প্রবেশের মুখে বোরধার ভেতর দিয়ে একবার চারদিকটা তাকিয়ে দেখে সে। ছর্জয় গড়। বংসরাধিক কাল এ গড়কে অবরোধ করে রাখলেও ছ্রুয় করা সন্তব নয়। আর সেই জায়গায় একরাত্রে একে জয় করেছিল শের থাঁ। চ্ড়ামণের উপদেশ মত বোরখা পবিহিতা একদল উদ্বাস্ত মুসলমান রমণীর বেশে সদলে এসে আশ্রয় নিয়েছিল শের থাঁ। প্রথমে আশ্রয় দিতে রাজী হননি রাজা। বরক্ষ রেগেই উঠেছিলেন মন্ত্রীর উপরে। কেন সে হঠকারীর মত আশ্রয়ের আশ্বাস দিয়েছিল ওদের। তারপরই আবার তাঁর ভেতরে দেখা গিয়েছিল সেই সনাতন হিন্দুর আতিথেয়তা। বোরখাপরা মায়্ম কয়টিকে আশ্রয় দিয়েছিলেন। আর স্বযোগের সদ্ব্বহার করেছিল শের থাঁ। একটি রাত্রির ভেতরেই অধিকার করে নিয়েছিল এই রোটাসগড়।

শের থার আপন পছন্দ মত। এর জানালার ধারে দাঁড়ালে দ্রে দেখা যায় শোন-নদীকে। তির্ তির করে বয়ে চলেছে সরু রপালী স্তোর মত। বর্ষায় নাকি এরই চেহারা হয় ভয়স্কর। ছ'কুলপ্লাবী। দেখে দেখে চোখ জুড়িনে যায় তার। ঝির ঝিরে বাতাসে চোখ ছটি বুঁজে আসে। বাদীকে ডেকে বলে একটা কুর্লি এনে দিতে। তারই ওপরে গা এলিয়ে দেয় এক অপার নিশ্চিন্ততায়। অন্ম লখে দবীর এসে দাঁড়িয়েছে তার সামনে। মুখে মদির হাসি। কেমন অবাক হ'য়ে যায় মালিকা। এমনভাবে ওর মৃথের দিকে তাকিয়ে কোন দিনত' হাসেনি দবীর! তাহ'লে কি সত্যিই আজ ওর মনের কোনে এতটুকু ঠাঁই পেয়েছে মালিকা! হাড়াভাড়ি উঠে দাঁড়িয়ে কুনিশ করতে যায় দবীবকে। পারেনা। কাল এমান হাল এসে মালিকাব কাঁখে পড়ে। ছিট্কে যায় ঘুনের ঘোর। চম্কে চোথ মেলে তাকায় মালিকা। দেখে হাসি হাসি মুথে তারই মুথের দিকে তাকিয়ে র্য়েছে শের খাঁ।

"জনাব কখন এলেন প" প্রশার আড়ালে থেকে সহজ হওয়ার চেষ্টা করে মালিকা। দবীরের মৃত্তিখানি এখনও একেবারে মিলিয়ে যায়নি তার মনেব পর্দাব ওপর থেকে।

"কাকে কুণিশ করতে যাচ্ছিলে !"

"ঝিরঝিরে বাতাসে ঘুম এসে গিয়েছিল।" বলেই সচকিত হ'য়ে ৬তে মালিকা। "আপনি বস্তুন," বলে ছুটে গিয়ে একটি স্কুলর আসন এনে পেতে নেয় কুর্শির ওপরে। বসে শের খাঁ। পাশে প্রায় তার গা ঘেঁষে দাড়ের মালিকা। এতক্ষণে শের খাঁর পূর্বপ্রশ্নের উত্তর দেওয়ার মত করে মনটিকে তৈরী করে নিতে পেরেছে সে। বলে, 'থোয়াব নেথছিলাম জনাব, বাদশাহ হুমায়ুনের সঙ্গে মুদ্ধে জ্বয়ী হ'য়ে এসে দাড়িয়েছেন আমার সম্মুখে। তাই আনক্ষে লাফিয়ে উঠে

তস্লিম জানাতে যাচ্ছিলাম জনাবকে !"

"জয় তো হয়নি। বরঞ্চ পরাজয়ই হ'য়েছে আমার।" হাসতে হাসতে বলে শের খাঁ।

কথাটি কেমন অবিশ্বাস্য বলে মনে হয় মালিকার। পরাজয়ের কথা এমন হাসি হাসি মুখে বলতে পারে কেউ ?

"বিশ্বাস হচ্ছে না, না ?" বেগমের মুখের দিকে না তাকিয়েও তার মনের কথাটি শের খাঁ ব্রুতে পারে, আর সেইমতই বলে, "কিন্তু স্বিটিই পরাজয় হয়েছে আমার। চুণারগড় অধিকার করেছে হুমায়ুন।"

"তাহ'লে ?" হতাশার স্থর ফুটে ওঠে মালিকার কণ্ঠসরে।
এই চুণারগড়ের জন্মেই না সে শেব থাঁকে নেকা করতে রাজী
হয়েছিল! সেথানকার সমস্ত ধনরত্ব ভূলে দিয়েছিল এই মানুষটিব
হাতে। এখন যে আর কিছুই থাকল না তার! কালার একটা
বেগ দল পাকিয়ে পাকিয়ে উঠে আসতে চাইছে বাইরের দিকে।

"তাহ'লে আবার হবে। আমি যখন গড় দিই তখন ত। স্থদে আসলে ওয়াসিল ক'রে নেবার জন্মেই দিই। বাদশাহ্কে গড়ের দিকে ব্যস্ত রেখে মৃক্ষের থেকে গৌড় পর্যন্ত বিস্তৃত অঞ্চল আজ আমার অধিকারে এনেছি। এবারে গৌড়।"

"চুণার তাহ'লে আর আসবে না ?"

"হুমায়ুন ওখান থেকে সরে যাওয়ার সঙ্গে সঙ্গেই আবার গড় দখল করবার জন্যে আদেশ দিয়েছি ইশাককে। তোমার গড় তোমার হাতে তুলে দিয়ে তবে আমার গৌড় যাত্রা। তবে এবার আর নিঃখাস ফেলবার অবকাশ দেবনা স্থ্যায়ুনকে।" যেন মালিকাকে নয়, নিজের মনে প্রতিজ্ঞা নিচ্ছে এমনভাবে কথাগুলি বলে উঠে দাঁড়ায় শের খাঁ।

তবুও নিঃশ্বাদ ফেলে হুমায়ুন। একের পর এক রাজ্য বা

বাজ্যাংশ জয় করতে করতে এগিয়ে চলতে দেখেছে শেব খাঁকে।
তথন কিছু বলেনি। ব্যস্ত ছিল চুণারগড় দখলের কাজে।
দখল হল চুণার। আনন্দি বাদশাহ ফিবে চলে আগ্রার দিকে।
শেব খাও যেন এই মুহূর্ত্তির জত্যে অপেক্ষা করে ছিল।
বাদশাহী ঠাট নিয়ে চলা সেত' হাতীর ওঠা বসা। সময়েব প্রয়েছন।
তাই তথায়ুন আগ্রায় গিয়ে বসতেই গা-নাড়া দিয়ে ওঠে সে।
প্রথমেই চুণার দশল কবতে হবে। তারপর গৌড়।

সে খবরও পায় ভুমায়ুন। কিন্তু একই তুর্গের পেছনে কভবাব ্ছাটাছুটি করা যায় তাব চাইতে সন্ধির মাধামে যদি বিরোধ মীমাংসা গ'য়ে যায়, তাহ'লে অযথ। আব যাবাবরের মত স্ত।ন থেকে স্থানাজরে তাঁবে গেড়ে বেডাতে হয়না। তাই করে ভুনায়ুন। সন্মির প্রয়োর পাঠায়। দ্বাবও শোনে সে প্রস্তাবের ক্ষা: ভানে, শেব গংশ নাক উচ্চ,শার মণে পড়ে পুড়ে ছার্গ ছারে আই প্রস্তাব। কিন্তু বলেনা কিছুই। বলা তার সাজেনা। তার ওপরে বাদশাতের এখানেই চিছুকাল বাস করবাব আভিপ্রায় আছে ফানতে পেরে দিল্লী থেকে সকলকে নিয়ে এসেছে। নতুন পাতা সংসাব। কাজ অনেক। সময়ে যদি গা ভোলে বাদশাত ভাহ'লে াবপদেই পড়ে যাবে ৢসং ভাই চোথ খোলা থা∻লেও মুখটি বন্ধ করে বাখে। আর সেই গোলা চোথেই দখতে পায় শের খাঁর উচ্চাশার পাষাণ দরজায় ঠেকের থেয়ে ফিরে আনে বাদশাহের প্রসাব। এক নয়, একের পর এক। দেখে নিজের মনেই এক অপমানের জ্বালা সত্তব করে দবীর যে জ্বালা অত্তব করা উচিত ছিল ভুমায়ুনের। তাকায় বাদশাহের মুখের দিকে। সেই আয়েসী মানুষের আলস্যে ভরা দৃষ্টি! বিভব আর বিলাস, এই যার একাস্ত বাম্য।

কিন্তু সেই আয়েসী জাবনকেও একদিন ঝড়ে ফেলে উঠে দ।ড়াতে

হয় হুমায়ুনকে। শের খাঁএর সঙ্গে যুদ্ধে আহত মামুদ শা তার গৌড়রাজ্য হাবিয়ে এসে আশ্রয় চায়, সাহায্য চায় বাদশাহের কাছে। বাদশাহা মভিমান। 'না' বলা যায় না। অতএব আবার উঠে দাঁড়াতে হয় হুমায়ুনকে। আদেশ দিতে হয়, "গৌড় চল।"

কিন্তু সে হুকুমের তেজ আর থাকে না শেষ পর্যন্ত। গৌড় পৌছুতে না পৌছুতেই কখন মূছে যায় তা মনের কোমল পর্দ।টির ওপর থেকে। এই রাজ্যটি বড় মনে ধরেছে তার। একটু আফশোষও বৃঝি রয় মামুদের জন্যে। পথিমধ্যেই ইন্ত কাল হ'য়ে গেল বেচাবা। কিন্তু সে আফশোষও মুহূর্ত্তে তলিয়ে গিয়ে রক্ত নেচে উঠে স্থান্দরী নর্তকীব নাচের রিম্ ঝিম্ শব্দে।

দবীব শুধু দেখে যায়। ককণা হয় এই পরম বিলাসা বাদশাহের জয়ে। একবার নয়, বারবার স্থাোগ এসেছে আর সে স্থাোগকে এই মানুষটি অবহেলায় অগ্রাহ্য কবেছে। এইবাব, এই গৌড়ে আসবাব পথেও সেই একই ঘটনাব পুনবার্ত্তি ঘটেছে। তেলিয়া-গাবহীতে এসে পথ আটকে দাঁড়াল জালাল খাঁ। আর সঙ্গে সঙ্গে থেমে গেল বাদশাহেব অগ্রগতি। সহ্য কবতে পারেনি সেদিন দবীব। বাদশাহ, সিপাহশালার পড়তির সামনেই চাংকাব করে উঠেছিল সে, "সর্বনাশ হ'য়ে যাবে জাঁহাপনা। শের খাঁকে আর বেড়ে উঠতে দেওয়া উচিত হবে না। আপনি অনুমতি দিন, আমি ঝাঁপিয়ে পড়েতছ নছ্ করে দিছিছ জালাল খাঁব—"

"থাম," বাধা দিয়ে ধম্কে উঠেছিল হুমায়ুন, "লড়াই খামথেয়ালেব কাজ নয়। এতগুলি আদনীর জানেব দায়িত্ব আমার ওপব, অমনি খেয়াল মাফিক হুকুম দেওয়া যায় নংন"

অত এব হাত গুটিয়ে বদে থাকা ছাড়া গত্যন্তর নেই। তাও একদিন ত্'দিন নয়, মাসাধিক কাল। তারপর হঠাৎ একদিন ফজরে সিপাহ্দের চাংকার শুনে ছুটে বাইরে গিয়ে দেখে এল দবীর যে রাত্তির অন্ধকারে সমস্ত ফৌজ নিয়ে কখন নিঃশব্দে সরে পড়েছে জালাল খাঁ।

বাদশাহ বলল, "দেখলেড' বেওকুফ, ওরা কেমন আপনিই সরে গেল। এর জন্তে হাজারো আদমীর জান খোয়াবার কোন প্রয়োজন ছিল ?"

প্রয়েজন ছিল কি না, জানা গেল তা গৌড়ে এসে। নিঃশেষিত ধনভাগুরে। হুমায়ুনঁকে ভেলিয়াগারহীতে আটকে রেখে অলপথে গৌড়ের ভাগুর থালি করে নিয়ে গিয়ে রোটাসগড়ে তুলেছে শের খাঁ। দবীরের মুখের দিকে তাকিয়ে একটুখানি লজ্জার হাসি হেসে ওঠে বাদশাহ্। তারপরই বলে ওঠে, "নাঃ, মেজাজটা শরিফ করে নিতে হবে। গৌড়ের নর্প্রকীরা নাকি নুত্যকুশলা আর বেহেন্ডের হুরীর মত পুরস্কাং। ডাক তাদের।"

মেজ। জা মানুষের মেজাজ অত সহজে শরিক হয় না। দেখতে দেখতে কোথা দিয়ে কেটে যায় আটনাস সময়। চিন্তার অন্থিকতা মুখে ছাপ কেলে দবীরের। এখানে আসবার পূর্বে যে একবংসর কাল আগ্রায় কাটিয়েছিল বাদশাহ, দেই একটি বংসরই যা সুখের দিন কেটেছিল ভার। খুনীর ভাব ফুটে উঠেছিল আক্রাস খার চোখে মুখেও। একদিনত' স্পটই বলেছিল, "দবীর, যেভাবে ভোমাদের নেকা দিয়েছি সেভাবে নেকা হয় না কাবও। মজলিস যসেনি, ইশাদী থাকেনি কেট, খোংবা-এ-নেকাও পড়া হয়নি। তবুও ভোমার জ্বান যেভাবে তৃমি রেখেছ তা মরদের পক্ষেই সন্তব। আল্লা এর পুরস্কার দেবে।"

ঘরে ঢুকতে গিঁয়ে আব্বাজানের কথার ছ'একটি শব্দ বৃবি কানে গিয়েছিল আমিনার। চির কুত্হলী স্ত্রী-মন। ঘর থেকে বৈরিয়ে আসবার সময় আব্বাজানের চোধ এড়িয়ে দবীরের গায়ে একটি খোঁচা দিয়ে 'কথা আছে'র ইসারা জানিয়ে এসেছিল দে। তারপর নিজের কোঠায় পেতেই চেপে ধরেছিল দবীরকে, বলভেই হবে কি বলছিল তার আব্বাজান। রহস্মে পেয়ে বসে দবীরকে। গন্তীবভাবে বলে, "তিরস্থাবের বাণীগুলি আমাব মত মরদের ওপরে আওড়াচ্ছিলেন আরকি। আমি নাকি ভোমাকে স্থাথে রাখতে পারিনি। চেষ্টা থাকলে আরও উচুতে উঠতে পারতাম, ইত্যাদি।"

"আরও উচুতে, কোথায় ?ছাদের ওপরে ?'' অত সহজে আওরৎ ভোলে না। আমিনাও তাদেরই একজন। "ছাদে নয়, হাওদায়." নিবিকারভাবে দবীর বলে।

"আচ্ছা, ঢের হয়েছে !'' ত্'চোখে ধম্কানি আমিনার, "অস্থস্থ মানুষকে হাওদায তুলে নেব না, বলব একায় উঠে ট্যাং ট্যাং ক'রে থেতে, না ?''

"না, তা নয়। বলছিলাম কি, তোমার আব্বাজান সামার চাইতে বেশী অসুস্থ ছিলেন।"

"পারি না বাপু, যাও।"

লজ্জার ঝলকানিতে চোখ মুখ রাঙা হ'য়ে ওঠে আমিনার, আর সেই লজ্জা ঢাকতে দবীরেরই ককে মুখ ঢাকে।

"খুব লজা হচ্ছে, না, ?" আমিনাব পিঠে হাত বোলায় দবীর. "দব সময়ইতো ব্যস্ত থাকতে হয়, তা ই মধ্যে ঐ স্মৃতিটুকু নিয়ে নাড়াচাড়া করাই আমাদের বিলাস। লোমার সেই ওড়না ছুঁড়ে দেওয়া, হাত ধরে আমাকে হাওদায় তুলে নেওয়া—তুমি বিশ্বাস করবে না আমিনা, অন্ধকাবে মুখ লুকিয়ে সেদিন আমি চোখের জল ফেলেছিলাম।"

"কেন ?" চমকে সরে দাঁড়িয়ে জ্র কুঁচকে ভাকায় আমিনা।

"তৃমি যে এতটা ভালবাস আমাকে তা সেদিনের পূর্বে এমন করে জানতে পারিনি আমি। তার ওপরে যেভাবে ঠেলে সরিয়ে দিয়েছিলে আমাকে—''

"থাক সে কথা।"

বাধা দিয়ে বলে ওঠে আমিনা। শোনবার প্রয়োজন মিটে গিয়েছে তার অনেক দিন। প্রথম আনেগের ধাকায় সে দবীরকে সরিয়ে দিয়েছিল বটে কিন্তু তারপর যত দিন গিয়েছে ততই অন্থশোচনার জ্বালা তার বেড়েই গিয়েছে। কিছুই নাজেনে একি এক কাজ করে বসল সে! তাই প্রথম সুযোগেই সে দবীরের অমন নৃশংস হওয়ার কারণটি জানতে চেয়েছিল। সে কারণও জানা হ'লনা, আববাজানের আনেশ মাথায় করে নিতে হ'ল। তথন থেকে এই মানুষ্টিকে যতই ঘনিষ্ঠ ভাবে দেখেছে সে ততই দূঢ় ধারণা হয়েছে তার, এ মানুষ্টের দ্বারা এমন অন্যায় কাজ অসম্ভব। যদি ঘটেও থাকে, তাহ'লে তার এমন কোন কারণ ছিল যা এড়িয়ে যেতে সামেনি সেইদিন থেকে আর সে বিষয়ে কোন প্রশ্নই তোলেনি আমিনা। বরঞ্চ মনে হয়েছে তার, এ প্রশ্ন জিজ্ঞাসা করতে গেলে দবীরকে আঘাতই দেওয়া হবে। সেদিনও তাই দবীরের কথায় বাধা দিয়ে ওঠে।

কিন্তু থামেনা দবার । বলব বলব করেও যে কথা বলা হয়নি এতদিন সেই কথাই সে বলে যেতে থাকে। শুনতে শুনতে চোখে জল এসে পড়ে আমিনার । একাস্ত করে পাওয়া এই মানুষটিকে যেন আবার নতুন ক'রে ভালবাসে সে। মহক্বতের এত দাম কেউ যে দিতে পারে তা সে ভাবতেই পারে নি। খসমের বৃকে মুখ লুকিয়ে আবার কাঁদে আমিনা। কাঁদতে কাঁদতেই কোন এক অসত্র্ক মুহুর্ত্তে প্রকাশ করে ফেলে তার গোপন কথাটি, "আমার ছেলে যেন তোমারই মত মানুষ হয়।"

এযে নতুন কথা! আমিনার কাধছটি ধরে সামনে দাঁড় করিয়ে এক হাতে তাব মুখখানি তুলে ধরে দবীর। "হবে নাকি, এঁয়া ?"

"যাও!" মুখখানি লজ্জায় মুয়ে পড়ে আমিনার। বলে, "আমি আম্মার কাছে যাই। অনেকক্ষণ একলা রয়েছেন তিনি।' একরকম ছুটে পালিয়ে গিয়েছিল আমিনা।

গৌড়ে বসে সেই কথাগুলিই আবার নতুন ক'রে মনে পড়ে দবীরের। সেখানেও ছিল বিশ্রাম, এখানেও তাই। কিন্তু এ হ'য়ের ভেতরে কি আসমান জমিন তফাং! এতদিনে নিশ্চয়ই বেটা জন্মছে তার। কিন্তু তার কোন খবরই পাওয়ার উপায় নেই। আগ্রার কেন, কোন জায়গা থেকেই কোন খবর আসছে না। বারাণসী, জৌনপুর, কলপি, কনৌজ সব চুপ। এমনটা হ'ল কেন! চারপাশ থেকে কাল মেঘ এসে জড়ো হচ্ছে। ঝড়ো বাতাসের সোঁদা গন্ধ এসে নাকে লাগে। কিন্তু চেতনাহীন গৃহস্থ বাহাজ্ঞান হারা হয়ে মেতে রয়েছে গান আর নাচে। এই নাচেই শেষ করবে বাদশাহ্কে। সঙ্গে সারা হিন্দুস্থান চলে যাবে শের খাঁর হাতে। ভাবতে ভাবতে নাচ্যরের দিকেই এগিয়ে চলতে থাকে দবীর। দেখে ছমায়ন হন্হন্ করে নাচন্ধর থেকে বেরিয়ে আসছে। ম্থের ওপরে আষাঢ়ের মেঘের ছায়া। তাড়াভাডি কুর্নিশ করে একপাশে সরে দাঁডায় দবীর।

"সিপাহ্শালারকে 'থবর দাও।" তুকুম জানিয়ে চলে যায় তুমায়ন।

पवौत्र छूटि **চলতে थाक् मि**পाङ्गालारतत (बाँर क

শেষ পর্যন্ত জানতে পার। গেল সবই। সংবাদ আদান-প্রদানের সমস্ত রাস্তাই বন্ধ করে দিয়েছে শের থা। 'বারীণসী থেকে কনৌক পর্যন্ত অধিকার করে নিয়েছে। কোন শাসনকর্তাকে হত্যা করেছে, কেউ বা পলাতক। মাধায় আগুন জলে ওঠে হুমায়ুনের। এত দিনে বৃধি আপোষ স্পৃহা মিটে যায় তার। ভাই আসকারীকে বলে একদল সিপাহ্ নিয়ে এগিয়ে যেতে। পিছনে অপর দল নিয়ে নিজে চলে সে। সঙ্গে বেগমের দল। বাদশাহের হাতাঁব পাশে পাশে চলেছে দবীর। কেন যেন মন তার বারে বারেই বিষয়হায় ভরে উঠছে। নিজেই আশ্চর্য হ'য়ে যায় সে, এরকমত' কথনও হয়নি! মনে পডে, আগ্রা ছেড়ে আসবাব সময় আমিনাও কেঁদে ভাসিয়েছিল। মুথে যদিও কোনও কথা বলেনি তবুও অমঙ্গল আশঙ্কা যে তাব বৃকে পাষানেব চাপ নিয়ে বসেছিল, সে কথা বেশ বৃঝতে পেবেছিল দবীর। তবুও উপায় নেই, যেতেই হবে। মাসিক কয়টি মুন্রার শেকলে যে ভাব জীবনটি বাঁধা।

মুস্পেরে একার তীরে এসে মিলিত হয় আসকারী আর হুশায়ুন।
গঙ্গা পার হ'য়ে তার দক্ষিণ তীরে এসে ওঠে। শের খাঁর রাজন্বের
ভেতব দিযে তাবই গড়া সড়ক ধরে এগিয়ে যেতে থাকে। কিন্তু
নসীব বৃঝি আবার ভুল পথে চালিত করে তাকে। ভোজপুরের
বিহিয়াতে এসে পুনরায় গঙ্গা পেরিয়ে তার উত্তর ভাগে গিয়ে উঠতে
হয় হুমায়ুনকে। সে ভুলের স্থযোগ নেয় শের খাঁ। তার ছোট
ছোট সিপাহের দল নানাভাবে ব্যতিবাস্ত বিপর্যন্থ বরে তুলতে
থাকে বাদশাহী ফৌজকে। অনভান্থ বাদশাহী ফৌজ, দরিয়ার বুকে
লডাইএর রীতি তাদের জানা নেই। অপবদিকে শের খা নিয়োগ
বরেছে গ্রামীণ মান্তমকে। জাবনের সঙ্গে যাদের ওতপ্রোতভাবে
জড়িয়ে আছে এই নদী। আঘাতে ব্যাঘাতে নৌকার অপ্রত্লভায়
চোথে অন্ধকার দেখে আসকারী আর হুমায়ুন। প্রতি মুহুর্জেই
আক্রমণের আশন্ধা করে তারা। কিন্তু না, আক্রমণ করে না
শের খাঁ। শুধু দুরে স্কিড়িয়ে উপভোগ করতে থাকে বাদ্শাহের

এই বিপর্যন্ত অবস্থাটি।

ক্রমে গঙ্গা পার হয় বাদশাহী ফৌজ। ছুটতে থাকে চৌসার দিকে। তাতেও শান্তি নেই। কর্মনাশা নদী থেকে কিছু দূলে মবস্থিত চৌসায় পৌছে আবার গঙ্গা পার হ'য়ে তাব দক্ষিণ ভাবে এসে উঠতে হয়। ওদিকে আফগান বাহিনীও ছুটে এসে দাঁড়িয়েছে প্রায় ম্থোম্থি হ'য়ে। আন্ত, ক্লান্ত, বিজ্ঞামের জন্যে উন্মৃথ। তাপের সে অবস্থার থবর এসে পৌছুতে দবীরের গাতথানা যেন আপানই গিয়ে কোটিবদ্ধ তরোয়ালের মৃষ্টিটা চেপে ধরে। এই হচ্ছে উপযুক্ত সময়। বাল্শাহী ফৌজ বিজ্ঞাম পেয়েছে একটি পূর্ণ দিন আর শের খাঁর ফৌজ পথশ্রান্ত। এর ওপরে যুদ্ধের আঘাত আর সহ্য হবে না তাদের। বাদশাহের মুখের দিকে তাকায় দবার। না, আক্রমণের কোন লক্ষণই নেই সে মৃথে। সেই চির আয়েসী নামুষ, যুদ্ধে পরাজ্ম্য, সন্ধির জন্যে অধীর আগ্রহী। বিপদ গোণে দবীর ভয়ে তার অন্থবান্ধা কেঁপে ওঠে।

কর্মনাশা আর গঙ্গার মধ্যবতী নিমুভূমি এই চৌসা। তারই উন্মৃক্ত প্রাস্থরের বুকে শিবির পড়েছে বাদশাহের। তার একপার্গে বেগমদের অপর পার্গে বাদশাহের দরবার শিবির। আর এই মূল তিনটি শিবিরকে ঘিরে রয়েছে অসংখ্য শিবির। যথানিয়মে প্রস্তুত সকলে। যে কোন মুহূর্ত্তে ঝাঁপিয়ে পড়তে হবে আফগান ফৌজের ওপরে। কিন্তু সে হুকুম আর আসে না। শের খাঁও যেন শেরের মতই থাবা গেড়ে বসে রয়েছে। সামান্য অন্যমনস্কতার স্থযোগে ঝাঁপিয়ে পড়বে বল্যার বেগবতী নদীব মত। ভাসিয়ে নিয়ে যাবে মোগল ফৌজকে।

দিন যায়। শক্তি বাডে শের খার। আবও আফগান সিপাহ্ তার পতাকাব নীচে এসে দাঁড়ায়। তবুও নিবিকাব সে। অপেকা করতে থাকে ব্যার।

অদ্বদর্শী হুমায়ুন সে কথা বোঝে না। বোঝে না এই নিম্ভূমিতে কি অপ্রবিধাব সম্মূখীন ভাকে হ'তে হবে বর্ষার আগমনে। তাব ওপবে ত্'ধারে ত্ইটি নদী। তাদের কুল ছাপান জল যখন এসে পৌছবে এই জমির ওপর তথন আত্মবক্ষা করাও ভাব হ'য়ে টুচবে মোগলবাহিনাব পক্ষে। আব বন্দিকেব জ্বালা নিয়ে ছটফট্ করতে থাকে দবাব। সমস্ত অন্তর ভার হায় হ'বে টুচহে থাকে। চোথের ওপরে ভেসে ওচে একটি দৃশ্য—দিল্লাব রাজপ্রাসাদ থেকে টেনে ছি ডে নামিয়ে কেলা হয়েছে মোগল পতাকা, আব সেই জায়গায় বুক ফুলিন্য় পত্ পত্ ক'রে উড্ছে আফগান নেতা শেব খার বিক্র্ম নিশান।

শেষ পর্যন্ত দ্বীবের সেই আশস্কাই সত্যে পবিণত হ'য়ে গেল।
ত্রুই নদী যেন পবন আক্রোশে ফুলে ফেঁপে উঠছে। বজার জল
এসে কলকল ক'বে ঢ়কছে শিবিবেব ভেতবে। সিপাহ দের ভেতবে
বিশুজ্ঞালা। যে যেখানে পেবেছে, টিলা বা উচু চিবিব ওপরে গিয়ে
আশ্রয় নিয়েছে। সামনে এগিয়ে যাবে সে উপায়ও নেই। ওঁৎ
পেণে ব্যেছে শেব গা কলবে ওঠি বেগমদেব শিবিব থেকে।
নিরাপদ আশ্রয়ে যেতে চায় গ্রা দ্বস্তুক্ত স্থান অধ্যেষণ করতে
বাস্ত হ'যে পডে নেতৃত্বানীয়ের। ঠিক সেই সময়েই থবর আসে
শের থা তার বাহিনী নিয়ে সাহা গদেব আদিবাসী-প্রধান মহাবথ
চেবোব বিকদ্বে যুদ্ধযাত্রা কবেছে প্রকৃত্বক্তে করেছেও তাই।
থববেব স্কাল অনুস্কানও কবে আসে ক্যেবজন। নিঃশ্বাস ফেলে
বাচে মোগলবাহিনী অলস আবেশে দেহ এলিয়ে দেয় তারা।
পুরোভাগের বত্বাদলভ এতদিনের একটানা নানসিক উত্তেজনার

পর সেদিন পরম নির্ভয়ে নিজাকে যেন ছু'হাতে জড়িয়ে ধরে।

বর্ধার রাত। সন্ধ্যা থেকে কয়েক পশলা রাষ্ট্র হ'যে গিয়েছে।
সিক্ত বাতাস শীতের কাঁপন ধরায় দেহে। সিপাহ্রা সব কুকুরকুগুলী হ'য়ে নাক ডাকাচ্ছে শিবিরের ভেতরে। নিস্তব্ধ প্রান্তর।
শুধু শোনা যায় গাছের পাতা থেকে পাতায় ঝরে পড়া জলের
টিপ্টাপ্শব্দ আর ঝিঁঝিঁর একটানা গলাচেরা ডাক।

হঠাৎ সেই নিস্তব্ধ প্রান্তর আর্ড-চীৎকার আর রণ-হুকারে কেঁপে ওঠে। শ্লথ, সূর্প্ত মোগল সিপাহ্ চম্কে উঠে হাতিয়ার খুঁজতে থাকে। অন্ধকারে দিকভূল হয়। ধাকা খায় শিবিরের কাপড়ের গায়ে। আর পিছন থেকে আসে তরোয়ালের আঘাত। এধাব থেকে ওধার, ছুটে পালাবার জন্মে ব্যস্ত হ'য়ে পড়ে তারা। পারেনা। সামনে পিছনে আফগান সৈত্য, ছু'পাশে মুখব্যাদন করা ছুই নদী। এতক্ষণে বোঝে তারা যে শের খাঁ কোন মহার:থর বিরুদ্ধেই যুদ্ধযাত্রা করেনি। আসলে কিছুদ্র এগিযে গিয়ে রাত্রির মধ্যযামে আবার নি:শব্দে ফিরে এসেছে। ঝাঁপিয়ে পড়েছে নিজাময় অপ্রস্তুত বাদশাহী-ফৌজের ওপরে।

এতদিনে নিজের প্রকৃত বিপদটি ব্যতে পারে হুমায়ুন। নিবির থেকে বেরিয়েই ছুটে গিয়ে লাফিয়ে উঠে বসে নিজের ঘোড়ার পিঠে। প্রস্তুতই ছিল দবীর। বাদশাহের দেহরক্ষী, তাকে রক্ষা করবার দায়িছ তার। অন্যাস্য কয়েকজন দেহরক্ষীর সঙ্গে সেও অশ্বারাট্ হয়। ছুটে চলতে থাকে বাদশাহের পাশে পাশে।

সমস্ত প্রাপ্তর ছুটে চেষ্টা করে হুমায়ুন যাতে আবার স্বসংবদ্ধ করতে পারে মোগল সৈত্যকে। কিন্তু পারেনা। অধিকাংশই মুত। যারা জীবিত তাদের ভেতরে একটি বিরাট অংশ পালিয়েছে প্রাণ নিয়ে। যারা পাবেনি পালাতে, তারাও ইতস্ততঃ বিক্ষিপ্ত। কিছু এসে যোগ দেয় বাদশাহের সঙ্গে, কিছু বা তাও পারেনা। মরবার আগে মরণ কামড় দেবার জ্বন্যে মরিয়া হ'য়ে অন্ত্র চালাতে থাকে।

এত করেও কিছু করতে পারে না হুমায়ুন। এমনকি নিজের
শিবিরে ফিরে আসাও তার সাধ্যের অতীত হ'রে যায়। অন্যোপায়
হ'য়ে গঙ্গার দিকে মুখ ঘোরায় সে। পালাতে হবে। প্রাণপণে
লড়াই করতে করতে এগিয়ে চলে ক্ষুদ্র দলটি। কিন্তু হঠাৎ যেন ঝড়ের
গতিতে একদল আফগান সিপাহ্ নিয়ে এসে উপস্থিত হয় মীর
আহ্মদ। সে আক্রমণকে রুখতে গিয়ে নিজেই রুখে যায় দবীর।
বাদশাহ্ দাঁড়াতে পারেনা সামাস্ত একজন দেহরক্ষার জভ্যে। মোড়
ঘুরে অন্তদিকে পথ করতে করতে বেরিয়ে যায়। পিছনে পড়ে
থাকে বন্দী আহত দবীর আর শিবিরে বাদশাহের বেগমদল।
এমনকি প্রধানা বেগা বেগম পর্যস্ক।

আহত দ্বীরকে নিয়ে গিয়ে শের থার সম্মুখে হাজির করে মীর আহ্মদ।

"এ কে ?" জিজ্ঞাসা করে শের খাঁ।

"দ্বীর খাঁ, জনাব," উত্তর দেয় মীর আচ্মদ, সঙ্গে পরিচয়ও দেয় "চুণারগড়ের জিমাদার ইস্কাল তাজ খানের লেড্কা।"

"ও, তুমিই দবাব ?" তাক্ষ দৃষ্টিতে তার মৃথের দিকে তাকায় শের খাঁ। মশালের আলায় চোথছটি তার জ্বল জ্বল করে জ্বলতে থাকে। এমন থুবসুরং চেহারা না হ'লে মালিকা অমন পাগল হ'য়ে উঠবে কেন এর জ্বস্থে। ঠিক আছে, সে দাওয়াইও হবে, ভাবে শের খাঁ। মুখে বলে, "একে হেকিম দিয়ে দেখাও। তারপর চুণার পাঠিয়ে দাও।"

"আমার লাস নিয়ে যেতে পারেন, জিন্দা পারবেন না।" দৃঢ়কঙ্গে

"কি রকম ?"
"আমি চুণার যাব না।"
হাসি ফুটে ওঠে শের খার মুখে।
"বেশ, না হয় আমার সঙ্গেই থাকবে।"

তিও নয়। বাদশাহ ব বেগমদের যদি বাদশা> ্ব কাছে পৌছে দেবার ব্যবস্থা করেন ভাহ'লেই আমি যাব।"

"তাই দেব। তাহলেত' যাবে ?'' আপনিই কোমল হ'য়ে আসে শেহ খাঁর কণ্ঠস্বর।

"জী জনাব।" দবীরও শ্রদ্ধা জানায়।

বোটাসগড়ে বন্দা দ্বী দিনবাত্রেব সঙ্গা এক মাত্র চিন্ধা।
চিন্তা পলাতক বাদশাহ্ হু মায়ুনের জলে, চিন্তা ভাব সংসাবেব জলে।
অন্তর্বত্বী আমিনাকে কেলে সেই যে চলে এসেছে সে শবপর থেকে
আর কোন খোঁজই জানে না ভাব। কেমন আছে সে, মাম্মাজান
আর আমিনার বাবাং ভাবতে ভাবতেই দিন কেটে যান ভাব।
আসে রাত্রি। আকান্থিত রাত। অন্ততঃ এই সময়টুকু সকল
চিন্তার হাত থেকে মুক্তি পায় সে।

এরই ভেতরে একদিন শোনে বিলগ্রামে আবার বাদশাহেব সঙ্গে যুদ্ধ হ'য়েছিল শের শাহের। শের খাঁ নয় এখন আর। মসনদ-ই -আলি ইশাখানের প্রস্তাব ও আজম হুমায়ূন সারওয়ানি প্রভৃতির সমর্থনে রাজ উপাধি ধারণ করে শের শাহ্হ'যেইছ শের খাঁ। তাব প্রচলিত মুদ্রাভেও সেই নামই অন্ধিত হ'য়েছে। সেই বিলগ্রামের যুদ্ধ থেকেও পালাতে হ'য়েছে বাদশাহ্কে। পালিয়েছে আগ্রার দিকে। তবুও নিস্তার নেই। ব্রহ্মদেও গৌড় বিরাট এক ফৌজ নিয়ে

পিছু ধাওয়া করেছে বাদশাহের। আর এদিকে চুণার থেকে প্রায় এক সহস্র সিপাত নিয়ে রওনা হ'য়েছে ইশাক।

সংবাদ শুনে বুক শুকিয়ে যায় দ্বীরের। এই ইশাবই এলাহাবাদ পর্যস্ত ছুটে গিয়েছিল আমিনাতে ছিনিয়ে আনতে। এবারে আর তাকে রক্ষা করবার কেট নেই। রাজ-দ্রবারে দ্বীর মপরিচিত নয়। তাব গৃহও চেনে অনেকেই। কি করবে সে এখন গ কি করা উচিত গ মাথা দিয়ে যেন আগুন ছুটছে। বন্দী বাঘের মত অস্থির প্রক্রেপ ঘ্রেব এধাব থেকে ওধাব কবণে থাকে। অস্থরে গলিত লাভা, কিন্তু ফুটে বেকবাব বাস্তা নেই কোথাও

মলদেও রাঠোবের ভেত্রে .এ আগুন ছিল, এন্দারী কারাস দিয়ে দিয়ে আরও ভালভাবে ছালিয়ে দিয়েছেন তা। শুরু বাড়িয়ে দিয়েই জান্ত হননি। স্বক্ষণের সহায়ককাশে সাহায়ও করেছেন। ধাবে ধাবে পাবিএন্তি হ'থেছে নল্লেওর বাজেব সীনানা। দিদভ্যানা, পাঁচভুজা, বানি এসেতে গাছে। বিকানীরের প্রায় জন্মক বিজিছ।

"এবাবেঃ" বন্ধচাবীৰ মথেৰ দি ক গাকিয়েছিলেন মলদেও। ব্ৰহ্মচাৰা বুঝেছিলেন মলদেওএৰ অৰ্থিত ইচ্ছাটি।

"এবারে একট একট করে দিল্লীর দিকে মুখ ঘোরাতে হবে।" দেই অক'থিত ইচ্ছাটিব উত্তর দিয়েছিলেন এক্ষাণ্যা

"ব্যবস্থা ককন।"

করাই ছিল•ব্যবস্থা। শুধু যাত্র। কবা বাকী। গও হ'ল। আবার যুক্ত হ'ল জলগোব, টঙ্ক, মালপুব। ক্রমে পথতে এগুতে ঝাঝর পর্যন্ত এশিয়ে গেলেন মলদেও। দিল্লা মাত্র আব একদিনের পথ। যোধপুর রাজোব সানা যেমন বেড়েছে তেমনিই বদ্ধিত হ'রেছে তার ধনসম্পদ আর সৈন্যসংখ্যা। এবারে তাঁর আসল প্রস্তাবটি নিয়ে এসে মলদেওএর সামনে দাড়ান বন্ধচারী।

"মহারাজ। একা যদি শের শাকে আঘাত করতে যান, পারবেন না। তার যুদ্ধের রীতি আলাদা। যতগুলি যুদ্ধ সে জয় করেছে, হিসাব করে দেখুন, তার ভেতরে শঠতার সংখ্যাই বেশা। তাই আমার মনে হয় তাকে চারিধার থেকে আঘাত করে বিপর্যন্থ করে তুলতে হবে। তবে যদি তার পতন সম্ভব করে তোলা যায়।"

"কি করতে চান আপনি ণু" ব্রহ্মচারীর কথার অন্তর্নিহিত অর্থটি ঠিক করতে না পেরে জিজ্ঞাসা করেন মলদেও।

"রাইসিন, রেওয়া আর বুন্দেলখণ্ড, এই তিনটি শক্তিকে এক করে যদি বিহারের রোটাসগড় আর চুণারগড় ছিনিয়ে নিতে পারা যায় ভাহ'লে আফগান শক্তি এতটা হানবল হ'য়ে পড়বে যে আপনার এক আঘাতেই চুরনার হয়ে যাবে শের শাহ্র মসনদ।" বলে মহারাজার মুখের দিকে একটুক্ষণ তাকিয়ে থাকেন ব্রহ্মচারী, ভারপর ধীরে ধীরে বলেন, "তাই এবারে আমি রাইসিন যাব। আপনার অনুমতি চাই।"

হাত জোড় করে দাঁড়ান ব্রহ্মচারী।

তিলমাত্র স্বার্থ না রেখে যে মানুষটি এতগুলি বংসর ধরে
বৃদ্ধি দিয়ে, সহায়তা দিয়ে রাজ্য ও সম্পদ বাড়িয়েছেন তাঁর, তাঁকে
বিদায় দিতে গিয়ে চোখছটি অঞ্চভারাক্রান্ত হ'য়ে ওঠে মলদেওএর। তব্ও দিতেই হয় বিদায়। বৃহৎ স্বার্থের প্রয়োজনে ক্ষুদ্ধ
স্বার্থকে ত্যাগ করতে এই ব্রহ্মাচারীই যে শিথিয়েছেন ভাঁকে।

"বেশ। তাই যান।" ধরাগলায় বলেন মলদেও।

"কিন্তু যাওয়ার পূর্বে একটি কথা আপনাকে বলে যাই মহারাজ। ওদের সঙ্গে মুখোমুখি যুদ্ধেই শুধু রাজী হবেন। কুটনীতিতে যাবেন না, পারবেনা।"

"কেন ।" সাশ্চর্ষে জিজ্ঞাসা করেছিলেন বলদেও।

"তার কারণ আপনার। বিবেক সংক্ষ করে যুদ্ধক্ষেত্রে যান আর ওরা সেটাকে আবর্জনার মতই ঝেড়ে ফেলে দিখে আসে।" বলে নমস্কার জানিয়ে নিজের যাত্রার ব্যবস্থা করতে চলে যান ব্রহ্মচারী।

ছইটি ফনিণী যেন মুখোমুখি ফণা বিস্তার করে দাঁড়িয়েছে। মালিকা আর আমিনা। বহুচেষ্টায় আগ্রা থেকে আমিনাকে ছিনিয়ে নিয়ে এদেছিল ইশাক। নিজেদের মিলনের মাঝ্যানে বিশ্বস্থান্ত কার্য কাউকে রাধবেনা বলে আমিনার শিশুপুত্রটিকেও নিয়ে আসেনি । ফেলে এসেছে আসরাফন বিবির কোলে। কিন্তু চুণারে এসে দেখে ভার পাকা ঘুঁটি কেঁচে যেতে বসেছে। মালিকা যেন এই শিকারটির জন্মেই থাবা গেড়ে বদেছিল এতকাল। ইশাকের সঙ্গে আমিনা ছর্গে এসে প্রবেশ করতেই সে হুকুম করে বদে ঐ অপদ্রতাকে তার মহলে পৌছে দিতে হবে। ছুকুম শুনে কেমন হতভম্ব হ'য়ে যায় ইশাক। জোর করে ছিনিয়ে নিয়ে এসেছে বটে কিন্তু নেকা করা ভিন্ন অন্থ কোন রকম অভিপ্রায় তার ছিল না। এখন মালিকার ত্কুম শুনেই ব্রুতে পারে যে এই নিরীহ আওরংটির ওপরে আঘাত হেনে দ্বারের ওপরে প্রতিশোধ নেবে সে। জান থাকতেও তা হ'তে দেবে না ইশাক। স্থিরপ্রতিজ্ঞ মনে আমিনাকে সঙ্গে নিয়েই সে গিয়ে দাভায় মালিকার কাছে।

"তুমি আবার এঙ্গে কেন?" ইশাককে দেখেই বলে উঠে

## মালিকা।

"আমার একটা অনুরোধ আছে।" বলে ইশাক। "বল।"

"দবীরের ওপরেঁ প্রতিশোধ নিতে পার, নাও, কিন্তু এর ওপরে কোনরকম অত্যাচার কর না তুমি।"

"আমার গায়ে হাত তুলতে সাহস করে যে তাকে সবংশে শেষ করতে চাই আমি। দবীরের কোন ছেলে নেই স

"হ ছে। একটি।"

"তাকে আমার কাছে এনে দেবে ?"

হুকুম শুনে ডুকরে কেঁদে ওঠে আমিনা, "না. না. আমাব ওপবে যত পাব অত্যাচার কর, কিন্দ আমার ছেলেকে কোন শান্তি দিও না। ও শিশু, কোন পাপ করেনি।"

"পাপ-পুণ্য কিছুই আমি বুঝি না। আমার কাছে কেনে কোন লাভও হবে না।" বালই ইশাকের দিকে দাকায় মালিকা, "যা বললাম তাই কর।"

মালিকার মুখের দিকে একদৃথে তালিয়ে থাকে ইশাক। এই তার ছোট বোন, যাকে বাপের মত করে আগলে নিয়ে এদেছিল সেই মদিন থেকে। জাবনে যাতে কট্ট না পায় কারই জলে নেকা দিয়েছিল তাজ খার সংক্ষ। তাজ খার পরে শেব খা। তাব জলে একবার নয়, কয়েকবারই বিহারে ছুটতে হ'য়েছে তাকে। আব আজ সে-ই কিনা তকুম কবে তাব বড় ভাইজানকে। কিন্তু কিছু বলবারও উপায় নেই। শের শাহ্র পেয়াবা বেগম। যাব ইচ্চায় এখানেই বরাবর থাকবার ব্যবস্থা করে দিয়েছে শের শাহ্। সে ছোটবোন হলেও তার তকুম আজ মানতে হবে বৈকি। ইশাকেব নোকরি থাকা আর' যাওয়া যে আজ এই মালিকারই মুখের একটি কথার ওয়াস্তা।

"যো ফরমায়েস বেগম সাহেবা।" অভিমান ক্লুব্ধয়ের কথা কয়টি বলে যা কোনদিন করেনি তাই করে বসে ইশাক। মালিকাকে কুর্ণিশ জানিয়ে হুকুম তামিল করতে চলে যায়।

কিন্তু সেদিকে নজর দেবার মত অবসরও বৃঝি নেই মালিকার।
একদৃষ্টে তাকিয়ে থাকে আমিনার মুখের দিকে। আমিনাও প্রথম
দর্শণেই চিনে নিয়েছে এই ভূমিক্ষোট আওরংটিকে। এর কাছে
ইনশানিয়াৎ কিছু নয়। আশার অতীত কিছু মিলে যাওয়ার অন্ধ
আবেগে সমস্ত পৃথিবীটাই নিজেব হাতের মুঠোয় বলে ভাবছে ও।
মনের ভেতরে কেমন একটা বিরূপতা বোধ করে আমিনা। ঘূণা
হয় এই আওরংটির কাছে কিছু প্রার্থনা কবতে। সঙ্গে সঙ্গে
আপনি যেন কদ্ধ হ'য়ে যায় তাব চোখেব জলেব উৎস। পরিবর্গে
অ'শুন দেখা যায় সেখানে। কঠিন দৃষ্টিতে তাকায় মালিকাব মুখের
িতি উভয়ের দৃষ্টি উভয়ের প্রতি। হিসাব নিচ্ছে বৃঝি একে
অপরেব শক্তিব।

"মাজ থেকে মামাব বাদাব কাজ কববে তুমি।" তুকুম জানায় মালিকা।

"না ় ছে।ট্র অথচ কঠিন উত্তর দেয় আমিনা।

"না!" চম্বে ৬ঠে যেন মালিকা।

"না।"

"এতবড় সাহস তোমাৰ ?'' বলেই চীংকার করে উঠে মালিকা, "ভয়াহিলা—"

ওয়াহিদা এসে দাড়াতেই ভ কুম দেয় সে, "একে নিয়ে যা। তোর কাজগুলি শিথিয়ে দিবি। আর ইশাকের সঙ্গে দেখা করে বলবি, যত তাড়াতাড়ি পারে এব ছেলেকে যেন আগ্রা থেকে নিয়ে আসে।"

"को मानिकान्" राल यातात करना घुरत के 🛵 उग्राहिका।

"আর শোন্, রোটাসগডে যাচ্ছে কেউ ?" জিজ্ঞাসা করে মালিকা।

"জানিনাত' মালিকান।"

"খোঁজ নে। আমার একখানা চিঠি নিয়ে যাবে।

"জী।" বলে ষেতে যেতে আবার দাঁড়িয়ে যায় ওয়াহিদা। ফিরে এসে আমিনার হাত চেপে ধরে, "চল্।"

মুহূর্ত্তে কি যে হ'য়ে যায় আমিনার, সজোরে একটি চড় মেরে বংস ওয়াহিদার গালে। সঙ্গে সঙ্গে ঘুরে দাঁড়ায় মালিকার দিকে মুখ করে। সদর্পে জানিয়ে দেয়, "আমাকে মেরে ফেলতে পারেন কিছ আমার ইচ্ছার বিরুদ্ধে কোনও কাজ আমাকে দিয়ে করাতে পারবেন না।"

"ওয়াহিলা," চীংকার ক'রে ওঠে মালিকা, "একে নিয়ে গিয়ে একটা ঘরে বন্ধ ক'রে রাখ: তারপর আমি লেখে নিচ্ছি আমার ছকুম ও মানে কিনা!"

এবারে শক্তমুঠিতে আমিনার হাত চেপে ধরে ওয়াহিদা, জবরদস্তি টেনে নিয়ে যেতে থাকে।

ব্যস্ত শের শা। দৃষ্টি পড়েছে তার রাজপুতনার দিকে। ছ'
চোথের সজাগ দৃষ্টি মেলেই সে দেখেছে সংগ্রাম সিংহের যুদ্ধ। হর্দ্ধর্ এই জাতটিকে যদি নুইয়ে রাখতে না পারে তাহলে তার আসনও একদিন টলে উঠবে'। তাই পূর্বাহেই সে সড়ক তৈরী করে রাখতে চায় আগ্রা থেকে যোধপুর, চিতোর অবধি। যেমন সড়ক টেনেছে সে সাসারাম থেকে কাশী, কাশী থেকে আগ্রা পর্যন্থ। ইচ্ছা আছে এই সড়ককেই সে করবে হিন্দুস্থানের দীর্ঘতম রাস্তা। যে রাস্তায় শুধু তার ফৌজ নয় দেশবাসীও চলাচল করবে নির্ভয়ে নিশ্চিস্থে।

সেই সড়ক নির্মাণ সম্বন্ধে আলোচনা চলছিল জরিপদার, ঠিকাদারএর সঙ্গে, এমন সময় ইশাক গিয়ে তদলিম জানায়। ভূমি আবার এখানে কেন। " জাকুটি করে ওঠে শের শাহ।
"আজে, হুকুম হ'যেছে দবীর খার ছেলেকে এখান থেকে নিরে
থেতে হবে।" সদমানে উত্তর দেয় ইশাক।

"তার মার কাছ থেকে কেড়ে ?" "আজ্ঞে না। তার মা এখন চুণারগড়েই আছে।"

"কে নিয়ে গেল ?"

এ কথার আর উত্তর নেই। ইশাককে মাধা নীচু ক'রে নিশ্চুপ দাঁড়িযে থাকতে দেখে আসল ঘটনাটি বুঝে নেয় শের শাহ্। কিন্তু সে সম্বন্ধে আর কোন কথা না বলে ঘুরে আবাব সভক সম্বন্ধে আলোচনায় ফিরে আসে।

"দেখ বাপু, এই ঠিকাদারর। বড্ড চুরি করে। লাগাবে একশ মজুবদার তো হিসাব দেবে দেড়শ'ব।"

"আজ্ঞে না জনাব।" লব্জিভভাবে ঠিকাদারটি বলে শঠে।

"তুমি থাম। বিহার থেকে এই আগ্রা প্রস্ত সডক তৈরা করালাম, আর স্থামি কিছু জানিনা বলতে চাও গ সমস্ত অর্থ যদি তোমরাই খাএ, তাহ'লে দেশের উন্নতি হাা কি দিয়ে !" বলেই ইশাকের দিকে তাকিয়ে বলতে থাকে, "কেবল চুবি, বুবলে ইশাক, একদল লোক আছে যারা চুরির অর্থের ওপরে ইমারং দৈরী করে। ওরাই হচ্ছে দেশের সবচেয়ে বড শক্র। এবাবে ওনেব ওপরেই নজর রাখতে হবে আমাকে।" কথার সঙ্গে সঙ্গেই যেন স্থির ক'রে ফেলেছে এমনিভাবে বলে ভাঠ সে, "ইশাক, তুমি এই কাদারের সঙ্গে থেকে সডক তৈরীর তদারক কর।"

ছকুমের অন্তর্নিহিত অর্থটি ঠিকই ধরতে পারে ইশাক। কিন্তু ছকুম ছকুমই। মানতেই হবে তা। তাই 'আচ্ছা' বলে সঙ্গে সঙ্গেই মেনে নেয় সে আন্দেশ, তারপর বলে, "তাহ'লে চুণারে এন্টা খবর—"

"দে আমি দেখব আছো, ভোমরা ভাহ'লে কাজ আরম্ভ করে

## माछ।" वर**ल मकल**रक विमाय (मय स्मंत्र भार्।

একে একে সবাই তসলিম জানিয়ে বিদায় নেয়। ঘরের ভেতরে একা শের শাহ্ নিশ্চুপ বঙ্গে থাকে। মাথার ভেতরে মালিকার চিন্তা। অতিক্রাস্ত যৌবনে আওরং এখন আর আগুন ধরায় না রক্তে। ভাল লাগে তাদের সেবাটুকু। কিন্তু মালিকার কাছ থেকে সেই সেবা পাওয়ার সোভাগ্য তার খুব কমই হ'য়েছে। কি খেয়াল তার, চুণারগড় ছেড়ে থাকতে চায় না। জোর করতে গেলে কেঁদে ফেলে। শের শাহ্র নিজেরও কেমন একটা তুর্বলতা আছে তার প্রতি। জোর করতে চায় না মন। সমতলভূমি থেকে এতটা উচুতে উঠে আসবার প্রথম ধাপটি যে সেই সৃষ্টি করে দিয়েছিল : ভাবতে ভাবতেই হঠাৎ বাঁকা পথ ধরে চিন্তা। তাই বা কেন হবে 🤊 বেগম যখন :তখন বেগমের মতই থাকতে হবে৷ তাদের আবার স্ব-ইচ্ছা কি ? স্বাধীনতা যতটুকু পেয়েছে তাই যথেষ্ট। আর নয়। এবার থেকে ভাব সঙ্গে সঙ্গেই থাকতে হবে মালিকাকে। যেমন ভাবা তেমনি কাজ। তথুনি আবার ইশাক্ষে ভেকে পাঠায শের শাহ। ইতিমধ্যে যথায়থ আদেশ দিয়ে একটি পত্রও লিথে বাথে। ইশাক আসতেই তাকে আদেশ-পত্র দিয়ে বলে, "চুণাবে যাও। দবীর খাঁর বিবি সেখানেই থাকবে। কোল রকম অত্যাচার যেন না হয়। আর মালিকা বেগমকে এখানে নিয়ে আসবে। যাও ৷"

বলবার কিছু নেই ইশাকের। হুকুমের নোকর, হুকুম তামিল করাই তার কাজ।

১৫৪৩ খৃষ্টাব্দের সেই যুদ্ধকে বিশেষ ভাবেই উপভোগ করেছিল মালিকা। কিন্তু সেও শেষাংশে গিয়ে। প্রথম দিকে হতাশই হ'য়ে গিয়েছিল সে যুদ্ধের ফলাফল সম্বন্ধে। মুহূর্ত্তে মুহূর্ত্তে খবর নিয়েছিল।
কিন্তু কেউ-ই আশাপ্রাদ কোন খবর দিতে পারেনি। পুরাণমলের
দিক থেকে আসছে না কোন সাড়া, তেমনি আফগান ফোক্বও
নিঃশব্দে অপেক্ষা করে চলেছে। যুদ্ধ নয়, এ যেন এক নীরব ধৈর্য
পরীক্ষা করা হচ্ছে শুধু। এদিকে ক্রমেই অধৈর্য্য হ'য়ে উঠছে
শের শাহ্। এমন বিপাকের সম্মুখীন সে হয়নি কখনও। যতদিন
যাচ্ছে ততই রসদে টান ধরছে। সিপাহ্দের দৈনিক বরাদ্দ দিতে
হ'য়েছে কমিয়ে। এইভাবে যদি আর কিছুদিন চলে তাহ'লে
ফেরুপালের মতই পালিয়ে যেতে হবে তাকে। দরবারে বসতে
পারে না শের শাহ্। ছট্ফট্ ক'রে উঠে আসে। বিশ্রাম কক্ষ
পোরিয়ে সোজা চলে আসে মালিকার কাছে। তাড়াজাড়ি উঠে
দাড়িয়ে বাদশাহকে আহ্বান জানায় মালিকা। বেশ কোমল স্ববে
জিজ্ঞাসা করে, "এবার আমরা জয়ের নিশান উড়িয়ে যেতে

"বোধ হয় না।" গন্তীর ভাবে উত্তর দেয় শের শাচ্।

"কেন ? ওপক্ষ কি এখনও চুপ করে রয়েছে ? তাহ'লে কথা বলাতে হবে ওদের দিয়ে।" জোর দিয়ে বলে মালিকা।

"দেই কথাই ভাবছি। শেষ পর্যন্ত অন্ততঃ এবারের 5 পুরাণ-মলের সঙ্গে সন্ধি করে রাইসিন থেকে বিদায় নিতে হবে আমাকে :'

"কি সর্ত করবেন ?"

"দেখি কি করা যায়।" বলে উঠে গিয়েছিল শের শাহ্।

আর তার পরদিনই কোরাণ স্পর্শ করে পুরাণমলের প্রতিভূর সামনে প্রতিজ্ঞা করে শেব শাহ্ যে রাজপুত-প্রধান, তাব অমুগামী দল এবং তাদের সংসারের পক্ষে অপমানজনক কিছুই করা হবেন।

এতবড় একরারের পর শের শাহ্ে সম্পূর্ণভাবেই বিশ্বাস করেছিল পুরাণমল। স-সংসার অনুগামী এবং সৈম্যদের নিয়ে বাদশাহের শিবিরের সামনেই শিবির স্থাপন করেছিল। নির্ভয়ে নিশ্চিন্তে। কেবলমাত্র ব্রহ্মচারী কোন দাম দিতে পারেননি এই শপথের। বারবার করে পুরাণমলকে নিষেধ করেছিলেন হুর্গ ছেড়ে যেতে। বলেছিলেন, "এ সন্ধি নয়, এ শাঠ্য। এ প্রতিজ্ঞায় ভূললে সর্বনাশ হ'য়ে যাবে।"

শংনে অসন্তইই হ'য়েছিল পুরাণমল। ব্রহ্মচারী নিঃস্বার্থভাবে তাকে অনেক সাহায্য করেছেন সন্দেহ নেই কিন্তু এই বাজকীয় ব্যাপারে কোনও উপদেশ তার সহা হয় না। তাছাড়া কোবাণ স্পর্শ ক'বে অতবড় শপথ করাকে অবিশ্বাস করলে শের শাহ কে আরও অসন্তই করা হবে। ফল হয়ত' হিতে বিপরীত হ'য়ে দাঁড়াবে। তাই ব্রহ্মচারীব কোন কথাই শোনেনি বাইশিনরাজ।

আর অসম্ভ ই ই'য়েছিল মালিকা বেগম। কি প্রয়োজন ছিল অমন একটা একরার করবার ? একদিনের আক্রেমণে যারা ধুলো-মৃঠির মত উড়ে যাবে তাদের কাছে আবার একরার কিসের গ এত শুধু উচু মাথাকে স্ব-ইচ্ছায় হেঁট করা।

বাদশাহের সঙ্গে দেখা হ'তে সেই কথাই সে বলেছিল। আরও বলেছিল, "যে শপথ নেওয়া উচিত নয় সে শপণ বাখাব কানও বাধ্যবাধকতাও নেই। আপনি অনায়াসে পুরাণমলকে আক্রমণ করতে পারেন। এতে বাদশাহের এতটুকুও বদনাম হবে না।"

কথা নয়, শের শাহের গোপন ইচ্ছায় যেন ইন্ধনই জুগিয়েছিল মালিকা। যে কাজ সে করতে চায় তারই এক প্রশ্নয়-বাণী।

তবুও কাজীদের ডেকে একবার জিজ্ঞাসা করেছিল শের শাহ্। সেধান থেকেও ঐ একই উত্তর আসাতে আর অপেক্ষা করেনি সে। গোপন নির্দেশ তার পৌছে গিয়েছিল যথাস্থানে।

হাতী তৈরী। আফগান ফৌব্দ মধ্যরাত্রেই ঘিরে ফেলেছে শুষুপ্ত রাব্দপুতদের শিবির। অধীর আগ্রহে মালিকারও ঘুম আসছে না চোথে। কথন কজর হবে আর রাজপুতদের মরণ চীংকার ভেসে আসবে তার কানে, তারই জন্যে সে উন্মুখ হ'য়ে রয়েছে। অপেক্ষার রাত্রি বড় দীর্ঘ মনে হয় তার কাছে।

কিন্তু কোন রাত্রিই অসীম নয়। মালিকার অধীর সপেক্ষার রাত্রির সঙ্গে সঙ্গে পুরাণমলের অপার নিশ্চিস্ততার রাতও শেষ হয়। ভোরের পাণীর ভাকের সঙ্গে ঘুম ভেঙে যায় ভার। নিশ্চিন্ত মনে শিবিরের বাইরে গিয়ে দাঁড়িয়েই চমূকে ওঠে সে। আবার অবরোধ। এই মুক্ত এলাকায়! মনে পড়ে ব্ল্লচারীর কথা-এ সন্ধি নয়, এ শাঠা। ছুটে শিবিরের ভেতরে এসে প্রবেশ করে পুরাণমল। তীক্ষ দৃষ্টিতে শিবির মধ্যস্থ সব কয়টি প্রাণীর দিকে তাকিয়ে তাকিয়ে দেখতে পাল্ট। উন্মন্ত সে চোথের দৃষ্টি। কেট ঘুম ভেকে উঠেছে, কেউ ওঠেনি ঘুম ভাঙা চোথে পুরাণমলের দিকে তাকিয়েই আতক্ষে কেঁপে ওঠে তারা। পুরাণ্মলও আর ডিলবিলম্ব না করে টেনে নেয় তার তরোয়াল। ঝাঁপিয়ে পড়ে তাদের ওপরে। রাজপুত প্রাণ দেয়, কিন্তু মান দেয় না—সেই কথাই আবার নতুন করে সপ্রমাণ করে চলে সে। তার এক একটি আঘাতে শেষ হ'য়ে যেতে থাকে এক একটি রমণী। কি জাপ্রত, কি ঘুমন্ত, নারী বলতে যথন তার একজনও জীবিত থাকে না তখন বাইরে এসে 'ড়ায় পুরাণমল। প্রধানদের ডেকে বলে তাদের পরিবারের সকলকে নিরাপদ স্থানে রেখে ফিরে আসতে।

যায়নি তারা। পাঠিয়েছিল ব্রহ্মচারীকে। নিজেদের পরিবার-বর্গের দায়িত্ব তাঁর কাঁথে চাপিয়ে দিয়ে তাঁকে সেই ব্যুহ ভেদ করে যেতে সাহায্য করেছিল। তবুও সমস্ত নারী ও শিশুকে নিয়ে বেরিয়ে যেতে ব্রহ্মচারী সক্ষম হননি । মাত্র কয়েকজনকে নিয়ে তিনি ব্যুহ ভেদ করে যেতেই শের শাহ্র ত্কুম এসেছিল পুরাণমলের ওপরে ঝাঁপিয়ে পড়তে। সেই বেইমানী লড়াইএর খবর রাথে মালিকা। কিছু শুনেছে, কিছু বা নিজেও প্রত্যক্ষ করেছে। আর অধীর আগ্রহে অপেক্ষা করেছে বাদশাহ কৈ সাদর সম্ভাষণ জানাবার জন্যে। আজ তার বড় আনন্দের দিন। যেখানেই থাকুক দবীর সেখানে থেকেই জানুক মালিকার আসন আর এক ধাপ উচুতে উঠল।

বিরাট দায়িত্বের বোঝা কাথে নিয়ে এগিয়ে চলতে থাকেন ব্রহ্মচারী। ঝড়ের দাপটে হুমড়ে ভেঙে পড়া গাছের মত তাব মনটিও ভেঙে পড়েছে। বার বার নিষেধ করেছিলেন তিনি পুরাণমলকে। বলেছিলেন, "আর কয়েকটা দিন ধৈর্য ধরে থাকুন। থবর পেয়েছি, রসদের ঘাটতি পড়েছে আফগান ফৌজের। অসন্তুষ্ট সিপাচ্। আর কয়েকদিনের ভেতরেই ওদের অনাহার স্কুরু হবে। ঠিক সেই সময় আক্রমণ করে সমূলে ধ্বংস কবতে হবে শের শাহ্কে।" তব্ ও পুরাণমাল বিশ্বাস করে ফেলেছিল শের শাহের কোরাণ শরিফ স্পর্শ করে উচ্চারণ করা একরারকে। আর সেই একটি প্রবঞ্চনাব মাধ্যমেই নিজের জয় টেনে আনল আফগান-প্রধান।

পাহাড়ী বন্ধুর রাস্তা ধবে সোজা দক্ষিণ দিকে চলতে থাকে দলটি। খাছা নেই, পানায় নেই শিশুরা কাঁদতে থাকে। স্বামীকে মৃত্যুর মুথে রেথে আসা স্ত্রীলোকদের শিশুর কান্নায় সাড়া দেবাব মত মনের অবস্থাও নেই। যেতে হবে, তাই যান্ত্রিক ভাবে পা ফেলে এগিয়ে চলেছে তারা।

বহুপথ পাড়ি দিয়ে শেষে একসময়ে নর্মদার তীরেঁ এসে দাড়ায় তারা। এই পবিত্র নর্মদাই আজ তাদের প্রাণদাত্রী। শুধু শীতল পানীয় দিয়েই নয়, এর ওপারে যেতে পারলেই আফগান ফৌজেব কবল থেকে নিষ্কৃতি পাবে তারা। নর্মদার অপর পারে যখন এসে পৌছয় সকলে তখন আবার সূর্য উঠেছে। রাত কেটেছে তাদের ওপারে, তীরে শুয়ে। ভার হ'তেই তরিত্রের আশ্রয় নিয়ে এপারে এসে উঠেছে। এবারে গ্রাম্য পথ ধরেন ব্রহ্মচারী। আহার্য ৮ে.য় নেন দেহাতী মানুষের কাছ থেকে। কিন্তু দাঁড়াবার সময় নেই। খেতে খেতেই পথ চলে সকলে।

এই একইভাবে পথ চলার ভিতর দিয়ে আরও ছটি দিন পার করে দিয়ে তবে গড়মগুলে এসে পৌছান ব্রহ্মচারী। শুনেছেন রেওয়ার রাজা বারভন বাঘেলারই এক আত্মীয় এই গড়মগুলের রাজা। তাঁরই আশ্রয়ে ভাগ্য বিড়ম্বিত এই ক্ষুক্ত দলটিকে রেখে দিয়ে ভাবার পথে নামেন ব্রহ্মচারী। দৃষ্টি তাঁর রেওয়ার দিকে।

মালিকার কি ভুল হ'য়ে যাচ্ছে সব ? বুকের ভেতরে কে যেন কৈদে কেঁদে উঠছে। নকীব কি ? কুধার জ্বালায় কাঁদছে ? তাড়া-তাড়ি বাদীকে ডেকে বলে, "দেখত' কে যেন কাঁদছে।"

"আছে না, কেউ কাদছে না," উত্তর দেয় বাঁদী, "লড়াইএর এখানে অত কালা শুনে এসেছেনত ⊂†ই সব সময় ফ হচ্ছে কে যেন কাদছে।"

"তা হবে।" বলে গির্দা হেলান দিয়ে চোথ বন্ধ করে চুপ করে বসে থাকে মালিকা। বন্ধ চোথের পর্দার ওপরে ভেসে ওঠে পুরাণমল আর মলদেও রাঠোরের পতনের দৃশ্য। কথন পাশাপাশি, কখন একটার পর একটা। শের শাহের হুকুম অমাস্থ করে হুমায়ুনকে সাহায্য করতে সাহসী হননি মলদেও। কিন্তু ভার আভিথেয়তা হুমায়ুনকে বন্দী করে শের শাহের হাতে সমর্পণ করতেও দেয়নি। হুমায়ুন যোধপুর থেকে প্রায় হু'দিনের পথ দূরে ফালোদি পৌছুতেই

অতিথিবংসল মলদেও কিছু ফল পাঠিয়ে দিয়োছলেন তাকে। সাহায্যের প্রতিশ্রুতি দেননি। হুমায়ুন বৃষতে পেরেছিল এর অস্তর্নিহিত কারণটি। তাই আর সোক্তা না এগিয়ে সিন্ধ\_এর দিকে চলে গিয়েছিল।

তব্ও মলদেও শের শাহের ক্রোধ থেকে নিছ্তি পাননি।
আজনীর থেকে প্রায় একদিনের পথ দক্ষিণ পশ্চিমে স্মেল গ্রামে
মুখোমুখি দাঁড়িয়েছিল ছই বিরাট বাহিনী। মাস কেটে যায়। আবার
বিপর্যয়ের সম্মুখীন শের শাহ্। এই বিরাট ফৌজ আর ৮০,০০০
হাজার ঘোড়ার খাভের ব্যবস্থা করতেই তার প্রাণাস্ত। এমন বিরাট
বাহিনী নিয়ে সংগ্রাম করতে আসা শের শাহের জীবনে এই প্রথম :
মালিকা অবাক হ'য়ে তাকিয়ে থাকে সপ্ততিতম বয়সের এই রক্ষ
মান্থ্যটির দিকে। যুদ্ধজয়ের কি প্রবল আকাছ্যা! ক্লান্তিহীন ভেদহান কর্মব্যস্ততার মাঝ দিয়েই কেটে যায় তার দিন। শিবিরে বসেই
যুদ্ধ এবং রাজ্য পরিচালনার কাজ সারা হ'য়ে যায়। দেখে দেখে
নিজেই ক্লান্ত হ'য়ে পড়ে মালিকা। চোথ বন্ধ করে পড়ে থাকে।

এমনিই চোথ বন্ধ করে পড়েছিল সেদিন। বৌধহয এই মরুভূমির দেশ থেকে ফিরে যাওয়ার কথাই ভাবছিল। ক্যেকদিন
পূর্বেই বলেছিল শের শাহ, "এবার বোধহয় সত্যিই আমাকে সন্ধি
করেই ফিরে যেভে হবে।"

"কেন <sup>9"</sup> সাশ্চর্যে জিজ্ঞাসা করেছিল মালিকা।

"খাত আর পানীয়ের অভাবে ঘোড়াগুলো পাগলের মত হ'হে উঠেছে।"

"তাহ'লে সন্ধিই করুন। লোকে বলুক যে সামান্য একজন রাজপুত রাজাকে বশে আনবার ক্ষমতাও নেই বাদশাহের।" উত্তেজিত ভাবে বলে উঠেছিল মালিকা।

কথাটা শের শাহের গায়ে বড় বিঁথেছিল। চিস্তার অতলে

ভলিয়ে গিয়েছিল সে। আর তাব একটি কথায় অনেকথানি কাজ হয়েছে দেখে মনে মনে খুশি হয়েছিল মালিকা। জিজাসা করেছিল, "কি ভাবছেন ?"

"একটা চিঠি লিখতে হবে," বলেই বেরিয়ে গিয়েছিল শের শাহ্। তারপর আর যুদ্ধ সম্বন্ধে কোন কথাই বলেনি শের শাহ্। লক্ষ্য করেছে মালিকা কি যেন একটা বিশেষ খবরের জন্ম অধীর আগ্রহে কাল কাটে বাদশাহের। কিন্তু নিজে থেকে কোনও কথা না বললে জানবার উপায় নেই। তাই চুপ কবে থাকে সে। সেদিনও সেই কথাটি ভাবতে ভাবতেই ঘুমিয়ে পড়েছিল। এমন সময়ে শিবিরে শিবিরে ওঠে উল্লাস্থানি। চম্কে উঠে বসে মালিকা। কিসের উল্লাস ? বাদাকে ডাকতেই সে এসে দাড়ায়।

''কিসের এত উল্লাসবে ?" জিজ্ঞাসা কবেছিল মালিকা।

"বাদশাহের একচালেই মলদেও রাজা কুপোকাং।" হেসে হেসে বলেছিল বাঁদা, "এইমাত্র শুনলাম সব। বাদশাহ্ মলদেও বাজার প্রধানদের নাম দিয়ে নিজেই নিজের নামে এক খত লিখেছিলেন যে প্রধানরা রাঠোর রাজাকে বন্দা করে বাদশাহের হাতে সমর্পণ করতে রাজা। তাবপর সেই খংকে একটা গারিতার (সিল্কেব থলে) ভেতরে পুরে রাঠোর রাজাব শি রের সামনে ফেলে আসবার ব্যবস্থা করেছিলেন। তারপব যা হয় তাই। রাজা সেই খং পড়ে অবিশ্বাস করলেন তাঁর প্রধানদের। প্রধানরা সে খবর জানতে পেরে নিজেদের বার হাজার সিপাহ্ পৃথক করে নিয়ে আমাদের ফৌজ আক্রমণ করেছে।"

শুনে হেসে গড়িয়ে পড়েছিল মালিকা।

"কি বললি তুই ? বার হাজার সিপাহ্ আমাদের কৌজ আক্রমণ করেছে ? বকরী তাড়া - রেছে শেরকে, এঁচা ?"

কিন্তু সে হাসি তার মুখে বেশীক্ষণ স্থায়ী হ'তে পারেনি। সামা<del>ক্ত</del>

সংখ্যক রাঠোর সৈতাই যখন মন্ত মাতক্ষের মত বাদশাহী ফৌজকে ছিন্নভিন্ন করতে করতে শের শাহের শিবিরের অত্যন্ত কাছে এসে পোঁছেছিল, মুখের হাসি মুখেই মিলিয়ে গিয়েছিল মালিকার। ঘনঘন চাংকার উঠছে "হরহর মহাদেও" আর বাদশাহী ফৌজের আর্ত্তম্বর। ভয়ে কেঁপে উঠেছিল সে। উঠে দাঁড়াবার শক্তিটুকুও নেই। আচ্ছন্নের মত পড়েছিল বিছানায়।

কভক্ষণ সে খেয়ালও নেই। বাঁদার ডাকে সাড়া ফিরে আসে ভার। চম্কে উঠে বসেই জিজ্ঞাসা করে, "কি হ'ল রে ?''

"তা কি আর পারে ? শেষ লোকটা পর্যন্ত খতুম্। রাঠোর রাজা পালিয়েছে।"

"বলিস্ কি ? সত্যি ?" খুশীর আবেগে হাত থেকে একটা অলঙ্কার খুলে বাদীকে বখসিস করেছিল মালিকা।

কিন্তু শের শাহ্ আপন ক্ষতির কথা চিন্তা করে সংখদে বলেছিল, "সামান্ত একমুঠো বাজরার জন্মে আমি গ্রামার সাম্রাজ্য হারাতে বসেছিলাম।"

চোথ খুলে হঠাং টান টান হ'য়ে বসে মালিকা। সত্যিই তো, একমুঠো বাজরার জত্যে সেও যে হারাতে বসেছিল তার এই বাদশাহের বেগমপদ। দবীরকেই যদি পেত তাহ'লেত' তার অবস্থাও হ'ত ঐ আমিনার মত। প্রতিহিংসায় চোখছটি জলে ওঠে তার। দবীরকে চোথে আঙ্গুল দিয়ে বৃঝিয়ে দিতে হবে কার অঙ্গে হাত তুলেছিল সে। সে শাস্তি যতদিন সে না পায় ততদিন পর্যন্ত বাদশাহের বেগম হ'য়েও সে একটি অতি সাধারণ আওরং। অত এব অপেক্ষায় থাকে সে কখন বাদশাহ্ পা দেবে তার কক্ষে।

যৌবন যখন টানেনা বাৰ্দ্ধক্য তখন লোভ দেখায় বিপ্রামের

তারই প্রয়োজনে মাঝে মাঝে মালিকার কক্ষে এসে বসে শের শাহ্। সেদিনও তেমনি সিকদার, ফতাদারের সঙ্গে কাজের কথাবার্তা বলে বিশ্রামের জন্মে উঠতে যাবে এমন সময় ডাক-চৌকির গাড়ি এসে থামে। ওঠা হয় না। একটু অপেক্ষা করে শের শাহ্। রাজ্যের থবর আগে নিতে হবে বৈকি। যে সব সংবাদ এসেছে এই ডাকে তার ভেতরে হটি থবর দৃষ্টি আকর্ষণ করে শের শাহের। একটি রাজনৈতিক। রেওয়া আর কালিজ্পরের হুই রাজা মিলিত হ'য়েছে। তারা আরও বহুসংখ্যক সৈত্য সংগ্রহ করেছে এবং তাদের বিশেষ ভাবে শিক্ষাদান করে চলেছে ব্রহ্মচারী নামে একজন প্রোট্। দ্বিতীয় সংবাদটি দবীর সম্বন্ধে। সে নাকি দিনরাত চীৎকার করে চলেছে, "হয় আমাকে থতম কব, নয় ছেড়ে দাও। বিনা বিচারে এইভাবে বৎসরের পর বৎসর আটক ক'রে রাখা চলবে না।"

পদপাঠের শেষে ঠোটের কোনে একটুকরো হাসিব রেখা ফুটে এঠে শের শাহের। আটক রাখা না রাখা যেন দবীরের ইচ্ছার ওপরে নির্ভর করে। ঠিক আছে, বিচারের ব্যবস্থাই করা হবে। কিন্তু গার আগে রেওয়া সহরে একটা আদেশনামা লিখতে হয়। ঘরের পাশের শত্রুকে এভাবে বাড়তে দেওয়া কোন কাজের কথা নয়। মুলীকে ডেকে আদেশ-পত্র রচনা করতে বলে। পত্রবচনা শেষ হ'লে তাতে সই করে দিয়ে উঠে পডে।

"এটা এখুনি রেওয়ার রাজা বীবভন বাঘেলার কাছে পাঠিয়ে দেবার ব্যবস্থা কব।"

আদেশ দিয়ে ধীরে ধীরে মালিকার মহলেব দিকে যেতে থাকে শের শাহ। য়েতে যেতে হঠাং দাঁড়িয়ে যায়, কে যেন তীক্ষ্ণবন্ধে চীংকার করছে। ফিরে দাঁড়ায় সে। একজন সিপাহ্কে ডাকে হাতের ইসারায়। ছুটে এসে কুর্ণিশ কবে সিশা টি।

"কে চীংকার করছে?"

"আজে জাঁহাপনা, ও দবীর খার জক।"

"চাংকার করছে কেন?"

"আজে আটক করে রাখা হ'য়েছে তাই। আর—"

"আর কি ? বল্ উল্লু।" ধম্কে উঠে শের শাহ্।

থতমত থেয়ে হড়হড় করে বলে যায় দিপাহ টি, "ওয়াহিদা এ আওরংটির দেখভাল্ করে জনাব আর রোজ মারে। তাই চাংকার করে।"

"তুই े ওয়াহিদাকে নেকা করবি আর রোজ পিটাবি।" "জী জাহাপনা।" আবার কুণিশ করে সিপাহ্টি।

শের শাহ্ চলে যায় মালিকার ঘরের দিকে। আর ফ্যাল্ ফ্যাল্ করে চেয়ে থাকে সিপাহ্টি। ঘরে একটি জরু আছে তার। সে-ই ওকে ধরে ধরে পিটোয়। তার ওপরে যদি ওয়াহিদা ঘাডে চাপে তাহলে আর হাড় মাংস একসঙ্গে থাকবে না। কিন্তু বাদশাহের হুকুম, সে কেন, তার মরহুম হওয়া বাপেরও অবহেলা করবার ক্ষমতা নেই।

মালিকাব কক্ষে গিয়ে প্রবেশ করতে এগিয়ে একে আজ্বান জানায় মালিকা। ছুটে গিয়ে ছ'হাতে ভাল করে ঝেড়ে দেয় গদা। "বস্থন। আমি ফুর্শী নিয়ে আসি।" বলে মালিকা। "তুমি কেন !"

"যেখানে আপনি আর আমি আছি, সেখানে বাঁদীই বা কেন ।" বহুদিন পরে আবার যেন লাস্তময়ী হ'য়ে উঠে মালিকা। বলে, "আপনার সেবা করবার সুযোগ থুব কমই মিলেছে আমার। আজ যখন মিলেছে তখন আমাকে বাধা দেবেন না।" "বেশ।"

অমুমতি পেয়ে ছুটে গিয়ে তামকুটের ব্যবস্থা করে মালিকা। ফশা এনে রাখে পালক্ষের পাশে। নলটা ধরে দেয় হাতে। পাথেকে পয়জার খুলে নিয়ে রাখে।

"গিদায় হেলান দিয়ে আরাম করে বস্থন।"

তাই বসে শের শাহ্। তার বাম হাতথানি নিজের হাতে তুলে নিয়ে ধারে ধারে টিপে দিতে থাকে মালিকা। কোমল হাতের সেই স্পর্শ, একটি নধর অঙ্গের সেই সান্নিধা বুদ্ধ বাদশাহের মনেও একটু একটু করে একটি ইচ্ছার জন্ম দিতে থাকে। ক্রমে স্পষ্ঠ আকার ধারণ করে ইচ্ছাটি। হাত বাড়িয়ে মালিকাকে নিজের কাছে টেনে নেয় শের শাহ্। বাধা দেয় না মালিকাও। নিজেকে এলিয়ে দেয় বাদশাহের দেহের ওপরে। চঞ্চল হ'য়ে উঠেছে রক্ত-ক্নিকা। সায়ুতে সায়ুতে তার উত্তেজনা।

"একবার হেকিমকে ডাকতে হবে।" আপনমনেই যেন বিড়বিড় ধরে বলে শের শাহ্।

ফিক করে হেসে ফেলে মালিকা।

"হেকিম সাহেবত' চাঁদে চাঁদে আসছেই," খলে সে।

'তাহ'ক, আজ নাহয় একটু বেনিয়মেই চলা হবে। বাদীকে ল ইমামবল্লকে একবার হেকিমের কাছে যেতে বলে আমুক।''

উঠে যায় মালিকা। অর্ধনিম্পরে ওয়াহিদাকে ডাকতেই সে এসে দাড়ায়। সঙ্গে সঙ্গে ঘুরে বসে শের শাহ্। ীক্ষ্ণ দৃষ্টিতে একবার বাদীটিকে দেখে।

"দ্বার খানের জরুকে মারিস কেন?"

"ভা।" চম্কে উঠে ওয়াহিদা। মারে বঢে সে, কিন্তু সে খবরত' এমহল পর্যাস্ত পৌছয়নি কোনদিন। তাহ'লে। বাদশাহ্ কি নিজে শুনেছেন। মাথা নীচু করে দাঁড়িয়ে থাকে সে। ভয়ে মূখ শুকিয়ে গিয়েছে। কি শান্তির আদেশ যে বেরুবে বাদশাহের মূখ থেকে, কে জানে।

"একটি সিপাহ্কে বলেছি তোকে নেকা করতে আর প্রত্যেকদিন ধরে ধরে মারতে। যা, নেকা করবি তাকে।"

যাক্ বাবা, বাঁচা গেল। যৌবন বাচ্ছিল বাঁদীগিরি কবে, এখন একটা মরদ তব্ পাওয়া যাবে। তারপব কে কাকে মারে সে দেখা যাবে পরে। ভাবতে ভাবতেই তসলিম জানিয়ে ইমামবক্সের কাছে ছোটে ওয়াহিদা।

বাঁদি চলে যেতেই মালিকার দিকে ফিরে বসে শের শাহ। "বেকস্থর একটা জেনানার ওপরে এরকম জুলুম করা উচিত হয়নি ভোমার।"

"আমি তো মারতে বলিনি ওয়াহিদাকে। শুধু আটক বাখতে বলেছিলাম।" বলেই একটু তেজের সঙ্গে জিজ্ঞাসা করে, "আব মারেই যদি, জাহাপনা কি আমার আঘাতেব চাইতে এ আঘাতকে বেশী বলে মনে করেন গ"

"তা করি না।" একটু গস্তীর হয়ে উত্তর দেয় শেব শাহ্, "কিন্ধ আমার বিচার হচ্ছে যে আঘাত করেছে তাকে শাস্তি দাও। তৃমিত' জান আগ্রায় আমার ভাই-বেটা এক স্বর্ণকাবের স্থ্রীর ওপবে অত্যাচার করেছিল রলে তাকেও আমি ক্ষমা করিনি।"

"জানি জাঁহাপনা।"

"আমি রোটাসগড় থেকে দবীর খানকে এখানে পাঠিয়ে দিতে বলছি।"

"দবীর খাঁ রোটাসগড়ে গ" সাশ্চর্যে জিজ্ঞাস। করে মালিকা। খবরটা নতুন তার কাছে।

"হ্যা। তোমাকে জানাতে আমিই বারণ করেছিলাম।" একটু হেসে কথাটি বলেই আবার গস্তার হ'য়ে যায় শের শাহ্। বলে, "তাকে যে শাস্তি তৃমি দেবে তাই আমি মেনে নেব। কিন্তু ওর জরুর ওপরে কোন অত্যাচার করনা। আরু ওর ছেলে, আমা, নাকি আছে আগ্রায়, সেধানেও একবার ধবর নিয়ে আমাকে জানাবে কেমন আছে তারা।"

মাথাটা সামনের দিকে একটু ঝুঁ কিয়ে সম্মতি জ্বানায় মালিকা।

কিন্তু সে খবর জানবার আব স্থযোগ মেলে না শের শাহের।
রেওয়ার রাজা বীরভন বাঘেলা বাদশাহের দরবারে উপস্থিত না হ'য়ে
কালিঞ্জরের রাজা কিরাত সিং এর আশ্রয় নিয়েছে। এবং বাদশাহ্
কর্ত্তক অনুরুদ্ধ হওয়া সত্তেও কালিঞ্জব-রাজ তার আশ্রিতকে
বাদশাহের হাতে সঁপে দিতে অস্বীকৃত হ'য়েছে। অতএব কিরাত
সিংকে শিক্ষা দেবার জন্যে ১৫৪৪ এব নভেম্বরে বুন্দেলখণ্ড যাত্রা
করতে হয় শের শাহুকে।

যাত্র। করে। কালিজ্পর তুর্গ অবরোধও করে। কিন্তু জয় করা আর যায় না। ব্রহ্মচাবী জানতেন ধৈ্র্যের প্রতিযোগিতায় যে হারবে তারই পদন এবং আরও জানতেন শের শাহেব ক্ট-কৌশলকে। তাই রাজা বারভন বাঘেলার সঙ্গে আরও বহু সৈত্য এবং বৎসরাধিক কালের মত রসদ এনে জমা করেছিলেন কালিজ্পরে। এ ব্যবস্থায় হেসে ফেলেছিল কালিজ্পর-রাজ। বলেছিল, "এতদিন ধরে যুদ্ধ চলে না।"

"চলবে।" দৃঢ়স্ববে বলেছিলেন ব্রহ্মচারী, 'শের খাঁর জেদের সঙ্গে আপনার সাক্ষাৎ পরিচয় নেই তাই ওকথা বলছেন। আর একটা কথা, শের খাঁর কোন সন্ধি প্রস্তাবেই রাজী হবেন না দয়া করে।"

"ঠিকট বলেছেন উনি," ব্রহ্মচারীর কথা সমর্থন করে বীরভন বাঘেলা, 'পুরাণমল ওর কোরাণ স্পর্শ কংর'শপথ করাকে বিশ্বাস করে শেষ হ'য়ে গেলেন। মলদেও রাঠোরের মত সিংহও ওর কৃট-কৌশলে আছ পলাতক।"

অতএব ব্রহ্মচারীর উপদেশ মতই ব্যবস্থা করে কিরাত সিং।
আর সেই ব্যবস্থাপনার ফল হিসাবে নিজেকে তুর্গ-প্রাকারের
বাইরে মাসের পর মাস বসিয়ে রাখে শের শাহ্।

কোন পক্ষই কোন প্রস্তাব পাঠায় না। নীরব, উত্তেজনাহীন দিনগুণি কেটে যেতে থাকে। একমাত্র শের শাহের বুকেই যেটুকু অন্থিরতা। দিল্লীর মসনদে সমাসীন বাদশাহ কে কি আজ এই সামান্ত তুর্গের পাষাণ প্রাকারে মাথা ঠুকে ফিরে যেতে হবে ?

না। উত্তেজনায় উঠে দাড়ায় শের শাহ্। শিবিরের বাইরে এদে দাড়ায়। ডাকে সিপাহ শালারকে।

"এখানে একটা গস্থজ তৈরী কর।" স্থান নির্দেশ করে দেয় শোহ, "থুব উচু। যেন হুর্গের ভেতব পর্যস্ত দেখা যায়। ওপবে কামান বসান যায় এমন জায়গা রাখবে। আর এখান থেকে ছুর্গ পর্যস্ত গর্ত্ত খুঁড়ে গলিপথ তৈরী কর। এক মানুষ সমান গর্ত্ত। মাথার ওপরটা ঢাকা থাকবে। যাকে সাবিত্ বলে। ব্ধতে পেরেছ ?"

"জী জাঁহাপনা।" উত্তব দিয়েই কাজে লেগে যায় দিপাহ্-শালার।

একাদকে গম্বজ আর একদিকে সাবিত্। কাজ কবে চলেছে মিস্ত্রী, মজুরদার, সিপাহ।

তুর্গের ওপর থেকে লক্ষ্য করেন ব্রহ্মচারী। সঙ্গে বাজা কিবাত সিং ও বীরভন বাঘেলা।

"এ গস্থুজই আমাদের সর্বনাশ করবে। ওর ওপব থেকে কামান দাগলে হুর্গের ভেতরে বঙ্গেই শেষ হ'তে হবে আমাদের।" শুকিয়ে যাওয়া গলায় কোন রকমে বলে বীরভন বাছেল।।

"তাই ভাবছি।" চিস্তিতভাবে বলেন ব্রহ্মচারী, "গুর্গ থেকে লুকিয়ে বেবিয়ে যাওয়ার একটি মাত্র রাস্তা আছে।"

"কোথায় ? কোন রাস্তাই তো নেই।" বলে কিরাত সিং।

"আছে। ময়লা জল বেরিয়ে যাওয়ার একটি নর্দমা আছে। একজনের বেশী একবারে হামাগুড়ি দিয়ে যেতে পারে না। সেখানেও আমি পাহারা রেথেছি।"

"কি হবে সে রাস্তা দিয়ে '"

"প্রয়োজনবাধে কাজে লাগাতে হবে। আব একটি অপেক্ষাকৃত ছোট নর্দমা তৈরী করতে বলুন। সেইপথেই ময়লা জল বেরিয়ে যাবেঃ"

"তারপর গ"

"তারপব ওদের কাজের ওপর নির্ভর কবছে।"

উত্তর দি.য় সেখান থেকে সরে যান ব্রহ্মচারী। মুখের ওপরে একাধারে চিস্তা এবং প্রতিজ্ঞার ছাপ।

২.শে মে, ১৫৪৫ খৃষ্টাব্দের রাত । সকলেব ব। থেকে বিদায় নিয়ে নিঃশব্দে নর্দমা গালিয়ে বেরিয়ে আসেন ব্রহ্মচার্মা। একবার চারিদিক তাকিয়ে দেখেন। মশাল জ্বালিয়ে গম্বুজের ওপরে কামান ত্লছে সিপাহ্রা। জদূরে দাডিয়ে বৃদ্ধ শের শাহ্। মশালেব আলোয় তার খেতৃ শাশ্র-গুলুফমণ্ডিত মুখ্থানি দেখা যায়। সিপাহ দের শিবিব পাহারা দিয়ে চলেছে রাতের প্রহরী। ঘুবে যান ব্রহ্মচারী। যেদিকে গম্বুজ তৈরী হ'য়েছে তার বিপরীত বিক্রা একট্থানি এগিয়ে যান। সামাত্য শব্দ ক'রে দৃষ্টি আকর্ষণ করে কুপাণ

হাতে ছুটে আসে ব্রহ্মচারীর দিকে। তিনিও তাই চাইছিলেন অপেক্ষা করেন। কাছে আসতে দেন সিপাহ্টিকে। তারপব ছুটতে থাকেন নর্দমার দিকে। নর্দমার মুখের কাছে এসে হঠাৎ ঘুরে দাড়ান ব্রহ্মচারী। হাতের তরোয়ালটিকে শুধু দৃঢ়ভাবে এগিয়ে ধরেন। এমনটা যে হবে ভাবতে পারেনি সিপাহ্টি। ঝোঁক সামলাতে না পেরে সবেগে এসে পড়ে ব্রহ্মচারীব তরোয়ালের মুখে। গপ্ক'রে একটা শব্দ বেরিয়ে আসে তার মুখ থেকে। তাবপর হা আছড়ে পড়ে মাটির বুকে।

প্রথম কিন্তি শেষ ক'রেই দ্বিতীয় কাজে হাত দেন ব্রন্ধাবী।
অতি জ্বত হু'জনের পোষাক বদল ক'বে নেন। রক্তের ক্ষাব গন্ধ
এদে লাগে নাকে। ভিজে সপ্ সপ্ করছে। তা করুক। মৃত্যুর
জন্মে যে প্রস্তুত তার কাছে শুক্নো আর ভিজে সব সমান। গালপাট্টা বেঁধে নিয়ে তরোয়াল বদল ক'বে নেন। তারপর মৃতদেহেব
গায়ে চড়ান নিজের কামিজের ভেতর থেকে বের করে নেন চক্মিক
হটো। দে হুটিকে মাজায় বাধা পট্টির ভেতরে লুকিয়ে বেখে এগিযে
যেতে থাকেন আফগান শিবিরের দিকে।

**"কোথা**য় গিয়েছিলি ?" জিজ্ঞাসা করে একটি প্রহরী।

"একটা ছ্ষমণ, কি ক'রে বেরিয়ে এসেছিল তুর্গ থেকে। খতম ক'রে দিয়ে এলাম। ঐত' পড়ে রয়েছে ওখানে।" উত্তব দেন ব্রহ্মচারী।

ক্রমে এগিয়ে যান তিনি। গম্বুজের দিকে। তারপর এক সময়ে গিয়ে ভিড়ে যান কালিঞ্জরের ধ্বংসের প্রস্তুতির কাজে বত সিপাহ দের মধ্যে।

ভোর তথনও হুয়নি। গস্ক্রের ওপরে উঠে এসেছে শের শাহ্। কামানের ভেতরে গোলা পুরে বারুদ ঠেসে দেওয়া হ'য়েছে। আরও গোলা, আরও বারুদ নিয়ে এসে রাখছে সিপাহ্রা। ব্রহ্মচারীও আনছেন তাদের সঙ্গে। গমুক্তের নীচেও স্থৃপীকৃত বিক্ষোরক।

ছম্। বিরাট একটি ঝাঁকি খায় গম্বুজটি। গোলা নিয়ে ওপরে উঠতে উঠতে থম্কে দাঁড়িয়ে যান ব্রহ্মচারী। চোখ ছটি মুহূর্ত্তের জন্যে জ্বলে ওঠে। তারপরই আবার ম্থের ওপরে এক নির্বিকার ভাব টেনে এনে ওপরে উঠতে থাকেন।

"হুর্গের ভেতরে পড়েনি। কামানের মুখ ঠিক কর," আদেশ দেয় শের শাহ।

र्गामार्षे यथाञ्चारन द्वरथ माष्ट्रिय प्रभए थारकन वन्नानाती।

কামানের ম্থ ঠিক কবে আবার পোরা হয় গোলা। বারুদ ঠাসা হয়। একটু দূরে সরে শ্লৈডিয়ে মশাল দিয়ে জালিয়ে দেওয়া হয় বাৰুদ। তুম্। আবার ছুটে যায় একটি গোলা। পড়ে তুর্গের অন্যত্তী

হা হা। হেসে ওঠে শেব শাহ্। আর মুচড়ে ওঠে ব্রহ্মচারীর বৃক্থানি। ঠায় দাঁড়িয়ে দেখতে পাকেন তাঁরই চোখের সামনে ঘটছে কালিঞ্রেব ধ্বংস-সাধন।

মারও কয়েকটি গোলা ছুটে গেল তুর্গের ভেতর থেকে চাংকার শোনা যায়। ধৈর্য বৃঝি মার থাকে না ব্রহ্মচারীর। কিন্তু এতগুলি চক্ষুকে কাঁকি দিয়ে কিছু কববারও উপায় নেই। অস্তরের জ্বালায় নিজেই পুড়তে থাকেন। এমন সময় এব গোলা তুর্গের গায়ে লেগে ছিটকে এসে পড়ে গপ্তজের নীচে রাখা বারুদের স্থপে। বিরাট এক শব্দের সঙ্গে কেঁপে ওঠে শমুজটি। 'কি হল, কি হল' রব। সবাই অ্বামনস্ক। ঠিক সেই সময়ে ঠুক্ ক'রে একটি শব্দ হতেই চম্কে ফিরে তাকায় শের শাহ্। কিন্তু সাব্যান হওয়ার আর সময় নেই তখন। বিরাট বিক্লোরণের সঙ্গে ব্র্ফ্লাচ্ণবীর ছিন্নভিন্ন দেহ কোথায় ছিটকে যায়। যারা ছিল কাছে তারা সকলেই দগ্ধ। একপাশে পড়ে কাতরাতে থাকে শের শাহ্। ছুটে ওপরে আসে

কয়েকজন সিপাহ। ধরাধরি করে তাকে নিচে নামিয়ে নিয়ে যায়। দেতের স্থানে স্থানে হাড় দেখা যাছে। ঝলসান মুখখানি বীভংস হয়েছে দেখতে। তবুও কালিপ্ররের খবরের জ্বান্থে সে। বারে বারেই জিজ্ঞাসা করতে থাকে—"এখনও পতন হল না কালিপ্ররের ?"

অবশেষে ২২শে মে ১৫৪৫এর অপরাফ বেলায় এল সেই শুভ সংবাদ। পতন হয়েছে কালিঞ্জরের।

এতক্ষণে হাসি ফুটে উঠল শের শাহের মুখে। তারপবই ধীরে ধীরে সেই মুখের ওপরে নেমে এল মৃত্যুর ছায়া।

শবর শুনে কেমন নিঝুম হ'য়ে যায় মালিকা। কয়েকটি দিন কোন কথাই বলেনি সে। রোটাসগড় থেকে দবীরকে আনা হয়ে-ছিল তার প্রাপ্য শাস্তি দেবার জন্মে। শুধু অপেক্ষায় ছিল মালিকা যে বাদশাহ্ কালিঞ্জর জয় করে ফিরে এলে বসবে সেই বিচার সভা। কিন্তু কিছুই হ'লনা। জিন্দ্গীর সাধ আহলাদ হ'ব কালিগুরেব বিক্ষোরণের সঙ্গে সঙ্গে ছাই হ'য়ে গেল।

ধীরে ধীরে তার কাছে গিয়ে বসে আমিনা। গায়ে মাথায় হাত বুলিয়ে দেয়। একবার মুখ তুলে তাকায় মালিকা। তারপরই আবার মুখ নামিয়ে নেয়।

"উঠুন। স্নান করে নিন, শরীরটা অনেক স্তস্ত মনে হবে।" বলে আমিনা

তবুও কোন কথা বলে না মালিকা। কি যেন ভাবে। গভার সে চিস্তা। আত্মসুমাহিত ভাব। নিজের অন্তরকেই বৃঝি বিশেষ ভাবে বিশ্লেষণ করে চলেছে।

"কৈ উঠুন," তাগালা দেয় আমিনা, "চলুন, আমি স্নান করিয়ে

निष्ठिः,"

আবার একবার আমিনার মুখের দিকে তাকিয়ে দেখে মালিকা।
কুশ। প্রথম যখন ওকে ধরে নিয়ে এসেছিল ইশাক তার চাইতে
অনেক কুশ হ'য়ে গিয়েছে। আর তার জত্যে মালিকাই দায়ী। হঠাৎ
আমিনাকে হ'হাতে জড়িয়ে ধরে চুমু খায় মালিকা।

"তোমাকে বড় কষ্ট দিয়েছি, না ? এবার স্থৰ দেব।"

"সে হবে। আপনি নাগে উঠুন। শরীর স্থন্থ হ'লে তারপর যা করব · ন।" বলে আমিনা।

দানে কাজ।" দৃঢ়স্বরে বলে ওঠে মালিকা, "আমি বাদ দ্বে তাই শিখেছি যে।" বলেই বাঁদীকে ডেকে মুম্বীকে খবর দিতে বলে।

একট পরেই এসে দাড়ায় মুন্সী।

"দবারকে আমার কাছে আনতে বল। আর তুমি কাগজ কলম নিয়ে এস। আদেশ আছে।"

চলে থায় মুন্সী। একট পরেই একজন সিপাহের সঙ্গে এসে
দাড়ায় দবার। তাকিয়ে তাকিয়ে দেখে মালিকা। সেই নিম্ন-দৃষ্টি।
শরীর বলতে একটি হাড়ের কাঠামোর ওপর চামড়া জড়ান শুধু।
তব্ও মুথের চেহাবায় সেই দৃপ্তভাব। এগিয়ে শায় মালিকা।
সিপাহ্কে বিদায় দিয়ে দবারের হাত ধরে ঘরে নিয়ে 'সে।

"वम प्रवीत ।"

তবুও বসেনা দবীর। দাড়িয়েই থাকে।

"এইত' আমাব শেষ অনুরোধ, এটুকুও রাথবে না ॰" কাতর
ছটি চোখে দবীরের মুখের দিকে তাকায় মালিকা।

এবারে আর এমান্ত করতে পারে না দবীর। . বঙ্গে।

"বস আমিনা।"

বসতে গিয়ে ঝর ঝর করে কেঁদে কেন্সে আমিনা।

"ছি:, কাঁদে না। স্নেছের স্থরে ধমক দেয় মালিকা, "আৰু যে আমার বড় আনন্দের দিন। তোমাদের ছ'জনকে মিলিয়ে দিছে পেরেছি, একি কম কথা ? কৈ, মুন্সী এল না এখনও গ'

"জী, এদেছি মালিকান।" দবজাব কাছ থেকে বলে ওঠে মুসী।

"হ্যা, লেখ। দরজা ছেডে ভেতবে এসে বসে লেখ।"

ভেতবে আসে মুন্সী। লিখতে বসে। আদেশ দিয়ে যেতে থাকে মালিকা। সে আদেশেব প্রতিটি কথা যেন তাব হৃদ্যেব অন্তঃস্থল থেকে বেরিরে আসতে থাকে। অবাক বিশ্ময়ে তাব মুখের দিকে তাকিয়ে থাকে দবীর ও আমিনা। একি আদেশ, না দলিল দ্ চুণার ও মির্জাপুরেব বর্তমান মালিকান মালিকা বেগমের ইন্তু,কালের পরে সেই জায়নীব তুইটি পাবে তাজ খার ছেলে দবীব খা। আর মালিকাব গহনা ইত্যাদি যত অস্থাবর সম্পত্তি আছে তাও পাবে দবীর।

"না।" উত্তেজনায় উঠে দাড়ায় দবীর।

"বস।" দৃপ্তথেরে বলে ওঠে মালিকা, "ভূলে যেও না বাদশাহ্ব পরে এখনও নতুন বাদশাহ্কেউ হয়নি। এখনও আমি মালিকা বেগম।" তারপরই কোমল হয়ে আসে তার কণ্ঠম্বর, "হয়ত' এই চুণারগড় তোমার থাকবে না। কিন্তু নতুন করে আবাব জীবনকে গড়ে নেবার স্থযোগ পাবে তুমি। দাও, কাগজ দাও।"

মুন্সীর কাছ থেকে আদেশ পত্রটি চেয়ে নিয়ে তার ওপরে নিজের হাতের ছাপ দিয়ে দেয় মালিকা। ইশাদী থাকে মুন্সী নিজে।

"याও, कडामात्रक मिर्युख धकरी। महे कतिरम्न निरंम धनः"

দানপত্তথানি নিয়ে মুন্সী চলে যেতেই আমিনা বলে ওঠে, "আপনার ১'

"কি বোকা মেয়ে!" হেসে ফেলে মালিকা, "আমার ইস্ত্কাল

কলৈ তবে তো তোমরা পাবে ওসব। গুধু গছনাগুলো আমি এখুনি বিভিছ্ন তোমাদের। ও সবতো আর পরে পাবে না। সাত শকুনে ছিনিয়ে নেবে।"

উঠে দাঁড়ায় মালিকা। পাশের ঘরে গিয়ে গহনার পেটরাটা

 এনে দবীরের সামনে এগিয়ে ধরে, "নাও।"

মালিকার মুখের দিকে একবার তাকিয়েই মাথা নাচু ক'রে পেটবাটি ধরে দবীব।

"এবারে আমি নিশ্চিস্ত।" একটা টানা দীর্ঘনিঃশ্বাস ফেলে মালিকা, 'আমিই বোধহয় ভোমাদের জিন্দ্ গীর ছষ্টগ্রহ ছিলাম।"

একট থামে সে। আবার একটি দীর্ঘনিঃশ্বাস তার বৃক্থানি থালি কৈবে ঝরে পড়ে। বলে, "এবারে এস। মৃন্সীর কাছ থেকে দানপ্রানি স্ক্রিন নিও। সুলোনা যেন।"

মুখের দিকে না চাইলেও মালিকার গলার স্বরে আর কাঞ্চের মাধ্যমেই তার অস্তর্গীকে দেখতে পাচ্ছিল দবীর। উঠে দাঁড়িয়ে তাকে তসলিম জানায দে। পা বাডায় ঘ. থেকে বেরিয়ে যাওয়ার জনো।

"আর শোন দবীর," পিছন থেকে বাধা দেয় মালিকা। ঘুরে দাড়ায় দবীব।

"তোমার ছেলে, আশা আর সকলে আগ্রাতেই আছে। কষ্টে থাকলেও বেঁচে আছে।" বলে একটু থেমে যায় মালিনা। একদৃষ্টে দবীরের মুখের দিকে চেয়ে থাকে। কি কথা যেন বলবার জন্যে কেঁপে ওঠে তার ঠোঁটছটি। স্বর ফোটে না। গতিরোধ করে রেখেছে কান্নার আবেগ। বার ছই ব্যর্থ চেষ্টা করে সে। তারপর ক্রত উঠে প্রকোষ্ঠান্তরে চলে যায়।

মালিকার সে না বলা কথাটি হয়ত' বৃঝতে পেরেছিল দ্বীর।
কিন্তু সে দিন যে এত শীঘ্রই আসবে তা ভাবতে পারেনি সে।

বাত্রির নিস্তর্কতাকে চিবে ফেডে তছনছ করে দেয় কার চীৎকার।
চম্কে জেগে ওঠে চ্ণারগড়ের সমস্ত অধিবাসী। ছুটে যায় হুর্গের
উত্তর দিকের প্রাচীরের ধাবে। বুক চাপডিয়ে কাঁদছে একজন বাঁদী।
জিজ্ঞাসার পর জিজ্ঞাসা সকলের। কিন্তু গুছিযে কোন কথাই বলতে
পারে না সে। এলোমেলোভাবে কোন বকমে প্রকাশ করে—এই
প্রাচীরের ওপবে উঠে দরিয়ায় ঝাঁপ দিয়েছে মালিকা বেগম। সে
দ্র থেকে দেখতে পেযে ছুটে এসে ধবতে গিয়েছিল, পারেনি। শুনে
ডুক্রে কেঁদে ওঠে আমিনা। দবীরের বুক থেকে ঝরে পড়ে একটা
টানা দীর্ঘাস। নিজের বুকেব জালা নেভাতে ঐ এক দরিয়া পানিই
কি প্রয়োজন হ'ল মালিকাব গ

